# ঘটনাপঞ্জি

## ২০১৯

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

# ঘটনাপঞ্জি ২০১৯
## বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ
৩ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০


**প্রকাশক**
**জাফর ওয়াজেদ**
মহাপরিচালক
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

**প্রথম প্রকাশ**
জুন ২০২১

**প্রচ্ছদ**
সোহেল আশরাফ খান

**বানান সমন্বয়**
মো. লুৎফর রহমান

**কম্পিউটার বিন্যাস**
ছৈয়দ মোহাম্মদ আবু সোহেল

**মুদ্রাকর**
প্রগতি প্রেস এন্ড পাবলিকেশন্স
২২/১ তোপখানা রোড, ঢাকা-১০০০

**মূল্য**
৳ ৪৭৫.০০



© পিআইবি কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত


---


***Chronology 2019: Significant News Published in the Newspapers of Bangladesh***
Chief Editor: Zafar Wazed, Published by Press Institute Bangladesh (PIB)
3 Circuit House Road, Dhaka-1000.
Price : 475.00 Taka. $ 06 Only
ISBN : 978-984-732-059-5
Phone: 9333403, 9330081-84, Fax: 880-02-48317458
E-mail: research@pib.gov.bd, Website: পিআইবি.বাংলা, http://www.pib.gov.bd
বইটি অনলাইনে পেতে হলেঃ www.rokomari.com

# ঘটনাপঞ্জি ২০১৯
## বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ


**প্রধান সম্পাদক**

জাফর ওয়াজেদ
মহাপরিচালক
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

**তত্ত্বাবধান**

আকতার হোসেন
পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ), পিআইবি

**গ্রন্থনা**

সুজাতা হক, গবেষক, পিআইবি
কামরুন নাহার, গবেষক, পিআইবি
কাজী ফাহমিদা আক্তার সুমী, গবেষক, পিআইবি
মো. আমির হোসেন, গবেষক, পিআইবি

**সমন্বয় ও পাণ্ডুলিপি নিরীক্ষণ**

মোহাম্মদ মনিরুল ইসলাম কবীর
সিনিয়র রিসার্চ অফিসার, পিআইবি

# মু│খ│ব│ন্ধ

সংবাদপত্র চলমান ইতিহাসের বাহন। সময়ের পরিক্রমায় সংবাদপত্রে প্রকাশিত খবর ও অন্যান্য তথ্য ঐতিহাসিক দলিলে পরিণত হয়। তবে সাল, মাস ও তারিখ জানা না থাকলে অতীতের কোন ঘটনা কিংবা খবর সংবাদপত্র থেকে খুঁজে বের করা অনেকটা কষ্টসাধ্য। এই বিষয়টিকে সামনে রেখে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) সংবাদপত্রে প্রকাশিত গুরুত্বপূর্ণ ঘটনার বছরভিত্তিক ধারাবাহিক সংকলন গ্রন্থ *ঘটনাপঞ্জি* প্রকাশ করে থাকে। পুরোনো ঘটনা বা খবর খুঁজে বের করার ক্ষেত্রে *ঘটনাপঞ্জি* সহায়ক ভূমিকা পালন করে থাকে। অল্প সময়ের মধ্যে কাঙ্খিত কোনো তথ্যের সূত্র পাওয়া যায় *ঘটনাপঞ্জি* থেকে।

আগের ধারাবাহিকতায় প্রকাশিত হলো *ঘটনাপঞ্জি ২০১৯ : বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ* শীর্ষক সংকলন গ্রন্থ। *ঘটনাপঞ্জি* **২০১৯** গ্রন্থনা করেছেন রিসার্চ অফিসার শেখ মজলিশ ফুয়াদ, গবেষক সুজাতা হক, গবেষক কামরুন নাহার, গবেষক কাজী ফাহমিদা আক্তার সুমী ও গবেষক মো. আমির হোসেন। পাণ্ডুলিপি নিরীক্ষণ ও সমন্বয় করেছেন সিনিয়র রিসার্চ অফিসার মোহাম্মদ মনিরুল ইসলাম কবীর। তত্ত্বাবধান করেছেন তৎকালীন পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ) আকতার হোসেন। আমি তাদের সবাইকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। একই সঙ্গে এই গ্রন্থের প্রকাশনায় সংশ্লিষ্ট অন্যদেরও ধন্যবাদ জানাচ্ছি।

*ঘটনাপঞ্জি* **২০১৯** গ্রন্থটি গণমাধ্যমকর্মী, গবেষক ও এর পাঠকদের কাজে লাগলে আমাদের শ্রম সার্থক হবে।

**জাফর ওয়াজেদ**
মহাপরিচালক

# সূ | চি | প | ত্র


জানুয়ারি ▶ ৯
৩০ ◀ ফেব্রুয়ারি
মার্চ ▶ ৪৫
৬২ ◀ এপ্রিল
মে ▶ ৭৯
১০২ ◀ জুন
জুলাই ▶ ১২৪
১৪৯ ◀ আগস্ট
সেপ্টেম্বর ▶ ১৬৮
১৮৭ ◀ অক্টোবর
নভেম্বর ▶ ২১৩
২৩৯ ◀ ডিসেম্বর
২০১৯ সালের উল্লেখযোগ্য ঘটনা ▶ ২৬৯
২৮১ ◀ ২০১৯ সালে যাদের হারিয়েছি

## জানুয়ারি

**১ জানুয়ারি**

- একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগের নিরঙ্কুশ জয়ে দলের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন সৌদি আরব, কাতার ও শ্রীলঙ্কার রাষ্ট্রপ্রধানরা। দৈনিক ইত্তেফাক, ২ জানুয়ারি
- একাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ বিজয়ের পর ধানমন্ডিতে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ২ জানুয়ারি
- জনগণের ভোটাধিকার প্রয়োগের মাধ্যমে একাদশ জাতীয় সংসদ নির্বাচন সফল করায় মার্কিন যুক্তরাষ্ট্রের সন্তোষ প্রকাশ। যুগান্তর, ২ জানুয়ারি
- সারাদেশে স্কুল, মাদ্রাসায় পাঠ্যপুস্তক বিতরণ উৎসব অনুষ্ঠিত। দৈনিক ইত্তেফাক, ২ জানুয়ারি
- হুসেইন মুহম্মদ এরশাদের অবর্তমানে জিএম কাদেরই হবেন জাতীয় পার্টির চেয়ারম্যানঃ এরশাদের ঘোষণা। দৈনিক ইত্তেফাক, ২ জানুয়ারি
- বাংলা একাডেমি প্রদত্ত কবি জসীমউদ্‌দীন সাহিত্য পুরস্কার-২০১৯ পাচ্ছেন কবি নির্মলেন্দু গুণ। যুগান্তর, ২ জানুয়ারি
- বিশ্ববরেণ্য চিত্রপরিচালক মৃণাল সেনের শেষকৃত্য সম্পন্ন। যুগান্তর

**২ জানুয়ারি**

- একাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ জয়ের পর আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন, ইরানের প্রেসিডেন্ট ড. হাসান রুহানি ও ভারতীয় কংগ্রেসের সংসদীয় দলের চেয়ারপারসন সোনিয়া গান্ধী অভিনন্দন জানিয়েছেন। দৈনিক ইত্তেফাক, ৩ জানুয়ারি



- মুক্তিযুদ্ধের চেতনায় একটি উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ গড়তে সবার সহযোগিতা কামনা করেন আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ৩ জানুয়ারি
- ঢাকাস্থ যুক্তরাজ্য হাইকমিশন থেকে পাঠানো বিজ্ঞপ্তির মাধ্যমে একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিরোধী দলসহ সব রাজনৈতিক দল অংশগ্রহণ করায় তাদের স্বাগত জানিয়েছে যুক্তরাজ্য। দৈনিক ইত্তেফাক, ৩ জানুয়ারি
- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে দেড় কেজি সোনাসহ দুইজনকে আটক করেছে ঢাকার কাস্টম হাউজের প্রিভেন্টিভ টিম। দৈনিক ইত্তেফাক, ৩ জানুয়ারি
- রাষ্ট্রীয় অভ্যন্তরীণ বিষয়ে বেআইনিভাবে নাক গলানোর অভিযোগে জাতিসংঘের দূতকে বহিষ্কার করেছে সোমালিয়া। দৈনিক ইত্তেফাক, ৩ জানুয়ারি

**৩ জানুয়ারি**

- একাদশ জাতীয় সংসদ নির্বাচনে নবনির্বাচিত সংসদ সদস্যদের শপথগ্রহণ। দৈনিক ইত্তেফাক, ৪ জানুয়ারি
- আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক, বর্তমান প্রেসিডিয়াম সদস্য ও জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলামের ইন্তেকাল। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার গভীর শোক ও দুঃখ প্রকাশ। দৈনিক ইত্তেফাক, ৪ জানুয়ারি
- একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ জয়লাভ করায় নতুন সরকার গঠন করতে দলের সভাপতি শেখ হাসিনাকে রাষ্ট্রপতি আবদুল হামিদের আহ্বান। দৈনিক ইত্তেফাক, ৪ জানুয়ারি
- প্রধানমন্ত্রী ও দলীয় প্রধান শেখ হাসিনাকে সংসদীয় দলের নেতা নির্বাচিত করেছে একাদশ জাতীয় সংসদের সংখ্যাগরিষ্ঠ দল আওয়ামী লীগ। দৈনিক ইত্তেফাক, ৪ জানুয়ারি
- বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের নেতৃত্বে একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ফল বাতিল করে পুনর্নির্বাচনের দাবিতে স্মারকলিপি জমা দিতে নির্বাচন কমিশনে জাতীয় ঐক্যফ্রন্ট ও ২০ দলীয় জোটের প্রতিনিধিদল। যুগান্তর, ৪ জানুয়ারি

- মোহাম্মদপুরে কলেজ শিক্ষিকা কৃষ্ণা কাবেরী বিশ্বাস হত্যা মামলার আসামি কেএম জহিরুল ইসলামকে মৃত্যুদণ্ড এবং একই সঙ্গে নিহত কৃষ্ণা কাবেরীর স্বামী ও দুই মেয়েকে আঘাতের অভিযোগে আসামিকে পৃথক ধারায় যাবজ্জীবন ও কারাদণ্ড দিয়েছেন আদালত। যুগান্তর, ৪ জানুয়ারি
- একাদশ জাতীয় সংসদে যোগ দিচ্ছে না বিএনপি ও জাতীয় ঐক্যফ্রন্ট। বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের ঘোষণা। যুগান্তর, ৪ জানুয়ারি
- একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের নিরঙ্কুশ বিজয়ে অভিনন্দন জানিয়েছে পাকিস্তান ও সংযুক্ত আরব আমিরাতের প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রী। যুগান্তর, ৪ জানুয়ারি

**৪ জানুয়ারি**
- একাদশ জাতীয় সংসদের এমপিদের নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেছেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ৫ জানুয়ারি
- সব দলের অংশগ্রহণে অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে স্বাগত জানিয়েছে জাপানঃ দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতি। দৈনিক ইত্তেফাক, ৫ জানুয়ারি
- ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার সঙ্গে বৈঠক করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, দলের স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী ও নির্বাহী কমিটির সদস্য তাবিথ আউয়াল। দৈনিক ইত্তেফাক, ৫ জানুয়ারি
- একাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রধান বিরোধী দল হচ্ছে জাতীয় পার্টি এবং বিরোধীদলীয় নেতা হবেন দলের চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ। দৈনিক ইত্তেফাক, ৫ জানুয়ারি
- মিয়ানমারের রাখাইন রাজ্যে বিচ্ছিন্নতাবাদী সংগঠন আরাকান আর্মির হামলায় দেশটির ১৩ পুলিশ সদস্য নিহত। যুগান্তর, ৫ জানুয়ারি



**৫ জানুয়ারি**
- আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক এবং দলের সভাপতিমণ্ডলীর সদস্য ও জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলামের মরদেহ ব্যাংকক থেকে ঢাকায়। দৈনিক ইত্তেফাক, ৬ জানুয়ারি
- একাদশ জাতীয় সংসদে বিরোধীদলীয় চিফ হুইপ হিসেবে মনোনয়ন পেয়েছেন জাতীয় পার্টির মহাসচিব মশিউর রহমান রাঙ্গা। জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে তা জানানো হয়েছে। দৈনিক ইত্তেফাক, ৬ জানুয়ারি
- প্রবন্ধ, গবেষণা ও কথাসাহিত্যে বিশেষ অবদান রাখায় অনন্যা সাহিত্য পুরস্কার ১৪২৫ পেলেন কথাসাহিত্যিক-প্রাবন্ধিক আকিমুন রহমান। দৈনিক ইত্তেফাক, ৬ জানুয়ারি
- বিপিএলের ষষ্ঠ আসরের আড়ম্বর উদ্‌বোধন। দৈনিক ইত্তেফাক, ৬ জানুয়ারি

**৬ জানুয়ারি**
- সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় প্রয়াত জনপ্রশাসনমন্ত্রী ও আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক সৈয়দ আশরাফুল ইসলামের প্রথম জানাজা এবং কিশোরগঞ্জ শহরের শোলাকিয়া ময়দানে দ্বিতীয় জানাজা অনুষ্ঠিত। দৈনিক ইত্তেফাক, ৭ জানুয়ারি
- আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম বনানী কবরস্থানে সমাহিত। দৈনিক ইত্তেফাক, ৭ জানুয়ারি
- বগুড়া শহরতলীর নওদাপাড়া এলাকায় ভারতীয় ভিসা আবেদন কেন্দ্রের (আইভ্যাক) কার্যক্রম শুরু। যুগান্তর
- ঘুস গ্রহণের মামলায় সাবেক যোগাযোগমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদা কারাগারে। যুগান্তর, ৭ জানুয়ারি
- বিবাহবিচ্ছেদের জন্য নতুন আইন (তালাক আইন) চালু রক্ষণশীল দেশ সৌদি আরবে। দেশটিতে অনেক সময় স্ত্রীকে না জানিয়েই তালাক দিয়ে দেন স্বামী। স্বামীর এমন সিদ্ধান্তে অসম্মতি জানানো তো দূরের

কথা, অনেক সময় বিচ্ছেদ-পরবর্তী ভরণপোষণের আবেদন করার সুযোগও পান না স্ত্রী। তাই নতুন এ আইনে আদালতে বিচ্ছেদের আবেদন করার আগে অন্তত মোবাইল ফোনে বার্তা পাঠিয়ে স্ত্রীকে জানাতে হবে বিচ্ছেদের কথা। দৈনিক ইত্তেফাক, ৭ জানুয়ারি

**৭ জানুয়ারি**

- চতুর্থবারের মতো প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন জাতির পিতা বঙ্গবন্ধুর কন্যা ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। যুগান্তর, ৮ জানুয়ারি
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে নতুন মন্ত্রিসভার ৪৭ সদস্যের শপথ গ্রহণ। দৈনিক ইত্তেফাক, ৮ জানুয়ারি
- বিশ্ব অর্থনীতিতে আরও দুই ধাপ এগিয়েছে বাংলাদেশ। চলতি মূল্যের ভিত্তিতে ১৯৩টি দেশের মধ্যে বিশ্ব অর্থনীতিতে বাংলাদেশের অবস্থান এখন বিশ্বে ৪১তম। আগের বছর যা ছিল ৪৩তম। তবে ক্রয়ক্ষমতার ভিত্তিতে বাংলাদেশের অবস্থান ৩০তম। লন্ডনভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর ইকোনমিক অ্যান্ড বিজনেস রিসার্সের (সিইবিআর) প্রকাশিত রিপোর্টে এসব কথা বলা হয়েছে। দৈনিক ইত্তেফাক, ৮ জানুয়ারি
- সরকার ঘোষিত ন্যূনতম মজুরি বাস্তবায়নসহ বিভিন্ন দাবিতে রাজধানীর বিমানবন্দর সড়কে পোশাক শ্রমিকদের প্রায় সাড়ে ৩ ঘণ্টা অবরোধ করে বিক্ষোভ, বাসে আগুন ও পুলিশের সঙ্গে ধাওয়া-পালটা ধাওয়া। যুগান্তর, ৮ জানুয়ারি
- সুনামগঞ্জ জেলার দোয়ারাবাজার সীমান্তে ভারতীয় খাসিয়াদের গুলিতে এক বাংলাদেশি নিহত। যুগান্তর, ৮ জানুয়ারি

**৮ জানুয়ারি**

- টানা তৃতীয় মেয়াদে সরকার গঠন করে নবগঠিত মন্ত্রিসভার সদস্যদের নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাভার জাতীয় স্মৃতিসৌধে এবং ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন। দৈনিক ইত্তেফাক, ৯ জানুয়ারি



- প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেওয়ায় আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনাকে চীনের প্রধানমন্ত্রী লি কেকিয়াং এবং নেপালের প্রধানমন্ত্রী খাড়্গা প্রসাদ শর্মা ওলির অভিনন্দন। দৈনিক ইত্তেফাক, ৯ জানুয়ারি
- ভারতে অনুপ্রবেশকারী বাংলাদেশি হিন্দুদের ভারতীয় নাগরিকত্ব দেওয়ার উদ্যোগ বন্ধ করতে উত্তর-পূর্ব ভারতে সকালে শুরু হয়েছে ১১ ঘণ্টার বন্ধ। উত্তর-পূর্বাঞ্চলীয় ছাত্র সংগঠনসহ (নেসো) বিভিন্ন সংগঠন এই ডাক দিয়েছে। একই সঙ্গে ভারতীয় বিভিন্ন শ্রমিক সংগঠনের ডাকে চলছে ভারত বন্ধ। পাশাপাশি চলছে বিজেপি সরকারের আর্থিক নীতির প্রতিবাদে বামপন্থি ও কংগ্রেসি ট্রেড ইউনিয়নের ডাকা ৪৮ ঘণ্টার 'ভারত বন্ধ'। দৈনিক ইত্তেফাক, ৯ জানুয়ারি
- চীনের রাজধানী বেইজিংয়ের একটি প্রাথমিক স্কুলে এক দুর্বৃত্তের হামলায় ২০ শিশু আহত। সংকটাপন্ন তিন শিশু। যুগান্তর, ৯ জানুয়ারি
- বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট জিম ইয়ং কিমের পদত্যাগের ঘোষণা। যুগান্তর, ৯ জানুয়ারি

**৯ জানুয়ারি**

- টানা তৃতীয়বার সরকার গঠন উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিসৌধে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন। দৈনিক ইত্তেফাক, ১০ জানুয়ারি
- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ শেরেবাংলা নগরে ২৪তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার উদ্‌বোধন করেন। যুগান্তর, ১০ জানুয়ারি
- জাতীয় পার্টির (জাপা) চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদকে বিরোধীদলীয় নেতা এবং পার্টির কো-চেয়ারম্যান গোলাম মোহাম্মদ (জিএম) কাদেরকে বিরোধীদলীয় উপনেতা হিসেবে প্রজ্ঞাপন জারি করেছে জাতীয় সংসদ সচিবালয়। দৈনিক ইত্তেফাক, ১০ জানুয়ারি
- বৈশ্বিক গণতন্ত্র সূচকে চার ধাপ এগিয়েছে বাংলাদেশ। ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিটের 'গণতন্ত্র সূচক' শীর্ষক প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। পাঁচটি মানদণ্ডে ২০১৮ সালের পরিস্থিতি বিচার করে ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট এ প্রতিবেদন প্রকাশ করে। দৈনিক ইত্তেফাক, ১০ জানুয়ারি

- সাভার ও আশুলিয়ায় ন্যূনতম মজুরির দাবিতে বিক্ষোভে রাস্তায় নামে অন্তত ৭০ পোশাক কারখানার শ্রমিক। পরিস্থিতি নিয়ন্ত্রণে বিজিবি মোতায়েন। দৈনিক ইত্তেফাক, ১০ জানুয়ারি

**১০ জানুয়ারি**

- স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে ধানমন্ডি ৩২ নম্বরে তাঁর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১১ জানুয়ারি
- আন্দোলনে যারা ব্যর্থ, তারা কখনো নির্বাচনে জয়ী হতে পারে না: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে আলোচনাসভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। দৈনিক ইত্তেফাক, ১১ জানুয়ারি
- রেইনবো চলচ্চিত্র সংসদের আয়োজনে ১৭তম ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের উদ্‌বোধন। দৈনিক ইত্তেফাক, ১১ জানুয়ারি
- পুনরায় বাংলাদেশের প্রধানমন্ত্রী নিযুক্ত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন ইসলামি সহযোগিতা সংস্থার (ওআইসি) মহাসচিব ড. ইউসুফ আল-ওথাইমিন। সমকাল, ১১ জানুয়ারি
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন কমিটি কর্তৃক অলোক ভার্মাকে সেন্ট্রাল ব্যুরো অব ইনভেস্টিগেশনের (সিবিআই) প্রধানের পদ থেকে অপসারণ করে ফায়ার সার্ভিসের মহাপরিচালকের পদে নিয়োগ। যুগান্তর
- বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনায় ফিলিপাইনের আরসিবিসি ব্যাংকের তখনকার ব্যবস্থাপক মায়া সান্তোস দেগুইতোকে দোষী সাব্যস্ত করে সাজা দিয়েছেন দেশটির আদালত। বাংলাদেশ ব্যাংকের ৮ কোটি ১০ লাখ ডলার অর্থ পাচারের ঘটনায় মায়ার বিরুদ্ধে আটটি অভিযোগ প্রমাণিত হয়েছে। প্রতিটি অপরাধে তাকে চার থেকে সাত বছরের কারাদণ্ডের রায় দিয়েছেন ফিলিপাইনের মাকাতির আঞ্চলিক আদালত। একই সঙ্গে ১০ কোটি ৯০ লাখ ডলার জরিমানা পরিশোধ করারও আদেশ দেওয়া হয়েছে। বিচারক সিজার উনতালান এই রায় ঘোষণা করেন। দৈনিক ইত্তেফাক, ১১ জানুয়ারি



**১১ জানুয়ারি**

- বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় সংগীত ও নৃত্যকলা কেন্দ্র মিলনায়তনে বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ফেডারেশন অব ফিল্ম সোসাইটিজ অব বাংলাদেশ ও বাংলাদেশ শর্ট ফিল্ম ফোরামের উদ্যোগে কিংবদন্তি চলচ্চিত্রকার মৃণাল সেনের স্মরণসভা অনুষ্ঠিত। দৈনিক ইত্তেফাক, ১২ জানুয়ারি
- দলের চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার মুক্তি এবং একাদশ জাতীয় সংসদ নির্বাচন বাতিলের দাবিতে বিএনপির বিক্ষোভ মিছিল। দৈনিক ইত্তেফাক, ১২ জানুয়ারি
- বরখাস্ত হওয়া সিবিআই-প্রধান অলোক ভার্মা ফায়ার সার্ভিসের মহাপরিচালকের পদে যোগদান করতে অস্বীকৃতি জানিয়ে পদত্যাগ। দৈনিক ইত্তেফাক, ১২ জানুয়ারি
- মিয়ানমারে তথাকথিত রাষ্ট্রীয় গোপন নথি ফাঁসের অভিযোগে সাত বছরের সাজাপ্রাপ্ত কারাবন্দি রয়টার্সের দুই সাংবাদিকের আপিল আবেদন খারিজ করে দিয়েছেন দেশটির আদালত। দৈনিক ইত্তেফাক, ১২ জানুয়ারি
- ভারত নিয়ন্ত্রিত কাশ্মীরে ইমপ্রোভাইসড এক্সপ্লোসিভ ডিভাইস (আইইডি) বিস্ফোরণে সেনাবাহিনীর এক মেজরসহ দুই জওয়ান নিহত ও অন্য এক সেনা সদস্য আহত। দৈনিক ইত্তেফাক, ১২ জানুয়ারি

**১২ জানুয়ারি**

- জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ শারীরিক অবস্থার অবনতি হওয়ায় তাঁকে সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) ভর্তি করা হয়। দৈনিক ইত্তেফাক
- মজুরি কাঠামো নিয়ে অসন্তুষ্টির কারণে রাজধানীর কয়েকটি স্থানে বিভিন্ন কারখানার শ্রমিকদের সড়কে বিক্ষোভ। সমকাল, ১৩ জানুয়ারি

- ফ্রান্সের রাজধানী প্যারিসের কেন্দ্রস্থলে অবস্থিত একটি বেকারিতে ভয়াবহ বিস্ফোরণে ২ দমকল কর্মীসহ ৪ জন নিহত এবং ৪৭ জন আহত হয়েছেন। তাদের মধ্যে ১০ জনের অবস্থা গুরুতর। সমকাল, ১৩ জানুয়ারি
- জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি এবং জীবনযাপনের ব্যয় বৃদ্ধিসহ বিভিন্ন বিষয়ের প্রতিবাদে ফ্রান্সজুড়ে আবারও হাজারো ইয়েলো ভেস্ট আন্দোলনকারীর সরকারবিরোধী বিক্ষোভ। দৈনিক জনকণ্ঠ
- আমেরিকার মধ্য-পশ্চিম থেকে মধ্য আটলান্টিক অঞ্চলের উপর দিয়ে বয়ে যাওয়া বিধ্বংসী তুষার ঝড়ে ভার্জিনিয়ায় ৯, মিসৌরিতে ৪ এবং কানসাসে একজনের মৃত্যু। যুগান্তর

**১৩ জানুয়ারি**

- চতুর্থবারের মতো সরকারপ্রধান হিসেবে শপথগ্রহণের পর সশস্ত্রবাহিনী বিভাগের নিজ কার্যালয়ে প্রথম অফিস করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ১৪ জানুয়ারি
- চতুর্থবার এবং টানা তৃতীয়বার দেশের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করায় শিখা অনির্বাণে পুষ্পার্ঘ্য অর্পণ করে সশস্ত্রবাহিনীর শহিদদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১৪ জানুয়ারি
- দেশের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে এবং এর অর্জনসমূহ সমুন্নত রাখার জন্য সরকার তার দুর্নীতিবিরোধী লড়াই অব্যাহত রাখবে: প্রথম কর্মদিবসে প্রধানমন্ত্রীর কার্যালয়ের (পিএমও) সিনিয়র কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়কালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ১৪ জানুয়ারি
- বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া হুইলচেয়ারে করে নাইকো দুর্নীতি মামলায় হাজিরা দেওয়ার উদ্দেশ্যে কারাগার থেকে আদালতে হাজির। দৈনিক ইত্তেফাক, ১৪ জানুয়ারি
- মানহানির অভিযোগে দায়েরকৃত ১৫টি মামলায় সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ব্যারিস্টার মইনুল হোসেনের অন্তর্বর্তীকালীন জামিন মঞ্জুর। দৈনিক ইত্তেফাক, ১৪ জানুয়ারি



- সরকার তৈরি পোশাক খাতের শ্রমিকদের যৌক্তিক দাবি আমলে নিয়ে মজুরি কাঠামো ১নং থেকে ৬নং গ্রেড পর্যন্ত বেতন সমন্বয় করে সংশোধিত মজুরি কাঠামো ঘোষণা করেছে। দৈনিক ইত্তেফাক, ১৪ জানুয়ারি
- ফিলিস্তিনের গাজায় হামাসের দুটি ভূগর্ভস্থ স্থাপনা লক্ষ্য করে ইসরাইলের বিমান হামলা। কালের কণ্ঠ

**১৪ জানুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের গত মেয়াদে নিয়োগপ্রাপ্ত পাঁচ উপদেষ্টাকে বর্তমান নতুন মন্ত্রিসভায় একই বিষয়ে উপদেষ্টা পদে নিয়োগ দেওয়া হয়। দৈনিক ইত্তেফাক, ১৫ জানুয়ারি
- ভিকারুননিসা নূন স্কুলের নবম শ্রেণির শিক্ষার্থী অরিত্রী অধিকারীকে আত্মহত্যায় প্ররোচনা দেওয়ার অভিযোগে দায়ের করা মামলার জামিন পেলেন কলেজের অধ্যক্ষ নাজনীন ফেরদৌস এবং শাখাপ্রধান জিনাত আখতার। সমকাল, ১৫ জানুয়ারি
- স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল এডুকেশন শাখার হিসাবরক্ষণ কর্মকর্তা মো. আবজাল হোসেনকে দুর্নীতির মাধ্যমে বিপুল সম্পদের মালিক হওয়ার অভিযোগে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়। দৈনিক ইত্তেফাক, ১৫ জানুয়ারি
- একাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে অনিয়ম, পুনর্নির্বাচনসহ জাতীয় ঐক্যফ্রন্টের বিভিন্ন অভিযোগ ও দাবি নাকচ করেছে নির্বাচন কমিশন (ইসি): কমিশন সভা শেষে ইসি সচিব হেলালুদ্দীন। যুগান্তর, ১৫ জানুয়ারি
- একাদশ জাতীয় সংসদ নির্বাচনের হলফনামায় তথ্য গোপনের অভিযোগে দুর্নীতি দমন কমিশনের (দুদক) মামলায় বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস ও তার স্ত্রী আফরোজা আব্বাসকে আট সপ্তাহের আগাম জামিন। যুগান্তর, ১৫ জানুয়ারি
- অস্ট্রেলিয়ার সিডনিতে পরীক্ষামূলক যাত্রা শুরু করল দেশটির প্রথম চালকবিহীন ট্রেন। যুগান্তর

## ১৫ জানুয়ারি

- চতুর্থবারের মতো বাংলাদেশের প্রধানমন্ত্রী হওয়ায় ব্রুনাইয়ের সুলতান হাজি হাসানাল বলকিয়া ও আফগান প্রেসিডেন্ট মোহাম্মদ আশরাফ ঘানি প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানান। যুগান্তর
- প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা হিসেবে সজীব ওয়াজেদ জয়কে পুনরায় নিয়োগ। দৈনিক ইত্তেফাক, ১৬ জানুয়ারি
- একাদশ জাতীয় সংসদ নির্বাচনে সংরক্ষিত নারী আসনে সংসদ সদস্য হতে ইচ্ছুক নেত্রীদের কাছে আওয়ামী লীগের মনোনয়ন ফর্ম বিক্রি শুরু। যুগান্তর, ১৬ জানুয়ারি
- দৈনিক মানবকণ্ঠের ভারপ্রাপ্ত সম্পাদক আবু বকর চৌধুরী (৫৫) হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে ধানমন্ডির ইবনে সিনা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। সমকাল, ১৬ জানুয়ারি
- ইউরোপীয় ইউনিয়ন থেকে ব্রিটেনের বেরিয়ে যাওয়া প্রশ্নে যা ব্রেক্সিট নামে পরিচিত, বহুল আলোচিত বিষয় নিয়ে খসড়া চুক্তির ওপর ব্রিটিশ পার্লামেন্টে ভোট অনুষ্ঠিত। সমকাল, ১৬ জানুয়ারি
- কেনিয়ার রাজধানী নাইরোবিতে একটি বিলাসবহুল হোটেল ও অফিস কমপ্লেক্সে জঙ্গি হামলায় অন্তত সাতজন নিহত এবং আটজন আহত। দৈনিক ইত্তেফাক, ১৬ জানুয়ারি

## ১৬ জানুয়ারি

- একাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পাওয়ায় আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে কম্বোডিয়ার প্রধানমন্ত্রী সাদাম হুন সেন শুভেচ্ছা ও অভিনন্দন জানান। সমকাল
- অসুস্থতার কারণে গ্যাটকো দুর্নীতির মামলার অভিযোগ গঠনের শুনানির জন্য বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে কারাগার থেকে আদালতে হাজির করেনি কারাগার কর্তৃপক্ষ। দৈনিক ইত্তেফাক, ১৭ জানুয়ারি
- বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমের জ্যেষ্ঠ সম্পাদক প্রবীণ সাংবাদিক আমানুল্লাহ কবীরের (৭২) ইন্তেকাল। যুগান্তর, ১৭ জানুয়ারি
- র‍্যাব কর্তৃক গাজীপুরের শ্রীপুর উপজেলার বেরাইদের চালা এলাকা থেকে একটি বিদেশি পিস্তল ও দুই রাউন্ড গুলিসহ চার ভুয়া পুলিশ আটক। যুগান্তর



- ব্রিটিশ প্রধানমন্ত্রী থেরেসা মের ব্রেক্সিট চুক্তি পার্লামেন্টে ২৩০ ভোটে প্রত্যাখ্যাত হয়েছে। দৈনিক ইত্তেফাক, ১৭ জানুয়ারি
- উত্তর-পূর্ব সিরিয়ায় এক আত্মঘাতী বোমা হামলায় দুই সেনা সদস্যসহ চার মার্কিন নাগরিক নিহত। ইসলামিক স্টেটের দায় স্বীকার। দৈনিক ইত্তেফাক, ১৭ জানুয়ারি

## ১৭ জানুয়ারি

- পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন বাংলাদেশে অবস্থিত বিভিন্ন দেশ, সংস্থার প্রধান ও কূটনীতিকদের প্রথম ব্রিফিংয়ে সরকারের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সম্ভাব্য সব ধরনের সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস দেন। যুগান্তর, ১৮ জানুয়ারি
- একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভরাডুবির পর চলমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে জাতীয় ঐক্যফ্রন্টের প্রধান শরিক দল বিএনপির শীর্ষ নেতাদের অনুপস্থিতিতে আগামী দিনের কর্মপন্থা ঠিক করতে জাতীয় ঐক্যফ্রন্টের বৈঠক। যুগান্তর, ১৮ জানুয়ারি
- আগের সংসদের মেয়াদ শেষ হওয়ার আগে একাদশ জাতীয় সংসদের নবনির্বাচিত সংসদ সদস্যদের (এমপি) নেওয়া শপথের বৈধতা চ্যালেঞ্জ করে দায়েরকৃত রিট খারিজ। সমকাল, ১৮ জানুয়ারি
- বাংলাদেশে নিযুক্ত জার্মান রাষ্ট্রদূত পিটার ফারেনহোল্টজের কক্সবাজারের উখিয়া ও টেকনাফের রোহিঙ্গা শিবির পরিদর্শন। দৈনিক ইত্তেফাক, ১৮ জানুয়ারি
- জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী অনামিকা সোমাকে আত্মহত্যায় প্ররোচনা মামলায় তার স্বামীর ১০ বছরের কারাদণ্ড। সমকাল
- কুয়েতের লেসকো কোম্পানিতে কর্মরত বাংলাদেশি শ্রমিকদের হামলায় কুয়েতে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের কাউন্সেলরসহ তিনজন আহত। যুগান্তর, ১৮ জানুয়ারি
- সাংবাদিক হত্যার ঘটনায় দায়ের করা মামলায় ভারতের বিতর্কিত 'ধর্মগুরু' গুরমিত রাম রহিম সিংয়ের যাবজ্জীবন কারাদণ্ড। দৈনিক ইত্তেফাক, ১৮ জানুয়ারি

**১৮ জানুয়ারি**

- চতুর্থবারের মতো বাংলাদেশের প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করায় শেখ হাসিনাকে দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট মুন জে-ইন অভিনন্দন জানান। যুগান্তর, ১৯ জানুয়ারি
- ঠাকুরগাঁও সীমান্তে এক বাংলাদেশিকে গুলি করে হত্যা করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। যুগান্তর, ১৯ জানুয়ারি
- এইচএম এরশাদের 'অবর্তমানে' বা চিকিৎসাধীন অবস্থায় বিদেশে থাকাকালীন জাতীয় পার্টির (জাপা) চেয়ারম্যানের দায়িত্ব পালন করবেন কো-চেয়ারম্যান জিএম কাদের: 'সাংগঠনিক নির্দেশনা' শিরোনামে লেখা এরশাদের চিঠি। যুগান্তর, ১৯ জানুয়ারি
- মহিলা আওয়ামী লীগের সাবেক সভাপতি সাবেক এমপি, মুক্তিযোদ্ধা আশরাফুন্নেছা মোশাররফের ইন্তেকাল। তাঁর মৃত্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। যুগান্তর, ১৯ জানুয়ারি
- বাংলাদেশ প্রিমিয়ার ফুটবল লিগের একাদশতম আসরের প্রথম দিনেই মুখোমুখি হয়েছে বর্তমান চ্যাম্পিয়ন ঢাকা আবাহনী ও নোফেল স্পোর্টিং ক্লাব। যুগান্তর, ১৯ জানুয়ারি
- সেরা চলচ্চিত্রের পুরস্কার প্রদানের মধ্য দিয়ে ১৭তম ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের সমাপনী অনুষ্ঠিত হলো জাতীয় জাদুঘরের মূল মিলনায়তনে। সমকাল, ১৯ জানুয়ারি
- 'অধ্যাপক নুরুল হক সাহিত্য' পুরস্কার পেলেন বিশিষ্ট কথাসাহিত্যিক ও সাংবাদিক আনিসুল হক। প্রথম আলো, ১৯ জানুয়ারি

**১৯ জানুয়ারি**

- সব দল নির্বাচনে অংশ নিয়ে নির্বাচনকে অর্থবহ করেছে। এ বিজয় কেবল আওয়ামী লীগের নয়, এ বিজয় স্বাধীনতার সপক্ষের শক্তির, এ বিজয় জনগণের: একাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ বিজয় লাভ করায় রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে আওয়ামী লীগ আয়োজিত 'বিজয় সমাবেশে' প্রধান অতিথির বক্তব্যে শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২০ জানুয়ারি



- জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তনে অনুষ্ঠিত হলো 'প্রথম আলো বর্ষসেরা বই: ১৪২৪'-এর পুরস্কার বিতরণ অনুষ্ঠান। পুরস্কারপ্রাপ্তরা হলেন: সৃজনশীল শাখায় যৌথভাবে মাসুদ খান ও সুমন রহমান এবং মননশীল শাখায় শাওন আকন্দ। প্রথম আলো, ২০ জানুয়ারি
- কোনো দূতাবাসে যাতে আর কোনো অনাকাঙ্ক্ষিত ঘটনা না ঘটে সেজন্য বিদেশে বাংলাদেশের সব দূতাবাসে সতর্কতা জারি এবং প্রবাসীদের প্রতি সংযত হওয়ারও আহ্বান জানিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। যুগান্তর, ২০ জানুয়ারি
- খাগড়াছড়িতে পিপলু ত্রিপুরা (৪১) নামে সাবেক ইউপিডিএফ কর্মীকে গুলি করে হত্যা করেছে সন্ত্রাসীরা। জেলার গাছবান এলাকায় এ ঘটনা ঘটে। যুগান্তর, ২০ জানুয়ারি
- 'উত্তেজক' এবং 'মিথ্যা সংবাদ' ছড়ানোর অভিযোগে ৩৮ জন সাংবাদিক ও মানবাধিকার কর্মীকে গ্রেফতার করতে ওয়ারেন্ট জারি করেছে আফ্রিকার দেশ সুদান। যুগান্তর, ২০ জানুয়ারি

**২০ জানুয়ারি**

- পুনরায় প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন মুসলিম বিশ্বের জনপ্রিয় নেতা তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান। যুগান্তর, ২১ জানুয়ারি
- বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে ধর্মীয় উসকানির মামলায় গ্রেফতারি পরোয়ানা জারি। যুগান্তর, ২১ জানুয়ারি
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের আজীবন সম্মাননা পুরস্কার পেলেন আবদুল গাফ্‌ফার চৌধুরী। যুগান্তর, ২১ জানুয়ারি
- গাজীপুরের টঙ্গী থেকে হলি আর্টিজান মামলার পলাতক আসামি মামুনুর রশিদ রিপনকে গ্রেফতার করেছে র‍্যাব। দৈনিক ইত্তেফাক, ২১ জানুয়ারি
- এয়ার অ্যারাবিয়ার এ৯-৫১৫ নম্বর ফ্লাইটে সৌদি আরব থেকে দেশে ফিরলেন সৌদি আরবে নির্যাতনের শিকার ৮০ নারী। সমকাল, ২১ জানুয়ারি

- আফগানিস্তানে লোগার প্রদেশের গভর্নর আনোয়ারের গাড়িবহরে তালেবানদের আত্মঘাতী হামলায় আটজন নিহত। দৈনিক ইত্তেফাক
- জাপানের উত্তর হোক্কাইডো দ্বীপে নিজ বাড়িতে পৃথিবীর সবচেয়ে বয়স্ক ব্যক্তি জাপানি নাগরিক মাসাজো নোনাকা ১১৩ বছর বয়সে মারা যান। যুগান্তর

**২১ জানুয়ারি**

- একাদশ জাতীয় সংসদের মন্ত্রিসভার প্রথম বৈঠক শুরু। দৈনিক ইত্তেফাক, ২২ জানুয়ারি
- টাঙ্গাইল-৬ (নাগরপুর-দেলদুয়ার) আসনের সাবেক সংসদ সদস্য ও মুক্তিযোদ্ধা খন্দকার আব্দুল বাতেন হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন। যুগান্তর, ২২ জানুয়ারি
- একুশে আগস্ট গ্রেনেড হামলা মামলায় পুলিশের সাবেক দুই মহাপরিদর্শক (আইজিপি) আশরাফুল হুদা ও শহুদুল হকের ছয় মাসের জামিন। দৈনিক ইত্তেফাক, ২২ জানুয়ারি
- আর্থিক প্রতারণার অভিযোগে গ্রেফতার জাতীয় দলের সাবেক ফুটবলার কায়সার হামিদ কারাগারে। দৈনিক ইত্তেফাক, ২২ জানুয়ারি
- ইউরোপীয় ইউনিয়নভুক্ত (ইইউ) দেশগুলোর নাগরিকদের (ইইউ নাগরিক) যুক্তরাজ্যে বসবাসের জন্য নিবন্ধন প্রক্রিয়া শুরু। যুগান্তর
- আফগানিস্তানে তালেবানের গাড়িবোমা হামলায় নিরাপত্তা বাহিনীর অন্তত ১২ সদস্য নিহত। দৈনিক ইত্তেফাক, ২২ জানুয়ারি
- আফগানিস্তানের সেন্ট্রাল মায়দান ওয়ার্দাক প্রদেশের একটি সামরিক ঘাঁটিতে তালেবান হামলায় শতাধিক সেনা সদস্য নিহত। যুগান্তর

**২২ জানুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত জার্মানির রাষ্ট্রদূত পিটার ফারেন হোল্টজ। প্রথম আলো, ২৩ জানুয়ারি
- জীবনযাত্রার মানোন্নয়নের মাধ্যমে জনগণের আস্থার মর্যাদা রাখতে হবে: জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) নতুন সরকারের প্রথম বৈঠকের সূচনা বক্তৃতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৩ জানুয়ারি



- বীর মুক্তিযোদ্ধা, প্রখ্যাত গীতিকার, সুরকার ও সংগীতপরিচালক আহমেদ ইমতিয়াজ বুলবুলের ইন্তেকাল। প্রথম আলো, ২৩ জানুয়ারি
- দুর্নীতির অভিযোগে দুর্নীতি দমন কমিশনের (দুদক) পরিচালক ফজলুল হককে সাময়িক বরখাস্ত। সমকাল, ২৩ জানুয়ারি
- ভারতীয় পুলিশবাহিনীর হাতে কথিত বন্দুকযুদ্ধে দক্ষিণ কাশ্মীরে চার পাকিস্তানি যোদ্ধা নিহত। সমকাল, ২৩ জানুয়ারি
- প্রশিক্ষণের সময় রাশিয়ার সুপারসনিক বম্বার বিমান টিইউ-২২এম৩ বিধ্বস্ত। কালের কণ্ঠ

**২৩ জানুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে বিদায়ি নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল নিজামউদ্দিন আহমেদের বিদায়ি সাক্ষাৎ। যুগান্তর, ২৪ জানুয়ারি
- ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলায় দুই বছরের সাজাপ্রাপ্ত পুলিশের সাবেক দুই মহাপরিদর্শক (আইজিপি) শহুদুল হক ও আশরাফুল হুদার জামিন বহাল। দৈনিক ইত্তেফাক, ২৪ জানুয়ারি
- প্রখ্যাত সুরকার, গীতিকার, সংগীতপরিচালক ও মুক্তিযোদ্ধা আহমেদ ইমতিয়াজ বুলবুলের লাশ শহিদ মিনারে, সর্বস্তরের মানুষের শ্রদ্ধা নিবেদন। দৈনিক ইত্তেফাক, ২৪ জানুয়ারি
- অসুস্থ হয়ে আয়েশা মেমোরিয়াল হাসপাতালের ইনটেনসিভ কেয়ার ইউনিটে (আইসিইউ) সুরকার ও সংগীতপরিচালক আলাউদ্দীন আলী। দৈনিক ইত্তেফাক, ২৪ জানুয়ারি
- সিরাজগঞ্জে জাতীয় পাটকলে আগুন। আগুনের সূত্রপাত তাৎক্ষণিকভাবে জানা যায়নি। সমকাল
- ঠাকুরগাঁও সীমান্তে বিএসএফ-এর গুলিতে এক বাংলাদেশি নিহত। যুগান্তর

**২৪ জানুয়ারি**

- খেলোয়াড়, সংগীতপরিচালকসহ ছয়জনের পরিবারকে আর্থিক সহায়তা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ২৫ জানুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা পুরস্কৃত করেছেন 'সাফ অনূর্ধ্ব-১৮ মহিলা চ্যাম্পিয়নশিপ ২০১৮'-এ অপরাজিত চ্যাম্পিয়ন বাংলাদেশ অনূর্ধ্ব-১৮ মহিলা জাতীয় ফুটবল দলের ১০ খেলোয়াড় ও এক কর্মকর্তাকে। দৈনিক ইত্তেফাক, ২৫ জানুয়ারি
- প্রথমবারের মতো সেনাবাহিনীর আর্টিলারি ও ইঞ্জিনিয়ার্স ব্যাটালিয়নের অধিনায়ক হিসেবে নিয়োগ পাওয়া চার নারী সেনা কর্মকর্তাকে লেফটেন্যান্ট কর্নেল পদের র‍্যাঙ্ক ব্যাজ পরিয়ে দেওয়া হয়। দৈনিক ইত্তেফাক, ২৫ জানুয়ারি
- কক্সবাজারের টেকনাফে র‍্যাবের সঙ্গে বন্দুকযুদ্ধে দুই ইয়াবা ব্যবসায়ী নিহত হয়েছেন। দৈনিক ইত্তেফাক, ২৫ জানুয়ারি
- বঙ্গোপসাগরের উপকূলীয় এলাকা ভাসানচরের অদূরে গম ও ভুট্টাবাহী দুটি লাইটার জাহাজ ডুবেছে, নিখোঁজ ১ জন। সমকাল, ২৫ জানুয়ারি
- মালয়েশিয়ার নতুন রাজা পাহাংয়ের সুলতান আবদুল্লাহ সুলতান আহমাদ শাহ নির্বাচিত। দৈনিক ইত্তেফাক, ২৫ জানুয়ারি

**২৫ জানুয়ারি**

- দেশ গড়তে এখন প্রয়োজন জাতীয় ঐক্য: জাতির উদ্দেশে দেওয়া ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সমকাল, ২৬ জানুয়ারি
- টানা তৃতীয়বার সরকার গঠন করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অভিনন্দন। সমকাল, ২৬ জানুয়ারি
- প্রধানমন্ত্রীর সংসদে যোগদানের আহ্বানকে প্রত্যাখ্যান করে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাস আলমগীর বলেন, আমরা ফল প্রত্যাখ্যান করেছি। এই মুহূর্তে আমাদের সংসদে যাওয়ার বা শপথ নেওয়ার প্রশ্নই উঠে না। দৈনিক জনকণ্ঠ, ২৬ জানুয়ারি
- কুমিল্লার চৌদ্দগ্রাম উপজেলায় একটি ভাঁটার মেসে কয়লাবাহী ট্রাক উলটে পড়লে ১৩ জন শ্রমিক নিহত হন। দৈনিক ইত্তেফাক
- ভারতের সাবেক রাষ্ট্রপতি প্রণব মুখার্জি এবং প্রখ্যাত সংগীতশিল্পী প্রয়াত ভূপেন হাজারিকা পেলেন ভারতের সর্বোচ্চ নাগরিক সম্মান 'ভারতরত্ন'। যুগান্তর



**২৬ জানুয়ারি**

- ভারতের সাবেক রাষ্ট্রপতি প্রণব মুখার্জি সর্বোচ্চ বেসামরিক পদক ভারতরত্নে ভূষিত হওয়ায় তাঁকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৭ জানুয়ারি
- পটুয়াখালীতে জেলা পরিষদের উদ্যোগে ২৮০ জন মেধাবী শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি প্রদান। যুগান্তর
- গুলশানের হলি আর্টিজান রেস্তোরাঁয় জঙ্গি হামলার চার্জশিটভুক্ত এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. রেজাউল করিম হত্যা মামলার মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক আসামি সাইফুল্লাহ গ্রেফতার। দৈনিক জনকণ্ঠ, ২৭ জানুয়ারি
- যুক্তরাষ্ট্রপ্রবাসী ভারতীয় লেখক গীতা মেহতা ফিরিয়ে দিলেন ভারত সরকারের দেওয়া পদ্মশ্রী খেতাব। দৈনিক ইত্তেফাক, ২৭ জানুয়ারি
- বর্ণবাদী ও কুরুচিপূর্ণ এক মন্তব্য করে দক্ষিণ আফ্রিকার ক্রিকেটার আন্দিলে ফিউলেক্কোর কাছে ক্ষমা চাইলেন পাকিস্তান অধিনায়ক সরফরাজ আহমেদ। সমকাল, ২৭ জানুয়ারি

**২৭ জানুয়ারি**

- চতুর্থ মেয়াদে বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে পুনর্নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবে ও অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী স্কট মরিসন। দৈনিক ইত্তেফাক, ২৮ জানুয়ারি
- মানহানির মামলায় গ্রেফতার হওয়া সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ব্যারিস্টার মইনুল হোসেনের কারাগার থেকে জামিনে মুক্তি। দৈনিক ইত্তেফাক, ২৮ জানুয়ারি
- দেশের তৃতীয় ভৌগোলিক নির্দেশক পণ্য হিসেবে জিআই নিবন্ধন সনদ পেল চাঁপাইয়ের খিরসাপাত আম। যুগান্তর, ২৮ জানুয়ারি
- আর্থিক প্রতারণার অভিযোগে গ্রেফতার জাতীয় দলের সাবেক ফুটবলার কায়সার হামিদের জামিন। যুগান্তর
- যশোর-৩ (সদর) আসনের সাংসদ কাজী নাবিল আহমেদের বাসভবনসহ বিভিন্ন স্থানে অন্তত ১২টি ককটেল বিস্ফোরণ। যুগান্তর, ২৮ জানুয়ারি

- বর্ষীয়ান রাজনীতিক, সাবেক সংসদ সদস্য ও চট্টগ্রাম উত্তর জেলা আওয়ামী লীগের সভাপতি নুরুল আলম চৌধুরীর (৭৩) ইন্তেকাল। তার মৃত্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর শোক প্রকাশ। যুগান্তর, ২৮ জানুয়ারি
- দক্ষিণ ফিলিপাইনের একটি গির্জায় জোড়া বোমা বিস্ফোরণে ১৭ জন নিহত এবং আহত অন্তত ৪২ জন। যুগান্তর, ২৮ জানুয়ারি
- বর্ণবাদী মন্তব্যের জন্য পাকিস্তানের অধিনায়ক সরফরাজ আহমেদকে চার ম্যাচের নিষেধাজ্ঞা দিয়েছে আইসিসি। দৈনিক ইত্তেফাক, ২৮ জানুয়ারি
- দুবাইয়ে সংযুক্ত আরব আমিরাতের বিপক্ষে সিরিজের দ্বিতীয় ওয়ানডেতে সবচেয়ে কম বয়সে আন্তর্জাতিক ফিফটির নতুন রেকর্ড গড়লেন নেপালের রোহিত পাউডেল। যুগান্তর

**২৮ জানুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে বিদেশি কূটনীতিক, মিশন ও সংস্থার প্রধান এবং আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিদের সম্মানে চা-চক্রের আয়োজন করেন। দৈনিক ইত্তেফাক, ২৯ জানুয়ারি
- ২০১৮ সালের বাংলা একাডেমির সাহিত্য পুরস্কার ঘোষণা। দৈনিক ইত্তেফাক, ২৯ জানুয়ারি
- জিয়া অরফানেজ ট্রাস্ট মামলায় খালেদা জিয়ার সাজা বাড়িয়ে হাইকোর্টের দেওয়া পূর্ণাঙ্গ রায় প্রকাশ। দৈনিক ইত্তেফাক, ২৯ জানুয়ারি
- প্রতারণার আরেক মামলায় সাবেক ফুটবলার কায়সার হামিদকে গ্রেফতার দেখানোর আবেদন মঞ্জুর। যুগান্তর
- যুক্তরাষ্ট্রে ভেনিজুয়েলার রাষ্ট্রীয় মালিকানাধীন তেল ও গ্যাস কোম্পানি পিডিভিএসএ-এর ওপর ট্রাম্প প্রশাসনের নিষেধাজ্ঞা আরোপ। সমকাল, ২৯ জানুয়ারি
- বাংলাদেশের বিভিন্ন সংবাদপত্র ও সংবাদমাধ্যমে কলকাতা প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালনকারী সাংবাদিক সমীর দেবনাথ দক্ষিণ কলকাতার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। প্রথম আলো, ২৯ জানুয়ারি



**২৯ জানুয়ারি**

- টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে নবনিযুক্ত নৌবাহিনীপ্রধানের শ্রদ্ধা। সমকাল, ৩০ জানুয়ারি
- রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতিবিজড়িত শান্তি নিকেতনে বাংলাদেশ ভবনের রক্ষণাবেক্ষণের জন্য বিশ্বভারতীর উপাচার্যের হাতে ১০ কোটি রুপির চেক তুলে দেন কলকাতায় নিযুক্ত বাংলাদেশের উপহাইকমিশনার। যুগান্তর
- সাহসিকতা, বীরত্বপূর্ণ অবদান এবং সেবামূলক কাজের জন্য ৩৪৯ জনকে পুলিশ পদক দেওয়ার ঘোষণা। সমকাল, ৩০ জানুয়ারি
- জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদ ২০১৯ নির্বাচনে আওয়ামীপন্থি শিক্ষকদের একাংশের নিরঙ্কুশ জয়। যুগান্তর
- রংপুরের বিশেষ জজ আদালতের সরকারি কৌঁসুলি (পিপি) ও আওয়ামী লীগ নেতা রথীশ চন্দ্র ভৌমিক ওরফে বাবু সোনা হত্যা মামলায় স্ত্রী স্নিগ্ধা সরকারের ফাঁসির আদেশ। দৈনিক ইত্তেফাক, ৩০ জানুয়ারি
- মিয়ানমারের গণমাধ্যমে বাংলাদেশ নিয়ে অপপ্রচারের সূত্র ধরে ঢাকায় মিয়ানমারের রাষ্ট্রদূত উ লুইন ও'কে তলব করেছে পররাষ্ট্র মন্ত্রণালয়। দৈনিক ইত্তেফাক, ৩০ জানুয়ারি
- লেবার পার্টির এমপি ফিওনা ওনাসানিয়া মিথ্যাচারের দায়ে অভিযুক্ত হওয়ায় লন্ডনের আদালতে তিন মাসের কারাদণ্ড এবং দল থেকে বহিষ্কৃত। সমকাল

**৩০ জানুয়ারি**

- জাতীয় ঐকমত্য ছাড়া দেশের শান্তি ও সমৃদ্ধি স্থায়ী রূপ পেতে পারে না: একাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে দেওয়া ভাষণে রাষ্ট্রপতির আহ্বান। দৈনিক ইত্তেফাক, ৩১ জানুয়ারি
- শিরীন শারমিন চৌধুরী (রংপুর-৬) এবং ফজলে রাব্বী মিয়া (গাইবান্ধা-৫) একাদশ জাতীয় সংসদের স্পিকার ও ডেপুটি স্পিকার হিসেবে সর্বসম্মতিক্রমে নির্বাচিত। দৈনিক ইত্তেফাক, ৩১ জানুয়ারি
- মাদারীপুর-১ আসন থেকে নির্বাচিত সাংসদ নূর-ই-আলম চৌধুরী একাদশ জাতীয় সংসদে চিফ হুইপ হিসেবে নিয়োগ। যুগান্তর

- বুড়িগঙ্গার তীরে অভিযান চালিয়ে ১৪৫টি অবৈধ স্থাপনা উচ্ছেদ করেছে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহণ কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)। প্রথম আলো, ৩১ জানুয়ারি
- ঢাকার ইস্কাটনে জোড়া খুনের মামলায় সাবেক সংসদ সদস্য পিনু খানের ছেলে বখতিয়ার আলম রনির যাবজ্জীবন কারাদণ্ড। দৈনিক ইত্তেফাক
- সাংবাদিক গৌতম দাস হত্যা মামলায় নিম্ন আদালতে যাবজ্জীবনপ্রাপ্ত ৯ আসামির মধ্যে পাঁচজনের যাবজ্জীবন হাইকোর্টের রায়ে বহাল এবং চারজনকে খালাস। দৈনিক ইত্তেফাক, ৩১ জানুয়ারি
- ভেনিজুয়েলার বিরোধী নেতা হুয়ান গুয়াইদোর দেশত্যাগে নিষেধাজ্ঞা এবং একই সঙ্গে তার ব্যাংক হিসাব জব্দ করার আদেশ দিয়েছেন দেশটির সুপ্রিমকোর্ট। প্রথম আলো, ৩১ জানুয়ারি

**৩১ জানুয়ারি**

- কাউকে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বা অবহেলিত ভাবলে চলবে না। সরকার জাতিধর্মবর্ণনির্বিশেষে সবার সম-উন্নয়ন নিশ্চিত করতে কাজ করে যাচ্ছে: সমতলে বসবাসকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর উচ্চশিক্ষায় অধ্যয়নরত মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১ ফেব্রুয়ারি
- বড়পুকুরিয়া কয়লাখনি দুর্নীতি মামলায় আইনজীবীর মাধ্যমে হাজিরা দিয়েছেন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া। যুগান্তর, ১ ফেব্রুয়ারি
- রাজশাহী-৫ (পুঠিয়া-দুর্গাপুর) আসনের সাবেক এমপি ও জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি তাজুল ইসলাম মোহাম্মদ ফারুকের (৭০) ইন্তেকাল। কালের কণ্ঠ (অনলাইন), ৩১ জানুয়ারি
- চট্টগ্রাম নগরীর নিজ বাসা থেকে মোস্তফা মোরশেদ প্রকাশ আকাশ (৩২) নামে এক চিকিৎসকের মৃতদেহ উদ্ধার। যুগান্তর, ১ ফেব্রুয়ারি
- ভারতের কলকাতার ঐতিহ্যবাহী আন্তর্জাতিক বইমেলার উদ্‌বোধন। যুগান্তর, ১ ফেব্রুয়ারি
- নতুন রাজা হিসেবে শপথ ও রাজমুকুট গ্রহণ করেছেন মালয়েশিয়ার নতুন রাজা সুলতান আহমাদ শাহ। দৈনিক ইত্তেফাক, ১ ফেব্রুয়ারি



## ফেব্রুয়ারি

**১ ফেব্রুয়ারি**

- বাঙালির ত্যাগের ইতিহাস নতুন প্রজন্মকে জানাতে হবে: অমর একুশে গ্রন্থমেলা-২০১৯-এর উদ্‌বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ২ ফেব্রুয়ারি
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গণগ্রন্থাগার মাঠে শুরু হয়েছে ৩৩তম জাতীয় কবিতা উৎসব। দৈনিক ইত্তেফাক, ২ ফেব্রুয়ারি
- চিকিৎসক মোস্তফা মোরশেদ আকাশকে আত্মহত্যার প্ররোচনা দেওয়ার অভিযোগে স্ত্রী, শ্বশুর, শাশুড়িসহ ছয়জনের বিরুদ্ধে মামলা। যুগান্তর
- হত্যা পরিকল্পনা এবং এই লক্ষ্যে অর্থ সংগ্রহের অভিযোগে নিষিদ্ধ জঙ্গি সংগঠন আনসারুল্লাহ বাংলা টিমের (এবিটি) চার সদস্য গ্রেফতার। দৈনিক ইত্তেফাক, ২ ফেব্রুয়ারি
- আন্তর্জাতিক মাতৃভাষা দিবসকে সামনে রেখে বাংলাদেশের জাতীয় সংগীত 'আমার সোনার বাংলা' ৪৯টি ভাষায় অনুবাদ করে বেলারুশে বই প্রকাশ। যুগান্তর
- প্রথা ভেঙে অন্তর্বর্তীকালীন বাজেটের বদলে নরেন্দ্র মোদি সরকারের পূর্ণাঙ্গ বাজেট পেশ। দৈনিক ইত্তেফাক, ২ ফেব্রুয়ারি
- হ্যামিল্টনে নিউজিল্যান্ডের মুখোমুখি হয়ে মেয়েদের ক্রিকেটে প্রথম খেলোয়াড় হিসেবে ২০০ ওয়ানডে খেলার রেকর্ড গড়লেন ভারতের ক্রিকেটার মিতালি রাজ। দৈনিক ইত্তেফাক, ২ ফেব্রুয়ারি
- আবুধাবিতে অনুষ্ঠিত 'এশিয়ান কাপ ফুটবল ২০১৯' ফাইনালে জাপানকে ৩-১ গোলে হারিয়ে কাতার চ্যাম্পিয়ন। দৈনিক ইত্তেফাক, ২ ফেব্রুয়ারি

**২ ফেব্রুয়ারি**

- দেশের ১০টি শিক্ষা বোর্ডের অধীনে ২০১৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষা শুরু। দৈনিক ইত্তেফাক, ৩ ফেব্রুয়ারি

- বাংলাদেশ ব্যাংকের সার্বিক তত্ত্বাবধানে ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের আয়োজনে স্কুল ব্যাংকিং কনফারেন্স অনুষ্ঠিত। সমকাল, ৩ ফেব্রুয়ারি
- নাফ নদীতে জালে জড়িয়ে আটকা পড়েছে পর্যটকবাহী বেক্রুস জাহাজ। সমকাল
- সিলেট ও আশপাশের এলাকায় মৃদু ভূকম্পন অনুভূত। দৈনিক ইত্তেফাক
- লালমনিরহাটের পাটগ্রাম উপজেলার সীমান্তের ওপারে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) গুলিতে এক বাংলাদেশি নিহত। সমকাল, ৩ ফেব্রুয়ারি

**৩ ফেব্রুয়ারি**

- খাদ্যে ভেজাল দেওয়া একধরনের দুর্নীতি। কাজেই ভেজালের বিরুদ্ধে যে অভিযান চলছে, সেটি অব্যাহত থাকবে: নিরাপদ খাদ্য দিবস ২০১৯ উপলক্ষ্যে কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ৪ ফেব্রুয়ারি
- চিকিৎসাধীন বরেণ্য গীতিকার, সুরকার, সংগীতপরিচালক ও বাদ্যযন্ত্রশিল্পী আলাউদ্দীন আলীর চিকিৎসা এবং তাঁর পরিবারকে সহযোগিতার জন্য আর্থিক অনুদান হিসেবে ২৫ লাখ টাকার সঞ্চয়পত্র প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সমকাল, ৪ ফব্রুয়ারি
- নদী দখলকারীকে সব ধরনের নির্বাচন ও ঋণ গ্রহণে অযোগ্য ঘোষণা হাইকোর্টের। দৈনিক জনকণ্ঠ, ৪ ফেব্রুয়ারি
- ভারতের কেন্দ্রীয় তদন্ত সংস্থার (সিবিআই) লোকজন অনুমতি না নিয়ে কলকাতার পুলিশ কমিশনারের বাসভবনে প্রবেশের জন্য গেলে বাধা দেওয়া হয়। খবর শুনে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি যান পুলিশ কমিশনারের বাসভবনে। দৈনিক ইত্তেফাক, ৪ ফেব্রুয়ারি
- ভারতের বিহারে দিল্লিগামী একটি ট্রেন লাইনচ্যুত হয়ে অন্তত ছয়জন নিহত এবং আহত ২৪ জন। সমকাল, ৪ ফেব্রুয়ারি

**৪ ফেব্রুয়ারি**

- দেশের নিরীহ জনগণ যেন কোনো ধরনের হয়রানি বা নিপীড়নের শিকার না হয়, সেই বিষয়ে সতর্ক থাকতে পুলিশ সদস্যদের নির্দেশ: রাজারবাগ পুলিশ লাইনস মাঠে 'পুলিশ সপ্তাহ-২০১৯'-এর উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ৫ ফেব্রুয়ারি



- চট্টগ্রামে কর্ণফুলী নদীর তীরে অবৈধ স্থাপনা উচ্ছেদের কার্যক্রম শুরু করেছে জেলা প্রশাসন। সমকাল, ৫ ফেব্রুয়ারি
- বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য আলী আসগর লবি দল থেকে পদত্যাগ। সমকাল, ৫ ফেব্রুয়ারি
- বিনা অপরাধে তিন বছর কারাভোগের পর গাজীপুরের কাশিমপুরের কেন্দ্রীয় কারাগার-২ থেকে মুক্তি পান জাহালম। দৈনিক ইত্তেফাক, ৫ ফেব্রুয়ারি
- কলকাতার পুলিশপ্রধানের বাসভবনে সিবিআই টিমের প্রবেশের চেষ্টা এবং এর জের ধরে সিবিআই টিমকে আটক করে থানায় নেওয়ার ঘটনায় কলকাতার পুলিশের বিরুদ্ধে সুপ্রিমকোর্টে মামলা করেছে ভারতের কেন্দ্রীয় তদন্ত সংস্থা (সিবিআই)। আর সিবিআই-এর বিরুদ্ধে কলকাতা হাইকোর্টে মামলা করেছে কলকাতা পুলিশ। দৈনিক ইত্তেফাক, ৫ ফেব্রুয়ারি

**৫ ফেব্রুয়ারি**

- দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে আপনাদের আরও জনবান্ধব পুলিশ সদস্য হিসেবে কাজ করতে হবে এবং জনগণের মাঝে বিশ্বাস ও আস্থা তৈরি করতে হবে: পুলিশ সপ্তাহ ২০১৯ উপলক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সিনিয়র পুলিশ সদস্যদের উদ্দেশে ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ৬ ফেব্রুয়ারি
- চতুর্থবারের মতো প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন ডেনমার্ক, নরওয়ে ও আলজেরিয়ার সরকারপ্রধানরা। দৈনিক জনকণ্ঠ ৬ ফেব্রুয়ারি
- রাখাইন রাজ্যে সব সম্প্রদায়ের সহাবস্থান নিশ্চিত করতে মিয়ানমার সরকারের 'আন্তরিক সদিচ্ছা' প্রত্যাশা করেছেন জনপ্রিয় হলিউড অভিনেত্রী অ্যাঞ্জেলিনা জোলি: কক্সবাজারের কুতুপালংয়ে সংবাদ সম্মেলনে এ আহ্বান জানান তিনি। দৈনিক ইত্তেফাক, ৬ ফেব্রুয়ারি

- পুলিশ-সিবিআই সংঘাতের জেরে ভারতের সুপ্রিমকোর্টে করা মামলার শুনানি শেষে রায়ের পর কলকাতায় তিনদিনের অবস্থান ধর্মঘট তুলে নিয়েছেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। দৈনিক ইত্তেফাক, ৬ ফেব্রুয়ারি

**৬ ফেব্রুয়ারি**

- গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছয়টি বিদ্যুৎকেন্দ্র এবং নয়টি গ্রিড উপকেন্দ্র উদ্‌বোধন করেন। দৈনিক ইত্তেফাক, ৭ ফেব্রুয়ারি
- শেখ হাসিনা বিশ্বে দৃষ্টান্ত স্থাপনকারী নেতা: গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাতে জাতিসংঘের শরণার্থীবিষয়ক সংস্থার (ইউএনএইচসিআর) বিশেষ দূত হলিউড অভিনেত্রী অ্যাঞ্জেলিনা জোলি। দৈনিক ইত্তেফাক, ৭ ফেব্রুয়ারি
- ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুলে দেওয়ার পর দাঁড়িয়ে শ্রদ্ধা জানান হলিউডের অভিনেত্রী অ্যাঞ্জেলিনা জোলি। সমকাল, ৭ ফেব্রুয়ারি
- জাতীয় ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ ২১ গুণিজনকে একুশে পদক-২০১৯ প্রদানের সিদ্ধান্তে সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয় থেকে একুশে পদকপ্রাপ্তদের নাম উল্লেখ করে বিজ্ঞপ্তি প্রকাশ। কালের কণ্ঠ
- তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও বাংলাদেশ পুলিশের সাবেক আইজিপি (মহাপরিদর্শক)  এএসএম শাহজাহানের ইন্তেকাল।
- পাকিস্তানের ক্ষমতাধর সেনাবাহিনী ও গোয়েন্দা সংস্থাগুলোকে তিরস্কার করলেন সুপ্রিমকোর্ট। দৈনিক ইত্তেফাক

**৭ ফেব্রুয়ারি**

- দেশ ও জাতির উন্নয়নে এবং গণতান্ত্রিক ও সাংবিধানিক স্থিতিশীলতায় আরও অবদান রাখতে সশস্ত্রবাহিনীর প্রতি আহ্বান: মিরপুর ক্যান্টনমেন্টে ডিফেন্স সার্ভিসেস কমান্ড অ্যান্ড স্টাফ কলেজের (ডিএসসিএসসি) শেখ হাসিনা কমপ্লেক্সে ডিএসসিএসসি ২০১৮-২০১৯ কোর্সের গ্রাজুয়েশন অনুষ্ঠানে ভাষণকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ৮ ফেব্রুয়ারি



- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সংসদ ভবনের কার্যালয়ে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি) চেয়ারম্যান শশাঙ্ক মনোহরের সৌজন্য সাক্ষাৎ। দৈনিক ইত্তেফাক, ৮ ফেব্রুয়ারি
- গোপালগঞ্জের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থীকে র‍্যাগিংয়ের নামে নির্যাতন করার ঘটনায় আজীবন বহিষ্কার হওয়া ছয় শিক্ষার্থীর বিরুদ্ধে এবার ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা। যুগান্তর, ৭ ফেব্রুয়ারি
- বুড়িগঙ্গার তীরের ২৯০টি অবৈধ স্থাপনা উচ্ছেদ করেছেন বিআইডব্লিউটিএ'র কর্মকর্তারা। যুগান্তর, ৮ ফেব্রুয়ারি

**৮ ফেব্রুয়ারি**

- একাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ জয়লাভ করে চতুর্থবারের মতো সরকার গঠন করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন মালয়েশিয়ার প্রধানমন্ত্রী ডা. মাহাথির মুহাম্মদ। যুগান্তর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা পুনরায় বাংলাদেশের প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় অভিনন্দন জানিয়েছেন কিরগিজস্তানের প্রধানমন্ত্রী মুখামেদকালি আবিলগাজিয়েভ। যুগান্তর, ৯ ফেব্রুয়ারি
- ইন্দোনেশিয়ার একটি তালাবদ্ধ দোকান থেকে ১৯৩ বাংলাদেশিকে উদ্ধার করেছে দেশটির পুলিশ। যুগান্তর, ৯ ফেব্রুয়ারি
- থাইল্যান্ডের জাতীয় নির্বাচনে প্রধানমন্ত্রী পদে মনোনয়ন নিয়ে নির্বাচনে নামছেন দেশটির রাজকন্যা উবনরাত শ্রীভাদানা বারনাভাদি। সমকাল, ৯ ফেব্রুয়ারি

**৯ ফেব্রুয়ারি**

- জাতীয় সংসদের সংরক্ষিত মহিলা আসনে ৪১ জনকে মনোনয়ন দিয়েছে ক্ষমতাসীন আওয়ামী লীগ। দৈনিক ইত্তেফাক, ১০ ফেব্রুয়ারি
- সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমির সহযোগিতায় মাসব্যাপী 'একুশে নাট্যোৎসব ২০১৯' শুরু। সমকাল

- সহিংসতার কারণে রাখাইন থেকে পালিয়ে আসতে চাওয়াদের জন্য সীমান্ত খুলে রাখতে ঢাকার প্রতি জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশনের আহ্বান। দৈনিক জনকণ্ঠ, ১০ ফেব্রুয়ারি
- দুর্নীতি নিয়ে অনুসন্ধানী প্রতিবেদন তৈরি করতে গিয়ে উগান্ডায় বিবিসির সাংবাদিক আটক। দৈনিক জনকণ্ঠ, ১০ ফেব্রুয়ারি

**১০ ফেব্রুয়ারি**

- চাষযোগ্য জমি রক্ষা এবং ফসলের জমিতে অপরিকল্পিত ভবন, সড়ক ও ঘরবাড়ি নির্মাণ রোধে মহাপরিকল্পনা প্রণয়ন করতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (এলজিআরডি) মন্ত্রণালয়ের প্রতি আহ্বান: সচিবালয়ে এলজিআরডি ও সমবায় মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ১১ ফেব্রুয়ারি
- একাদশ জাতীয় সংসদে তোলা হয়েছে প্রথম বিল পরিবেশের দূষণ কমানোর লক্ষ্যে 'ইট প্রস্তুত ও ভাঁটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইনে' সংশোধনী। যুগান্তর, ১১ ফেব্রুয়ারি
- কিশোরগঞ্জ-১ আসনের পুনর্নির্বাচনে আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক প্রয়াত সৈয়দ আশরাফুল ইসলামের ছোটো বোন ডা. সৈয়দা জাকিয়া নূর বিনা প্রতিদ্বন্দ্বিতায় সংসদ সদস্য নির্বাচিত। প্রথম আলো, ১১ ফেব্রুয়ারি
- কলকাতার ঐতিহ্যবাহী আন্তর্জাতিক বইমেলায় উদ্‌যাপিত হলো বাংলাদেশ দিবস। যুগান্তর, ১১ ফেব্রুয়ারি
- ইরানে ইসলামি বিপ্লবের ৪০ বছর পূর্তি উদ্‌যাপন উপলক্ষ্যে তেহরানের স্বাধীনতা স্কয়ারে বিশাল সমাবেশ। যুগান্তর, ১১ ফেব্রুয়ারি

**১১ ফেব্রুয়ারি**

- জাতীয় সংসদের উপনেতা নির্বাচিত হয়েছেন আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য সৈয়দা সাজেদা চৌধুরী। দৈনিক ইত্তেফাক, ১২ ফেব্রুয়ারি
- শিক্ষার্থীদের আবাসিক হলে ভোটকেন্দ্র রেখে ডাকসু নির্বাচনের তপশিল ঘোষণা। যুগান্তর, ১২ ফেব্রুয়ারি



- কলকাতার আন্তর্জাতিক বইমেলা সমাপ্ত। বইমেলায় সেরা জনপ্রিয় প্যাভিলিয়ন হিসেবে বাংলাদেশ প্যাভিলিয়ন পুরস্কৃত। যুগান্তর, ১২ ফেব্রুয়ারি
- মিয়ানমারের পার্লামেন্ট ভবনের উপরে ড্রোন ওড়ানোর অভিযোগে এক ফরাসি পর্যটক গ্রেফতার। যুগান্তর, ১২ ফেব্রুয়ারি
- যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসের স্টেপলস সেন্টারে অনুষ্ঠিত হলো '৬১তম গ্র্যামি অ্যাওয়ার্ড' অনুষ্ঠান। যুগান্তর, ১২ ফেব্রুয়ারি
- অস্ট্রেলিয়ার বর্ষসেরা ক্রিকেটার নির্বাচিত হলেন পেসার প্যাট কামিন্স। যুগান্তর, ১২ ফেব্রুয়ারি

**১২ ফেব্রুয়ারি**

- একটি উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে ঐক্যবদ্ধভাবে কাজ করার পাশাপাশি সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদক প্রতিরোধে সতর্ক থাকুন: গাজীপুরের সফিপুরে আনসার-ভিডিপি একাডেমিতে আনসার ও গ্রামপ্রতিরক্ষা বাহিনীর (ভিডিপি) ৩৯তম জাতীয় সমাবেশ ও কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ১৩ ফেব্রুয়ারি
- পাকিস্তানের ওয়েবসাইটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে আপত্তিকর মন্তব্যের জেরে ঢাকায় দেশটির ভারপ্রাপ্ত হাইকমিশনার শাহ্ ফয়সাল কাকারকে তলব করেছে পররাষ্ট্র মন্ত্রণালয়। যুগান্তর, ১৩ ফেব্রুয়ারি
- দক্ষিণ এশিয়া অনুবিভাগের মহাপরিচালক তারেক মোহাম্মদ। কালের কণ্ঠ
- প্রশ্নপত্রে মুদ্রণে ভুল থাকায় যশোর শিক্ষা বোর্ডের অধীনে এসএসসির তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ের পরীক্ষা বাতিল করা হয়েছে। যুগান্তর, ১৩ ফেব্রুয়ারি

**১৩ ফেব্রুয়ারি**

- আগামী অর্থবছরের মধ্যে প্রাক-প্রাথমিক থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষা কার্যক্রম পরিমার্জন করা হবে: সংসদে নির্ধারিত প্রশ্নোত্তর-পর্বে সরকারি দলের সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামানের এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কথা বলেন। প্রথম আলো, ১৪ ফেব্রুয়ারি
- বুড়িগঙ্গা নদীর তীরভূমি রক্ষায় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহণ কর্তৃপক্ষের (বিআইডব্লিউটিএ) অভিযানের ১২৪টি অবৈধ স্থাপনা উচ্ছেদ। সমকাল, ১৪ ফেব্রুয়ারি

- ফিলিপাইনের অনলাইনভিত্তিক সংবাদমাধ্যম র‍্যাপলার ডটকমের প্রধান নির্বাহী কর্মকর্তা মারিয়া রেসাকে 'সাইবার অপরাধ'-এর অভিযোগে গ্রেফতার। দৈনিক ইত্তেফাক, ১৪ ফেব্রুয়ারি
- ইরানে আত্মঘাতী হামলায় দেশটির এলিট ফোর্স রেভুশনারি গার্ডের কমপক্ষে ২০ সদস্য নিহত। যুগান্তর, ১৪ ফেব্রুয়ারি

**১৪ ফেব্রুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্তর্জাতিক নিরাপত্তা সম্মেলনে যোগদানের জন্য তিনদিনের সরকারি সফরে বিমান বাংলাদেশ এয়ারলাইনসের একটি ভিভিআইপি ফ্লাইট মিউনিখের উদ্দেশে যাত্রা করেন। সেখানে বিপুলসংখ্যক প্রবাসী প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নাগরিক সংবর্ধনা দিয়েছেন। দৈনিক ইত্তেফাক, ১৫ ফেব্রুয়ারি
- সেন্টমার্টিনের মালিকানা দাবি করে সরকারি ওয়েবসাইটে মিথ্যা তথ্য দেওয়ায় মিয়ানমারের ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত অং কিউকে ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে তলব করে তীব্র প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ। দৈনিক ইত্তেফাক, ১৫ ফেব্রুয়ারি
- ভারতশাসিত জম্মু-কাশ্মীরে বোমা হামলায় দেশটির সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্সের (সিআরপিএফ) অন্তত ৪০ জন সদস্য নিহত। দৈনিক ইত্তেফাক, ১৫ ফেব্রুয়ারি
- ব্রেক্সিট চুক্তি পরিবর্তনের জন্য পুনরায় আলোচনার পরিকল্পনা নিয়ে পার্লামেন্টের নিম্নকক্ষ হাউজ অব কমন্সের ভোটে আবার পরাজিত হয়েছেন ব্রিটিশ প্রধানমন্ত্রী থেরেসা মে দৈনিক ইত্তেফাক, ১৫ ফেব্রুয়ারি
- সাইবার অপরাধের অভিযোগে গ্রেফতার হওয়া ফিলিপাইনের অনলাইন নিউজ পোর্টালের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মারিয়া রেসা। একদিন পর জামিনে মুক্তি। দৈনিক ইত্তেফাক, ১৫ ফেব্রুয়ারি
- অস্ট্রেলিয়ার নিউ সাউথ ওয়েলস রাজ্যে ভয়াবহ দাবানলের ঘটনা ঘটেছে। সমকাল

**১৫ ফেব্রুয়ারি**

- মিউনিখ নিরাপত্তা সম্মেলনে (এমএসসি-২০১৯) প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগদান। যুগান্তর, ১৬ ফেব্রুয়ারি



- বিশ্বের শীর্ষ প্রতিষ্ঠান হিসেবে ডব্লিউএইচও-এর স্বাস্থ্যবিষয়ক এসডিজি অর্জনে আরও সক্রিয়ভাবে সম্পৃক্ত হওয়া প্রয়োজন: মিউনিখে নিরাপত্তা সম্মেলনের ৫৫তম সংস্করণে 'হেলথ ইন ক্রাইসিস-ডব্লিউএইচও কেয়ার্স' বিষয়ক গোলটেবিল আলোচনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১৬ ফেব্রুয়ারি
- টঙ্গীর তুরাগ তীরে ফজরের নামাজের পর আমবয়ানের মধ্য দিয়ে বিশ্ব ইজতেমা শুরু। দৈনিক ইত্তেফাক, ১৬ ফেব্রুয়ারি
- ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময়কার ভূমিকার জন্য ক্ষমা চাওয়া ও দল বিলুপ্তির পরামর্শ দিয়ে জামায়াতে ইসলামী থেকে ব্যারিস্টার আবদুর রাজ্জাকের পদত্যাগ। দৈনিক ইত্তেফাক, ১৬ ফেব্রুয়ারি
- একুশে পদকপ্রাপ্ত কবি আল মাহমুদের (৮২) ইন্তেকাল। দৈনিক ইত্তেফাক, ১৬ ফেব্রুয়ারি
- বার্ধক্যজনিত অসুস্থতায় প্রবীণ আলোকচিত্রী ফরহাদ হোসেনের (৭১) ইন্তেকাল। দৈনিক ইত্তেফাক, ১৬ ফেব্রুয়ারি
- জলবায়ু পরিবর্তন রোধে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের দাবিতে বিক্ষোভ করেছে যুক্তরাজ্যের হাজার হাজার স্কুলশিক্ষার্থী। প্রথম আলো, ১৬ ফেব্রুয়ারি

**১৬ ফেব্রুয়ারি**

- স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের হাতে ইয়াবা ও অস্ত্র তুলে দিয়ে কক্সবাজারের শতাধিক ইয়াবা কারবারির আত্মসমর্পণ। দৈনিক ইত্তেফাক, ১৭ ফেব্রুয়ারি
- দেশের কল্যাণ, দুনিয়া ও আখিরাতের শান্তি কামনা করা হয় বিশ্ব ইজতেমার প্রথম পর্বের আখেরি মোনাজাতে। দৈনিক ইত্তেফাক, ১৭ ফেব্রুয়ারি
- সৌদি আরবের ক্রাউন প্রিন্স মোহাম্মদ বিন সালমান পাকিস্তানে পৌঁছলে দেশটির প্রধানমন্ত্রী ইমরান খান তাকে অভ্যর্থনা জানান। বিমানঘাঁটিতে মোহাম্মদ বিন সালমানকে লাল গালিচা সংবর্ধনা ও গার্ড অব অনার দেওয়া হয়। যুগান্তর, ১৭ ফেব্রুয়ারি
- মিয়ানমার সেনাবাহিনীর নৃশংসতার 'প্রাথমিক পরীক্ষা'র জন্য একটি টিম পাঠাতে আইসিসির সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ

হাসিনা। মিউনিখে আইসিসির প্রধান কৌঁসুলির সঙ্গে সাক্ষাতে প্রধানমন্ত্রী ১৯৭১ সালে বাংলাদেশে গণহত্যা চালানো পাকিস্তানি সেনাবাহিনী সদস্যদের বিচারের সম্মুখীন করার ওপরও গুরুত্বারোপ করেন। দৈনিক জনকণ্ঠ, ১৭ ফেব্রুয়ারি

**১৭ ফেব্রুয়ারি**

- জার্মানির সফর শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্তর্জাতিক প্রতিরক্ষা মেলায় (আইডিইএক্স-২০১৯) যোগ দিতে আবুধাবি পৌঁছেছেন। সেখানে তাঁর উপস্থিতিতে বাংলাদেশের বিদ্যুৎ, জ্বালানি ও অর্থনৈতিক অঞ্চল নিয়ে আমিরাতের সঙ্গে চারটি সমঝোতা স্মারক সই হয়েছে। যুগান্তর, ১৮ ফেব্রুয়ারি
- বাংলাদেশ ব্যাংক আরও তিনটি বেসরকারি ব্যাংকের অনুমোদন দিয়েছে। দৈনিক ইত্তেফাক, ১৮ ফেব্রুয়ারি
- ব্রাহ্মণবাড়িয়ায় নিজ গ্রামে চিরনিদ্রায় শায়িত কবি আল মাহমুদ। যুগান্তর
- মাওলানা সাদপন্থিদের আয়োজনে দ্বিতীয় দফায় বিশ্ব ইজতেমা শুরু হয়েছে। যুগান্তর, ১৮ ফেব্রুয়ারি
- অস্ট্রেলিয়ার সিডনিতে বিনম্র শ্রদ্ধায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের পাশাপাশি অনুষ্ঠিত হয়েছে অমর একুশে গ্রন্থমেলা। দৈনিক ইত্তেফাক
- পুলওয়ামার পালটা ব্যবস্থা হিসেবে ভারত নিয়ন্ত্রিত কাশ্মীরের বিচ্ছিন্নতাবাদী হুরিয়াত নেতাদের নিরাপত্তারক্ষী প্রত্যাহার। যুগান্তর, ১৮ ফেব্রুয়ারি

**১৮ ফেব্রুয়ারি**

- বগুড়ার আদমদীঘিতে অবৈধভাবে সরকারি জমি বিক্রি করে প্রায় ৪১ লাখ টাকা ক্ষতি করায় সাবেক বস্ত্র ও পাটমন্ত্রী আবদুল লতিফ সিদ্দিকী এবং জমির ক্রেতা জাহানারা রশিদের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করেছে বগুড়া সমন্বিত জেলা দুর্নীতি দমন কমিশন (দুদক)। প্রথম আলো, ১৯ ফেব্রুয়ারি
- জামায়াতে ইসলামীকে মুক্তিযুদ্ধের চেতনাবিরোধী আখ্যায়িত করে গাইবান্ধা জেলায় দলটির চার নেতার পদত্যাগ। প্রথম আলো, ১৯ ফেব্রুয়ারি



- ভারত নিয়ন্ত্রিত কাশ্মীরের পুলওয়ামা হামলার 'মূল হোতা' কামরান গাজী ভারতীয় সেনাবাহিনী অভিযানে নিহত। দৈনিক ইত্তেফাক, ১৯ ফেব্রুয়ারি
- ব্রেক্সিট নিয়ে দলীয় নেতৃত্বের ব্যর্থতা এবং ইহুদিবিদ্বেষী মনোভাবকে প্রশ্রয় দেওয়ার অভিযোগে যুক্তরাজ্যের বিরোধী দল লেবার পার্টি থেকে পদত্যাগ করেছেন দেশটির পার্লামেন্টের সাত সদস্য (এমপি)। যুগান্তর, ১৯ ফেব্রুয়ারি

**১৯ ফেব্রুয়ারি**

- সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) দুটি প্রধান কোম্পানি লুলু গ্রুপ ইন্টারন্যাশনাল এবং এনএমসি গ্রুপ বাংলাদেশে বিশেষত স্বাস্থ্যসেবা, হোটেল, বিপণিবিতান ও পর্যটন খাতে বিনিয়োগে আগ্রহ প্রকাশ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে। দৈনিক ইত্তেফাক, ২০ ফেব্রুয়ারি
- বাংলাদেশে সুস্থধারার চলচ্চিত্র আন্দোলনের অন্যতম পথিকৃৎ মুহম্মদ খসরুর ইন্তেকাল। সমকাল, ২০ ফেব্রুয়ারি
- ভারত নিয়ন্ত্রিত কাশ্মীরের পুলওয়ামার সহিংসতা নিয়ে পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খানের বয়ান সরাসরি খারিজ করে দিল ভারত। সমকাল, ২০ ফেব্রুয়ারি
- পুলওয়ামা হামলার ঘটনায় ভারত যদি পাকিস্তানের বিরুদ্ধে সামরিক পদক্ষেপ নেয়, তবে পাকিস্তানও তার জবাব দেবেঃ পাকিস্তান প্রধানমন্ত্রী ইমরান খান। সমকাল, ২০ ফেব্রুয়ারি

**২০ ফেব্রুয়ারি**

- জার্মানির মিউনিখ নিরাপত্তা সম্মেলন ও আবুধাবিতে আন্তর্জাতিক প্রতিরক্ষা প্রদর্শনীতে (আইডিইএক্স-২০১৯) যোগ দিয়ে ছয়দিনের সরকারি সফর শেষে দেশে ফিরলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ২১ ফেব্রুয়ারি
- বিভিন্ন ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ ২১ গুণিজনকে একুশে পদক-২০১৯ প্রদান করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২১ ফেব্রুয়ারি

- একাদশ জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনে নির্বাচিত সদস্যদের শপথ গ্রহণ। দৈনিক ইত্তেফাক, ২১ ফেব্রুয়ারি
- চকবাজারে একটি পাঁচতলা আবাসিক ভবনে ভয়াবহ আগুন। দগ্ধ আটজনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে ভর্তি। যুগান্তর
- ইসলামি বিশ্ববিদ্যালয়ে র‍্যাগিংয়ের দায়ে সোশ্যাল ওয়েলফেয়ার বিভাগের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পাঁচ শিক্ষার্থীকে সাময়িক বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। সমকাল
- ব্রেক্সিট নিয়ে মতবিরোধের জেরে এবার ক্ষমতাসীন দল কনজারভেটিভ থেকে পদত্যাগের ঘোষণা দিয়েছেন তিন এমপি। দৈনিক ইত্তেফাক, ২১ ফেব্রুয়ারি

**২১ ফেব্রুয়ারি**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা একুশে ফেব্রুয়ারি মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রথম প্রহরে কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। দৈনিক ইত্তেফাক, ২১ ফেব্রুয়ারি
- বিনম্র শ্রদ্ধা, যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যপূর্ণ পরিবেশে 'মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস'-এ শহিদবেদিতে পুষ্পস্তবক অর্পণ করে সর্বস্তরের মানুষের শ্রদ্ধা নিবেদন। দৈনিক ইত্তেফাক, ২১ ফেব্রুয়ারি
- মামলার রায় বাংলায় লেখার জন্য বিচারকদের প্রতি অনুরোধ: আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে চারদিনব্যাপী অনুষ্ঠানমালার উদ্‌বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২২ ফেব্রুয়ারি
- আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বেনাপোল চেকপোস্ট নোমান্সল্যান্ড পরিণত হলো দুই বাংলার মানুষের মিলনমেলায়। যুগান্তর, ২২ ফেব্রুয়ারি
- ২১ ফেব্রুয়ারি মহান শহিদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে নেদারল্যান্ডসের দ্য হেগ শহরের জাউদার পার্কে দেশটিতে নির্মিত প্রথম শহিদ মিনার যৌথভাবে উদ্‌বোধন করেন দেশটিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ও দ্য হেগ মিউনিসিপ্যালটির ডেপুটি মেয়র। যুগান্তর



**২২ ফেব্রুয়ারি**

- একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটের অনিয়ম নিয়ে জাতীয় ঐক্যফ্রন্টের গণশুনানি। সংবাদ, ২৩ ফেব্রুয়ারি
- ভারতের ১১টি রাজ্য ও কেন্দ্রীয় সরকারকে কাশ্মীরিদের ওপর আক্রমণ থামাতে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন ভারতের সুপ্রিমকোর্ট। প্রথম আলো, ২৩ ফেব্রুয়ারি
- ভারতের স্বরাষ্ট্র মন্ত্রণালয় কাশ্মীরে জরুরি ভিত্তিতে ১০ হাজার অতিরিক্ত সেনা মোতায়েনের নির্দেশনা দেয়। যুগান্তর, ২৪ ফেব্রুয়ারি
- সুদানে এক বছরের জন্য জরুরি অবস্থা জারি এবং ফেডারেল সরকার ভেঙে দিয়ে সব রাজ্যের গভর্নরদের বরখাস্ত। যুগান্তর, ২৩ ফেব্রুয়ারি
- ২০১৭ সালে আরব আমিরাতে পাকিস্তান-শ্রীলঙ্কা ওয়ানডে সিরিজ চলাকালীন পাকিস্তান অধিনায়ক সরফরাজ আহমেদকে ম্যাচ পাতানোর প্রস্তাব দেওয়ায় আরব আমিরাত ঘরোয়া ক্রিকেটের কোচ ইরফান আনসারিকে সব ধরনের ক্রিকেট থেকে ১০ বছরের জন্য নিষিদ্ধ করেছে আইসিসি। সমকাল

**২৩ ফেব্রুয়ারি**

- ঘনবসতি এলাকায় যেন আর কেমিক্যাল না থাকে সে ব্যাপারে ব্যবস্থা নেওয়া হবে: মেডিকেল কলেজ হাসাপাতালের (ঢামেক) বার্ন ইউনিটে চিকিৎসাধীন ব্যক্তিদের দেখতে গিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক
- শিল্পকলায় অবদানের জন্য সাত গুণী ব্যক্তি ও দুই সংগঠনকে সম্মাননা জানিয়েছে ময়মনসিংহ জেলা শিল্পকলা একাডেমি। সমকাল
- ভারতের উত্তর বেঙ্গালুরুর জিয়েলাহাঙ্কা বিমানঘাঁটির কাছে দিনব্যাপী বিমান প্রদর্শনীর আয়োজনের পাশেই পার্কিং লটে অগ্নিকাণ্ডের ঘটনায় ভস্মীভূত হলো অন্তত ৩০০ গাড়ি। যুগান্তর
- মেসির দুর্দান্ত নৈপুণ্যে সেভিয়াকে ৪-২ গোলে হারিয়েছে বার্সেলোনা। যুগান্তর

**২৪ ফেব্রুয়ারি**

- দেশকে এমনভাবে গড়ে তুলব যেন সারাবিশ্ব বাংলাদেশের উন্নয়ন দেখে তাকিয়ে থাকে: চট্টগ্রামের কর্ণফুলী নদীর তলদেশে নির্মাণাধীন বঙ্গবন্ধু

শেখ মুজিবুর রহমান টানেলের বোরিং কার্যক্রমের উদ্‌বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৫ ফেব্রুয়ারি

- চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে বাংলাদেশ বিমানের ময়ূরপঙ্খি উড়োজাহাজ ছিনতাই চেষ্টা। কমান্ডো অভিযানে উড়োজাহাজটিতে থাকা অস্ত্রধারী তরুণ নিহত। দৈনিক ইত্তেফাক, ২৫ ফেব্রুয়ারি
- বাংলাদেশ বিমানের ময়ূরপঙ্খি উড়োজাহাজ ছিনতাই চেষ্টার ঘটনায় তিন সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন। যুগান্তর, ২৫ ফেব্রুয়ারি
- প্রথম নারী রাষ্ট্রদূত নিয়োগ দিল সৌদি আরব। সৌদির ইতিহাসে প্রিন্সেস রিমা বিনতে বন্দর হচ্ছেন প্রথম নারী রাষ্ট্রদূত ও মন্ত্রী পর্যায়ের প্রথম নারী। দৈনিক জনকণ্ঠ ২৫ ফেব্রুয়ারি

**২৫ ফেব্রুয়ারি**

- বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে আওয়ামী লীগপন্থি শিক্ষকদের সংগঠন 'গণতান্ত্রিক শিক্ষক ফোরাম' প্যানেল সব পদে জয় লাভ করেছে। যুগান্তর
- রাজধানীর চকবাজার চুড়িহাট্টার ভয়াবহ অগ্নিকাণ্ডে নিহতদের স্মরণে আজ একদিনের রাষ্ট্রীয় শোক। যুগান্তর, ২৬ ফেব্রুয়ারি
- নাটকে একুশে পদকপ্রাপ্ত নিখিল সেনের ইন্তেকাল। সমকাল, ২৬ ফেব্রুয়ারি
- ভারত নিয়ন্ত্রিত জম্মু-কাশ্মীরে ভারতীয় বাহিনীর অভিযানে পুলিশের গুলিতে দুই পাকিস্তানি নিহত। সমকাল, ২৬ ফেব্রুয়ারি

**২৬ ফেব্রুয়ারি**

- বাংলাদেশের ক্রিকেটের কারিকর সৈয়দ আলতাফ হোসেনের ইন্তেকাল। সমকাল
- চট্টগ্রাম সিটি করপোরেশনসহ বিভিন্ন প্রতিষ্ঠানে চাকরি দেওয়ার নামে অর্থ আত্মসাৎ করার অভিযোগে এক কর কর্মকর্তা সাময়িক বরখাস্ত। যুগান্তর
- আকস্মিকভাবে ইরানের পররাষ্ট্রমন্ত্রী মোহাম্মদ জাভেদ জারিফের পদত্যাগের ঘোষণা। যুগান্তর



- পাকিস্তানের নিয়ন্ত্রণরেখায় (লাইন অব কন্ট্রোল) জইশ-ই-মুহাম্মদ, হিজবুল্লাহ মুজাহেদীন ও লস্কর-ই-তায়েবার স্থাপনায় ভারতের বিমানবাহিনীর হামলায় ৩০০ জন জঙ্গি নিহত। যুগান্তর
- ভারতের গুজরাট রাজ্যের কুচ আন্তর্জাতিক সীমান্তে পাকিস্তানি একটি ড্রোনকে গুলি করে ভূপাতিত করা হয়েছে বলে দাবি দেশটির পুলিশের। সমকাল

**২৭ ফেব্রুয়ারি**

- জনসংখ্যার চাপ কমাতে রাজধানী ঢাকার আশপাশে ৮টি স্যাটেলাইট সিটি নির্মাণের পরিকল্পনা: সংসদে নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ২৮ ফেব্রুয়ারি
- ঢাকা আইনজীবী সমিতির (বার) ২০১৯-২০ কার্যনির্বাহী পরিষদের দুইদিনব্যাপী নির্বাচনের প্রথম দিনের ভোটগ্রহণ শেষ। সরকারি ছুটি ও বৈরী আবহাওয়ার কারণে দ্বিতীয় দিনের ভোটগ্রহণ স্থগিত। প্রথম আলো, ২৮ ফেব্রুয়ারি
- জাতির উদ্দেশে দেওয়া ভাষণে সীমান্তে উত্তেজনার পরিপ্রেক্ষিতে প্রতিবেশী ভারতকে কড়া হুঁশিয়ারি দিলেন পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান। দৈনিক ইত্তেফাক, ২৮ ফেব্রুয়ারি
- কাশ্মীরে ভারতের বিমানবাহিনীর দুটি জেট বিমান ভূপাতিত এবং একজন বৈমানিককে (পাইলট) আটক: দাবি পাকিস্তানের। দৈনিক ইত্তেফাক, ২৮ ফেব্রুয়ারি
- ভারত-পাকিস্তান উত্তেজনা চরমে পৌঁছে যাওয়ায় সীমান্তসংলগ্ন জম্মু, লেহ, শ্রীনগর তিনটি বিমানবন্দর বন্ধ করে দিয়েছে ভারত। কালের কণ্ঠ
- ইরানের পররাষ্ট্রমন্ত্রী মোহাম্মদ জাভেদ জারিফের পদত্যাগপত্র প্রত্যাখ্যান করেছেন দেশটির প্রেসিডেন্ট হাসান রুহানি। যুগান্তর, ২৮ ফেব্রুয়ারি

**২৮ ফেব্রুয়ারি**

- চট্টগ্রামে বাংলাদেশ বিমানের একটি উড়োজাহাজ ছিনতাইয়ের চেষ্টা হওয়া বিমানের পাইলট ও কেবিন ক্রুদের প্রধানমন্ত্রীর সঙ্গে গণভবনে সাক্ষাৎ। তাদের সাহসিকতা ও দূরদর্শিতার জন্য প্রধানমন্ত্রীর আন্তরিক অভিনন্দন। দৈনিক ইত্তেফাক, ১ মার্চ

- বিশিষ্ট সাংবাদিক ও প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর মহাপরিচালক মো. শাহ আলমগীরের (৬২) ইন্তেকাল। দৈনিক ইত্তেফাক, ১ মার্চ
- দলের সিদ্ধান্ত অমান্য করে উপজেলা পরিষদের নির্বাচনে অংশগ্রহণের পরিপ্রেক্ষিতে বিএনপির বগুড়া, মাগুরা ও সিরাজগঞ্জের চার নেতা বহিষ্কার। সমকাল, ১ মার্চ

## মার্চ

### ১ মার্চ

- গ্রামে গ্রামে ঘুরে ছোটো-বড়ো সবার দোরগোড়ায় বই হাতে পৌঁছে দেওয়া একুশে পদকজয়ী 'আলোর ফেরিওয়ালা' পলান সরকারের ইন্তেকাল। দৈনিক ইত্তেফাক, ২ মার্চ
- বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার হিসেবে দায়িত্ব গ্রহণের জন্য রীভা গাঙ্গুলি দাস ঢাকায়। দৈনিক ইত্তেফাক, ২ মার্চ
- ভারত নিয়ন্ত্রিত জম্মু-কাশ্মীরের কুপওয়ারা জেলায় সন্ত্রাসীদের সঙ্গে বন্দুকযুদ্ধে ভারতের নিরাপত্তা বাহিনীর চার সদস্য এবং নিরাপত্তা বাহিনীর গুলিতে হামলাকারী দুইজন নিহত। দৈনিক ইত্তেফাক, ২ মার্চ
- দুই দেশের মধ্যে শান্তি প্রতিষ্ঠায় আটক ভারতের পাইলট উইং কমান্ডার ভি অভিনন্দনকে ভারতের কাছে হস্তান্তর পাকিস্তানের। দৈনিক ইত্তেফাক, ২ মার্চ
- এএফসি অনূর্ধ্ব-১৬ নারী চ্যাম্পিয়নশিপের বাছায়পর্বে মিয়ানমারকে ১-০ গোলে হারিয়ে মূল পর্বে নাম লেখাল বাংলাদেশ। দৈনিক জনকণ্ঠ, ২ মার্চ

### ২ মার্চ

- সরকারের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব প্রকৌশলীদের: রমনায় ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে (আইইবি) আইইবির ৫৯তম কনভেনশনের উদ্‌বোধনকালে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ৩ মার্চ
- ভারতের জয়পুর কেন্দ্রীয় কারাগারে পাকিস্তানি এক কয়েদির মৃত্যু। পাকিস্তানের কাছে লাশ হস্তান্তর ভারতের। কালের কণ্ঠ



- জম্মু ও কাশ্মীরের নিয়ন্ত্রণরেখা বরাবর পুঞ্চ এলাকায় পাকিস্তানি বাহিনীর ভারী গোলা বর্ষণে দুই সন্তানসহ এক নারীর মৃত্যু। দৈনিক জনকণ্ঠ, ৩ মার্চ
- নির্ধারিত সময়ের দুদিন পর শেষ হলো অমর একুশে গ্রন্থমেলা। এবারের মেলায় প্রকাশিত বইয়ের সংখ্যা প্রায় ৪ হাজার ৮৩৪। দৈনিক জনকণ্ঠ, ৩ মার্চ

### ৩ মার্চ

- দেশ ও জাতির জন্য যে কোনো ত্যাগ স্বীকার করাতে সেনাবাহিনীকে প্রস্তুত থাকার আহ্বান: রাজশাহীতে বাংলাদেশ সেনাবাহিনীর ৭, ৮, ৯ ও ১০ বীর ন্যাশনাল স্ট্যান্ডার্ড (জাতীয় পতাকা) প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ৪ মার্চ
- শ্বাসকষ্ট নিয়ে সকালে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) ভর্তি। দৈনিক ইত্তেফাক, ৪ মার্চ
- চিকিৎসাধীন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরকে দেখতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) হাসপাতালে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও স্পিকার শিরীন শারমিন চৌধুরী। দৈনিক ইত্তেফাক, ৪ মার্চ
- গুরুতর অসুস্থ আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরকে দেখতে হাসপাতালে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ দলের সিনিয়র নেতারা। যুগান্তর, ৪ মার্চ
- সৌদি দূতাবাসের কর্মকর্তা খালাফ আল আলী হত্যা মামলার আসামির গাজীপুরের কাশিমপুর হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগারে মৃত্যুদণ্ড কার্যকর। যুগান্তর, ৪ মার্চ

### ৪ মার্চ

- গুরুতর অসুস্থ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরকে দেখতে ঢাকায় ভারতের হৃদ্‌রোগ বিশেষজ্ঞ দেবী শেঠি। দৈনিক ইত্তেফাক, ৫ মার্চ

- আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরকে উন্নত চিকিৎসার জন্য সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতালে নেওয়া হয়েছে। যুগান্তর, ৫ মার্চ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন ভারতের বিশিষ্ট হৃদ্‌রোগ বিশেষজ্ঞ ডা. দেবী শেঠি। সমকাল
- ৫০ হাজার ইয়াবা উদ্ধারের মামলায় সংশ্লিষ্টতার অভিযোগে নারায়ণগঞ্জের সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা কামরুল ইসলামকে প্রত্যাহারের নির্দেশ হাইকোর্টের। যুগান্তর, ৫ মার্চ
- অস্ট্রেলিয়ার প্রথম নারী পাইলট ন্যান্সি-বার্ড ওয়ালটনের নামে দেশটির নতুন আন্তর্জাতিক বিমানবন্দরের নাম ঘোষণা 'ওয়েস্টার্ন সিডনি আন্তর্জাতিক ন্যান্সি-বার্ড ওয়ালটন বিমানবন্দর'। দৈনিক ইত্তেফাক

**৫ মার্চ**

- আর মহাসড়ক নয়, এবার রেল ও নদীপথের দিকে নজর দেওয়ার নির্দেশ প্রধানমন্ত্রীর। পাশাপাশি নদীরক্ষা এবং ঢাকার বাইরে যে কোনো প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে পুকুর-জলাশয় রক্ষা করে প্রকল্প বাস্তবায়নের নির্দেশনাও দেন প্রধানমন্ত্রী। জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী সভায় তিনি এসব নির্দেশনা দেন। সভায় ৬ হাজার ২৭৬ কোটি ২৪ লাখ টাকা ব্যয়ে আটটি প্রকল্প অনুমোদন দেওয়া হয়। দৈনিক জনকণ্ঠ, ৬ মার্চ
- কারাবন্দি বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার চিকিৎসার বিষয় নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের সঙ্গে দেখা করেন বিএনপি নেতারা। যুগান্তর, ৬ মার্চ
- বিশ্বখ্যাত সাময়িকী ফোর্বসের সর্বশেষ তালিকা অনুযায়ী, ৫৫ বছর বয়সি অ্যামাজনের প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী জেফ বেজোস ধনকুবেরের মোট সম্পদের পরিমাণ ১৩ হাজার ১০০ কোটি মার্কিন ডলার। তালিকায় দ্বিতীয় ও তৃতীয় স্থানে আছেন যথাক্রমে মাইক্রোসফটের প্রতিষ্ঠাতা বিল গেটস ও মার্কিন ব্যবসায়ী ওয়ারেন বাফেট। বিশ্বের শীর্ষ ধনী ব্যক্তিদের হালনাগাদ তালিকা প্রকাশ করে ফোর্বস। প্রথম আলো, ৬ মার্চ
- যুক্তরাষ্ট্র ও রাশিয়ার মধ্যে ইন্টারমিডিয়েট রেঞ্জ নিউক্লিয়ার ফোর্সেস (আইএনএফ) চুক্তির শর্ত থেকে সরে গেল মস্কো। দৈনিক জনকণ্ঠ, ৬ মার্চ



**৬ মার্চ**

- পাটের উৎপাদন বৃদ্ধি এবং পাট ও পাটপণ্যের রপ্তানির জন্য উদ্দীপক-সুবিধা প্রদান করা হবে: বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'জাতীয় পাট দিবস-২০১৯' এবং বহুমুখী পাটপণ্য মেলার উদ্‌বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো, ৭ মার্চ
- খাদ্যের মান ফিরে না আসা পর্যন্ত ভেজালবিরোধী অভিযান অব্যাহত থাকবে: সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো, ৭ মার্চ
- একটি প্রকল্পের ভিত্তিপ্রস্তরে নিজের নাম দেখতে না পেয়ে ক্ষোভে নিজ দলের এক বিধায়ককে প্রকাশ্যে জুতাপেটা করেন বিজেপির এক সংসদ সদস্য। দৈনিক ইত্তেফাক, ৭ মার্চ
- আফগানিস্তানের পূর্বাঞ্চলীয় শহর জালালাবাদে একটি বেসরকারি নির্মাণ সংস্থার অফিসে আত্মঘাতী হামলায় ১৬ জন নিহত। দৈনিক ইত্তেফাক, ৭ মার্চ

**৭ মার্চ**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঐতিহাসিক সাতই মার্চ উপলক্ষ্যে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে গভীর শ্রদ্ধা নিবেদন করেন। দৈনিক ইত্তেফাক, ৮ মার্চ
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণ পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ ভাষণ: ৭ মার্চ উপলক্ষ্যে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ আওয়ামী লীগ আয়োজিত আলোচনাসভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ৮ মার্চ
- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে ভারতের হাইকমিশনার রীভা গাঙ্গুলি দাসের পরিচয়পত্র পেশ। যুগান্তর, ৮ মার্চ
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ এখন শুধু বাংলাদেশ নয়, সারাবিশ্বের সম্পত্তিতে পরিণত হয়েছে: ৭ মার্চ নিয়ে জাতীয় সংসদে এক অনির্ধারিত আলোচনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর
- একাদশ জাতীয় সংসদ নির্বাচনে গণফোরাম থেকে নির্বাচিত নেতা সুলতান মোহাম্মদ মনসুরের শপথগ্রহণ। যুগান্তর, ৮ মার্চ

- দলীয় শৃঙ্খলা ভঙ্গ এবং জনগণের সঙ্গে প্রতারণা করার অভিযোগে গণফোরামের সুলতান মনসুরকে বহিষ্কার। একই সঙ্গে জাতীয় ঐক্যফ্রন্টের স্টিয়ারিং কমিটির সদস্যপদ থেকেও অব্যাহতি। যুগান্তর, ৮ মার্চ
- ঢাকা উত্তর সিটি করপোরেশনের নবনির্বাচিত মেয়র আতিকুল ইসলাম এবং দুই সিটি করপোরেশনের নবনির্বাচিত ৫০ জন কাউন্সিলরের বঙ্গভবনের শাপলা হলে শপথগ্রহণ। দৈনিক ইত্তেফাক, ৮ মার্চ
- নিয়ম ভেঙে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের 'বঙ্গবন্ধু চেয়ার' (গবেষণাকেন্দ্র) পদে গবেষক হিসেবে দায়িত্ব নিয়েছেন উপাচার্য ইফতেখার উদ্দিন চৌধুরী। প্রথম আলো, ৮ মার্চ

**৮ মার্চ**

- বঙ্গবন্ধু ৭ মার্চ ভাষণের মাধ্যমেই স্বাধীনতার মূল ঘোষণা দিয়েছিলেন এবং স্বাধীনতাপ্রিয় মানুষকে সশস্ত্র যুদ্ধে উদ্বুদ্ধ করেছিলেন: কৃষিবিদ ইনস্টিটিউশনে অনুষ্ঠিত এক সেমিনারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ৯ মার্চ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে 'লাইফটাইম কন্ট্রিবিউশন ফর উইমেন এমপাওয়ারমেন্ট অ্যাওয়ার্ড'-এ ভূষিত। দৈনিক ইত্তেফাক, ৯ মার্চ
- ৫৪ বছর পর যশোর জংশনে যাত্রাবিরতি করল কলকাতাগামী ট্রেন 'বন্ধন এক্সপ্রেস'। তিন মিনিটের যাত্রাবিরতি শেষে ৩১ জন যাত্রী নিয়ে কলকাতার উদ্দেশে রওয়ানা হয়। দৈনিক ইত্তেফাক
- রাজস্থান রাজ্যের বিকেনার জেলায় ভারতের একটি যুদ্ধবিমান বিধ্বস্ত। দৈনিক ইত্তেফাক
- কর ফাঁকি ও ব্যাংক জালিয়াতির মামলায় মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রচারশিবিরের সাবেক চেয়ারম্যান পল ম্যানাফোর্টকে চার বছরের কারাদণ্ড। দৈনিক ইত্তেফাক, ৯ মার্চ

**৯ মার্চ**

- আমাদের মেয়েরা এখন সব জায়গায় এগিয়ে গেছে। আগামী দিনে নারীরা বিমানবাহিনীতে ফাইটার জেট চালাবে: বঙ্গবন্ধু আন্তর্জাতিক



সম্মেলন কেন্দ্রে আন্তর্জাতিক নারী দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১০ মার্চ

- দেশি-বিদেশি পর্যটকদের আকৃষ্ট করতে কুইন অব আইল্যান্ডখ্যাত ভোলার জেলা শহরকে পর্যটন নগর হিসেবে ঘোষণা করা হয়েছে। ২৫ হাজার নগরবাসীর অংশগ্রহণে মেয়র নগর উৎসবে (মেজবান উৎসবে) এই ঘোষণা দেওয়া হয়। জেলা শহর এখন মাদকমুক্ত, সন্ত্রাসমুক্ত দৃষ্টিনন্দন পর্যটন নগরী। দৈনিক ইত্তেফাক
- ভাষাসৈনিক ও ক্রীড়া সংগ্রামী ৪ নারীকে সম্মাননা দেওয়া হয়েছে। একই সঙ্গে উৎসাহ স্মারক প্রদান করা হয়েছে আরও চারজনকে। আন্তর্জানিক নারী দিবস উপলক্ষ্যে দৈনিক ভোরের কাগজের উদ্যোগে এ সম্মাননা দেওয়া হয়। দৈনিক ভোরের কাগজ
- নারী দিবস উপলক্ষ্যে বাংলাদেশের প্রথম নারী ডিএনএ অ্যানালিস্ট নুসরাত শারমিনকে সম্মাননা জানাল পদ্মা ব্যাংক। দৈনিক ইত্তেফাক, ১০ মার্চ
- কলম্বিয়ায় লেজার এরিও এয়ারলাইনসের ডিসি-৩ বিমান বিধ্বস্ত হয়ে ১২ জন নিহত। যুগান্তর
- মিয়ানমারের পশ্চিমাঞ্চলীয় রাখাইন রাজ্যে সন্ত্রাসী হামলায় পুলিশের নয়জন সদস্য নিহত। প্রথম আলো, ১০ মার্চ

**১০ মার্চ**

- মালিকবিহীন কোনো প্রাণী হত্যায় জেল-জরিমানার বিধান রেখে নতুন আইন করার লক্ষ্যে 'প্রাণিকল্যাণ বিল-২০১৯' সংসদে উত্থাপন। যুগান্তর, ১১ মার্চ
- স্কাউটিং পারে ভবিষ্যৎ প্রজন্মকে আধুনিক করে গড়ে তুলতে: জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে দশম বাংলাদেশ এবং তৃতীয় দক্ষিণ এশীয় অ্যাসোসিয়েশন অব ন্যাশনাল স্কাউট অর্গানাইজেশন স্কাউট জাম্বুরি-২০১৯ উদ্‌বোধনকালে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। প্রথম আলো, ১১ মার্চ
- জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে ১২ জন বিশিষ্ট ব্যক্তি ও একটি প্রতিষ্ঠান ২০১৯ সালের রাষ্ট্রীয় সর্বোচ্চ সম্মান স্বাধীনতা পুরস্কারের জন্য মনোনীতদের তালিকা প্রকাশ করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। যুগান্তর, ১১ মার্চ
- ভারতে লোকসভা নির্বাচনের তপসিল ঘোষণা করেছে দেশটির নির্বাচন কমিশন। যুগান্তর, ১১ মার্চ

- সিরিয়ার জঙ্গিগোষ্ঠী আইএস-এ যোগ দেওয়া আরও দুই নারীর ব্রিটিশ নাগরিকত্ব বাতিল। কালের কণ্ঠ

**১১ মার্চ**

- বাংলাদেশ-ভারত সম্পর্ক বিশ্বে রোল মডেল: ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশের চারটি উন্নয়ন প্রকল্পের উদ্‌বোধনকালে দেওয়া ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১২ মার্চ
- আমাদের সেনাবাহিনী অন্য কোনো দেশের যুদ্ধে অংশগ্রহণ করবে না: স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে প্রথম অধিবেশনের সমাপনী বক্তৃতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১২ মার্চ
- প্রেস ইনস্টিটিউট বাংলাদেশের (পিআইবি) পরিচালনা বোর্ডের চেয়ারম্যান নিযুক্ত হয়েছেন বিশিষ্ট সাংবাদিক আবেদ খান। সমকাল, ১২ মার্চ
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনে ভোটগ্রহণ অনুষ্ঠিত। দৈনিক ইত্তেফাক, ১২ মার্চ

**১২ মার্চ**

- ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সহসভাপতি (ভিপি) পদে নুরুল হক ও সাধারণ সম্পাদক (জিএস) পদে গোলাম রাব্বানী নির্বাচিত। দৈনিক ইত্তেফাক, ১৩ মার্চ
- ডাকসুর নবনির্বাচিত ভিপি নুরুল হককে বরণ ছাত্রলীগের। দৈনিক ইত্তেফাক, ১৩ মার্চ
- সড়ক দুর্ঘটনায় পা হারানো রাসেলকে ৫০ লাখ টাকা দিতে নির্দেশ হাইকোর্টের। দৈনিক ইত্তেফাক, ১৩ মার্চ
- ব্রেক্সিট চুক্তি আবারও প্রত্যাখ্যান ব্রিটিশ সংসদ সদস্যের। দৈনিক ইত্তেফাক, ১৩ মার্চ

**১৩ মার্চ**

- সন্তানের শিক্ষা নিয়ে অভিভাবকদের অসুস্থ প্রতিযোগিতা বন্ধের আহ্বান: বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহের উদ্‌বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ১৪ মার্চ



- কোনো ধরনের চুক্তি ছাড়া ইউরোপীয় ইউনিয়ন থেকে বেরিয়ে যাওয়ার প্রস্তাব নাকচ ব্রিটিশ এমপিদের। দৈনিক ইত্তেফাক, ১৪ মার্চ
- দিল্লিতে সিরিজের পঞ্চম ও শেষ ম্যাচে ভারতকে ৩৫ রানে হারিয়ে অস্ট্রেলিয়ার সিরিজ জয়। দৈনিক ইত্তেফাক, ১৪ মার্চ
- বুড়িগঙ্গা ও তুরাগ পাড়ের অবৈধ্য দখলদার উচ্ছেদ অভিযানে ৫৭ স্থাপনা গুঁড়িয়ে দিয়েছে বিআইডব্লিউটিএ। দৈনিক জনকণ্ঠ, ১৪ মার্চ

**১৪ মার্চ**

- কুমুদিনী কমপ্লেক্স প্রাঙ্গণে ফলক উন্মোচনের মাধ্যমে টাঙ্গাইল প্রেস ক্লাবের বঙ্গবন্ধু ভিআইপি অডিটোরিয়ামসহ ১২টি প্রকল্পের উদ্‌বোধন এবং ১৯টি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১৫ মার্চ
- সামাজিক প্রতিবন্ধকতাকে মোকাবিলা করে সমাজে নিজেদের প্রতিষ্ঠিত করায় নারী দিবস উপলক্ষ্যে তিন নারীকে সম্মাননা জানাল বাংলাদেশে জাতিসংঘের তিন সংস্থা: আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও), ইউএন উইমেন ও জাতিসংঘ জনসংখ্যা তহবিল (ইউএনএফপিএ)। সমকাল, ১৫ মার্চ
- ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) সঙ্গে বিচ্ছেদ (ব্রেক্সিট) বিলম্বিত করতে ব্রিটিশ এমপিদের ভোট। দৈনিক ইত্তেফাক, ১৫ মার্চ
- সাফ মহিলা চ্যাম্পিয়নশিপে ভুটানকে ২-০ গোলে হারিয়ে সেমিফাইনালে ঠাঁই করে নিল বাংলাদেশ। দৈনিক জনকণ্ঠ, ১৫ মার্চ

**১৫ মার্চ**

- সুপ্রিমকোর্ট আইনজীবী সমিতির কার্যনির্বাহী পরিষদের (২০১৯-২০) নির্বাচনের ফল ঘোষণা। সভাপতিসহ ৬ পদে আওয়ামী লীগ, সম্পাদকসহ ৮টিতে বিএনপি সমর্থক জয়ী। যুগান্তর, ১৬ মার্চ
- নিউজিল্যান্ডের ক্রাইস্টচার্চে দুটি মসজিদে জুমার নামাজের সময় বন্দুকধারীর হামলায় নিহত ৪০ জন এবং আহত ২৭ জন। দৈনিক ইত্তেফাক, ১৬ মার্চ
- নিউজিল্যান্ডের মসজিদে হামলার ঘটনায় প্রধানমন্ত্রীর শোক ও নিন্দা। দৈনিক ইত্তেফাক, ১৬ মার্চ

- সাবেক সংসদ সদস্য (এমএনএ), একুশে পদকপ্রাপ্ত লেখিক হেলেনা খানের (৯২) ইন্তেকাল।
- নিউজিল্যান্ডের ক্রাইস্টচার্চে মসজিদে বন্দুকধারীর হামলায় বাংলাদেশ ও নিউজিল্যান্ডের মধ্যে তৃতীয় টেস্ট ম্যাচটি বাতিল করা হয়েছে। দৈনিক ইত্তেফাক, ১৬ মার্চ

**১৬ মার্চ**

- গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের দ্বিতীয় কাঁচপুর সেতু, ঢাকা-সিলেট মহাসড়কের ভুলতার চার লেনবিশিষ্ট ফ্লাইওভার এবং লতিফপুর রেলওয়ে ওভারপাসের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সমকাল, ১৭ মার্চ
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনে বিজয়ীরা প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমন্ত্রণে গণভবনে। দৈনিক ইত্তেফাক, ১৭ মার্চ
- শান্তিপূর্ণভাবে লোকসভা নির্বাচনের লক্ষ্যে কলকাতায় ভারতের কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনীর রুটমার্চ বা টহল শুরু। সমকাল, ১৭ মার্চ
- নিউজিল্যান্ডের ক্রাইস্টচার্চ মসজিদে হামলা বিষয়ে অস্ট্রেলিয়ার কট্টর ডানপন্থি সিনেটর ফ্রেজার অ্যানিং মুসলিমবিদ্বেষী মন্তব্য করায় তার মাথায় ডিম ভাঙেন এক তরুণ। সমকাল, ১৭ মার্চ

**১৭ মার্চ**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শততম জন্মদিন এবং জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার শ্রদ্ধা। যুগান্তর, ১৮ মার্চ
- স্বাধীন বাংলাদেশের স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় সমাধিতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ, প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন। দৈনিক ইত্তেফাক, ১৮ মার্চ
- আগামী দিনের শিশুদের উজ্জ্বল ভবিষ্যৎ থাকবে: জাতির পিতার ৯৯তম জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিসৌধ প্রাঙ্গণে আয়োজিত শিশু-কিশোর সমাবেশ এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১৮ মার্চ



- ভাষাসৈনিক, বিশিষ্ট আইনজীবী, সমাজসেবক ও চাঁপাইনবাবগঞ্জ ডায়াবেটিক সমিতির প্রতিষ্ঠাতা সভাপতি ওসমান গণির (৮৯) ইন্তেকাল। প্রথম আলো, ১৮ মার্চ

**১৮ মার্চ**

- স্বাধীনতাবিরোধী, খুনি, সন্ত্রাসী এবং জঙ্গিবাদী চক্র আর কখনোই যেন দেশের ক্ষমতায় অধিষ্ঠিত না হতে পারে: বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে জাতির পিতার ৯৯তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে বাংলাদেশ আওয়ামী লীগ আয়োজিত আলোচনাসভায় সভাপতির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১৯ মার্চ
- মন্ত্রিসভার বৈঠকের শুরুতে 'বাংলা ভাষার বঙ্গবন্ধু' শিরোনামের গ্রন্থের মোড়ক উন্মোচন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সমকাল, ১৯ মার্চ
- রাঙামাটির বাঘাইছড়িতে নির্বাচনি গাড়িতে সন্ত্রাসীদের বার্স্ট ফায়ারে সাতজন নিহত এবং কমপক্ষে ১০ জন আহত। যুগান্তর, ১৯ মার্চ
- নিউজিল্যান্ডে ক্রাইস্টচার্চে মসজিদে সন্ত্রাসী হামলায় পাঁচ বাংলাদেশিসহ ৫০ জন নিহত হওয়ার প্রেক্ষাপটে দেশটিতে ভ্রমণে যাওয়ার ক্ষেত্রে সতর্কতা জারি করেছে বাংলাদেশ। পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্রিফিংয়ে ওই ভ্রমণ সতর্কতা জারির কথা সাংবাদিকদের জানান। যুগান্তর, ১৯ মার্চ
- নিউজিল্যান্ডের মন্ত্রিসভা অস্ত্র আইনে 'নীতিগত' পরিবর্তন আনতে সম্মত। দৈনিক ইত্তেফাক, ১৯ মার্চ
- কাশ্মীর সীমান্তে দুপক্ষের গোলাগুলিতে পাকিস্তান সেনাবাহিনীর গুলিতে এক ভারতীয় সেনা নিহত ও তিনজন গুরুতর আহত। সমকাল

**১৯ মার্চ**

- কর্মজীবনে গিয়ে দেশের ও বিশ্ববিদ্যালয়ের অবদান ভুলে না যাওয়ার আহ্বান: বুয়েটের ১১তম সমাবর্তনে প্রধান অতিথির ভাষণে রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্য মো. আবদুল হামিদ। যুগান্তর, ২০ মার্চ
- প্রকাশক ফয়সল আরেফীন দীপন হত্যা মামলায় আটজনের বিরুদ্ধে দেওয়া অভিযোগপত্র গ্রহণ। পলাতক দুই আসামি জঙ্গিনেতা চাকরিচ্যুত

মেজর সৈয়দ জিয়াউল হক ও আকরাম হোসেন ওরফে হাসিবের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি। সমকাল, ২০ মার্চ

- বসুন্ধরা আবাসিক এলাকায় প্রগতি সরণিতে বেপরোয়া বাসচাপায় বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালসের (বিইউপি) শিক্ষার্থী আবরার আহমেদ নিহত। যুগান্তর, ২০ মার্চ
- বিইউপি ছাত্রকে চাপা দেওয়া বেপরোয়া বাসের চালক আটক, বিক্ষুব্ধ শিক্ষার্থী ও এলাকাবাসীর সড়ক অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন। দৈনিক ইত্তেফাক

**২০ মার্চ**

- বঙ্গবন্ধুকে নিয়ে কটূক্তি করার অভিযোগে করা মানহানির মামলায় বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি। সমকাল, ২১ মার্চ
- বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের সফল বাইপাস সার্জারি সম্পন্ন। সমকাল, ২১ মার্চ
- নিরাপদ সড়কের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে একাত্মতা প্রকাশ করে শাহবাগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অবস্থান। সমকাল, ২১ মার্চ
- প্রগতি সরণিতে সড়ক দুর্ঘটনায় নিহত বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালসের (বিইউপি) ছাত্র আবরার আহমেদ চৌধুরী নামে ফুটওভার ব্রিজের ভিত্তিপ্রস্তর স্থাপন। দৈনিক ইত্তেফাক, ২১ মার্চ
- ঢাকা মহানগরীতে সুপ্রভাত ও জাবালে নূর পরিবহণের সব বাস ও মিনিবাস চলাচল বন্ধের নির্দেশ দিয়েছে বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ (বিআরটিএ)। নিবন্ধন বাতিল করেই এ নির্দেশ কার্যকর করছে বিআরটিএ। বিআরটিএ উপপরিচালক (প্রকৌশল) শফিকুজ্জামান ভূঞা এ তথ্য জানান। দৈনিক ইত্তেফাক, ২১ মার্চ
- ভারতের লোকসভা নির্বাচনে জমে উঠেছে প্রচার-প্রচারণা। একই সঙ্গে জমে উঠেছে পুরোনো দল ছাড়া, নতুন দলে যোগদান এবং জোট ভাঙাগড়া। মনোনয়ন না পাওয়ায় অরুণাচল প্রদেশে বিজেপি ছেড়ে গেছেন



দলের অন্তত ১৮ জন শীর্ষ নেতা। এই ১৮ জন নেতার মধ্যে আছেন অরুণাচলে দলের সাধারণ সম্পাদক জারপুন গাম্বিন, স্বরাষ্ট্রমন্ত্রী কুমার ওয়াই এবং পর্যটনমন্ত্রী জারকার গ্যামলিন। দৈনিক ইত্তেফাক, ২১ মার্চ

**২১ মার্চ**

- উন্নয়ন করতে গিয়ে মানুষের জীবন ও জীবিকার যেন কোনো ক্ষতি না হয়: মহেশখালী-মাতারবাড়ি সমন্বিত অবকাঠামো উন্নয়ন কার্যক্রম প্রকল্পের উপস্থাপনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংশ্লিষ্টদের এ পরামর্শ দেন। দৈনিক ইত্তেফাক, ২২ মার্চ
- রোহিঙ্গাদের প্রত্যাবাসনে চীন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে: গণভবনে চীনের কমিউনিস্ট পার্টির (সিপিসি) আন্তর্জাতিক বিভাগের মন্ত্রী সং তাও-এর সঙ্গে বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ২২ মার্চ
- ভুল ব্যাখ্যা ও মিথ্যা তথ্য দিয়ে মুক্তিযোদ্ধা সনদ (প্রত্যয়নপত্র) নেওয়ায় ৬০ জন সরকারি কর্মকর্তা-কর্মচারীর মুক্তিযোদ্ধা সনদ এবং এসংক্রান্ত গেজেট বাতিল। সমকাল, ২২ মার্চ
- রাঙামাটির বাঘাইছড়িতে নির্বাচনি গাড়িতে সন্ত্রাসীদের বার্স্ট ফায়ারে নিহত প্রত্যেকের পরিবারকে সাড়ে পাঁচ লাখ করে টাকা এবং সুযোগ থাকলে তাদের ইসিতে চাকরি দেওয়ার ঘোষণা নির্বাচন কমিশনের। যুগান্তর, ২২ মার্চ
- ভারত নিয়ন্ত্রিত কাশ্মীরে নিজেদের মধ্যে অন্তঃকোন্দলে ভারতের আধাসামরিক বাহিনী সিআরপিএফের এক জওয়ান তার তিন সহকর্মীকে গুলি করে হত্যার পর নিজেকে গুলি করে আত্মহত্যার চেষ্টা। দৈনিক ইত্তেফাক, ২২ মার্চ
- নিউজিল্যান্ডে সব ধরনের সেমি অটোমেটিক মিলিটারি বন্দুক নিষিদ্ধ ঘোষণা করেছে দেশটির প্রধানমন্ত্রী জাসিন্দা আরডার্ন। প্রথম আলো, ২২ মার্চ

**২২ মার্চ**

- বাসচাপায় নিহত বিশ্ববিদ্যালয়ের ছাত্র আবরারের মা-বাবা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করতে গণভবনে গেলে প্রধানমন্ত্রী তাদের সান্ত্বনা দেন। দৈনিক ইত্তেফাক, ২৩ মার্চ

- কারাবন্দি বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মুক্তির দাবিতে নয়াপল্টনে বিএনপির বিক্ষোভ মিছিল। দৈনিক ইত্তেফাক, ২৩ মার্চ
- ড. কামাল ও ফখরুলকে ছাড়াই জাতীয় ঐক্যফ্রন্টের স্টিয়ারিং কমিটির বৈঠক। সমকাল, ২৩ মার্চ
- জাতীয় পার্টির কো-চেয়ারম্যানের পদ থেকে জিএম কাদেরকে সরিয়ে দিয়েছেন দলের চেয়ারম্যান এইচএম এরশাদ। সমকাল, ২৩ মার্চ
- আজানের ধ্বনিতে মুখরিত নিউজিল্যান্ড। দেশটিতে ২ মিনিট নীরবতা পালন। দৈনিক ইত্তেফাক, ২৩ মার্চ

## ২৩ মার্চ

- ডাকসুর প্রথম কার্যকরী সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) আজীবন সদস্য করার প্রস্তাব। সমকাল, ২৪ মার্চ
- জাতীয় সংসদে বিরোধী দলের উপনেতা পদ থেকে জিএম কাদেরকে অপসারণ করেছেন জাতীয় পার্টির চেয়ারম্যান এইচএম এরশাদ। দৈনিক ইত্তেফাক, ২৪ মার্চ
- ঢাকার অ্যাপোলো হাসপাতালে বাংলাদেশের প্রথম সচেতন মস্তিষ্কে অস্ত্রোপচার সম্পন্ন। দৈনিক জনকণ্ঠ
- নারী কণ্ঠশিল্পী হিসেবে জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত ও একুশে পদকপ্রাপ্ত সংগীতশিল্পী শাহনাজ রহমতউল্লাহর ইন্তেকাল। যুগান্তর, ২৪ মার্চ
- নিউজিল্যান্ডের ক্রাইস্টচার্চে হামলার শিকার দুটি মসজিদই মুসল্লিদের জন্য খুলে দেওয়া হয়েছে। হামলার ৯ দিন পর মুষ্টিমেয় কয়েকজনকে মসজিদে প্রবেশের অনুমতি দেওয়া হয়। দৈনিক ইত্তেফাক, ২৪ মার্চ
- ভারতের প্রথম লোকপাল হিসেবে শপথ নিলেন সাবেক বিচারপতি পিনাকী চন্দ্র ঘোষ। দিল্লিতে রাষ্ট্রপতি ভবনে এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ তাকে শপথ পাঠ করান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপরাষ্ট্রপতি ভেঙ্কাইয়া নাইডু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং সুপ্রিমকোর্টের প্রধান বিচারপতি রঞ্জন গগৈ। সমকাল

## ২৪ মার্চ

- একাত্তরের গণহত্যা আন্তর্জাতিক ফোরামে তুলবে জাতিসংঘ: প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে জাতিসংঘের আন্ডার



সেক্রেটারি জেনারেল এবং প্রিভেনশন অব জেনোসাইডবিষয়ক বিশেষ উপদেষ্টা অ্যাডামা ডিয়েঙ্গ। দৈনিক ইত্তেফাক, ২৫ মার্চ
- বনানীতে সামরিক বাহিনীর কবরস্থানে সংগীতশিল্পী শাহনাজ রহমতউল্লাহর দাফন সম্পন্ন। দৈনিক ইত্তেফাক, ২৫ মার্চ
- নিউজিল্যান্ডে জাতি-বর্ণবিদ্বেষের বিরুদ্ধে এবং মুসলিমদের প্রতি সমর্থন জানাতে নিহতদের স্মরণে পদযাত্রায় মানুষের ঢল। দৈনিক ইত্তেফাক
- নিউজিল্যান্ডের ক্রাইস্টচার্চের মসজিদে সন্ত্রাসী হামলার ঘটনা তদন্তে একটি স্বাধীন বিচার বিভাগীয় তদন্তের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী জেসিন্ডা আরডার্ন। যুগান্তর, ২৫ মার্চ
- আইসিসির পক্ষ থেকে স্বীকৃতিস্বরূপ 'ক্যাপ' পেলেন বাংলাদেশের নারী ক্রিকেট দলের অলরাউন্ডার রুমানা আহমেদ। যুগান্তর, ২৫ মার্চ

## ২৫ মার্চ

- স্বাধীনতা পুরস্কার-২০১৯ বিজয়ীদের হাতে পদক তুলে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৬ মার্চ
- প্রতিটি মানুষের জীবনমান উন্নয়ন হবে; কেউ ক্ষুধার্ত, গৃহহীন থাকবে না এবং চিকিৎসাবঞ্চিত রইবে না: বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে স্বাধীনতা পদক-২০১৯ প্রদান উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৬ মার্চ
- মুক্তিযোদ্ধা ফারুক আহমেদ হত্যা মামলায় টাঙ্গাইল-৩ আসনের সাবেক এমপি আমানুর রহমান খান রানাকে হাইকোর্টের দেওয়া ছয় মাসের জামিন স্থগিত করেছেন চেম্বার আদালত। একই সঙ্গে রাষ্ট্রপক্ষের জামিন স্থগিতের আবেদনটি ৩১ মার্চ শুনানির জন্য আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চে পাঠানো হয়েছে। দৈনিক জনকণ্ঠ
- মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে রাজধানীর গুলশানের কূটনৈতিকপাড়ার নিরাপত্তায় বিশেষভাবে সতর্ক আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। গুলশান-বনানী এবং আশপাশে বাড়তি নিরাপত্তায় তল্লাশি চৌকিগুলোয় 'অনগার্ডে' পুলিশ অবস্থান নিয়েছে। দৈনিক ইত্তেফাক, ২৬ মার্চ
- ইসরাইলের তেলআবিবে রকেট হামলায় আহত ছয়জন। কয়েকটি বসতবাড়িসহ অন্যান্য স্থাপনার ব্যাপক ক্ষতি। দৈনিক ইত্তেফাক, ২৬ মার্চ

**২৬ মার্চ**

- ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে জাতীয় স্মৃতিসৌধে ফুল দিয়ে মুক্তিযুদ্ধের বীর শহিদদের প্রতি রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শ্রদ্ধা। দৈনিক ইত্তেফাক, ২৭ মার্চ
- মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে ধানমন্ডির ৩২ নম্বর সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার শ্রদ্ধা নিবেদন। প্রথম আলো, ২৭ মার্চ
- আজকের শিশুরাই আগামী দিনের সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলবেঃ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে শিশু-কিশোর সমাবেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সমকাল, ২৭ মার্চ
- বাংলাদেশ পোস্ট অফিসের ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস 'নগদ'-এর আনুষ্ঠানিক উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৭ মার্চ
- দিনাজপুরের হিলি সীমান্তে মহান স্বাধীনতা ও বিজয় দিবস উপলক্ষ্যে বিজিবি ও বিএসএফ একে অপরকে মিষ্টি উপহার দিয়ে শুভেচ্ছা বিনিময়। দৈনিক ইত্তেফাক, ২৭ মার্চ
- বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালসের (বিইউপি) ছাত্র আবরার আহমেদ চৌধুরীকে চাপা দেওয়া বাসের চালক ও চালকের সহকারীকে গ্রেফতার। দৈনিক ইত্তেফাক, ২৭ মার্চ
- চিকিৎসার জন্য পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী নওয়াজ শরিফের জামিন আবেদন মঞ্জুর করেছেন দেশটির সুপ্রিমকোর্ট। দৈনিক ইত্তেফাক, ২৭ মার্চ

**২৭ মার্চ**

- মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে আওয়ামী লীগ আয়োজিত আলোচনাসভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, গত এক দশকে বাংলাদেশ আজ সারাবিশ্বে উন্নয়নের রোল মডেল। এ দেশের জনগণের ভাগ্য নিয়ে আর কেউ কোনোদিন ছিনিমিনি খেলতে পারবে না। যুগান্তর
- ধানমন্ডি-আজিমপুর রুটে চক্রাকার শীতাতপ নিয়ন্ত্রিত বাস (সার্কুলার বাস সার্ভিস) চালু। দৈনিক জনকণ্ঠ, ২৮ মার্চ



- মিয়ানমার সীমান্তে বাংলাদেশিদের ওপর মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনীর গুলিবর্ষণ। যুগান্তর, ২৮ মার্চ
- যুদ্ধবিরতি ভেঙে ফের আক্রমণ ইসরাইলি দখলদার বাহিনীর। ইসরাইলি সামরিক গাড়িতে আগুন দিয়েছে বিক্ষুব্ধ ফিলিস্তিনিরা। সমকাল, ২৮ মার্চ
- অটোমান যুগে (উসমানীয় খেলাফতের সময়) নির্মিত তুরস্কের পূর্বাঞ্চলীয় এলাজিগ প্রদেশের একটি মসজিদ দীর্ঘ ১১৯ বছর পর চালু। দৈনিক জনকণ্ঠ

**২৮ মার্চ**

- মাদক নির্মূলে অভিযান অব্যাহত থাকবে। অন্যায়কারীদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া এবং নিরপরাধ কোনো মানুষ যেন অযথা হয়রানির শিকার না হয়, সেদিকে বিশেষ নজর রাখতে হবেঃ র‍্যাবের সদর দপ্তর কুর্মিটোলায় র‍্যাবের ১৫তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ২৯ মার্চ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর সরকারি বাসভবন গণভবনে ভারতীয় অভিনেতা সঞ্জয় দত্তের সৌজন্য সাক্ষাৎ। দৈনিক ইত্তেফাক, ২৯ মার্চ
- নেত্রকোনার পাঁচ যুদ্ধাপরাধীর ফাঁসির আদেশ। সমকাল, ২৯ মার্চ
- বনানীর কামাল আতাতুর্ক অ্যাভিনিউয়ে বহুতল ভবন এফআর টাওয়ারে ভয়াবহ অগ্নিকাণ্ড। নিয়ন্ত্রণে কাজ করছে ফায়ার সার্ভিসের ১৭টি ইউনিট। দৈনিক ইত্তেফাক, ২৯ মার্চ
- 'বঙ্গবন্ধু কাপ গলফ ওপেন ২০১৯' বাংলাদেশে এশিয়ান ট্যুর টুর্নামেন্টের আনুষ্ঠানিক লোগো উন্মোচন করা হলো কুর্মিটোলা গলফ ক্লাবের ব্যাংকুয়েট হলে। প্রধান অতিথি হিসেবে টুর্নামেন্টের লোগো উন্মোচন করেন সেনাবাহিনী প্রধান এবং বাংলাদেশ গলফ ফেডারেশনের প্রেসিডেন্ট জেনারেল আজিজ আহমেদ। উপস্থিত ছিলেন বসুন্ধরা গ্রুপের চেয়ারম্যান আহমেদ আকবর সোবহান ও ভাইস চেয়ারম্যান সাফওয়ান সোবহান। বিশেষ অতিথি ছিলেন বলিউড তারকা সঞ্জয় দত্ত। সমকাল, ২৯ মার্চ

**২৯ মার্চ**

- বহুতল ভবন নির্মাণের ক্ষেত্রে 'বিল্ডিং কোড' যথাযথভাবে অনুসরণ করতে হবে : গণভবনে অনুষ্ঠিত আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর এক সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ৩০ মার্চ

- বনানীতে বহুতল ভবন এফআর টাওয়ারে অগ্নিকাণ্ডের ঘটনায় উদ্ধার অভিযান সমাপ্ত ঘোষণা ফায়ার সার্ভিসের। যুগান্তর, ২৯ মার্চ
- নিউজিল্যান্ডের ক্রাইস্টচার্চের মসজিদে ১৫ মার্চের হামলার ঘটনায় নিহত ব্যক্তিদের জাতীয়ভাবে স্মরণ করে তাদের উদ্দেশে সম্মান জানানো হয়েছে। দৈনিক ইত্তেফাক, ৩০ মার্চ
- ব্রেক্সিট চুক্তি নিয়ে তৃতীয়বারও পার্লামেন্টে হেরে গেলেন প্রধানমন্ত্রী থেরেসা মে। দৈনিক ইত্তেফাক, ৩০ মার্চ
- পশ্চিমবঙ্গে জাতীয় নাগরিকপঞ্জি (এনআরসি) চালু করে সেখান থেকে অনুপ্রবেশকারীদের খুঁজে খুঁজে বের করা হবে: আলিপুরদুয়ার জেলায় এক নির্বাচনি সভায় বিজেপির সর্বভারতীয় সভাপতি অমিত শাহ। যুগান্তর, ৩০ মার্চ

**৩০ মার্চ**

- জাতীয় শিল্পমেলা দেশীয় পণ্যের প্রচার, প্রসার ও বাজার সম্প্রসারণে বিনিয়োগকারীদের উদ্বুদ্ধ, আকৃষ্ট ও উৎসাহিত করতে ইতিবাচক অবদান রাখবে: জাতীয় শিল্পমেলা উপলক্ষ্যে দেওয়া এক বাণীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ৩১ মার্চ
- বনানীর আগুনে হতাহতের ঘটনায় জড়িত থাকার অভিযোগে এফআর টাওয়ারের বর্ধিত অংশের মালিক তাসভির উল ইসলাম গ্রেফতার। দৈনিক ইত্তেফাক, ৩১ মার্চ
- গুলশান-১-এর ডিএনসিসি মার্কেটের পাশে কাঁচাবাজারে আগুন। নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের ২০টি ইউনিটসহ নৌবাহিনীর সদস্যদের অংশগ্রহণ। দৈনিক ইত্তেফাক, ৩১ মার্চ
- বগুড়ায় সড়ক দুর্ঘটনায় কণ্ঠশিল্পী খুরশীদ আলম আহত। যুগান্তর, ৩১ মার্চ
- আফগানিস্তানের ভাইস প্রেসিডেন্টের ওপর তালেবানের চোরাগোপ্তা হামলা। অল্পের জন্য প্রাণে রক্ষা। কালের কণ্ঠ
- লেবাননে মাদক পাচার মামলায় দোষী সাব্যস্ত করে সৌদি আরবের এক প্রিন্সকে ছয় বছরের সশ্রম কারাদণ্ড এবং সেই সঙ্গে এক কোটি লেবানিজ পাউন্ড জরিমানা করেছেন লেবাননের অপরাধ আদালত। দৈনিক ইত্তেফাক



**৩১ মার্চ**

- কৃষিজমি নষ্ট করে শিল্প গড়ে উঠুক, আমি তা চাই না: বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে জাতীয় শিল্পমেলার উদ্‌বোধন শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১ এপ্রিল
- কালবৈশাখীর এক মিনিটের ঝড়ের আঘাতে ঢাকা বিপর্যস্ত, নিহত চারজন। দৈনিক ইত্তেফাক, ১ এপ্রিল
- কুমিল্লার চৌদ্দগ্রামে যাত্রীবাহী বাসে আগুন দিয়ে পুড়িয়ে হত্যা মামলায় বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার জামিন স্থগিত। দৈনিক ইত্তেফাক, ১ এপ্রিল
- বনানীতে এফআর টাওয়ারে অগ্নিকাণ্ডের ঘটনায় টাওয়ারটির জমির মালিক এসএমএইচআই ফারুককে (৬৫) আটক। দৈনিক ইত্তেফাক, ১ এপ্রিল
- চতুর্থ ধাপে দেশের ২২ জেলার ১০৭ উপজেলায় ভোটগ্রহণ সম্পন্ন। যুগান্তর, ১ এপ্রিল
- লা লিগায় এস্পানলের বিপক্ষে ২-০ গোলের বার্সেলোনার জয়। দৈনিক ইত্তেফাক, ১ এপ্রিল

## এপ্রিল

**১ এপ্রিল**

- সচিবালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে বনানীর এফআর টাওয়ারের অগ্নিদুর্ঘটনা নিয়ে বিস্তারিত আলোচনার পর অগ্নিকাণ্ড ও ক্ষয়ক্ষতি রোধে বহুতল ভবনের ক্ষেত্রে ফায়ার সার্ভিসের ছাড়পত্র নিয়মিত পরিদর্শন করে প্রতিবছর নবায়নের ব্যবস্থা রাখাসহ দুর্ঘটনা এড়াতে ১৫টি নির্দেশনা দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ২ এপ্রিল
- বঙ্গবন্ধুর জীবনভিত্তিক চলচ্চিত্র নির্মাণের বিষয়ে আলোচনা করতে চারদিনের সফরে এলেন প্রখ্যাত ভারতীয় পরিচালক শ্যাম বেনেগাল। যুগান্তর ২ এপ্রিল
- দেশজুড়ে এইচএসসি পরীক্ষা শুরু। যুগান্তর ২ এপ্রিল

- তুরস্কের রাজধানী আঙ্কারায় স্থানীয় সরকার নির্বাচনে প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগানের নেতৃত্বাধীন ক্ষমতাসীন জাস্টিস অ্যান্ড ডেভেলপমেন্ট পার্টি বা একেপি পার্টি পরাজিত। সমকাল, ২ এপ্রিল
- ভারতের জম্মু ও কাশ্মীর রাজ্যে নিরাপত্তা বাহিনীর অভিযানে চার জঙ্গি নিহত ও নিরাপত্তা বাহিনীর তিন সদস্য আহত। নিহতরা প্রত্যেকে লস্কর-ই-তৈয়বার সদস্য বলে দাবি ভারতীয় নিরাপত্তা বাহিনীর। যুগান্তর

**২ এপ্রিল**

- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে ১২তম বিশ্ব অটিজম সচেতনতা দিবসের উদ্‌বোধন অনুষ্ঠানে সফলভাবে অটিজম নিয়ে কাজ করা সংগঠনের প্রধানদের হাতে পুরস্কার তুলে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় তিনি বলেন, আগামী বাজেট থেকে দেশের সব প্রতিবন্ধীকে ভাতা দেওয়া হবে। সমকাল, ৩ এপ্রিল
- সংসদ সদস্য হিসেবে শপথ নিলেন গণফোরামের প্রেসিডিয়াম সদস্য ও সিলেট-২ থেকে নির্বাচিত মোকাব্বির খান। কালের কণ্ঠ, ৩ এপ্রিল
- এইচএসসি পরীক্ষার প্রথম দিনে ঢাকা বোর্ডের আওতাভুক্ত তিনটি কেন্দ্রে ২০১৯ সালের বদলে ২০১৬ সালের প্রশ্ন বিতরণ করে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ায় এই তিন কেন্দ্রের সচিবকে শোকজ করেছে ঢাকা শিক্ষা বোর্ড। পাশাপাশি বিষয়টি খতিয়ে দেখার জন্য তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কালের কণ্ঠ ৩ এপ্রিল
- রাজধানীর ফার্মগেট এলাকায় একটি আবাসিক হোটেল থেকে তেজগাঁও কলেজের ছাত্র আমিনুল ইসলাম সজল এবং ওয়ার্ল্ড বিশ্ববিদ্যালয়ের ছাত্রী মরিয়ম আক্তার জেরিনের মৃতদেহ উদ্ধার। সমকাল, ৩ এপ্রিল
- পুরান ঢাকার চকবাজারের চুড়িহাট্টায় অগ্নিকাণ্ডের ঘটনায় দায়ের করা মামলায় ওয়াহেদ ম্যানশনের দুই মালিক গ্রেফতার। সমকাল, ৩ এপ্রিল
- আলজেরিয়ার প্রেসিডেন্ট আবেদল আজিজ বুতেফলিকার বিরুদ্ধে আয়োজিত এক বিক্ষোভের খবর সংগ্রহের অভিযোগে বার্তা সংস্থা রয়টার্সের সাংবাদিক তারেক আমারাকে আলজেরিয়া থেকে বহিষ্কার। সমকাল, ৩ এপ্রিল



**৩ এপ্রিল**

- অগ্রণী ব্যাংকের আড়াই হাজার কোটি টাকা আত্মসাতের অভিযোগে দুই ব্যবসায়ী ও তিন ব্যাংক কর্মকর্তাসহ পাঁচজনের বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনের মামলা। কালের কণ্ঠ
- কুড়িগ্রামে পাসপোর্ট করতে এসে চার রোহিঙ্গা নারী আটক। প্রথম আলো, ৪ এপ্রিল
- আর্থিক কেলেঙ্কারির দায়ে প্রথমবারের মতো বিচারের মুখোমুখি মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী নাজিব রাজাক। কালের কণ্ঠ, ৪ এপ্রিল
- ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে (আইপিএল) বেটিংয়ের অভিযোগে ভারতের জাতীয় নারী দলের সাবেক কোচ তুষার অরোত গ্রেফতার। যুগান্তর
- মার্কিন সংবাদমাধ্যম ফোর্বসে সেরা ৩০০ জন তরুণ উদ্ভাবকের তালিকায় স্থান পেলেন বাংলাদেশের অ্যাপভিত্তিক রাইড শেয়ারিং প্রতিষ্ঠান পাঠাওয়ের সহপ্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী হুসাইন এম ইলিয়াস এবং কার্টুনিস্ট আবদুল্লাহ আল মোরশেদ। সমকাল, ৪ এপ্রিল

**৪ এপ্রিল**

- রোহিঙ্গা সংকট সমাধান সংঘাতে নয়, মিয়ানমারের সঙ্গে আলোচনার মাধ্যমেই সমাধানঃ রাজধানীর শেরেবাংলা নগরে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে পরিদর্শনে এসে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর
- বিইউপির শিক্ষার্থী আবরার আহমেদ চৌধুরীকে বাসচাপা দিয়ে হত্যার ঘটনায় সুপ্রভাত পরিবহণ বাসের মালিক গোপাল চন্দ্র কর্মকার গ্রেফতার। সমকাল
- পুলিশের ভুলে সাজাপ্রাপ্ত আসামির বদলে জেলে যাওয়া নিরপরাধ রেখা খাতুনের মুক্তি, যশোরের অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের বিচারক এ আদেশ দেন। প্রথম আলো
- বকেয়া বেতন পরিশোধ ও মজুরি কমিশনসহ ৯ দফা বাস্তবায়নের দাবিতে খুলনার খালিশপুরে পুলিশের সঙ্গে শ্রমিকদের বিক্ষোভ, সংঘর্ষে চার পুলিশ সদস্যসহ আহত ১০। প্রথম আলো
- মিয়ানমারের রাখাইনে রোহিঙ্গা গ্রামবাসীদের ওপর হেলিকপ্টার হামলা, পাঁচজন নিহত, আহত ১৩। সমকাল

## ৫ এপ্রিল

- দীর্ঘ এক মাস চিকিৎসা শেষে সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতাল ছাড়লেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। যুগান্তর
- রাজধানীর বনানীর এফআর টাওয়ারের অগ্নিদুর্ঘটনায় উদ্ধারকাজ চালানোর সময় গুরুতর আহত ফায়ার সার্ভিস কর্মী সোহেল রানাকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনায় উন্নত চিকিৎসার জন্য সিঙ্গাপুরে পাঠানো হলো। যুগান্তর
- ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) শিক্ষক নিয়োগ বাণিজ্যের সঙ্গে জড়িত থাকার অভিযোগ প্রমাণিত হওয়ায় শাস্তি হিসেবে দুই শিক্ষকের পদাবনতি। বিশ্ববিদ্যালয়ের ২৪৪তম সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। দৈনিক জনকণ্ঠ
- ইরাকের সঙ্গে সম্পর্ক উন্নয়নের লক্ষ্যে ৩০ বছর পর পুনরায় ইরাকে চালু হলো সৌদি দূতাবাস। দৈনিক জনকণ্ঠ

## ৬ এপ্রিল

- রাজধানীর যানজট নিরসনে ডিএনসিসি মেয়রকে ৯ দফা নির্দেশনা দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক জনকণ্ঠ
- চলচ্চিত্র অভিনেতা টেলি সামাদের মৃত্যু ও প্রধানমন্ত্রীর শোক। যুগান্তর
- গোলাম মোহাম্মদ কাদেরকে জাতীয় পার্টির কো-চেয়ারম্যান পদে পুনর্বহাল করলেন দলের চেয়ারম্যান ও বিরোধীদলীয় নেতা হুসেইন মুহম্মদ এরশাদ। যুগান্তর
- বিজিএমইএ'র ভোটগ্রহণ সম্পন্ন: রুবানা হকের সম্মিলিত ফোরাম প্যানেল জয়ী। সমকাল
- অধ্যক্ষের বিরুদ্ধে শ্লীলতাহানির মামলা তুলে না নেওয়ায় ফেনীতে পরীক্ষাকেন্দ্রে নুসরাত জাহান রাফি নামে এক ছাত্রীকে পুড়িয়ে মারার চেষ্টা। যুগান্তর
- বরগুনায় তালতলী উপজেলায় একটি প্রাইমারি স্কুলে ক্লাসরুমের ভিম ভেঙে ছাত্রী নিহত। যুগান্তর



## ৭ এপ্রিল

- ব্রিটেনের প্রতিমন্ত্রী মার্ক ফিল্ড প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করতে এলে যুক্তরাজ্যসহ সব আন্তর্জাতিক সম্প্রদায়কে মিয়ানমারের রোহিঙ্গা নাগরিকদের তাদের নিজ দেশে ফেরত নেওয়ার জন্য মিয়ানমারের ওপর জোরালো বৈশ্বিক চাপ অব্যাহত রাখার আহ্বান জানান। সমকাল
- ফেনীর সোনাগাজী মদ্রাসায় আগুনে ঝলসে দেওয়া পরীক্ষার্থী নুসরাত জাহান রাফির অবস্থা সংকটাপন্ন। এ ঘটনায় জড়িতদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রধানমন্ত্রী শেখ হাসিনার। নুসরাত জাহান রাফির গায়ে আগুন ধরিয়ে হত্যাচেষ্টার ঘটনায় মাদ্রাসার অধ্যক্ষ বরখাস্ত। সমকাল
- রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে বিএনপির উদ্যোগে খালেদা জিয়ার সুচিকিৎসা ও নিঃশর্ত মুক্তির দাবিতে ২০ দলীয় ঐক্যজোট এবং জাতীয় ঐক্যফ্রন্ট নেতাকর্মীদের গণঅনশন কর্মসূচি পালন। যুগান্তর
- চকবাজারের চুড়িহাট্টার আগুনে দগ্ধ হয়ে প্রাণ হারানো ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র কাউসার আহমেদের পরিবারকে ৯ লাখ টাকা অনুদান দিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা। দৈনিক জনকণ্ঠ
- বরগুনার তালতলী উপজেলায় প্রাইমারি স্কুলে ক্লাসরুমের ভিম ভেঙে শিক্ষার্থী নিহত হওয়ার ঘটনায় ক্ষতিপূরণ কেন দেওয়া হবে না, তা জানতে চেয়ে রুল জারি হাইকোর্টের। প্রথম আলো
- আইপিএলে ১১ বছরের রেকর্ড ভেঙে ইতিহাস গড়লেন আলজারি শাহিম জোসেফ। ৩.৪ ওভারে ১২ রানে ৬ উইকেট শিকার করেন জোসেফ। যুগান্তর

## ৮ এপ্রিল

- ফেনীর মাদ্রাসা শিক্ষার্থী নুসরাত জাহান রাফিকে দ্রুত সিঙ্গাপুরে নেওয়ার নির্দেশ দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর বনানীর এফআর টাওয়ারে অগ্নিদুর্ঘটনায় আহত ফায়ার সার্ভিস কর্মী সোহেল রানার সিঙ্গাপুরে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু। প্রধানমন্ত্রী শেখ হসিনার গভীর শোক প্রকাশ। সমকাল

- রাষ্ট্রপতির প্রেস সেক্রেটারি হিসেবে নিয়োগ পেলেন বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডারের কর্মকর্তা মো. জয়নাল আবেদীন। দৈনিক জনকণ্ঠ
- আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সদস্য ও সাবেক মন্ত্রী শেখ আবদুল আজিজের মৃত্যু। সমকাল
- সরকারের প্রধান তথ্য কর্মকর্তা (পিআইও) হিসেবে নিয়োগ পেলেন রাষ্ট্রপতির প্রেস সচিব জয়নাল আবেদীন। যুগান্তর
- রাজধানীর বনানীর এফআর টাওয়ারে অগ্নিকাণ্ডে হতাহতের মামলায় ভবন মালিক তাসভীর উল ইসলাম ও প্রকৌশলী ফারুক কারাগারে। প্রথম আলো
- পদত্যাগ করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের হোমল্যান্ড সিকিউরিটি প্রধান ক্রিস্টজেন নিয়েলসেন। প্রথম আলো

**৯ এপ্রিল**

- তথ্যপ্রযুক্তি খাতে বিশ্বের অন্যতম মর্যাদাপূর্ণ 'ডব্লিউএসআইএস পুরস্কার ২০১৯' পেল বাংলাদেশ। দৈনিক জনকণ্ঠ
- কুমিল্লার ইপিজেডের আরএন স্পিনিং মিলে ভয়াবহ অগ্নিকাণ্ড, পৃথক দুটি তদন্ত কমিটি গঠন। অনিশ্চয়তার মুখে ১৩ শ শ্রমিক। সমকাল
- নরসিংদীর রায়পুরা উপজেলায় লোচনপুরা গ্রামে পূর্বশত্রুতার জেরে তিন শিশুকন্যাসহ চারজন অগ্নিদগ্ধ। দৈনিক ইত্তেফাক
- জাপানের এফ-৩৫ যুদ্ধবিমান বিধ্বস্ত, পাইলট নিখোঁজ। যুগান্তর

**১০ এপ্রিল**

- রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত বঙ্গবন্ধু ফেলোশিপ এবং বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপের অনুদান প্রদান অনুষ্ঠানে দেশের টেকসই উন্নয়ন নিশ্চিত করতে অধিকতর গবেষণার জন্য বিজ্ঞানী ও গবেষকদের প্রতি আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক জনকণ্ঠ
- ফেনীতে অগ্নিদগ্ধ মাদ্রাসাছাত্রী নুসরাত জাহান রাফির মৃত্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক। দৈনিক জনকণ্ঠ



- ফেনীর মাদ্রাসাছাত্রী নুসরাতকে পুড়িয়ে হত্যাচেষ্টার ঘটনা নিয়ে বিরূপ মন্তব্য এবং মামলা তদন্তে অবহেলার অভিযোগে ফেনীর সোনাগাজী থানার ওসি প্রত্যাহার। যুগান্তর
- বাসচাপায় পা হারানো রাসেল সরকারকে গ্রিন লাইন পরিবহণ কর্তৃপক্ষ থেকে ক্ষতিপূরণ বাবদ পাঁচ লাখ টাকার চেক প্রদান। সমকাল

**১১ এপ্রিল**

- রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিশ্ব পানি দিবস উপলক্ষ্যে পানিসম্পদ মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে নদীতে বর্জ্য ফেলা বন্ধ করে নদীদূষণ প্রতিরোধে এগিয়ে আসার জন্য সবার প্রতি আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সমকাল
- ফেনীর সোনাগাজীর মাদ্রাসাছাত্রী নুসরাত জাহান রাফির হত্যাকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে নির্দেশ দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক জনকণ্ঠ
- বিজিএমইএ-এর নতুন নির্বাচিত পরিচালকদের ভোটে সভাপতি হিসেবে নির্বাচিত হলেন রুবানা হক। সমকাল
- সাড়াজাগানো বিকল্পধারার সংবাদমাধ্যম উইকিলিকসের প্রতিষ্ঠাতা জুলিয়ান আসাঞ্জ গ্রেফতার। লন্ডনস্থ ইকুয়েডর দূতাবাস থেকে ৯ এপ্রিল তাকে গ্রেফতার করা হয়। কালের কণ্ঠ

**১২ এপ্রিল**

- ভুটানের প্রধানমন্ত্রী ডা. লোটে শেরিং প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমন্ত্রণে তিন দিনের সরকারি সফরে বাংলাদেশে। যুগান্তর
- ফেনীর সোনাগাজীর মাদ্রাসাছাত্রী নুসরাত জাহান রাফিকে পুড়িয়ে হত্যা মামলায় আওয়ামী লীগ নেতা মাকসুদসহ তিন আসামি গ্রেফতার। যুগান্তর
- লোকসভা নির্বাচনের প্রথম ধাপে পশ্চিমবঙ্গের দুই আসনে ভোট জালিয়াতি ও অনিয়মের অভিযোগ তুলে সাড়ে তিনশ বুথে পুনর্নির্বাচন দাবি বিজেপির। কালের কণ্ঠ

## ১৩ এপ্রিল

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় এক বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভুটানের প্রধানমন্ত্রী লোটে শেরিং বাংলাদেশ ও ভুটানের দেশীয় বাজারে বেশকিছু পণ্যের শুল্ক ও কোটামুক্ত প্রবেশাধিকার নিয়ে কাজ করতে একমত পোষণ করেন এবং পাঁচি সমঝোতা স্মারক সই। দৈনিক জনকণ্ঠ
- বাংলা নববর্ষ উপলক্ষ্যে পৃথক পৃথক শুভেচ্ছা বার্তায় দেশবাসীকে শুভেচ্ছা জানান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং বিরোধীদলীয় নেতা হুসেইন মুহম্মদ এরশাদ। দৈনিক জনকণ্ঠ
- বৈশাখী আয়োজনকে ঘিরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মল চত্বরে ভাঙচুর-অগ্নিসংযোগ, আহত ১০। যুগান্তর
- সুদানে তিন দশকের শাসক প্রেসিডেন্ট ওমর আল বশিরকে উৎখাত করে সামরিক বাহিনীর কারফিউ জারি। উদ্ভূত পরিস্থিতিতে শান্ত থাকার আহ্বান জাতিসংঘ ও আফ্রিকান ইউনিয়নের। সমকাল

## ১৪ এপ্রিল

- সবার জীবন শুভ হোক, সমৃদ্ধ হোক: গণভবনে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে বাংলা নববর্ষের শুভেচ্ছা বিনিময়কালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক জনকণ্ঠ
- রমনা বটমূলে ছায়ানটের বর্ষবরণ অনুষ্ঠানে বোমা হামলার ১৮ বছর পূর্তি আজ। ২০০১ সালের এই দিনে ওই ঘটনায় ১০ জন নিহত ও ২০ জন গুরুতর আহত হন। এ ঘটনায় দায়ের করা দুটি মামলার মধ্যে হত্যা মামলার রায় নিষ্পত্তি হয়েছে এবং বিস্ফোরক আইনের মামলাটি ঢাকার ১ নম্বর দ্রুত বিচার ট্রাইব্যুনালে বিচারাধীন রয়েছে। দৈনিক জনকণ্ঠ
- ময়মনসিংহ মেডিকেল কলেজের সাবেক শিক্ষার্থী ভুটানের প্রধানমন্ত্রী ডা. লোটে শেরিংকে ময়মনসিংহ মেডিকেল কলেজে বাংলা নববর্ষের অনুষ্ঠানে সংবর্ধনা দেওয়া হয়। এ সময় তিনি কলেজ ক্যাম্পাসে তার স্মৃতিবিজড়িত বিভিন্ন স্থান পরিদর্শন করেন এবং সহপাঠীদের সঙ্গে একান্তে কিছু সময় কাটান। সমকাল
- পশ্চিমবঙ্গের তৃণমূল কংগ্রেসের হয়ে নির্বাচনি প্রচারণায় অংশ নেওয়ায় বাংলাদেশি চলচ্চিত্র অভিনেতা ফেরদৌসের ভারতীয় ভিসা বাতিল। যুগান্তর



- সুদানে অভ্যুত্থানের মাধ্যমে তিন দশকের শাসক ওমর আল বশিরকে ক্ষমতাচ্যুত করার একদিনের মাথায় পদত্যাগ করলেন দেশটির সামরিক কাউন্সিলর প্রধান ও প্রতিরক্ষামন্ত্রী আওয়াদ ইবনে আউফ। কালের কণ্ঠ

## ১৫ এপ্রিল

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে ফেনীর সোনাগাজীর নিহত মাদ্রাসাছাত্রী নুসরাতের পরিবারের সদস্যরা প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতে এলে তাদের সমবেদনা জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় তিনি দৃঢ়প্রত্যয়ে বলেন, 'নুসরাতকে আগুনে পুড়িয়ে হত্যাকারীদের কেউই আইনের হাত থেকে রেহাই পাবে না'। সমকাল
- তিনদিনের সফর শেষে দেশে ফিরে গেলেন ভুটানের প্রধানমন্ত্রী ডা. লোটে শেরিং। যুগান্তর
- রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অধ্যাপক ড. একেএম শফিউল ইসলাম লিলন হত্যা মামলায় তিনজনের ফাঁসির আদেশ ঘোষণা। রাজশাহী দ্রুত বিচার ট্রাইব্যুনালের বিচারক অনুপ কুমার রায় এ ঘোষণা দেন। যুগান্তর
- ফেনীর মাদ্রাসাছাত্রী নুসরাত জাহান রাফির ভাই মাহমুদুল হাসান নোমানকে এনআরবি গ্লোবাল ব্যাংকে ট্রেইনি অফিসার পদে চাকরি দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমারে দাপ্তরিক গোপনীয়তা আইন ভঙ্গের দায়ে কারাদণ্ডপ্রাপ্ত ব্রিটিশ সংবাদ সংস্থা রয়টার্সের দুই সাংবাদিক পেলেন ২০১৯ সালের পুলিৎজার পুরস্কার। প্রথম আলো
- ভয়াবহ অগ্নিকাণ্ডে পুড়ে গেল ফ্রান্সের ঐতিহাসিক স্থাপনা নটর ডেম গির্জার শিল্পকর্ম ও অমূল্য নিদর্শন। প্রথম আলো
- ফিনল্যান্ডের জাতীয় নির্বাচনে ১৭.৭ শতাংশ ভোট পেয়ে সোশ্যাল ডেমোক্রেটিক পার্টির জয়। যুগান্তর

## ১৬ এপ্রিল

- সুষ্ঠু তদন্ত ও বিচারের স্বার্থে নির্যাতিত নারী বা শিশুর জবানবন্দি নেবেন শুধু নারী ম্যাজিস্ট্রেট: চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটদের প্রতি সার্কুলার জারি করলেন সুপ্রিমকোর্ট প্রশাসন। দৈনিক জনকণ্ঠ

- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত জাতীয় স্বাস্থ্যসেবা সপ্তাহ ২০১৯ উদ্‌বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রচলিত চিকিৎসাব্যবস্থার পাশাপাশি প্রাচীনকাল থেকে চলে আসা চিরায়ত স্বাস্থ্যসেবা পদ্ধতিকে মূলধারায় ফিরিয়ে আনার আহ্বান জানান এবং চিরায়ত চিকিৎসার উন্নয়নে নিবিড় গবেষণার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। দৈনিক জনকণ্ঠ
- ফেনীর সোনাগাজীর মাদ্রাসাছাত্রী নুসরাতকে পুড়িয়ে হত্যায় জড়িত তরুণীসহ দুই ছাত্রী গ্রেফতার। সমকাল
- ইংল্যান্ড অ্যান্ড ওয়েলসে ওয়ানডে বিশ্বকাপের জন্য ১৫ সদস্যের দল ঘোষণা বাংলাদেশ ক্রিকেট বোর্ডের। মাশরাফি মুর্তজা অধিনায়ক এবং ডেপুটি সাকিব আল হাসান। সমকাল

**১৭ এপ্রিল**

- ঐতিহাসিক মুজিবনগর দিবস উদযাপিত। মুজিবনগর দিবস উপলক্ষ্যে রাজধানীর ধানমন্ডিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে তাঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর
- তথ্য মন্ত্রণালয়ে ক্যাবল অপারেটরদের সঙ্গে এক বৈঠকে ক্যাবল অপারেটরদের বিজ্ঞাপনমুক্ত বিদেশি চ্যানেল প্রচার ও ডিজিটাল পদ্ধতি প্রয়োগে ব্রতী হওয়ার আহ্বান জানান তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ। যুগান্তর
- প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর নতুন মহাপরিচালক পদে নিয়োগ পেলেন সাংবাদিক জাফর ওয়াজেদ। যুগান্তর
- বিনা প্রতিদ্বন্দ্বিতায় ময়মনসিংহ সিটি করপোরেশনের প্রথম মেয়র নির্বাচিত হলেন আওয়ামী লীগের প্রার্থী ইকরামুল হক টিটু। সমকাল
- ফেনীর মাদ্রাসাছাত্রী নুসরাত হত্যা মামলার এজাহারভুক্ত পলাতক আসামি হাফেজ আবদুল কাদেরসহ আরও দুজন গ্রেফতার। সমকাল
- আগুনে ভস্মীভূত হওয়া আট শ বছরের পুরোনো প্যারিসের ঐতিহাসিক নটর ডেম গির্জা পুনর্নির্মাণে ফ্রান্সের বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের পক্ষ থেকে ৫৬ কোটি ইউরোর প্রতিশ্রুতি। প্রথম আলো



**১৮ এপ্রিল**

- চলচ্চিত্র শিল্পী সমিতির সাবেক সভাপতি অভিনেতা আহমেদ শরীফ এবং তার স্ত্রীর চিকিৎসার জন্য ৩৫ লাখ টাকার অনুদান দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রীর কার্যালয়ে জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিলের বৈঠকে অগ্নিদুর্ঘটনা রোধে দেশব্যাপী সচেতনতা কার্যক্রম শুরুর পাশাপাশি দুর্যোগ মোকাবিলায় প্রস্তুতিমূলক পদক্ষেপ পর্যালোচনা অব্যাহত রাখার নির্দেশ দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক জনকণ্ঠ
- বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও তার স্ত্রী ডা. জোবাইদা রহমানের যুক্তরাজ্যের একটি ব্যাংকে থাকা তিনটি হিসাব জব্দ (ফ্রিজ) করার আদেশ দিলেন ঢাকা মহানগর সিনিয়র স্পেশাল জজ কেএম ইমরুল কায়েশ। সমকাল
- খালেদা জিয়ার প্যারোলে মুক্তি নিয়ে বিদেশ যাওয়ার খবর নিছক প্রোপাগান্ডা: নয়াপল্টনে এক সংবাদ সম্মেলনে বিএনপির যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। যুগান্তর
- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অস্ত্রসহ বাগেরহাটের চিতলমারী উপজেলা চেয়ারম্যান আটক। যুগান্তর
- নাটোরের সিংড়ায় যৌন হয়রানির অভিযোগের তদন্তে সত্যতা প্রমাণিত হওয়ায় বিয়াম ল্যাবরেটরি স্কুলের গণিত শিক্ষক ফজলুর রহমান বরখাস্ত। সমকাল
- রাজধানীর মালিবাগে কাঁচাবাজারে আগুন, দুই শতাধিক দোকান পুড়ে ছাই। সমকাল

**১৯ এপ্রিল**

- রাজধানীর শেরেবাংলা নগরের জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালে সাধারণ রোগীদের মতো ১০ টাকার টিকিট কেটে চিকিৎসাসেবা নিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর
- রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগ কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুষ্ঠানের কাছাকাছি এলাকা গুলিস্তান জিরো পয়েন্ট

থেকে ঢাকা মহানগর আওয়ামী লীগ নেতা এমএ মান্নান অস্ত্রসহ আটক। প্রধানমন্ত্রীর নিরাপত্তায় নিয়োজিত গোয়েন্দা সংস্থার হাতে আটক হন তিনি। যুগান্তর

- বিএনপি একাদশ জাতীয় সংসদে যাবে না। ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সঙ্গে কথা বলেই এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ব্যারিস্টার মওদুদ আহমদ। কালের কণ্ঠ
- নুসরাত হত্যায় পরিকল্পনা, বাস্তবায়ন এবং অর্থ জোগান দেওয়ার অভিযোগে মাদ্রাসা কমিটির সহসভাপতি ও সোনাগাজী থানা আওয়ামী লীগ সভাপতি রুহুল আমিন গ্রেফতার। যুগান্তর
- চাঁদা না দেওয়ায় দক্ষিণ আফ্রিকায় পারভেজ সরদার নামে এক প্রবাসী বাংলাদেশিকে গুলি করে হত্যা। সমকাল

**২০ এপ্রিল**

- ব্রুনাই দারুসসালামের সুলতান হাজি হাসান আল বলকিয়ার আমন্ত্রণে তিনদিনের সরকারি সফরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঢাকা ত্যাগ। দৈনিক জনকণ্ঠ
- গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী শ ম রেজাউল করিম ঢাকায় ২০০টির বেশি বহুতল বাণিজ্যিক ভবন পরিদর্শন করেন এবং বেশির ভাগ ভবনই নির্মাণ ও অগ্নিনির্বাপণ ব্যবস্থার ত্রুটি রয়েছে বলে বিবিসিকে জানান তিনি। সমকাল
- বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক স্থাপিত র‌্যাগিং সংবলিত পোস্টার ও নোটিশ ছিঁড়ে ফেলা, বিশ্ববিদ্যালয়ের লোগোর প্রতি অবমাননা, শিক্ষকদের সঙ্গে অসদাচরণের ঘটনায় দোষী প্রমাণিত হওয়ায় যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষার্থীকে আজীবন এবং পাঁচজনকে এক বছরের জন্য বহিষ্কার। যুগান্তর
- বিদ্যুৎ সংযোগ না থেকেও বিল বকেয়ার অভিযোগে কুমিল্লায় এক দিনমজুরের বিরুদ্ধে মামলা এবং তাঁকে কারাগারে পাঠানোর ঘটনায় সংশ্লিষ্ট পল্লী বিদ্যুতের ১১ কর্মকর্তা সাময়িক বরখাস্ত। যুগান্তর
- ধূলিঝড় ও বজ্রপাতে ভারতে ৬৪ জনের মৃত্যু। সমকাল



**২১ এপ্রিল**

- শ্রীলঙ্কার কলম্বোয় ইস্টার সানডেতে গির্জা ও হোটেলসহ আট স্থানে সিরিজ বোমা হামলায় নিহত ২৯০, আহত ৫ শতাধিক। যুগান্তর
- শ্রীলঙ্কার কলম্বোয় সিরিজ বোমা হামলায় আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য শেখ ফজলুল করিম সেলিম এমপির নাতি শিশু জায়ান চৌধুরী নিহত। সমকাল
- শ্রীলঙ্কার কলম্বোয় সিরিজ বোমা হামলায় রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা, স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী, পররাষ্ট্রমন্ত্রী ড.এ কে আব্দুল মোমেনসহ বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দের শোক। সমকাল
- ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় যুদ্ধাপরাধী মামলার আসামি জালাল উদ্দীনসহ তিন হাজতির মৃত্যু। সমকাল
- সাবেক মন্ত্রী ব্যারিস্টার আমিনুল হকের মৃত্যু। সমকাল

**২২ এপ্রিল**

- দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশীয় অঞ্চলে ইসলামি সহযোগিতা সংস্থার (ওআইসি) সদস্য পাঁচটি দেশের সমন্বয়ে নতুন আঞ্চলিক অর্থনৈতিক ফোরাম গঠনের প্রস্তাব দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমারে নির্যাতনের মুখে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের নিজ ভূমিতে ফেরত পাঠাতে সব ধরনের উদ্যোগ নেওয়া উচিত বলে মনে করেন ব্রুনাইয়ের প্রেসিডেন্ট সুলতান হাজি হাসান আল বলকিয়া। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে তিনি এই মত পোষণ করেন। সমকাল
- মিয়ানমারের উত্তরাঞ্চলে কাচিন প্রদেশে জেড খনিতে ভূমিধসে ৫০ জন নিহত। সমকাল
- মুন্সীগঞ্জের শ্রীনগরের যুবলীগ নেতা মো. শাহীন হত্যা মামলায় সাতজনের যাবজ্জীবন কারাদণ্ডের রায় ঘোষণা। যুগান্তর
- লক্ষ্মীপুরের কমলনগরে আগুনে দগ্ধ শাহীনূর আক্তারের মৃত্যু। ইউপি সদস্য হাফিজ উদ্দিনসহ আটক ৪। যুগান্তর

**২৩ এপ্রিল**

- তিনদিনের ব্রুনাই সফর শেষে দেশে ফিরে গণভবনে সমবেত নেতাকর্মীদের উদ্দেশে শ্রীলঙ্কার সন্ত্রাসী হামলার প্রসঙ্গ তুলে ধরে সন্ত্রাসী হামলার ব্যাপারে সবাইকে সতর্ক থাকার নির্দেশ দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক জনকণ্ঠ
- ব্রুনাইয়ের রাজধানীর চ্যান্সেরি ভবনে ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে ভাষণদানকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধিতে বিশেষ অবদানের জন্য প্রবাসী বাংলাদেশিদের ধন্যবাদ জানান এবং তিনি বলেন, প্রবাসীদের কল্যাণ নিশ্চিত করা তাঁর সরকারের দায়িত্ব। দৈনিক জনকণ্ঠ
- শ্রীলঙ্কার কলম্বোয় সিরিজ বোমা হামলায় ৩২১ জন নিহত হওয়ার ঘটনার প্রাথমিক তদন্তে দায় স্বীকার ইসলামিক স্টেট গ্রুপের (আইএস)। সমকাল
- ফেসবুকে লাইভে পবিত্র কোরআনকে অবমাননার অভিযোগে সেফাতউল্লাহ ওরফে সেফুদার বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা। সমকাল
- সেশনজট নিরসন, ত্রুটিমুক্ত ফল প্রকাশ, স্বতন্ত্র প্রশাসনিক ভবনসহ পাঁচ দফা দাবিতে নীলক্ষেত মোড়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি সাত কলেজের শিক্ষার্থীদের মানববন্ধন ও অবস্থান কর্মসূচি পালন। আমরণ অনশনে তিন শিক্ষার্থী। সমকাল
- নন্দিত অভিনেতা সালেহ আহমেদের মৃত্যু। যুগান্তর
- রোহিঙ্গা নারী ও শিশুদের ওপর যৌন সহিংসতার মতো অন্যায়ের বিচার না হলে পুরো বিশ্বে এই অপরাধ ছড়িয়ে পরবে বলে আশঙ্কা করলেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেন। তিনি বলেন, এসব অপরাধের সমাপ্তি ঘটানো না গেলে ন্যায়বিচার প্রতিষ্ঠিত হবে না। জাতিসংঘ নিরাপত্তা পরিষদে 'সংঘাতময় পরিস্থিতিতে যৌন সহিংসতা' শীর্ষক এক উন্মুক্ত আলোচনায় এসব কথা বলেন তিনি। যুগান্তর

**২৪ এপ্রিল**

- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের চাচাতো বোন হামিদা খানম রানুর মৃত্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার গভীর শোক ও দুঃখ প্রকাশ। সমকাল



- চিরনিদ্রায় শায়িত হলো শ্রীলঙ্কায় বোমা হামলায় নিহত শেখ ফজলুল করিম সেলিমের নাতি জায়ান চৌধুরী। জায়ানকে শেষ দেখা দেখতে ফুপাতো ভাই শেখ ফজলুল করিম সেলিমের বাসায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জায়ান চৌধুরী নিহতের ঘটনায় বিএনপির শোক প্রকাশ। সমকাল
- অর্থ পাচার মামলায় বিতর্কিত ব্যবসায়ী গিয়াসউদ্দিন আল মামুনের সাত বছরের কারাদণ্ড এবং ১২ কোটি টাকা অর্থদণ্ডের রায় ঘোষণা। যুগান্তর
- একাত্তরের মুক্তিযুদ্ধে মানবতাবিরোধী অপরাধের অভিযোগে দায়ের করা মামলায় নেত্রকোনার হেদায়েত উল্লাহ ও সোহরাব ফকিরের মৃত্যুদণ্ডের রায় ঘোষণা। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল এ রায় দেন। সমকাল
- সাভারের বিরুলিয়ায় অগ্নিদগ্ধ হয়ে মারা গেলেন রানা প্লাজার উদ্ধারকর্মী নওশাদ হাসান হিমু। কালের কণ্ঠ

**২৫ এপ্রিল**

- দুইজন বীর মুক্তিযোদ্ধাসহ তিনজনকে ৬৭ লাখ টাকা অনুদান দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সমকাল
- রাজশাহী-ঢাকা-রাজশাহী রুটে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে 'বনলতা এক্সপ্রেস' ট্রেনের উদ্‌বোধন অনুষ্ঠানে জুমার খুতবায় জঙ্গিবাদের বিরুদ্ধে কথা বলার জন্য সারা দেশের মসজিদের ইমামদের আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সমকাল
- শপথ নিলেন বিএনপি থেকে নির্বাচিত ঠাকুরগাঁও-৩ আসনের সংসদ সদস্য জাহিদুর রহমান। যুগান্তর
- রাজধানীর সোহরাওয়ার্দী হাসপাতালের সামনে কাভার্ড ভ্যানের ধাক্কায় ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ছাত্রী ফাহমিদা হক লাবণ্যের মৃত্যু। কালের কণ্ঠ
- সাংবাদিকদের সঙ্গে অভিনেত্রী শমী কায়সারের দুর্ব্যবহারের নিন্দা জানিয়ে নিঃশর্ত ক্ষমা চাওয়ার আহ্বান বিএফইউজে ও ডিইউজের। যুগান্তর
- শ্রীলঙ্কার কলম্বোয় সিরিজ বোমা হামলার দায় নিয়ে পদত্যাগ করলেন দেশটির প্রতিরক্ষা সচিব হেমাসিরি ফেরনান্দো। সমকাল
- ওয়েস্ট ইন্ডিজের বিশ্বকাপ দল থেকে বাদ পড়লেন দেশটির জনপ্রিয় দুই ক্রিকেটার সুনীল নারিন ও কিয়েরন পোলার্ড। কালের কণ্ঠ

## ২৬ এপ্রিল

- জনপ্রতিনিধিদের শপথ নেওয়ার ব্যাপারে সরকারের চাপ দেওয়ার কিছু নেই: গণভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক জনকণ্ঠ
- রংপুরের মিঠাপুকুর উপজেলার আদিবাসী দুই স্কুলছাত্রীকে গণধর্ষণের প্রধান আসামি রতন মিনজি গ্রেফতার। দৈনিক জনকণ্ঠ
- শ্রীলঙ্কায় ইস্টার সানডের দিন আত্মঘাতী বোমা হামলার মূল হোতা জাহরান হাশিম নিহত। শ্রীলঙ্কার প্রেসিডেন্ট মাইথ্রিপালা সিরিসেনা জানান, ওই হোটেলে হামলার নেতৃত্ব দেয় সে। সমকাল
- শ্রীলঙ্কার কলম্বোয় সিরিজ বোমা হামলার ঘটনায় পদত্যাগ করলেন দেশটির পুলিশপ্রধান পুজিত জয়াসুন্দ্রা। সমকাল

## ২৭ এপ্রিল

- বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ ২০১৯-এর সমাপন অনুষ্ঠানে সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদকের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সমকাল
- প্রখ্যাত সাংবাদিক মাহফুজ উল্লাহর (৬৯) ইন্তেকাল। ইত্তেফাক
- দলীয় সিদ্ধান্ত অমান্য করে এমপি হিসেবে শপথ নেওয়ায় ঠাকুরগাঁও-৩ আসনের সংসদ সদস্য জাহিদুর রহমানকে দল থেকে বহিষ্কারের সিদ্ধান্ত বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের। কালের কণ্ঠ
- নামিবিয়ার উইকেন্ড পার্কে অনুষ্ঠিত ছেলেদের ক্রিকেট ম্যাচে প্রথম নারী আম্পায়ার হিসেবে ইতিহাস গড়লেন অস্ট্রেলিয়ান নারী ক্লেয়ারি পোলোসেক। সমকাল
- সিরিয়ায় জিহাদি গোষ্ঠীর হামলায় নিহত ২২, আহত ৩০। সমকাল

## ২৮ এপ্রিল

- রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল হোটেলে অনুষ্ঠিত আইনগত সহায়তা দিবস-২০১৯-এর উদ্‌বোধন অনুষ্ঠানে মামলার দীর্ঘসূত্রতা কমিয়ে দ্রুততম সময়ে রায় দিতে বিচারপতিদের আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক জনকণ্ঠ



- রেলপথমন্ত্রী মো. নূরুল ইসলাম সুজন কমলাপুর রেলওয়ে স্টেশনে টিকিট কেটে উদ্‌বোধন করলেন ট্রেনের টিকিট কাটার সমন্বিত অ্যাপ 'রেলসেবা'। সমকাল
- উদ্দেশ্যপ্রণোদিতভাবেই খালেদা জিয়াকে কারাগারে আটকে রাখা হয়েছে: জাতীয় প্রেস ক্লাবে বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (একাংশ) বার্ষিক সাধারণ সভায় বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সমকাল
- মিয়ানমারের জঙ্গি সংগঠনের সক্রিয় তিন সদস্যের ১০ বছর করে সশ্রম কারাদণ্ডের রায় ঘোষণা। সমকাল
- চলচ্চিত্র অভিনেতা আনিসুর রহমানের মৃত্যু। যুগান্তর

## ২৯ এপ্রিল

- নুসরাত সাহসী মেয়ে, তাই সে অন্যায়ের কাছে মাথা নত করেনি: জাতীয় সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক জনকণ্ঠ
- একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ছাড়া সংসদ সদস্য হিসেবে শপথ নিলেন বিএনপির আরও চার এমপি। যুগান্তর
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুষদগুলোর ডিন নির্বাচনে আওয়ামী লীগ সমর্থক শিক্ষকদের জোট নীল দলের নিরঙ্কুশ বিজয় লাভ। নির্বাচনে ১০টি অনুষদের ৯টিতে তারা জয়ী হয়। সমকাল
- সড়ক দুর্ঘটনা রোধে বিভিন্ন বাস কোম্পানির বাসচালকদের দক্ষতা ও সচেতনতা বৃদ্ধিতে বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষের প্রশিক্ষণ শুরু। প্রশিক্ষণের উদ্‌বোধন অনুষ্ঠানে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের সচিব নজরুল ইসলাম বলেন, বিআরটিএ'র সচেতনতামূলক কার্যক্রমের অংশ হিসেবে চালকদের দক্ষতা বাড়ানোর লক্ষ্যে এই প্রশিক্ষণের উদ্যোগ নেওয়া হয়েছে। সমকাল
- দলীয় সিদ্ধান্তেই শপথ নিয়েছি বলে দাবি করলেন চাঁপাইনবাবগঞ্জ-৩ আসনে বিএনপির নির্বাচিত সংসদ সদস্য হারুনুর রশীদ। যুগান্তর
- রাজধানীর মোহাম্মদপুরের বছিলায় জঙ্গি আস্তানায় র‍্যাবের অভিযানে দুই জঙ্গি নিহত। সমকাল
- শ্রীলঙ্কায় সিরিজ বোমা হামলার পর নিরাপত্তাব্যবস্থা জোরদার করতে নারীদের মুখ ঢাকা বোরকা নিষিদ্ধ। যুগান্তর

৩০ এপ্রিল

- একাদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশনের সমাপন ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, পুঁজিবাজার নিয়ে খুব বেশি শঙ্কিত হওয়ার কিছু নেই। বাজার স্থিতিশীল করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হচ্ছে। সমকাল
- বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর নির্ধারিত সময়ে শপথ না নেওয়ায় বগুড়া-৬ সংসদীয় আসন শূন্য ঘোষণা করেন সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। সমকাল
- স্বাস্থ্য ক্যাডারে নিয়োগের জন্য ৩৯তম বিশেষ বিসিএসের চূড়ান্ত ফল প্রকাশ। চিকিৎসক হিসেবে নিয়োগের সুপারিশপ্রাপ্ত হলেন ৪ হাজার ৯৯২ জন। যুগান্তর
- জাতীয় প্রেস ক্লাবের এক অনুষ্ঠানে মোবাইল ফোন খোয়া যাওয়ার পর সাংবাদিকদের হেনস্তা করার ঘটনায় অভিনেত্রী শমী কায়সারের বিরুদ্ধে মানহানির মামলা। যুগান্তর
- ২০১৬ সালের ২২ এপ্রিল রাজশাহীর একটি আবাসিক হোটেল কক্ষে জোড়া খুনের ঘটনার দেড় বছর পর পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের চার শিক্ষার্থীসহ ছয়জনকে গ্রেফতার করে। কালের কণ্ঠ

## মে

১ মে

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১০ দিনের সরকারি সফরে যুক্তরাজ্য পৌঁছান। যুগান্তর
- যুক্তরাজ্যে অবস্থানরত প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গোপসাগরে সৃষ্ট শক্তিশালী ঘূর্ণিঝড় ফণী মোকাবিলায় সবাইকে প্রস্তুত থাকার নির্দেশ দিয়েছেন। দৈনিক ইত্তেফাক
- বুড়িগঙ্গায় দূষণ রোধে কী ব্যবস্থা জানতে সংশ্লিষ্ট বিবাদীদের প্রতিবেদন দিতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। দৈনিক ইত্তেফাক



- রাষ্ট্রীয় গোপন তথ্য ফাঁসের দায়ে ব্রিটিশ প্রতিরক্ষামন্ত্রী গেভিন উইলিয়ামসকে বরখাস্ত করেছেন দেশটির প্রধানমন্ত্রী থেরেসা মে। দৈনিক ইত্তেফাক
- আইসিসির অনুমতি সাপেক্ষে দেশের পতাকার রং লাল-সবুজের মিশ্রণ রেখেই বাংলাদেশের জার্সির রং চূড়ান্ত করেছে বিসিবি। দৈনিক জনকণ্ঠ

২ মে

- ঘূর্ণিঝড় ফণীর কবল থেকে রক্ষা পেতে মহান আল্লাহর কাছে দেশবাসীকে বাদ জুমা দোয়া ও মোনাজাত করার আহ্বান জানিয়েছেন যুক্তরাজ্যে অবস্থানরত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক জনকণ্ঠ, ৩ মে
- মোংলা ও পায়রা সমুদ্রবন্দরকে চার নম্বর স্থানীয় হুঁশিয়ারি সংকেত নামিয়ে এর পরিবর্তে সাত নম্বর বিপদসংকেত দেখাতে বলা হয়েছে। সংবাদ, ৩ মে
- ঘূর্ণিঝড় ফণীর সম্ভাব্য আঘাত মোকাবিলায় উপকূলের ১৯ জেলার সব সরকারি কর্মকর্তা-কর্মচারীর সব ধরনের ছুটি বাতিল করে নৌপরিবহণ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি জারি। দৈনিক ইত্তেফাক, ৩ মে
- বিমান বাংলাদেশ এয়ারলাইন্সে পাইলট নিয়োগে অনিয়ম ও দুর্নীতির অভিযোগে রাষ্ট্রীয় এ সংস্থার বিদায়ি এমডিসহ ১০ জনের দেশত্যাগে নিষেধাজ্ঞা দিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। দৈনিক ইত্তেফাক, ৩ মে
- আগামী (২০১৯-২০) অর্থবছরের বাজেটে ক্ষতিগ্রস্ত শেয়ারবাজারে বিনিয়োগকারীদের জন্য বিশেষ সুবিধা দেওয়া হবে–জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যানের এমন বক্তব্যের পর দেশের শেয়ারবাজারে বড়ো উত্থান। যুগান্তর, ৩ মে
- বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় ফণী ভারতের ওড়িশা উপকূলের দিকে অগ্রসর হওয়ায় ঝুঁকিপূর্ণ এলাকা থেকে আট লাখের বেশি বাসিন্দাকে নিরাপদে সরিয়ে নিল ভারত। দৈনিক ইত্তেফাক, ৩ মে

৩ মে

- ঘূর্ণিঝড় ফণীর বাংলাদেশ উপকূল অঞ্চলে আঘাত হানার আশঙ্কার পরিপ্রেক্ষিতে লন্ডনে অবস্থানরত প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর কার্যালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ রাখছেন এবং প্রয়োজনীয় নির্দেশনা দিচ্ছেন। দৈনিক ইত্তেফাক, ৪ মে

- যুক্তরাজ্যে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা আওয়ামী লীগের ধানমন্ডি কার্যালয়ে ফোন করে ঘূর্ণিঝড় ফণীতে ক্ষতিগ্রস্ত দুর্গত এলাকায় ত্রাণ নিয়ে যাওয়ার জন্য নির্দেশ দেন। দৈনিক জনকণ্ঠ, ৪ মে
- ঘূর্ণিঝড় ফণীর কারণে দেশের উপকূলীয় ঝুঁকিপূর্ণ অঞ্চলগুলো থেকে ১২ লাখ ৪০ হাজার ৭৯৫ জন মানুষকে আশ্রয়কেন্দ্রে নেওয়া হয়েছে: সচিবালয়ে সংবাদ সম্মেলনে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ সচিব শাহ কামাল। যুগান্তর, ৪ মে
- খুলনা ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকায় ফণীর অগ্রবর্তী অংশের প্রভাব শুরু: আবহাওয়া অধিদপ্তরের বিশেষ বিজ্ঞপ্তি। যুগান্তর, ৪ মে
- ঘূর্ণিঝড় ফণীর আঘাত-পরবর্তী জরুরি উদ্ধারকাজ, ত্রাণ তৎপরতা ও চিকিৎসা সহায়তাসহ যে কোনো পরিস্থিতি মোকাবিলায় প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করেছে বাংলাদেশ নৌবাহিনী–আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) সংবাদ বিজ্ঞপ্তি। সংবাদ, ৪ মে
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর জানায়, অতিপ্রবল ঘূর্ণিঝড় ভারতের ওড়িশায় আঘাত হানার পর পশ্চিমবঙ্গ পেরিয়ে দক্ষিণ-পশ্চিমাঞ্চল দিয়ে বাংলাদেশে ঢুকে গভীর নিম্নচাপে পরিণত হয়েছে, ফরিদপুর-ঢাকা অঞ্চল এবং এর পার্শ্ববর্তী এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় ফণী আরও উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে দুর্বল আকার ধারণ করেছে। যুগান্তর, ৪ মে
- গত এক দশকে বাংলাদেশের অগ্রগতি এশিয়াসহ সব উন্নয়নশীল দেশের জন্য দৃষ্টান্ত: দ্বীপরাষ্ট্র ফিজিতে এডিবির ৫২তম বার্ষিক সম্মেলন ও ব্যাংকের পরিচালক বোর্ডের বার্ষিক সভা শেষে পৃথক সংবাদ সম্মেলনে এডিবির প্রেসিডেন্ট তাকেহিকো নাকাও ও এডিবির দক্ষিণ এশিয়া বিভাগের মহাপরিচালক হান কিম। দৈনিক ইত্তেফাক, ৪ মে
- বিশ্বে মুক্ত গণমাধ্যমের ৩২ শত্রু, গণমাধ্যমের স্বাধীনতা আরও সংকুচিত হয়েছে। প্রতিনিয়তই চ্যালেঞ্জ ও হুমকির মুখে পড়ছে সাংবাদিক ও সাংবাদিকতা; বিশ্ব মুক্ত গণমাধ্যম দিবস উপলক্ষ্যে সাংবাদিক অধিকার সংগঠন 'রিপোর্টার্স স্যান ফ্রন্টিয়ার্স' (রিপোর্টার্স উইদাউট বর্ডার্স-আরএসএফ)-এর প্রকাশিত প্রতিবেদনে এ তথ্য প্রকাশ করা হয়। যুগান্তর, ৪ মে



**৪ মে**

- ঘূর্ণিঝড় ফণীর আঘাতে বড়ো ধরনের ক্ষতি না হওয়ায় যুক্তরাজ্যে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা আল্লাহ রাব্বুল আলামিনের দরবারে শুকরিয়া আদায় করেছেন। দৈনিক জনকণ্ঠ, ৫ মে
- যুক্তরাজ্যের মরফিল্ড চক্ষু হাসপাতালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার চোখের সফল অস্ত্রোপচার সম্পন্ন। দৈনিক জনকণ্ঠ, ৬ মে
- ঘূর্ণিঝড় ফণীর আঘাতে বাংলাদেশে কয়েক হাজার ঘরবাড়ি বিধ্বস্ত ও ১০ জনের মৃত্যু। দৈনিক জনকণ্ঠ, ৫ মে
- ঘূর্ণিঝড় ফণীতে ক্ষতিগ্রস্ত এলাকায় চিকিৎসাসেবা ও ত্রাণ সহায়তা দিতে শুরু করেছে বাংলাদেশ নৌবাহিনী। দৈনিক জনকণ্ঠ, ৫ মে
- জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ অসুস্থতার কারণে ঢাকার বারিধারায় নিজের বাসভবনে এক জরুরি সংবাদ সম্মেলনে তাঁর ছোটো ভাই ও দলের কো-চেয়ারম্যান জিএম কাদেরকে দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে নিয়োগ দিয়েছেন। দৈনিক ইত্তেফাক, ৫ মে
- ভারতের ওড়িশা রাজ্যের ১২টি জেলায় ঘূর্ণিঝড় ফণীর আঘাতে অন্তত ৩৩ জনের মৃত্যু আর শতাধিক আহত। দৈনিক জনকণ্ঠ, ৫ মে

**৫ মে**

- যুক্তরাজ্যে সরকারি সফরে অবস্থানরত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘূর্ণিঝড় ফণীর আঘাতে ক্ষয়ক্ষতি দ্রুত নিরূপণ করে ক্ষতিগ্রস্তদের সহায়তা দেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও আওয়ামী লীগ নেতাকর্মীদের নির্দেশ দেন। দৈনিক ইত্তেফাক, ৬ মে
- কঙ্গোতে সড়ক দুর্ঘটনায় অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (অতিরিক্ত আইজিপি) রৌশন আরা বেগম নিহত হয়েছেন। তাঁর মৃত্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। যুগান্তর, ৭ মে
- বিনিয়োগ বৃদ্ধি ও প্রতিবন্ধকতা নিরসনে এক হাজার ৩০০ আইন পর্যালোচনার উদ্যোগ এবং বিদেশি উদ্যোক্তাদের জন্য বাংলা থেকে ইংরেজিতে রূপান্তরসহ সংশ্লিষ্ট ১০০ আইন অনুবাদের সিদ্ধান্ত নিয়েছে সরকার। যুগান্তর
- রাশিয়ার মস্কো বিমানবন্দরে জরুরি অবতরণের আগে একটি বিমানে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় ৪১ জন আরোহী নিহত হয়েছেন। দৈনিক ইত্তেফাক

- মিসরের পুরাকীর্তি মন্ত্রণালয় গিজা পিরামিডের পাশে সাড়ে চার হাজার বছর আগের সমাধির খোঁজ পেয়েছে। যুগান্তর
- ডাবলিনের দ্য হিলস ক্রিকেট ক্লাব মাঠে অনুষ্ঠিত আয়ারল্যান্ড উলভসের কাছে প্রস্তুতি ম্যাচে ৮৮ রানের বড়ো ব্যবধানে পরাজিত বাংলাদেশ। সমকাল

**৬ মে**

- সারাদেশে এসএসসি ও সমপর্যায়ের পরীক্ষার ফল প্রকাশ। যুক্তরাজ্যে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের অভিভাবক ও শিক্ষকদের শুভেচ্ছা জানান। দৈনিক ইত্তেফাক, ৭ মে
- লন্ডনে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘূর্ণিঝড় ফণী-পরবর্তী পুনর্বাসন কার্যক্রম সম্মিলিতভাবে গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোকে নির্দেশ দিয়েছেন। দৈনিক জনকণ্ঠ, ৭ মে
- পদ্মা সেতুর ২০ ও ২১ নম্বর খুঁটিতে ১২তম স্প্যান বসানো হয়েছে। যুগান্তর, ৭ মে
- বেসরকারি টেলিভিশন চ্যানেলগুলোয় সংবাদ প্রচারের সময় কোনো বিজ্ঞাপন নয় মর্মে আদেশ দিয়েছেন হাইকোর্ট। দৈনিক জনকণ্ঠ, ৭ মে
- বিএনপির নেতৃত্বাধীন ২০ দলীয় জোট ছাড়ার ঘোষণা দিয়েছে বাংলাদেশ জাতীয় পার্টির (বিজেপি) চেয়ারম্যান আন্দালিব রহমান পার্থ। ইত্তেফাক, ৭ মে
- ভারতের ১৭তম লোকসভার নির্বাচনের পঞ্চম পর্বের ভোটগ্রহণ সম্পন্ন। দৈনিক ইত্তেফাক

**৭ মে**

- ফিলিস্তিনের প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফোনে পবিত্র রমজানের শুভেচ্ছা জানিয়েছেন। দৈনিক ইত্তেফাক, ৮ মে
- একুশে পদকপ্রাপ্ত সংগীতশিল্পী সুবীর নন্দীর মৃত্যু। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা শোক জানিয়েছেন। দৈনিক ইত্তেফাক, ৮ মে



- জিপিএ-৫ পেলেও মিলবে না পছন্দের কলেজ: ভর্তি নিয়ে সংশয়ে শিক্ষার্থীরা। যুগান্তর, ৭ মে
- টিকিট সংকটে ২০ হাজার ভিসা বাতিলের উপক্রম: রিলিজিয়াস রিপোর্টার্স ফোরাম (আরআরএফ) নেতাদের সঙ্গে মতবিনিময়কালে হাব সভাপতি এম শাহাদাত হোসেইন তসলিম। যুগান্তর, ৮ মে
- মিয়ানমারের রাষ্ট্রীয় গোপনীয়তা আইন ভঙ্গের অভিযোগে দণ্ডিত রয়টার্সের দুই সাংবাদিককে মুক্তি দিয়েছেন দেশটির আদালত। যুগান্তর, ৮ মে
- ইরানকে হুমকি দিয়ে পারস্য উপসাগরে একটি বিমানবাহী রণতরি ও বোমারু বিমানবহর মোতায়েন করছে যুক্তরাষ্ট্র। যুগান্তর, ৭ মে
- আয়ারল্যান্ডে অনুষ্ঠিত ত্রিদেশীয় টুর্নামেন্টে নিজেদের প্রথম ম্যাচে ওয়েস্ট ইন্ডিজকে ৮ উইকেটে পরাজিত করেছে বাংলাদেশ। দৈনিক ইত্তেফাক, ৮ মে

**৮ মে**

- বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর সপথ না নেওয়ায় শূন্য হওয়া বগুড়া-৬ আসনের তপশিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। যুগান্তর, ৯ মে
- প্রবাসীদের বন্ডে বিনিয়োগ নীতিমালা শিথিল হচ্ছে, রেমিট্যান্স বাড়ানোই মূল লক্ষ্য। যুগান্তর, ৮ মে
- ১ লাখ ৯৩ হাজার কোটি টাকা দেশে আনতে চাই: সরকারের অনুমতির অপেক্ষায় মুসা বিন শমসের। যুগান্তর, ৮ মে
- ইয়াঙ্গুনে রানওয়ে থেকে ছিটকে পড়ল বিমান, অল্পের জন্য সবার প্রাণ রক্ষা, পাইলটসহ আহত ১৯ জন। যুগান্তর, ৯ মে
- গুলিস্তানে হকারদের অবরোধ, আজও রাস্তায় নামার ঘোষণা। যুগান্তর, ৮ মে
- পশ্চিমা বিশ্বের সঙ্গে স্বাক্ষরিত পরমাণু চুক্তি থেকে আংশিকভাবে সরে আসার ঘোষণা দিয়েছে ইরান। দৈনিক ইত্তেফাক, ৯ মে
- মালয়েশিয়ার রাষ্ট্রীয় বিনিয়োগ তহবিল ‘ওয়ান মালয়েশিয়া ডেভেলপমেন্ট বারহাদ (ওয়ানএমডিবি)-এর অর্থ ফেরত দিতে শুরু করেছে যুক্তরাষ্ট্র। দৈনিক ইত্তেফাক, ৯ মে

**৯ মে**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ একাদশ সংসদের দ্বিতীয় অধিবেশনে পাস হওয়া তিনটি বিলে সম্মতি প্রদান করেছেন। সমকাল, ১০ মে
- খুনি ও অর্থ পাচারকারীদের অবশ্যই শাস্তি হবেঃ লন্ডনে লুকিয়ে থাকা বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দিকে ইঙ্গিত করে লন্ডনের তাজ হোটেলে এক মতবিনিময় সভায় সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১০ মে
- দুর্নীতি, দায়িত্বে অবহেলা ও অনিয়মসহ বিভিন্ন অভিযোগে বিমানের দুই কর্মকর্তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। দৈনিক ইত্তেফাক, ১০ মে
- ভূমধ্যসাগরে নৌকাডুবিঃ ৩৭ বাংলাদেশির মৃত্যুর আশঙ্কা, জীবিত উদ্ধার ১৪ বাংলাদেশি। যুগান্তর, ১২ মে
- আন্তর্জাতিক নিষেধাজ্ঞা লঙ্ঘনের অভিযোগে উত্তর কোরিয়ার একটি কার্গো জাহাজ জব্দ করেছে যুক্তরাষ্ট্র। দৈনিক ইত্তেফাক, ১০ মে

**১০ মে**

- ৩৩ হাজার কোম্পানি জাল অডিট দিয়ে রিটার্ন দাখিল। যুগান্তর, ১০ মে
- মিয়ানমারে দুর্ঘটনাকবলিত বিমানের আহত পাইলটসহ ১০ জন দেশে ফিরেছেন। দৈনিক ইত্তেফাক, ১১ মে
- বাংলাদেশি ৫৪ পাসপোর্ট (এমআরপি) নিয়ে ২৫ রোহিঙ্গা আটকের ঘটনায় চারজনকে গ্রেফতার করে চারদিনের রিমান্ডে নিয়েছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ।
- ভারত মহাসাগরে গোয়া উপকূলের অদূরে সবচেয়ে বড়ো যৌথ নৌমহড়া শুরু ভারত ও ফ্রান্সের। সংবাদ, ১১ মে
- পিএসজি তারকা নেইমারকে রেনে সমর্থকদের সঙ্গে বাজে ব্যবহারের কারণে তিন ম্যাচের জন্য নিষিদ্ধ করেছে ফরাসি ফুটবল সংস্থা। দৈনিক ইত্তেফাক, ১১ মে

**১১ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাজ্যে ১০ দিনের সরকারি সফর শেষে দেশে ফিরেছেন। দৈনিক ইত্তেফাক, ১২ মে



- নির্ধারিত সময়ের মধ্যে একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ব্যয়ের হিসাব না দেওয়ায় ৩৭টি রাজনৈতিক দলকে আরও এক মাস সময় দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। দৈনিক জনকণ্ঠ
- ফারমার্স ব্যাংকে ৫০০ কোটি টাকা জালিয়াতি, এক পরিবারের পেটে ৩০০ কোটি টাকাঃ বাংলাদেশ ব্যাংক ও দুদকের প্রতিবেদন। যুগান্তর
- সৌদি আরবে দেশটির নিরাপত্তা বাহিনীর এক অভিযানে ৮ সন্ত্রাসী নিহত। দৈনিক ইত্তেফাক
- আফগানিস্তানের কাবুলে সন্ত্রাসীরা প্রকাশ্যে গুলি করে টিভি উপস্থাপিকাকে হত্যা করেছে। দৈনিক ইত্তেফাক
- ডাবলিনের দ্য ভিলেজে অনুষ্ঠিত ত্রিদেশীয় ওয়ানডে সিরিজের চতুর্থ ম্যাচে ৫ উইকেটে স্বাগতিক আয়ারল্যান্ডকে হারিয়ে ফাইনালে ক্যারিবীয়রা। দৈনিক ইত্তেফাক, ১২ মে

**১২ মে**

- সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ সভায় সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের তিন লাখেরও বেশি শূন্যপদে দ্রুত নিয়োগের নির্দেশ। সমকাল, ১৩ মে
- স্বাস্থ্য অধিদপ্তরের চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন শাখার হিসাবরক্ষক আবজাল হোসেনের দুর্নীতির বিষয়ে অধিদপ্তরের ছয় কর্মকর্তাকে জিজ্ঞাসাবাদ করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। দৈনিক ইত্তেফাক, ১৩ মে
- বিএসটিআইয়ের পরীক্ষায় নিম্নমান প্রমাণিত হওয়ায় প্রাণের গুঁড়া হলুদ, কারি পাউডার, লাচ্ছা সেমাইসহ বিভিন্ন কোম্পানি ও ব্র্যান্ডের ৫২টি খাদ্যপণ্য বাজার থেকে প্রত্যাহারের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। যুগান্তর, ১৩ মে
- হোটেল লেকশোরের করাল গ্রাসে গুলশানের শতকোটি টাকার প্লটঃ রাষ্ট্রীয় ক্ষমতার অপব্যবহার করে বিএনপি নেতা মোসাদ্দেক আলী ফালু চক্র পানির দামে নিলামে ক্রয় করে প্লট, সর্বোচ্চ আদালত ফালু চক্রের নিলাম বাতিল করেন, পুনঃনিলামেও যোগসাজশের অপচেষ্টা। যুগান্তর, ১২ মে

- জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সদস্য এবং পরে ভারপ্রাপ্ত চেয়ারম্যান একুশে পদকপ্রাপ্ত কবি হায়াৎ সাইফের (৭৬) ইন্তেকাল। কালের কণ্ঠ, ১৩ মে
- সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে শুরু হওয়া বিতর্কের জেরে শ্রীলঙ্কায় কারফিউ জারি। দৈনিক ইত্তেফাক, ১৩ মে

**১৩ মে**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে ১২০ সুপারিশসহ দুর্নীতি দমন কমিশনের (দুদক) বার্ষিক প্রতিবেদন (২০১৮) পেশ। যুগান্তর, ১৪ মে
- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বৌদ্ধপূর্ণিমা উপলক্ষ্যে বঙ্গভবনে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে দেশের সার্বিক উন্নয়নে কাজ করতে বৌদ্ধ সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন। দৈনিক জনকণ্ঠ, ১৪ মে
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে প্রচার উপকমিটির সভা অনুষ্ঠিত। দৈনিক ইত্তেফাক, ১৪ মে
- একাদশ জাতীয় সংসদের তৃতীয় (বাজেট) অধিবেশন ১১ জুন বিকাল ৫টায় শুরু হবেঃ সংসদ সচিবালয়ের সংবাদ বিজ্ঞপ্তি। দৈনিক ইত্তেফাক, ১৪ মে
- আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনঃ কারাবন্দি খালেদা জিয়ার বিরুদ্ধে দায়ের করা মামলাগুলোর বিচার ঢাকার নাজিমউদ্দিন রোড থেকে কেরানীগঞ্জের কারাগারে আদালত স্থানান্তর। দৈনিক ইত্তেফাক, ১৪ মে
- ঋণের সুদহার সিঙ্গেল ডিজিটে করার বিষয়ে ব্যাংকগুলোতে প্রধানমন্ত্রীর নির্দেশ উপেক্ষিত। যুগান্তর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুমোদনের পর সম্মেলনের প্রায় এক বছর পর কেন্দ্রীয় ছাত্রলীগের ৩০১ সদস্যবিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা। দৈনিক জনকণ্ঠ, ১৪ মে
- দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান ও কর্মস্থলে যৌন প্রতিরোধ কমিটি গঠনের বিষয়ে সরকারের অগ্রগতি জানতে চেয়ে হাইকোর্টের রুল জারি। যুগান্তর, ১৪ মে



- দারিদ্র্য ও অতিদারিদ্র্য কমে দারিদ্র্যের হার ২১ দশমিক ৮ শতাংশ, অতিদারিদ্র্য ১১ দশমিক ৩ শতাংশ, বেড়েছে ব্যক্তি ও পারিবারিক আয়, ইটের বাড়ি, ভাত খাওয়া কমছে, খাদ্যের চেয়ে খাদ্যবহির্ভূত খরচ বাড়ছেঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর প্রতিবেদন। যুগান্তর, ১৪ মে
- খুলনায় রাষ্ট্রায়ত্ত পাটকলে কর্মবিরতি অব্যাহতঃ ঘোড়াশালে জুটমিল বন্ধ। যুগান্তর, ১৪ মে
- পাঁচ বছর পর ঢাকা-দিল্লি-ঢাকা রুটে ফ্লাইট চালু করেছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। যুগান্তর, ১৪ মে
- ক্রাইস্টচার্চের দুই মসজিদে গুলি চালিয়ে ৫১ জন হত্যার ঘটনায় তদন্ত শুরু করেছে নিউজিল্যান্ড রাজকীয় কমিশন। দৈনিক জনকণ্ঠ, ১৪ মে
- দেশটিতে অর্থনৈতিক সংকটের কারণে ভেনিজুয়েলার রাজধানী কারাকাসে পৌঁছেছে 'মানবিক সহায়তা' নিয়ে একটি চীনা কার্গো উড়োজাহাজ। দৈনিক ইত্তেফাক
- ত্রিদেশীয় ওয়ানডে সিরিজে ওয়েস্ট ইন্ডিজকে ৫ উইকেটে হারিয়ে জয়ী বাংলাদেশ। দৈনিক ইত্তেফাক, ১৪ মে

**১৪ মে**

- মুক্তিযোদ্ধাদের 'ভুয়া' বলে সম্বোধন না করার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। দৈনিক ইত্তেফাক, ১৫ মে
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুমোদনক্রমে সম্মেলনের প্রায় এক বছর পর কেন্দ্রীয় ছাত্রলীগের ৩০১ সদস্যবিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা। দৈনিক ইত্তেফাক, ১৪ মে
- ঢাকার কেরানীগঞ্জে কেন্দ্রীয় কারাগারে স্থাপিত অস্থায়ী আদালতে কারাবন্দি খালেদা জিয়ার গ্যাটকো মামলার শুনানি শুরু। দৈনিক ইত্তেফাক, ১৫ মে
- নিম্নমানের পণ্য হিসেবে চিহ্নিত হওয়া ৫২টি পণ্যের মধ্যে আরও ২৫টির লাইসেন্স স্থগিত এবং দুটি প্রতিষ্ঠানের লাইসেন্স বাতিল করেছে বাংলাদেশ স্ট্যান্ডার্ড অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই)। যুগান্তর, ১৫ মে

- সাগরপথে মালয়েশিয়া পাচারের উদ্দেশ্যে কক্সবাজারের কলাতলীর শুকনাছড়ি ও দরিয়ানগর সমুদ্র ঘাটে জড়ো করা ২৮ নারী-পুরুষ ও শিশুকে আটক করেছে পুলিশ। দৈনিক ইত্তেফাক
- মিয়ানমারবিষয়ক জাতিসংঘ মিশন এক প্রতিবেদনে মুসলমানদের বিরুদ্ধে গণহত্যা চালানোর কারণে মিয়ানমার সামরিক বাহিনীর সঙ্গে অর্থনৈতিকসহ অন্যান্য সম্পর্ক ছিন্ন করার জন্য সব দেশের প্রতি আহ্বান জানিয়েছে জাতিসংঘের ফ্যাক্ট ফাইন্ডিং মিশন। যুগান্তর, ১৫ মে
- কার্গো জাহাজ আটকের ঘটনায় যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে আন্তর্জাতিক আইন লঙ্ঘনের অভিযোগ করেছে উত্তর কোরিয়া। সংবাদ, ১৫ মে

**১৫ মে**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ স্বাস্থ্য পরীক্ষার জন্য লন্ডন পৌঁছেছেন। দৈনিক ইত্তেফাক, ১৬ মে
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ছাত্রলীগের সভাপতি রেজওয়ানুল হক চৌধুরী শোভন ও সাধারণ সম্পাদক গোলাম রাব্বানী গণভবনে সাক্ষাৎ করতে গেলে আওয়ামী লীগের ভ্রাতৃপ্রতিম এই সংগঠনের সদ্য ঘোষিত পূর্ণাঙ্গ কমিটি থেকে 'বিতর্কিতদের' বাদ দেওয়ার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। সমকাল, ১৬ মে
- ভূমধ্যসাগরে নৌকাডুবিতে নিখোঁজ ৩৯ বাংলাদেশি: পররাষ্ট্র মন্ত্রণালয়ের তথ্য। যুগান্তর, ১৬ মে
- রোহিঙ্গা গণহত্যার মূল পরিকল্পনাকারী হিসেবে অভিযুক্ত মিয়ানমারের সেনাপ্রধানের টুইটার অ্যাকাউন্টও বন্ধ করে দিয়েছে টুইটার কর্তৃপক্ষ। যুগান্তর, ১৬ মে
- ডাবলিনের ক্যাস্টল অ্যাভিনিউয়ে ত্রিদেশীয় সিরিজে লীগ পর্বের শেষ ম্যাচে আয়ারল্যান্ডকে ৬ উইকেটে হারিয়ে ফাইনালে বাংলাদেশ। দৈনিক ইত্তেফাক, ১৬ মে

**১৬ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সৌদি বাদশাহ সালমান বিন আব্দুল আজিজ আল সৌদ চলতি রমজানের শেষ নাগাদ মক্কায় অনুষ্ঠেয় ১৪তম ওআইসি (অর্গানাইজেশন অব ইসলামিক কো-অপারেশন) সম্মেলনে যোগদানের জন্য আমন্ত্রণ জানিয়েছেন। দৈনিক ইত্তেফাক, ১৭ মে



- প্রধানমন্ত্রীর দূরদর্শী সিদ্ধান্তের ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক বাণিজ্যিক ব্যাংকগুলোর ভালো গ্রাহকদের জন্য ভালো সুবিধা ও ঋণখেলাপিদের জন্য প্যাকেজ ছাড় দিয়ে আলাদা দুটি বিশেষ নীতিমালা জারি। যুগান্তর, ১৭ মে
- হত্যাকাণ্ড ঘটার ১০ দিনের মধ্যে সুরতহাল ও ময়নাতদন্ত রিপোর্ট সংশ্লিষ্ট চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত (সিএমএম) ও চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে (সিজিএম) দাখিল করার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। দৈনিক ইত্তেফাক, ১৭ মে
- ৮০ হাজার কোটি টাকা ব্যয়ের চ্যালেঞ্জ নিয়ে চলতি অর্থবছরের সংশোধিত এডিপি ঘোষণা। যুগান্তর, ১৬ মে
- সফররত মালয়েশিয়ার প্রতিরক্ষা উপমন্ত্রী লিউ চিন টংয়ের নেতৃত্বে একটি প্রতিনিধি দল কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেন। দৈনিক ইত্তেফাক, ১৮ মে
- ঢাকার ৫৯ এলাকায় পানি বেশি দূষিত: হাইকোর্টে ওয়াসার প্রতিবেদন। যুগান্তর, ১৭ মে
- পুনঃমূল্যায়ন নয়, নিরীক্ষা হয় উত্তরপত্র: মাধ্যমিক রেকর্ড ৩৬৯৯১১ পত্র চ্যালেঞ্জ। যুগান্তর, ১৬ মে
- প্রাথমিক স্কুলে মুসলমান মেয়েদের হিজাব বা মাথায় যে কোনো ধরনের কাপড় পরা নিষিদ্ধ করে আইন পাস করেছে অস্ট্রিয়া সরকার।
- ইরানের চারপাশে বজ্রক্ষেপণাস্ত্র মোতায়েন যুক্তরাষ্ট্রের: সার্জিক্যাল হামলার উসকানি সৌদি পত্রিকার। যুগান্তর, ১৮ মে

**১৭ মে**

- যথাযোগ্য মর্যাদায় নানা আয়োজনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত। দৈনিক ইত্তেফাক, ১৮ মে
- আয়ারল্যান্ডের ডাবলিনে দ্য ভিলেজের ম্যালাহাইড ক্রিকেট ক্লাব মাঠে ত্রিদেশীয় ওয়ানডে সিরিজের ফাইনালে ওয়েস্ট ইন্ডিজকে ৫ উইকেটে হারিয়ে ক্রিকেট ইতিহাসে প্রথমবারের মতো চ্যাম্পিয়ন বাংলাদেশ। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছেন। সমকাল, ১৮ মে

- পদ্মা রেল লিংক সেতু প্রকল্পে নির্মাণাধীন পদ্মা সেতুতে বসানো হয়েছে প্রথম রেলওয়ে স্প্যান। যুগান্তর, ১৮ মে
- জাতিসংঘের উপকূলীয় অঞ্চলে স্থিতিস্থাপকতায় আন্তর্জাতিক পুরস্কার পেয়েছে বাংলাদেশে চলমান 'রিজিলিন্স সলিউশন' প্রকল্প। যুগান্তর, ১৮ মে
- ইসরাইল-ফিলিস্তিন সহিংসতার অবসানে মার্কিন পরিকল্পনাকে অগ্রহণযোগ্য আত্মসমর্পণ বলে আখ্যায়িত করেছেন ফিলিস্তিনের পররাষ্ট্রমন্ত্রী রিয়াদ মালিকি। দৈনিক ইত্তেফাক, ১৮ মে

**১৮ মে**

- উৎক্ষেপণের এক বছর পর বাণিজ্যিক সম্প্রচারে গেল দেশের প্রথম উপগ্রহ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ (বিএস-১)।
- জাতিসংঘের পরিচয়পত্র পেয়েছে বাংলাদেশে বসবাসরত ২ লাখ ৭০ হাজার ৩৪৮ রোহিঙ্গা শরণার্থী–জেনেভায় সাংবাদিকদের জাতিসংঘের শরণার্থী সংস্থা (ইউএনএইচসিআর)-এর মুখপাত্র আন্দ্রেজ মাহেসিক। দৈনিক জনকণ্ঠ, ১৯ মে
- কক্সবাজারের টেকনাফ ও পেকুয়ায় অভিযান চালিয়ে অবৈধভাবে সাগরপথে মালয়েশিয়াগামী ৮৪ জন রোহিঙ্গাকে উদ্ধার করেছে কোস্টগার্ড ও পুলিশ। যুগান্তর, ১৯ মে
- ব্রিটেনে ব্রেক্সিট ইস্যুতে কোনো চুক্তি ছাড়াই দেশটির প্রধানমন্ত্রী থেরেসা মের সঙ্গে বিরোধী লেবার পার্টির আলোচনা সম্পন্ন। দৈনিক ইত্তেফাক

**১৯ মে**

- গণভবনে এতিম শিশুদের সঙ্গে ইফতার করলেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ২০ মে
- সরকার গঠনের পাঁচ মাস পর মন্ত্রিসভায় রদবদল এনেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা: মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন জারি। যুগান্তর, ২০ মে
- সিঙ্গাপুরে চিকিৎসা শেষে দেশে ফেরার পর প্রথমবারের মতো সচিবালয়ে নিজ দপ্তরে অফিস করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সংবাদ, ১৯ মে



- দেশের প্রথম কৃত্রিম উপগ্রহ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণের বর্ষপূর্তি ও সেবা বিপণন কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্‌বোধন করেছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ। যুগান্তর, ২০ মে
- মুক্তিযোদ্ধাদের ন্যূনতম বয়স ১২ বছর ছয় মাস নির্ধারণ করে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের সংশোধিত পরিপত্র অবৈধ ঘোষণা করেছেন হাইকোর্ট। যুগান্তর, ২০ মে
- ঘূর্ণিঝড় ফণীর আঘাতে ক্ষতিগ্রস্ত এলাকায় ফসল ঋণ আদায় এক বছরের জন্য স্থগিত, সহজ শর্তে খেলাপি ঋণ পুনঃতপশিলকরণ ও কৃষিঋণ বিতরণ জোরদার করার নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগ। কালের কণ্ঠ
- মঞ্চ, টিভি ও চলচ্চিত্রাভিনেত্রী এবং মুক্তিযোদ্ধা মায়া ঘোষের (৭০) মৃত্যু। যুগান্তর (অনলাইন), ১৯ মে
- ভারতের ১৭তম লোকসভা নির্বাচনের ভোটগ্রহণ সম্পন্ন। যুগান্তর, ২০ মে

**২০ মে**

- আগামী ২০১৯-২০ অর্থবছরের জন্য ৫ লাখ ২৩ হাজার কোটি টাকার খসড়া বাজেট প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে উপস্থাপন করেছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। দৈনিক ইত্তেফাক, ২১ মে
- কাজের গতি বাড়াতে মন্ত্রিসভায় পরিবর্তন আনা হয়েছে–মন্ত্রিসভায় পুনর্বিন্যাস প্রসঙ্গে সেতু ভবনে সাংবাদিকদের আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। যুগান্তর, ২১ মে
- বাংলাদেশ মিশনের কার্যক্রম ও সেবাপ্রত্যাশীদের সঙ্গে কর্মকর্তা-কর্মচারীদের আচরণে বিব্রত পররাষ্ট্র মন্ত্রণালয়: বিশ্বের বিভিন্ন দেশে থাকা বাংলাদেশ মিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সতর্ক করে চিঠি পাঠিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. একে আব্দুল মোমেন। যুগান্তর, ২৪ মে
- দেশের নাগরিকদের পরিচিতির ক্ষেত্রে সরকারি প্রজ্ঞাপন অনুযায়ী জুডিশিয়ারিসহ সবক্ষেত্রেই বাবার নামের সঙ্গে মায়ের নাম সংযুক্ত করতে রুল জারি করেছেন হাইকোর্ট। দৈনিক জনকণ্ঠ, ২১ মে

- পাবনার রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্পের 'বালিশ' কেলেঙ্কারির ঘটনায় গণপূর্ত মন্ত্রণালয় গঠিত তদন্ত কমিটিকে প্রতিবেদন দাখিলের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। দৈনিক ইত্তেফাক, ২১ মে
- ইরান-যুক্তরাষ্ট্র চলমান উত্তেজনার ইস্যুতে ইরানের সম্ভাব্য হামলা ঠেকাতে সমুদ্রসীমায় সৌদি আরবসহ কয়েকটি উপসাগরীয় দেশ মার্কিন সেনা মোতায়েন ও সামরিক স্থাপনার অনুমোদন দিয়েছে। কালের কণ্ঠ

**২১ মে**

- জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বৈঠকে আগামী অর্থবছরের (২০১৯-২০২০) জন্য উন্নয়ন বাজেটে প্রথমবারের মতো রেকর্ড ২ লাখ ২ হাজার ৭২১ কোটি টাকার বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অনুমোদন। দৈনিক ইত্তেফাক, ২২ মে
- আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে বিভিন্ন পেশাজীবীদের সঙ্গে ইফতার মাহফিলে অংশ নেন। দৈনিক ইত্তেফাক, ২২ মে
- বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বিচারে কেরানীগঞ্জ কেন্দ্রীয় কারাগারের ভেতর আদালত স্থানান্তর করে সরকারের জারি করা প্রজ্ঞাপন বাতিল চেয়ে আইন সচিবকে আইনি নোটিশ পাঠিয়েছেন খালেদা জিয়ার আইনজীবী। যুগান্তর, ২২ মে
- ব্যাংক ঋণের সুদের হার সিঙ্গেল ডিজিট বা ৯ শতাংশ কার্যকর করতে যৌথভাবে মনিটরিং সেল গঠন করবে অর্থ মন্ত্রণালয় ও কেন্দ্রীয় ব্যাংক, ঋণের সুদ ৯ শতাংশ না হলে এডিপির অর্থ নয়: এ নির্দেশনা দিয়েছে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ। যুগান্তর, ২২ মে
- ইরানের সঙ্গে সামরিক সংঘাতের বিরোধিতা করছেন বেশির ভাগ মার্কিন নাগরিক– দ্য রয়টার্স/ইপসস পাবলিক অপিনিয়ন পোলে জরিপের ফলাফল প্রকাশ। সংবাদ, ২৩ মে
- মার্কিন বিমানবাহিনীর প্রধান হিসেবে সাবেক রাষ্ট্রদূত ও এরিজোনার ব্যবসায়ী এবং এরোস্পেস করপোরেশনের সাবেক প্রধান বারবারা বেরেটের (৬৮) নাম ঘোষণা করেছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। যুগান্তর



- বিশ্বকাপের আগে শেষ আন্তর্জাতিক ম্যাচে এডিনবার্গে সিরিজের দ্বিতীয় ও শেষ ওয়ানডেতে স্বাগতিক স্কটল্যান্ডের বিপক্ষে ডাকওয়ার্থ-লুইস পদ্ধতিতে ৩৫ রানে জিতেছে শ্রীলংকা। সংবাদ, ২৩ মে

**২২ মে**

- স্বাস্থ্য পরীক্ষা করাতে জার্মানির ফ্রাঙ্কফুর্ট এসেছেন সফররত রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। যুগান্তর
- আগামী অর্থবছরের বাজেট বিষয়ে এনবিআর চেয়ারম্যান মো. মোশাররফ হোসেনের নেতৃত্বে এনবিআর বাজেট প্রস্তুত কমিটির কর্মকর্তারা পরামর্শ নিতে গণভবনে গেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী অর্থবছরে ব্যবসায়ীদের সঙ্গে পরামর্শ করেই ভ্যাট (ভ্যালু অ্যাডেড ট্যাক্স) আইন ২০১২ বাস্তবায়নের নির্দেশ দিয়েছেন। দৈনিক ইত্তেফাক, ২৩ মে
- জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে চাকরিরত অথবা কেউ চাকরিতে যোগদানের আগে ডোপ টেস্ট করার ব্যাপারে মন্ত্রণালয়কে পরামর্শ দিয়েছে সংসদীয় কমিটি। কালের কণ্ঠ
- বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশনের (বিএসটিআই) পরীক্ষায় নিম্নমান প্রমাণিত হওয়া ৫২টি প্রতিষ্ঠানের উৎপাদক ও বাজারজাতকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা হয়েছে। দৈনিক ইত্তেফাক, ২৩ মে
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের গ্রিনসিটি আবাসিক প্রকল্পে বালিশ দুর্নীতির ঘটনায় গণপূর্ত বিভাগ পাবনার নির্বাহী প্রধান মাসুদুল আলমকে প্রত্যাহার করেছে। সমকাল, ২৩ মে
- একুশে পদকপ্রাপ্ত বিশিষ্ট নজরুলসংগীতশিল্পী, গবেষক ও স্বরলিপিকার খালিদ হোসেনের (৮৪) ইন্তেকাল। সমকাল (অনলাইন) ২২ মে
- ব্রেক্সিট নিয়ে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী থেরেসা মে'র সর্বশেষ পরিকল্পনায় সমর্থন দিয়েছে তাঁর মন্ত্রিসভা। বাংলাদেশ প্রতিদিন, ২৩ মে

**২৩ মে**

- জার্মানির ফ্র্যাঙ্কফুর্ট সফররত রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে ইউরো-বাংলাদেশ রূপকল্প-২০৪১ গবেষণা কেন্দ্রের একটি প্রতিনিধি দলের সাক্ষাৎ। যুগান্তর, ২৮ মে

- সংসদ ভবনে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে সংসদ সচিবালয় কমিশনের ৩০তম সভায় 'বাংলাদেশ জাতীয় সংসদের জন্য উন্নয়ন ও অনুন্নয়ন' খাতে মোট ৩২৮ কোটি ২২ লাখ টাকার প্রাক্কলিত বাজেট অনুমোদন। দৈনিক ইত্তেফাক, ২৪ মে
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে বিচারপতি, কূটনীতিক এবং উচ্চপদস্থ বেসামরিক ও সামরিক কর্মকর্তাদের সম্মানে ইফতার মাহফিলের আয়োজন করেন। যুগান্তর, ২৪ মে
- ভারতের লোকসভা নির্বাচনে বিজয়ী হয়ে টানা দ্বিতীয়বারের মতো ক্ষমতায় বসতে যাওয়া দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে শুভেচ্ছা ও বাংলাদেশে সফরের আমন্ত্রণ জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৪ মে
- দিনের বেলা খোঁড়াখুঁড়ি করা যাবে না উল্লেখ করে 'রাজধানীর সড়ক খনন নীতিমালা-২০১৯' খসড়া চূড়ান্ত করেছে স্থানীয় সরকার বিভাগ। যুগান্তর, ২৩ মে
- এসএসসি, এইচএসসি ও সমমানের পরীক্ষার্থীদের খাতা (উত্তরপত্র) পুনর্মূল্যায়নের বিধান না থাকা কেন অবৈধ ও বেআইনি ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট। যুগান্তর, ২৪ মে
- ৫২টি মানহীন পণ্য বাজার থেকে প্রত্যাহার না করায় নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ওপর অসন্তোষ প্রকাশ করেছেন হাইকোর্ট। যুগান্তর, ২৪ মে
- ভারতের লোকসভা নির্বাচনে পরাজয় বরণ করে নির্বাচনে বিজয়ী হওয়া বিজেপির নরেন্দ্র মোদিকে অভিনন্দন জানিয়েছেন প্রধান প্রতিদ্বন্দ্বী কংগ্রেসের রাহুল গান্ধী। যুগান্তর, ২৪ মে
- ইরান-যুক্তরাষ্ট্র চলমান ইস্যুতে 'যদি বোমা হামলা চালানোও হয়, তবুও মার্কিন চাপ কিংবা নিজেদের লক্ষ্য থেকে সরে যাবে না ইরান'–দেশটির এক টিভি অনুষ্ঠানে বক্তব্যে প্রেসিডেন্ট হাসান রুহানি। দৈনিক জনকণ্ঠ, ২৪ মে
- ভূমধ্যসাগরের লিবিয়া উপকূল থেকে ১৪ বাংলাদেশিসহ ২৯০ জন শরণার্থীকে উদ্ধার করেছে লিবিয়ার নৌবাহিনী। দৈনিক জনকণ্ঠ, ২৪ মে



**২৪ মে**

- দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষার প্রশ্ন ফাঁস। যুগান্তর, ২৫ মে
- প্রতিকূল আবহাওয়া এবং ক্রেনের লিফটিং সমস্যার কারণে পদ্মা সেতুর মাওয়া প্রান্তের ১৪ ও ১৫ নম্বর খুঁটির উপর ১৩তম স্প্যান বসানো সম্ভব হয়নি: পদ্মা সেতু প্রকল্প পরিচালক শফিকুল ইসলাম। যুগান্তর, ২৫ মে
- শান্তিরক্ষা মিশনে নিহত ১২ বাংলাদেশি শান্তিরক্ষীকে মরণোত্তর 'দ্যাগ হ্যামারশোল্ড মেডেল' সম্মাননা জানাল জাতিসংঘ। দৈনিক ইত্তেফাক, ২৬ মে
- যুক্তরাজ্যের ১০ নম্বর ডাউনিং স্ট্রিটে প্রধানমন্ত্রীর সরকারি বাসভবনের সামনে বিবৃতিতে ব্রেক্সিট নিয়ে নানামুখী টানাপোড়েনের পর অবশেষে ৭ জুন পদত্যাগের ঘোষণা দিয়েছেন ব্রিটিশ প্রধানমন্ত্রী থেরেসা মে দৈনিক ইত্তেফাক, ২৫ মে

**২৫ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে দ্বিতীয় মেঘনা সেতু এবং দ্বিতীয় গোমতী সেতু দেশের সবচেয়ে দীর্ঘ বিরতিহীন ট্রেন সার্ভিস পঞ্চগড় এক্সপ্রেসের উদ্‌বোধন করেছেন। দৈনিক ইত্তেফাক, ২৬ মে
- আসন্ন ২০১৯-২০ অর্থবছরের বাজেট ৫ লাখ কোটি টাকার বেশি হবে বলে গণভবনে ইফতার মাহফিলে বক্তব্যে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক জনকণ্ঠ, ২৬ মে
- সাতক্ষীরায় মেডিকেল কলেজ ও সদর হাসপাতালের ১৭ কোটি টাকার কেনাকাটায় ১২ কোটিই লোপাট। যুগান্তর, ২৬ মে
- আফগানিস্তান এবং ইরাক যুদ্ধের ওপর লাখো গোপন নথি ও দলিল প্রকাশ করে যুক্তরাষ্ট্রের গুপ্তচরবৃত্তি আইন লঙ্ঘন করেছেন মর্মে উইকিলিক্স প্রতিষ্ঠাতা জুলিয়ান অ্যাসাঞ্জের বিরুদ্ধে নতুন ১৭টি অপরাধের অভিযোগ এনেছে যুক্তরাষ্ট্র। যুগান্তর, ২৬ মে

**২৬ মে**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ তাঁর নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা ও চোখের চিকিৎসার জন্য যুক্তরাজ্য ও জার্মানিতে ১১ দিনের সফর শেষে দেশে ফিরেছেন। দৈনিক জনকণ্ঠ, ২৭ মে
- গণভবনে জয়িতা ফাউন্ডেশনের বোর্ড অব গভর্ন্যান্সের বিশেষ সভায় সূচনা বক্তব্যে মেয়েদের কর্মসংস্থানে কারিগরি শিক্ষার ওপর গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ২৭ মে
- আওয়ামী লীগ সভাপতির ধানমন্ডির রাজনৈতিক কার্যালয়ে উপস্থিত হয়ে বিএনপির তিন সদস্যের প্রতিনিধি দল ২৮ মে রাজধানীর লেডিস ক্লাবে বিএনপি আয়োজিত রাজনীতিবিদ, সুশীলসমাজের প্রতিনিধি ও বিশিষ্টজনদের সম্মানে ইফতার মাহফিলে আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরকে দাওয়াত দিয়েছে। যুগান্তর, ২৭ মে
- সংসদ ভবনে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে বেতনভাতা উত্তোলনকারী রাজাকারদের তালিকা থানা/মহকুমা/জেলা প্রশাসন থেকে যথাযথভাবে সংগ্রহ, সংরক্ষণ এবং প্রকাশের সুপারিশ করেছে সংসদীয় কমিটি। দৈনিক ইত্তেফাক, ২৭ মে
- আসন্ন ২০১৯-২০ অর্থবছরের বাজেটে ঘাটতি পূরণ; বাড়বে ব্যাংক ঋণ, কমবে সঞ্চয়পত্রনির্ভরতা: শঙ্কা অর্থনীতিবিদদের। যুগান্তর, ২৬ মে
- রাজধানীর মালিবাগ মোড়ে বিস্ফোরণে পুলিশের এক সহকারী উপপরিদর্শকসহ (এএসআই) তিনজন আহত হওয়ার ঘটনার দায় স্বীকার করেছে ইসলামিক স্টেট (আইএস)। দৈনিক ইত্তেফাক, ২৮ মে
- বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বিচারের জন্য পুরান ঢাকা কেন্দ্রীয় কারাগার থেকে কেরানীগঞ্জের কেন্দ্রীয় কারাগারের ভেতর আদালত স্থানান্তরের প্রজ্ঞাপন প্রত্যাহার চেয়ে তার আইনজীবীরা হাইকোর্টে রিট করেছে। দৈনিক ইত্তেফাক, ২৭ মে
- ইরানের পররাষ্ট্র প্রতিমন্ত্রী আব্বাস আরাকচি ওমানের পররাষ্ট্রমন্ত্রী ইউসুফ বিন আলাওয়ির সঙ্গে সাক্ষাৎকালে জানান, চলমান উত্তেজনার পরিপ্রেক্ষিতে যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা শুরুর খবর নাকচ করে দিয়েছে ইরান। যুগান্তর



- থাইল্যান্ডের সাবেক প্রধানমন্ত্রী ও সেনাপ্রধান প্রেম তিনসুলানন্দা ৯৮ বছর বয়সে ব্যাংককের একটি হাসপাতালে মারা গেছেন। যুগান্তর
- কার্ডিফের সোফিয়া গার্ডেন্সে নিজেদের প্রথম বিশ্বকাপ প্রস্তুতি ম্যাচে বাংলাদেশ-পাকিস্তানের খেলা বৃষ্টির কারণে পরিত্যক্ত। দৈনিক জনকণ্ঠ, ২৭ মে

**২৭ মে**

- ৩০ মে দ্বিতীয় মেয়াদে ভারতের প্রধানমন্ত্রী হিসেবে নরেন্দ্র মোদির শপথগ্রহণ অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ যোগ দেবেন: সাংবাদিকদের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মো. শহিদুল হক। যুগান্তর, ২৮ মে
- লন্ডনে চোখের ছানি অস্ত্রোপচারের তিন সপ্তাহ পর রাজধানীর সোবহানবাগে 'দীন মোহাম্মদ আই হাসপাতালে' ফলোআপ চিকিৎসা নিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সমকাল, ২৮ মে
- কাজের মাধ্যমে জনগণের আস্থা অর্জন করতে হবে: প্রধানমন্ত্রীর কার্যালয়ের করবী হলে অনুষ্ঠিত ময়মনসিংহ সিটি করপোরেশনের নবনির্বাচিত মেয়র ও কাউন্সিলরদের শপথগ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সমকাল, ২৮ মে
- রোহিঙ্গা ইস্যুতে কেনিয়ার রাজধানী নাইরোবিতে অনুষ্ঠিত ইউএন-হ্যাবিটাট অ্যাসেম্বলির একটি সেশনে বাংলাদেশের অবস্থান তুলে ধরেছেন গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী শ ম রেজাউল করিম। দৈনিক ইত্তেফাক, ২৮ মে
- বিদ্যমান অনলাইন সংবাদ পোর্টালগুলো সরকারি নিবন্ধনের জন্য ৩০ জুন পর্যন্ত তথ্য অধিদপ্তরে আবেদনপত্র জমা দিতে পারবে: তথ্য মন্ত্রণালয় সংক্রান্ত একটি সরকারিপত্র জারি। যুগান্তর
- বৈদেশিক মুদ্রায় ঋণ পাবে দেশি কোম্পানি: অফশোর ব্যাংকিংয়ের নীতিমালা শিথিল। যুগান্তর,২৮ মে
- এক প্রতিবন্ধী কৃষকের বাড়ি এসে সরকার নির্ধারিত মূল্যে প্রায় দেড় টন ধান সংগ্রহ করলেন নীলফামারীর সৈয়দপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও)। যুগান্তর

- ভারতে মুসলিম হত্যা বন্ধে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছেন লোকসভা ভোটে হায়দরাবাদ থেকে পুনরায় জয়ী হওয়া দেশটির ইসলামিক নেতা অল ইন্ডিয়া মজলিসে ইত্তেহাদুল মুসলেমিনের (এআইএমআইএম) প্রধান আসাদুদ্দিন ওয়াইসি। দৈনিক ইত্তেফাক, ২৮ মে

**২৮ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাপান, সৌদি আরব ও ফিনল্যান্ড সফরের উদ্দেশে ঢাকা ত্যাগ করেছেন। যুগান্তর
- রাজস্ব আয়ে কাটছাঁটের মধ্য দিয়ে চলতি অর্থবছরের (২০১৮-২০১৯) সংশোধিত বাজেট চূড়ান্ত করা হয়েছে। এর আকার দাঁড়িয়েছে ৪ লাখ ৪২ হাজার ৫৪৪ কোটি টাকা, যা নির্ধারিত ছিল ৪ লাখ ৬৪ হাজার ৫৭০ কোটি টাকা। অর্থাৎ ব্যয় কমানো হলো ২২ হাজার ২৬ কোটি টাকা। যুগান্তর
- পল্লী বিদ্যুৎ সমিতিতে অভিযান চালানোর পর অনিয়মের অভিযোগে চাঁপাইনবাবগঞ্জ, কুষ্টিয়া, রাজবাড়ী, খাগড়াছড়ি ও পটুয়াখালী–পাঁচ জেলা প্রশাসককে চিঠি দিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। যুগান্তর
- সুপ্রিমকোর্টের অনন্য নজির, গত সাড়ে ৪ মাসে নিস্পত্তি ৪৩ হাজার মামলা, মামলা জট নিরসনে প্রধান বিচারপতির উদ্যোগ। নিঃসন্দেহে ভালো উদ্যোগঃ ব্যারিস্টার শফিক। ডায়নামিক সিদ্ধান্তঃ রেজিস্ট্রার জেনারেল ড. জাকির হোসেন। যুগান্তর, ২৮ মে
- পশ্চিম রাখাইন রাজ্যে ২০১৭ সালে ১০ জন সংখ্যালঘু রোহিঙ্গা মুসলিমকে হত্যার দায়ে গ্রেফতার সাত সেনাসদস্যকে এক বছরেরও কম সময়ে মুক্তি দিয়েছে মিয়ানমার। যুগান্তর, ২৮ মে
- তুরস্কের ইস্তানবুলে প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগানের সঙ্গে সাক্ষাৎ করেছেন ইরাকের প্রেসিডেন্ট বাহরাম সালিহ। যুগান্তর

**২৯ মে**

- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির শপথগ্রহণ অনুষ্ঠানে যোগ দিতে তিনদিনের সফরে নয়াদিল্লি পৌঁছেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। দৈনিক ইত্তেফাক, ৩০ মে



- জাপানের প্রধানমন্ত্রী আবে শিনজোর কার্যালয়ে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে বৈদেশিক উন্নয়ন সহায়তার (ওডিএ) আওতায় বাংলাদেশের সঙ্গে জাপানের ২৫০ কোটি ডলারের চুক্তি স্বাক্ষরিত। দৈনিক ইত্তেফাক, ৩০ মে
- টোকিওতে বাংলাদেশ-জাপানের শীর্ষ ব্যবসায়ীদের সঙ্গে মতবিনিময়কালে ব্যবসায়ীদের বাংলাদশে বেশি বেশি বিনিয়োগের আহ্বান জানিয়েছেন দেশটিতে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সমকাল, ৩০ মে
- কারাগারে থেকে অসুস্থ হয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) চিকিৎসাধীন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার শারীরিক অবস্থা আগের চেয়ে উন্নতি হয়েছে–নিজ কার্যালয়ে প্রেসব্রিফিংয়ে বিএসএমএমইউ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল একে মাহবুবুল হক। সমকাল, ৩০ মে
- পেনশন ফাইল চারদিনে নিষ্পত্তির রেকর্ড এবং অন্যান্য সেবা প্রদানেও আমূল পরিবর্তন, পদোন্নতি ও পদায়নে প্রধান মাপকাঠি হবে মেধা যোগ্যতাঃ সেবায় এগিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়। যুগান্তর, ৩০ মে
- উত্তর ইরাকে কুর্দিবিরোধী অভিযান 'অপারেশন ক্লোতে' দেশীয় তৈরি 'বোরা' ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা চালিয়েছে তুরস্ক। যুগান্তর
- লন্ডনে বাকিংহাম রাজপ্রাসাদের সামনে ৬০ সেকেন্ডের ক্রিকেটে 'বিশ্বকাপ-২০১৯' এর 'ওপেনিং পার্টি' অনুষ্ঠিত হয়। যুগান্তর, ৩০ মে

**৩০ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে টোকিওতে জাইকার প্রেসিডেন্ট শিনিচি কিতাওকা সৌজন্য সাক্ষাৎ করেন। সমকাল, ৩১ মে
- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডাকসুর কার্যনির্বাহী পরিষদের সভায় ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) আজীবন সদস্যপদ দেওয়া হয়েছে। যুগান্তর, ৩১ মে
- আসন্ন ইদুলফিতর উপলক্ষ্যে ঘোষিত ছুটির দিনে ব্যাংকের সব ব্যাবসাকেন্দ্রসহ গুরুত্বপূর্ণ স্থাপনাগুলোর সাইবার নিরাপত্তাসহ সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য বিশেষ নির্দেশনা দিয়ে কেন্দ্রীয় ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি। যুগান্তর, ৩০ মে

- মানবতাবিরোধী অপরাধের অভিযোগে ফেনীর তিন রাজাকারের বিরুদ্ধে চূড়ান্ত তদন্ত প্রতিবেদন প্রকাশ করেছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থা। দৈনিক জনকণ্ঠ, ৩১ মে
- প্রশ্নফাঁসের সঙ্গে জড়িত ঢাবির ৮৭ শিক্ষার্থীসহ ১২৫ জনের নামে অভিযোগপত্র চূড়ান্ত করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। যুগান্তর
- বঙ্গোপসাগরে অভিযান চালিয়ে ৫৮ মালয়েশিয়াগামী রোহিঙ্গাকে উদ্ধার করেছে কোস্টগার্ড। যুগান্তর
- আফগানিস্তানের রাজধানী কাবুলে একটি সামরিক প্রশিক্ষণ কেন্দ্রে বোমা হামলায় ছয়জন নিহত এবং আরও ছয়জন আহত হয়েছেন। দৈনিক ইত্তেফাক, ৩১ মে
- ভারতের ১৭তম লোকসভা নির্বাচনে বিপুল ম্যান্ডেট নিয়ে বিজয়ের পর দ্বিতীয় মেয়াদে দেশটির প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন নরেন্দ্র মোদি। দৈনিক ইত্তেফাক, ৩১ মে

**৩১ মে**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির শপথগ্রহণ অনুষ্ঠানে যোগদানের লক্ষ্যে তিনদিনের নয়াদিল্লি সফর শেষে দেশে ফিরেছেন। যুগান্তর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাপানে চারদিনের সরকারি সফর শেষে অর্গানাইজেশন অব ইসলামিক কো-অপারেশনের (ওআইসি) ১৪তম সম্মেলনে যোগ দিতে শুক্রবার সৌদি আরবের উদ্দেশে টোকিও ত্যাগ করেছেন। যুগান্তর, ৩১ মে
- দলের চেয়ারপারসন খালেদা জিয়ার নিঃশর্ত মুক্তি ও সুচিকিৎসার দাবিতে রাজধানীতে বিক্ষোভ মিছিল করেছে বিএনপিসহ অঙ্গসংগঠনের নেতাকর্মীরা। যুগান্তর, ১ জুন
- ভাষাসৈনিক ও কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের প্রথম নারী শিক্ষক প্রফেসর লায়লা নূর ইন্তেকাল করেছেন। যুগান্তর, ১ জুন



- প্রধানমন্ত্রী হিসেবে নরেন্দ্র মোদির শপথগ্রহণের ২৪ ঘণ্টার মধ্যেই পণ্য রপ্তানির ক্ষেত্রে ভারতকে দেওয়া বিশেষ বাণিজ্যিক সুবিধা (জিএসপি) বিজ্ঞপ্তির ম্যাধমে বাতিল করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। যুগান্তর, ১ জুন
- পরমাণু নিরস্ত্রীকরণ ইস্যুতে ট্রাম্প-কিম বৈঠক ব্যর্থতার দায়ে উত্তর কোরীয় দূতকে মৃত্যুদণ্ড দিয়েছে পিয়ংইয়ং। একই অপরাধে পররাষ্ট্র মন্ত্রণালয়ের আরও ৪ কর্মকর্তাকেও মৃত্যুদণ্ড দিয়েছে কিম প্রশাসন। যুগান্তর, ১ জুন

## জুন

**১ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা মক্কায় ইসলামিক সহযোগিতা সংস্থা অর্গানাইজেশন অব ইসলামিক কো-অপারেশনের (ওআইসি) ১৪তম শীর্ষ সম্মেলনে অংশ নেন। (এ সময় তিনি প্রতিকূল অর্থনৈতিক, প্রতিবেশ ও নিরাপত্তার সঙ্গে খাপ খাওয়ানোর লক্ষ্যে ওআইসি সদস্য রাষ্ট্রসমূহকে ব্যাপক পরিকল্পনা গ্রহণ ও নির্যাতিত রোহিঙ্গারা মিয়ানমারে তাদের অধিকার নিয়ে বসবাস করতে পারে, তা নিশ্চিত করতে ওআইসিভুক্ত দেশগুলোয় এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন)। দৈনিক ইত্তেফাক, ২ জুন
- মন্ত্রী পদমর্যাদা পাওয়ায় ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আতিকুল ইসলাম ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানিয়েছেন। সমকাল, ২ জুন
- ২০১৪ সালে রচিত '১৯৭১ : ভেতর বাইরে' গ্রন্থটির ৩২ পৃষ্ঠায়, ঐতিহাসিক সাতই মার্চের ভাষণের শেষে বঙ্গবন্ধু 'জয় পাকিস্তান' বলেছেন, এ ঐতিহাসিক তথ্যবিভ্রান্তির অভিযোগের পরিপ্রেক্ষিতে ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাগর-রুনি মিলনায়তনে সংবাদ সম্মেলনে ভুল স্বীকার করে জাতির কাছে ক্ষমা চাইলেন মুক্তিযুদ্ধের উপসেনাপতি এয়ার ভাইস মার্শাল (অব.) এ কে খন্দকার। যুগান্তর, ২ জুন

- পবিত্র শবেকদর, পবিত্র ইদুলফিতর ও সাপ্তাহিক ছুটির কারণে পঞ্চগড় জেলার তেঁতুলিয়ায় বাংলাবান্ধা স্থলবন্দর দিয়ে বাংলাদেশ, ভারত, নেপাল ও ভুটানের (চতুর্দেশীয়) মধ্যে (১ জুন থেকে ৯ জুন) নয়দিন আমদানি-রপ্তানি বাণিজ্য বন্ধ থাকবে: সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। দৈনিক ইত্তেফাক
- নানা কর্মসূচির মধ্য দিয়ে জয়পুরহাটের কালাইয়ে গণমুখী সাংবাদিকতার পথিকৃৎ ও দৈনিক ইত্তেফাকের প্রতিষ্ঠাতা সম্পাদক তফাজ্জল হোসেন মানিক মিয়ার ৫০তম মৃত্যুবার্ষিকী পালিত। দৈনিক ইত্তেফাক, ২ জুন
- সাংবাদিক জামাল খাশোগিকে মরণোত্তর 'গোল্ডেন পেন অব ফ্রিডম' সম্মাননা দিয়েছে সংবাদপত্র ও সংবাদ প্রকাশকদের আন্তর্জাতিক সংগঠন ওয়ার্ল্ড অ্যাসোসিয়েশন অব নিউজপেপারস অ্যান্ড নিউজ পাবলিশার্স (ডাব্লিউএএন-আইএফআরএ)। দৈনিক জনকণ্ঠ, ৩ জুন
- আইসিসি ক্রিকেট বিশ্বকাপের দ্বাদশ আসরের ব্রিস্টলে অনুষ্ঠিত চতুর্থ ম্যাচে আফগানিস্তানকে ৭ উইকেটে হারিয়ে অস্ট্রেলিয়া জয়ী। দৈনিক ইত্তেফাক, ২ জুন

**২ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা পবিত্র নগরী মদিনায় মসজিদে নববিতে মহানবি হজরত মুহাম্মদ (সা.)-এর রওজা জিয়ারত করেছেন। যুগান্তর, ৩ জুন
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা সৌদি আরব সফর শেষে বাদশাহ আব্দুল আজিজ আন্তর্জাতিক বিমানবন্দর থেকে লুফ্‌ৎহানজা এয়ারলাইন্সের ফ্লাইটে ফিনল্যান্ডের উদ্দেশে রওয়ানা হন। সমকাল
- যথাযথ মর্যাদা ও ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে পবিত্র লাইলাতুল কদর পালিত। সংবাদ, ৩ জুন
- প্রখ্যাত নাট্যকার, অভিনেতা এবং ভাষাসৈনিক অধ্যাপক মমতাজউদদীন আহমদের (৮৫) ইন্তেকাল। তাঁর মৃত্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। সংবাদ, ৩ জুন
- উপসাগরীয় অঞ্চলে যুক্তরাষ্ট্রের যুদ্ধজাহাজ ইরানি ক্ষেপণাস্ত্রের আওতায় রয়েছে বলে মন্তব্য করেছেন দেশটির সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলি খোমেনি। কালের কণ্ঠ



- লন্ডনে দ্য ওভাল ক্রিকেট মাঠে অনুষ্ঠিত বিশ্বকাপে দক্ষিণ আফ্রিকাকে ২১ রানে হারিয়ে সর্বোচ্চ রানের রেকর্ড এবং ওয়ানডে ইতিহাসের সর্বোচ্চ স্কোরটি করার জন্য বাংলাদেশ ক্রিকেট দলকে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথকভাবে অভিনন্দন জানিয়েছেন। সংবাদ, ৩ জুন

**৩ জুন**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ পবিত্র ইদুলফিতর উপলক্ষ্যে এক বাণীতে দেশবাসীসহ বিশ্ববাসীকে শুভেচ্ছা ও মোবারকবাদ জানিয়েছেন। কালের কণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা পাঁচদিনের ত্রিদেশীয় সরকারি সফরে শেষ গন্তব্য ফিনল্যান্ড পৌঁছেছেন। সমকাল, ৪ জুন
- ১৯৭১ সালের ৭ মার্চ তৎকালীন রেসকোর্স ময়দানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বজ্রকণ্ঠে অগ্নিঝরা ভাষণ জাপানি ভাষায় প্রকাশ করেছে জাপানের টোকিওস্থ বাংলাদেশ দূতাবাস। দৈনিক ইত্তেফাক, ৪ জুন
- বিশ্ব ঐতিহ্য সুন্দরবনের বন্যপ্রাণীসহ প্রাণ-প্রকৃতি রক্ষা ও ইকো-টুরিস্টদের ঢল সামাল দিতে আসন্ন ইদুলফিতর উপলক্ষ্যে সরকারি ছুটির শেষ দিন পর্যন্ত সর্বোচ্চ সতর্কতা 'রেড অ্যালার্ট' জারি করেছে বন বিভাগ। কালের কণ্ঠ
- মক্কায় ইসলামি সহযোগিতা সংস্থা-ওআইসির শীর্ষ সম্মেলনে রোহিঙ্গাদের ওপর নিপীড়নের ঘটনায় মিয়ানমারের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ আদালতে মামলা করার সিদ্ধান্ত নিয়েছে ওআইসি। দৈনিক ইত্তেফাক, ৪ জুন
- মুসলিম মন্ত্রীদের পদত্যাগের দাবিতে দেশটির প্রভাবশালী বৌদ্ধ সন্ন্যাসী আথুরালিয়ে রাথানার আমরণ অনশনের পরিপ্রেক্ষিতে পদত্যাগ করেন শ্রীলঙ্কার সংখ্যালঘু মুসলিম সম্প্রদায়ের ৯ মন্ত্রী ও দুই মুসলিম রাজ্যপাল। সমকাল
- সচিবালয়ে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার আইসিসি ক্রিকেট বিশ্বকাপ-২০১৯ উপলক্ষ্যে বাংলাদেশ

ডাক অধিদপ্তর ১০ টাকা মূল্যমানের দুইটি স্মারক ডাকটিকিট এবং ৪০ টাকা মূল্যমানের একটি সুভেনির শিট অবমুক্ত করেন। যুগান্তর

- ইংল্যান্ডের নটিংহামের ট্রেন্ট ব্রিজে অনুষ্ঠিত বিশ্বকাপে স্বাগতিক ইংল্যান্ডকে ১৪ রানে হারিয়ে পাকিস্তান জয়ী। দৈনিক ইত্তেফাক, ৪ জুন

**৪ জুন**

- পবিত্র ইদুলফিতর উপলক্ষ্যে এক বিবৃতিতে দেশবাসীসহ বিশ্বের মুসলমানদের শুভেচ্ছা জানিয়েছেন আওয়ামী লীগের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সংবাদ, ৪ জুন
- ৭৩০ টাকার পাঞ্জাবি দ্বিগুণ দামে বিক্রির দায়ে আড়ংকে জরিমানা করা ভোক্তা অধিদপ্তরের আলোচিত কর্মকর্তা মঞ্জুর মোহাম্মদ শাহরিয়ারের বদলির আদেশ বাতিল করেছে জনপ্রশাসন। যুগান্তর
- বৃহস্পতিবার নয়, বুধবার ৫ জুন উদ্‌যাপিত হবে পবিত্র 'ইদুলফিতর'। বায়তুল মোকাররমে ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে ধর্মপ্রতিমন্ত্রীর নেতৃত্বে দ্বিতীয়বার অনুষ্ঠিত জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় সিদ্ধান্ত। যুগান্তর, ৪ জুন
- সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের দেশগুলোয় মুসলমানদের সবচেয়ে বড়ো ধর্মীয় অনুষ্ঠান ইদুলফিতর উদ্‌যাপিত। দৈনিক ইত্তেফাক, ৪ জুন
- ইংল্যান্ডের কার্ডিফের সোফিয়া গার্ডেন্সে বিশ্বকাপের সপ্তম ম্যাচে আফগানিস্তানের বিপক্ষে বৃষ্টি আইনে ৩৪ রানে জয়ী শ্রীলঙ্কা। দৈনিক ইত্তেফাক, ৮ জুন

**৫ জুন**

- রাজধানী ঢাকাসহ সারা দেশে যথাযোগ্য মর্যাদায়, ধর্মীয় ভাবগাম্ভীর্য ও আনন্দ-উচ্ছ্বাসের মধ্য দিয়ে পবিত্র ইদুলফিতর উদ্‌যাপিত। দৈনিক ইত্তেফাক, ৮ জুন
- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ পবিত্র ইদুলফিতর উপলক্ষ্যে বঙ্গভবনে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করেন। দৈনিক জনকণ্ঠ
- আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে বিভিন্ন দেশের কূটনীতিক ও দলের নেতাকর্মীদের সঙ্গে রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে



আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে পবিত্র ইদুলফিতর উপলক্ষ্যে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানের আয়োজন করেন দলের সাধারণ সম্পাদক সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। দৈনিক ইত্তেফাক, ৮ জুন

- বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) হাসপাতালে চিকিৎসাধীন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার স্বজনরা তার সঙ্গে সাক্ষাৎ করেন। যুগান্তর, ৮ জুন
- পবিত্র ইদুলফিতর উপলক্ষ্যে তিনদিনের জন্য বাংলাদেশ-ভারত হিলি সীমান্তের দুইপারের বাসিন্দাদের দেখা করার সুযোগ করে দিয়েছে দুই দেশের সীমান্তরক্ষী বাহিনী। সংবাদ, ৮ জুন
- মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এক বিবৃতিতে পবিত্র মাহে রমজান শেষে মুসলিমদের বড়ো উৎসব ইদুলফিতরের উষ্ণ শুভেচ্ছা জানিয়েছেন। যুগান্তর, ৮ জুন
- ইউরোপ সফরের অংশ হিসেবে বুদাপেস্টে হাঙ্গেরির প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎকালে মুসলিম বংশবিস্তারকে নিজেদের দেশের জন্য চ্যালেঞ্জ হিসেবে দেখছেন মিয়ানমারের ডি ফ্যাক্টো নেত্রী অং সান সু চির সঙ্গে একমত পোষণ করেন হাঙ্গেরির ডানপন্থি জাতীয়তাবাদী প্রধানমন্ত্রী ভিক্টর অরবান। যুগান্তর, ৮ জুন
- চলমান বিশ্বকাপে ইংল্যান্ডের ওভালে বাংলাদেশের বিপক্ষে ২ উইকেটে জয়ী নিউজিল্যান্ড। দৈনিক ইত্তেফাক, ৮ জুন

**৬ জুন**

- ভুটানে বিশ্ব পর্যটন সংস্থার কমিশন ফর সাউথ এশিয়ার ৫৭তম সম্মেলনে অনুষ্ঠিত। নির্বাচনে জাতিসংঘের পর্যটন সংস্থার সাধারণ পরিষদের ভাইস প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছে বাংলাদেশ। সংবাদ
- ঢাকাবাসী সংগঠন আয়োজিত ইদুলফিতর উপলক্ষ্যে বাংলাদেশ শিশু একাডেমি প্রাঙ্গণ থেকে ঐতিহ্যবাহী ইদ আনন্দ র‍্যালি কর্মসূচির উদ্‌বোধন করেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান এমপি। সংবাদ
- কক্সবাজারের টেকনাফে শিশু অপহরণকারী চক্রের সদস্য ৩ রোহিঙ্গা পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে নিহত। দৈনিক ইত্তেফাক

- ভারতের উত্তর প্রদেশে ধূলিঝড় এবং বজ্রপাতে ১৯ জনের মৃত্যু। আহত ৪৮ জন। সংবাদ
- চলমান বিশ্বকাপে ইংল্যান্ডের ট্রেন্ট ব্রিজে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ১৫ রানে জয়ী অস্ট্রেলিয়া। দৈনিক ইত্তেফাক

**৭ জুন**

- সারা দেশে যথাযোগ্য মর্যাদা ও বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে ঐতিহাসিক ছয় দফা পালিত। সংবাদ, ৮ জুন
- ফিনল্যান্ডে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আনতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ভিভিআইপি ফ্লাইটের ক্যাপ্টেন ফজল মাহমুদ পাসপোর্ট ছাড়াই ফিনল্যান্ডের উদ্দেশে রওয়ানা দিলে দোহা আন্তর্জাতিক বিমানবন্দরে তাকে আটকের ঘটনা তদন্তে চার সদস্যের উচ্চপর্যায়ের কমিটি গঠন করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। সংবাদ, ৮ জুন
- ছাত্রলীগের ৩০১ সদস্যের কেন্দ্রীয় কমিটি থেকে বিতর্কিতদের বাদ দিয়ে বঞ্চিতদের পদায়নের দাবিতে অবস্থান কর্মসূচি পালনরত পদবঞ্চিতরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্যে ইদ করেছেন। যুগান্তর, ৮ জুন
- ব্রেক্সিট বাস্তবায়নে ব্যর্থতার দায় মাথায় নিয়ে যুক্তরাজ্যের ক্ষমতাসীন দল কনজারভেটিভ পার্টির প্রধানের পদ থেকে আনুষ্ঠানিকভাবে পদত্যাগ করেছেন প্রধানমন্ত্রী থেরেসা মে। সংবাদ, ৮ জুন
- ব্রিস্টলের কাউন্টি ক্রিকেট গ্রাউন্ডে বৃষ্টির জন্য শ্রীলঙ্কা ও পাকিস্তান ম্যাচ পরিত্যক্ত ঘোষণা। সংবাদ, ৮ জুন

**৮ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ত্রিদেশীয় সফরের তৃতীয় ও চূড়ান্ত সফররত দেশ ফিনল্যান্ডে পাঁচদিনের সরকারি সফর শেষে দেশে পৌঁছেছেন। দৈনিক ইত্তেফাক, ৯ জুন
- জাপান, সৌদি আরব ও ফিনল্যান্ড সফরের বিভিন্ন বিষয়াদি নিয়ে রোববার ৯ জুন বিকাল ৫টায় গণভবনে সংবাদ সম্মেলন ডেকেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক জনকণ্ঠ, ৯ জুন
- সড়ক, পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজনৈতিক কার্যালয়ে 'আওয়ামী লীগের ৭০তম প্রতিষ্ঠাবার্ষিকী' উপলক্ষ্যে দলের সম্পাদকমণ্ডলী ও কার্যনির্বাহী সংসদের সদস্যদের সঙ্গে বৈঠকে মাসব্যাপী কর্মসূচি ঘোষণা করেন। দৈনিক জনকণ্ঠ, ৯ জুন
- ফিনল্যান্ডে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আনতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ভিভিআইপি ফ্লাইটের ক্যাপ্টেন ফজল মাহমুদের পাসপোর্ট না দেখে কাতার গমনের অনুমতি দেওয়ায় ইমিগ্রেশন পুলিশের উপপরিদর্শক (এসআই) কামরুজ্জামান সাময়িক বরখাস্ত। দৈনিক ইত্তেফাক
- ইদুলফিতরের টানা এক সপ্তাহ ছুটি শেষে বেনাপোল স্থলবন্দর দিয়ে পুনরায় আমদানি-রপ্তানি বাণিজ্য শুরু। দৈনিক জনকণ্ঠ
- মেক্সিকো সীমান্ত দিয়ে যুক্তরাষ্ট্রে অভিবাসীদের প্রবেশ ঠেকাতে মেক্সিকান পণ্যে শুল্ক আরোপের সিদ্ধান্ত স্থগিত ঘোষণা করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সংবাদ, ৯ জুন
- বিশ্বকাপে বাংলাদেশের বিপক্ষে ১০৬ রানে জয়ী ইংল্যান্ড। সংবাদ, ৯ জুন
- ইংল্যান্ডের টাউন্টনের কাউন্টি ক্রিকেট মাঠে বিশ্বকাপের ১৩তম ম্যাচে আফগানিস্তানের বিপক্ষে ৭ উইকেটে জয়ী নিউজিল্যান্ড। যুগান্তর, ৯ জুন

**৯ জুন**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বঙ্গভবনে পরিকল্পনামন্ত্রী এমএ মান্নানের উপস্থিতিতে চলমান 'কৃষিশুমারি'তে নিজের থানার তথ্য দিয়েছেন। যুগান্তর, ১০ জুন
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর ১১ দিনের ত্রিদেশীয় সফরের বিভিন্ন বিষয়াদি নিয়ে গণভবনে সংবাদ সম্মেলন করেন। যুগান্তর, ১০ জুন
- জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী একাদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে সংসদ সদস্য হিসেবে বিএনপির রুমিন ফারহানাকে শপথবাক্য পাঠ করান। সংবাদ, ১০ জুন
- ফিনল্যান্ডে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আনতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ভিভিআইপি ফ্লাইটের ক্যাপ্টেন ফজল মাহমুদ পাসপোর্ট ছাড়া কাতার গমনের ঘটনায় পাইলটসহ ১১ জনকে জিজ্ঞাসাবাদ করেছে বিমান ও পর্যটন মন্ত্রণালয়সহ গঠিত আন্তঃমন্ত্রণালয়ের তদন্ত কমিটি। দৈনিক জনকণ্ঠ, ১০ জুন

- ব্রেক্সিট প্রস্তুতির জন্য পরামর্শ ফি বাবদ ৯৭ মিলিয়ন (৯ কোটি ৭০ লাখ) ইউরো খরচ করেছে ব্রিটিশ সরকার। দেশটির জাতীয় অডিট দপ্তরের (এনএও) রিপোর্ট। দৈনিক ইত্তেফাক, ১০ জুন
- বিশ্বকাপে ইংল্যান্ডের ওভালে অস্ট্রেলিয়ার বিপক্ষে ৩৬ রানে জয়ী ভারত। দৈনিক জনকণ্ঠ, ১০ জুন

**১০ জুন**

- সরকারি দপ্তরে নির্ভুল ও শুদ্ধ বাংলা ব্যবহারে আন্তরিক সহায়তা কামনা করে সব মন্ত্রণালয় ও বিভাগের সচিবদের আধা সরকারি পত্র দিয়েছে জনপ্রশাসন মন্ত্রণালয়। যুগান্তর
- ডিআইজি মিজানের কাছ থেকে ঘুস গ্রহণের অভিযোগে দুর্নীতি দমন কমিশনের (দুদক) পরিচালক বাছির সাময়িক বরখাস্ত। দৈনিক ইত্তেফাক, ১১ জুন
- ইদুলফিতরের টানা সাতদিন বন্ধ থাকার পর দিনাজপুরের হিলি স্থলবন্দরের আমদানি-রপ্তানি কার্যক্রম শুরু। দৈনিক ইত্তেফাক, ১১ জুন
- আফ্রিকার মালিতে ডগন জনগোষ্ঠীর হামলায় ১০০ জন নিহত। দৈনিক জনকণ্ঠ, ১১ জুন
- চলমান বিশ্বকাপে ইংল্যান্ডের সাউদাম্পটনের রোজ বোল স্টেডিয়ামে বৃষ্টির কারণে ওয়েস্ট ইন্ডিজ ও দক্ষিণ আফ্রিকা ম্যাচ পরিত্যক্ত। দৈনিক জনকণ্ঠ, ১১ জুন

**১১ জুন**

- একাদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনের ২০১৯-২০ অর্থবছরের প্রথম বাজেট অধিবেশন শুরু। দৈনিক ইত্তেফাক, ১২ জুন
- নানা কর্মসূচির মধ্য দিয়ে আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার কারামুক্তি দিবস পালিত। সংবাদ, ১২ জুন
- চাকরিপ্রার্থী চিকিৎসকদের আন্দোলনের মুখে অবশেষে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) মেডিকেল অফিসার পদে নিয়োগ পরীক্ষা স্থগিতের ঘোষণা দেন বিএসএমএমইউ কর্তৃপক্ষ। যুগান্তর



- প্রাণ কোম্পানিসহ বিভিন্ন প্রতিষ্ঠানের ১১টি পণ্যের লাইসেন্স স্থগিত ও দুটি প্রতিষ্ঠানের লাইসেন্স বাতিল করেছে জাতীয় মান নিয়ন্ত্রক প্রতিষ্ঠান বাংলাদেশ স্ট্যান্ডার্ড অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই)। সংবাদ, ১২ জুন
- যুক্তরাজ্যে ক্ষমতাসীন কনজারভেটিভ পার্টির দলীয় প্রধান ও পরবর্তী প্রধানমন্ত্রী নির্বাচনে ১০ প্রার্থীর নাম ঘোষণা। সংবাদ, ১২ জুন
- চলমান বিশ্বকাপে ইংল্যান্ডের ব্রিস্টলে বৃষ্টির কারণে বাংলাদেশ ও শ্রীলঙ্কা ম্যাচটি পরিত্যক্ত। দৈনিক ইত্তেফাক, ১২ জুন

**১২ জুন**

- দুর্নীতির বিরুদ্ধে আওয়ামী লীগ সরকারের জিরো টলারেন্স নীতির কথা তুলে ধরে জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী ও সংসদনেতা শেখ হাসিনা বলেন, ঘুস গ্রহণকারীর পাশাপাশি প্রদানকারীও ছাড় পাবে না। যুগান্তর, ১৩ জুন
- আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) তথ্যঃ বিশ্বে বাজেটের আকারে শীর্ষ দেশ যুক্তরাষ্ট্র ও বাংলাদেশ ৬৪তম। যুগান্তর
- ঢাকায় বিজিবি সদর দপ্তরের সম্মেলনকক্ষে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এবং ভারতের বর্ডার সিকিউরিটি ফোর্সের (বিএসএফ) মধ্যে মহাপরিচালক পর্যায়ের চারদিনব্যাপী সীমান্ত সম্মেলনের আনুষ্ঠানিক বৈঠক শুরু। দৈনিক ইত্তেফাক, ১৩ জুন
- নিউইয়র্কে জাতিসংঘের কার্যালয়ে বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমের দ্বিপক্ষীয় বৈঠকে মিয়ানমার সেনাবাহিনীর নিপীড়নের মুখে পালিয়ে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের প্রত্যাবাসন শুরু না হওয়ায় উদ্বেগ প্রকাশ করেছেন জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস। সংবাদ, ১৩ জুন
- তাইওয়ানের সঙ্গে হংকংয়ের করা প্রস্তাবিত 'প্রত্যর্পণ বিল' পাস না করানোর দাবিতে হংকংয়ের পার্লামেন্ট ভবন ঘিরে রেখেছেন বিক্ষোভকারীরা। সংবাদ, ১৩ জুন
- ইংল্যান্ডের টন্টনে বিশ্বকাপের লিগ পর্বে পাকিস্তানের বিপক্ষে ৪১ রানে জয়ী অস্ট্রেলিয়া। সংবাদ, ১৩ জুন

**১৩ জুন**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ জাতীয় সংসদ ভবনে তাঁর অফিস কক্ষে ২০১৯-২০ নতুন অর্থবছরের বাজেট বিলে স্বাক্ষর করেন। সংবাদ, ১৪ জুন
- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ তাজিকিস্তান ও উজবেকিস্তানে সাতদিনের সরকারি সফরে ঢাকা ত্যাগ করেন। দৈনিক জনকণ্ঠ, ১৪ জুন
- জাতীয় সংসদ ভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বিশেষ বৈঠকে ২০১৯-২০ নতুন অর্থবছরের প্রস্তাবিত বাজেট অনুমোদন। দৈনিক ইত্তেফাক, ১৪ জুন
- স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল জাতীয় সংসদে ২০১৯-২০ অর্থবছরের বাজেট উপস্থাপন শুরু করেন। অর্থমন্ত্রীর অসুস্থতায় তাঁর পক্ষে সংসদীয় ইতিহাসে প্রথমবারের মতো বাজেটের বড়ো অংশ উত্থাপন করেন স্বয়ং প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১৪ জুন
- শিক্ষাপ্রতিষ্ঠানে 'র‍্যাগিংয়ের' নামে জ্যেষ্ঠ শিক্ষার্থীদের হাতে নবীনদের নির্যাতন বন্ধে কমিটি ও স্কোয়াড গঠনের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। যুগান্তর
- ঘুস নেওয়ার অভিযোগে দুর্নীতি দমন কমিশনের (দুদক) বরখাস্ত পরিচালক খন্দকার এনামুল বাছিরের ফৌজদারি অপরাধ অনুসন্ধানে তিন সদস্যের কমিটি গঠন করে দুদক। যুগান্তর, ১৪ জুন
- চীনের ক্রমবর্ধমান প্রভাব ঠেকাতে বঙ্গোপসাগরে নিরাপত্তাব্যবস্থা জোরদারে বাংলাদেশ, শ্রীলঙ্কা ও মালদ্বীপে তিন কোটি মার্কিন ডলার সামরিক অর্থায়ন করতে দেশটির কংগ্রেসে অনুমোদন চেয়েছে ট্রাম্প প্রশাসন। কালের কণ্ঠ
- ক্ষমতাসীন কনজারভেটিভ পার্টির প্রধান ও যুক্তরাজ্যের পরবর্তী প্রধানমন্ত্রী নির্বাচনের প্রথম দফায় সবচেয়ে বেশি ভোট পেয়েছেন বরিস জনসন। যুগান্তর, ১৪ জুন
- বৃষ্টির কারণে ইংল্যান্ডের নটিংহ্যামে ভারত ও নিউজিল্যান্ডের মধ্যকার ম্যাচটিও পরিত্যক্ত ঘোষণা। সংবাদ, ১৪ জুন



**১৪ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে বাজেট-উত্তর সংবাদ সম্মেলন করেন। দৈনিক ইত্তেফাক, ১৫ জুন
- ২০১৯-২০২০ অর্থবছরের প্রস্তাবিত বাজেট উচ্চাভিলাসী: গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। যুগান্তর, ১৫ জুন
- জাতিসংঘের 'অর্থনৈতিক ও সামাজিক পরিষদ (ইকোসক)'-এর সদস্য পদের নির্বাচনে (২০২০ সালের জানুয়ারি থেকে ২০২২ পর্যন্ত) এশিয়া প্যাসিফিক অঞ্চল থেকে ১৮১ ভোট পেয়ে বিজয়ী বাংলাদেশ। সংবাদ, ১৫ জুন
- সাম্প্রতিক ইরান সফর, দ্বিপাক্ষিক বাণিজ্য ও জি-২০-এর আসন্ন ওসাকা শীর্ষক সম্মেলন নিয়ে ফোনে কথা বলেন জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবে ও মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সংবাদ, ১৫ জুন
- ইংল্যান্ডের সাউদাম্পটনের রোজ বোল স্টেডিয়ামে অনুষ্ঠিত চলমান বিশ্বকাপে ওয়েস্ট ইন্ডিজকে ৮ উইকেটে হারিয়ে ইংল্যান্ড জয়ী। দৈনিক জনকণ্ঠ, ১৫ জুন
- ২০২২ বিশ্বকাপ ফুটবলের প্রাক-বাছাইয়ে লাওসের বিপক্ষে ম্যাচ ড্র করে ফিফা র‍্যাংকিংয়ে পাঁচ ধাপ উন্নীত বাংলাদেশ। বর্তমানে বাংলাদেশের অবস্থান ১৮৩ নম্বরে। যুগান্তর, ১৫ জুন

**১৫ জুন**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বাংলাদেশের শরণার্থী রোহিঙ্গাদের মিয়ানমারে নিজ ভূমিতে নিরাপত্তা ও মর্যাদার সঙ্গে প্রত্যাবাসনের জন্য তাজাকিস্তানের রাজধানী দুশানবের নাভরুজ প্রাসাদে অনুষ্ঠিত 'কনফারেন্স অন ইন্টার‍্যাকশন অ্যান্ড কনফিডেন্স বিল্ডিং মেজার্স ইন এশিয়া'-এর (সিআইসিএ) সভায় অংশীদারদের স্বতঃস্ফূর্ত সমর্থন ও সহযোগিতা চেয়েছেন। যুগান্তর, ১৬ জুন
- রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের প্রধান কার্যালয়ে ঢাকা বিভাগের এক সাংগঠনিক সভায় আগামী দিনে সফলভাবে দলের

কাউন্সিল সভা আয়োজন করতে দলীয় নেতাকর্মীদের ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক, পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সমকাল

- আইন লঙ্ঘন করে প্রাণ গ্রুপসহ পাঁচ কোম্পানির নিষিদ্ধ পণ্য বিক্রি করায় সাতটি প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা করেছেন জাতীয় মান নিয়ন্ত্রক প্রতিষ্ঠান বাংলাদেশ স্ট্যান্ডার্ড অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউটের (বিএসটিআই) ভ্রাম্যমাণ আদালত। যুগান্তর, ১৬ জুন
- বিশ্ব রাজনীতিতে মার্কিন যুক্তরাষ্ট্রের একতরফা নীতির কঠোর সমালোচনা করে চীনের প্রেসিডেন্ট শি জিনপিং এবং ইরানের প্রেসিডেন্ট হাসান রুহানি কিরগিজিস্তানের বিশকেকে অনুষ্ঠিত আঞ্চলিক নিরাপত্তা সম্মেলনে যৌথ বিবৃতি দেন। সমকাল, ১৫ জুন
- চলমান বিশ্বকাপে ইংল্যান্ডের কার্ডিফে অনুষ্ঠিত আফগানিস্তানের বিপক্ষে ৯ উইকেটে জয়ী দক্ষিণ আফ্রিকা। সংবাদ, ১৭ জুন

**১৬ জুন**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ তাজিকিস্তান থেকে উজবেকিস্তানের রাজধানী বুখারায় পৌঁছেছেন। সংবাদ, ১৭ জুন
- সেনা সদর কনফারেন্স হলে (হেলমেট) সেনা সদর নির্বাচনি পর্ষদ-২০১৯ উদ্‌বোধনকালে সেনাবাহিনীতে মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাস, নেতৃত্ব ও পেশাগত দক্ষতা, শৃঙ্খলা, সততা ও আনুগত্য বিবেচনায় নিয়ে পদোন্নতি দিতে ঊর্ধ্বতন কর্মকর্তাদের নির্দেশ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সংবাদ, ১৭ জুন
- ১৩৬ জনকে যুগ্মসচিব পদে পদোন্নতি দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি। সংবাদ, ১৭ জুন
- ২৩১ বছর পর কেরানীগঞ্জ কেন্দ্রীয় কারাগারে কারাবন্দিদের সকালের নাশতার মেনু পরিবর্তন করেছে কারা অধিদপ্তর। দৈনিক জনকণ্ঠ, ১৭ জুন
- নিরাপদ পণ্যের ও খাদ্যের মান নির্ণয়ের জন্য ভোক্তা অধিকার কর্তৃপক্ষকে হটলাইন কার্যক্রম চালু করার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। দৈনিক ইত্তেফাক



- ওমান সাগরে দুটি তেল ট্যাঙ্কারে রহস্যজনক হামলার জন্য ইরানকে দায়ী করে ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী জেরেমি হান্টের বক্তব্যের জন্য তেহরানে নিযুক্ত ব্রিটিশ রাষ্ট্রদূত রবার্ট ম্যাকেয়ারকে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ে তলব। সংবাদ, ১৭ জুন
- চলমান বিশ্বকাপে ইংল্যান্ডের ম্যানচেস্টারে পাকিস্তানের বিপক্ষে ৮৯ রানে জয়ী ভারত। সংবাদ, ১৭ জুন

**১৭ জুন**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ উজবেকিস্তানের রাজধানী তাশখন্দে দেশটির টেক্সটাইল ও জাদুঘর পরিদর্শন করেন। দৈনিক জনকণ্ঠ, ১৮ জুন
- জাতীয় সংসদে সর্বসম্মতিক্রমে ২০১৮-১৯ (চলতি) অর্থবছরের জন্য ১৫ হাজার ১৬৬ কোটি ১৮ লাখ ৫৪ হাজার টাকার সম্পূরক বাজেট পাস। দৈনিক জনকণ্ঠ, ১৮ জুন
- জাতীয় সংসদে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের পক্ষে ২০১৯-২০২০ অর্থবছরের প্রস্তাবিত বাজেট ও চলতি অর্থবছরের জন্য সম্পূরক বাজেট পেশের পর সমাপন ভাষণ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১৮ জুন
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে চার পরিবর্তন এনে 'বাংলাদেশ ট্যারিফ কমিশন (সংশোধন) আইন-২০১৯' অনুমোদন। সংবাদ, ১৮ জুন
- মাদ্রাসাছাত্রী নুসরাত জাহান রাফি হত্যার ঘটনায় আইসিটি আইনের মামলায় গ্রেফতার ফেনীর সোনাগাজী থানার সাবেক ওসি মোয়াজ্জেম হোসেনকে সোনাগাজী থানা পুলিশের কাছে হস্তান্তর। সংবাদ, ১৮ জুন
- সম্প্রতি বিদেশ সফরে থাকা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেশে আনতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ভিভিআইপি ফ্লাইটের ক্যাপ্টেন ফজল মাহমুদ 'ভুল করেই' ঢাকার অফিসে পাসপোর্ট রেখে গিয়েছিলেন। মন্ত্রিপরিষদ বিভাগের তদন্ত কমিটির প্রতিবেদন। সংবাদ, ১৮ জুন
- অভ্যন্তরীণ বাস্তুচ্যুতির শিকার হওয়া রাখাইনের আইডিপি শরণার্থীশিবিরে রোহিঙ্গাদের মৌলিক অধিকার লঙ্ঘনের জেরে মিয়ানমারে জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী কেনাট ওসবি নেইপিদোকে চিঠি দিয়েছেন। সংবাদ, ১৮ জুন

- ইংল্যান্ডের টন্টনে বিশ্বকাপ ক্রিকেটে নিজেদের পঞ্চম ম্যাচে ৭ উইকেটে ওয়েস্ট ইন্ডিজকে হারিয়ে বাংলাদেশের জয় লাভ। এই অবিস্মরণীয় ও গৌরবোজ্জ্বল বিজয়ে বাংলাদেশ ক্রিকেট দলকে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বার্তায় অভিনন্দন জানিয়েছেন। সংবাদ, ১৮ জুন

**১৮ জুন**

- জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে সভায় প্রায় ৮ হাজার ৫৩ কোটি টাকা ব্যয়ে ১১টি প্রকল্প অনুমোদন। দৈনিক ইত্তেফাক, ১৯ জুন
- দেশে বর্তমানে মোট ৩৫ লাখ ৮২ হাজার ৭৪৭টি বিচারাধীন মামলা দ্রুত নিস্পত্তি করতে কার্যকর পদক্ষেপ নেওয়া হয়েছে: সংসদে প্রশ্নোত্তর পর্বে আইনমন্ত্রী আনিসুল হক। সংবাদ, ১৯ জুন
- মানহানির দুই মামলায় বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়াকে ৬ মাসের জামিন দিয়েছেন হাইকোর্ট। দৈনিক জনকণ্ঠ, ১৯ জুন
- নানা ঘটনায় বিতর্কিত ডিআইজি মিজানুর রহমানের ঘুস কেলেঙ্কারি তদন্তে কমিটি গঠন করেছে পুলিশ সদর দপ্তর। যুগান্তর, ১৯ জুন
- দেশের ২০টি উপজেলায় চলমান পঞ্চম 'উপজেলা পরিষদ' নির্বাচনের পঞ্চম ধাপের ভোটগ্রহণ সম্পন্ন। দৈনিক জনকণ্ঠ, ১৯ জুন
- মিয়ানমারে রোহিঙ্গা সংকট মোকাবিলায় নিজেদের দায় স্বীকার করে জাতিসংঘের প্রতিবেদন প্রকাশ। যুগান্তর, ১৯ জুন
- ইংল্যান্ডের ম্যানচেস্টারে বিশ্বকাপে আফগানিস্তানের বিপক্ষে ১৫০ রানে জয়ী ইংল্যান্ড। যুগান্তর, ১৯ জুন

**১৯ জুন**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ মধ্য-এশিয়ার দুটি দেশ তাজিকিস্তান ও উজবেকিস্তানে সাতদিনের সরকারি সফর শেষে দেশে ফিরেছেন। দৈনিক জনকণ্ঠ, ২০ জুন



- ধনী ও গরিবের মধ্যে বৈষম্য হ্রাস এবং প্রান্তিক জনগণের সুরক্ষায় আমরা ব্যাপক কার্যক্রম গ্রহণ করেছি: সংসদে প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী ও সংসদনেতা শেখ হাসিনা। দৈনিক জনকণ্ঠ, ২০ জুন
- ১৯৭১ সালের ৩০ নভেম্বর পর্যন্ত মুক্তিযোদ্ধাদের বয়স ন্যূনতম ১২ বছর ছয় মাস নির্ধারণ করে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের সংশোধিত পরিপত্র অবৈধ ঘোষণা করে দেওয়া হাইকোর্টের রায়ে স্থগিতাদেশ দেননি আপিল বিভাগের চেম্বার কোর্ট। সংবাদ, ২০ জুন
- প্রধানমন্ত্রীকে লেখা রোহিঙ্গা সোসাইটি ফর পিস অ্যান্ড হিউম্যান রাইটসের চিঠি রোহিঙ্গা সংকট সমাধানে সম্প্রতি সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার মন্তব্যের জন্য ধন্যবাদ জানিয়েছেন আরাকান রোহিঙ্গা সোসাইটি ফর পিস অ্যান্ড হিউম্যান রাইটসের (এআরএসপিএইচ) নেতারা। কালের কণ্ঠ
- জাতিসংঘের চলতি ১৭তম হেড অব মিলিটারি কমপনেন্ট কনফারেন্সের অংশ হিসেবে সংস্থাটির মিলিটারি অ্যাডভাইজর লে. জে. কার্লোস লয়টের নেতৃত্বে শান্তিরক্ষা মিশনগুলোর ১২ জন ফোর্স কমান্ডার বাংলাদেশ স্থায়ী মিশন পরিদর্শন করেন। দৈনিক ইত্তেফাক
- হংকংয়ের বিতর্কিত 'প্রত্যর্পণ বিল' বাতিলের দাবিতে দেশটির লাখো মানুষের বিক্ষোভ। সংবাদ, ২০ জুন
- ইংল্যান্ডের বার্মিংহ্যামে অনুষ্ঠিত দক্ষিণ আফ্রিকার বিপক্ষে চার উইকেটে জয়ী নিউজিল্যান্ড। যুগান্তর, ২০ জুন

**২০ জুন**

- মিয়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গাদের মানবিক কারণে আশ্রয় দেওয়া হলেও তাদের কারণে বনাঞ্চলের ব্যাপক ক্ষতি হচ্ছে: বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিশ্ব পরিবেশ দিবস ও বৃক্ষমেলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ২০ জুন
- নানা আয়োজনে নারী জাগরণের অগ্রদূত কবি সুফিয়া কামালের জন্মবার্ষিকী পালিত। কবির জন্মদিন উপলক্ষ্যে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়ে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথকভাবে বাণী দিয়েছেন। যুগান্তর, ২০ জুন

- পুলিশের আলোচিত উপমহাপরিদর্শক (ডিআইজি) মিজানুর রহমানের স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রোক এবং ব্যাংকের হিসাব জব্দের আদেশ দিয়েছেন আদালত। যুগান্তর, ২১ জুন
- বিশ্ব শরণার্থী দিবস উপলক্ষ্যে কক্সবাজারের উখিয়ার রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেন বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত রবার্ট মিলার। দৈনিক জনকণ্ঠ, ২১ জুন
- দুইদিনের রাষ্ট্রীয় সফরে উত্তর কোরিয়ায় চীনের প্রেসিডেন্ট শি জিনপিং। দৈনিক জনকণ্ঠ, ২১ জুন
- ইংল্যান্ডের নটিংহামে অনুষ্ঠিত চলমান বিশ্বকাপে বাংলাদেশের বিপক্ষে ৪৮ রানে জয়ী অস্ট্রেলিয়া। দৈনিক জনকণ্ঠ, ২১ জুন
- ব্রিটিশ সংবাদমাধ্যম দ্য টেলিগ্রাফের প্রতিবেদন: বাংলাদেশ ক্রিকেট তারকা সাকিব আল হাসান 'বিশ্বকাপ-২০১৯'-এর পারফরম্যান্স বিচারে সেরা খেলোয়াড়। দৈনিক ইত্তেফাক, ২১ জুন

**২১ জুন**

- ভারতীয় হাইকমিশনের আয়োজনে রাজধানীর বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত পঞ্চম আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানে নানা শ্রেণী ও পেশার মানুষ অংশ নেন। দৈনিক ইত্তেফাক, ২২ জুন
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের সংবাদ বিজ্ঞপ্তি: সম্প্রতি যুক্তরাজ্যভিত্তিক বিশ্বব্যাপী বিশ্ববিদ্যালয়ের র‍্যাংকিং মূল্যায়নকারী প্রতিষ্ঠান কিউএসের জরিপে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ওয়ার্ল্ড র‍্যাংকিংয়ে যৌথভাবে ৮০১তম স্থান ও এশিয়ার বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ১২৭তম। দৈনিক জনকণ্ঠ, ২২ জুন
- বগুড়ায় প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষায় মোবাইল ফোনের মাধ্যমে উত্তর আদানপ্রদান এবং চাকরি দেওয়ার নামে টাকা হাতিয়ে নেওয়ার চেষ্টার অভিযোগে ১৪ জনকে গ্রেফতার করে পুলিশ। সমকাল
- প্রায় তিন সপ্তাহ ভূমধ্যসাগরে ভেসে থাকা ৬৪ বাংলাদেশির মধ্যে ১৭ জন তিউনিসিয়া থেকে দেশে ফিরেছেন। সংবাদ, ২৩ জুন
- প্রথমবারের মতো মার্কিন চালকহীন বিমান আরকিউ-৪এ'র ধ্বংসাবশেষের ছবি প্রকাশ করে ইরান। সমকাল



- চলমান বিশ্বকাপ ক্রিকেটে লিডসের হেডিংলি স্টেডিয়ামে লো স্কোরিং ম্যাচে স্বাগতিক ইংল্যান্ডকে ২০ রানে হারিয়ে শ্রীলংকা জয়ী। দৈনিক জনকণ্ঠ, ২২ জুন

**২২ জুন**

- জাতীয় সংসদে দেশের ৩০০ শীর্ষ ঋণখেলাপি ব্যক্তি ও প্রতিষ্ঠানের নাম-ঠিকানা প্রকাশ করেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। দৈনিক ইত্তেফাক, ২৩ জুন
- জাতিসংঘ শান্তিরক্ষা মিশন এলাকা পরিদর্শনে সংসদের প্রতিরক্ষাবিষয়ক স্থায়ী কমিটির ১০ সদস্যের প্রতিনিধিদল কঙ্গোর উদ্দেশে ঢাকা ত্যাগ। দৈনিক জনকণ্ঠ, ২৩ জুন
- স্বাস্থ্য অধিদপ্তরের জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠানের জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইনের আওতায় সারাদেশে শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়। দৈনিক ইত্তেফাক, ২৩ জুন
- ইস্টার সানডেতে সন্ত্রাসী হামলা ইস্যুতে নতুন করে জরুরি অবস্থার মেয়াদ বাড়িয়েছেন শ্রীলঙ্কার প্রেসিডেন্ট মাইথ্রিপালা সিরিসেনা। দৈনিক জনকণ্ঠ, ২৩ জুন
- চলমান বিশ্বকাপ ক্রিকেটে ইংল্যান্ডের সাউদাম্পটনের রোজ বোলে আফগানিস্তানের বিপক্ষে ১১ রানে ভারতের জয়। দৈনিক ইত্তেফাক, ২৩ জুন

**২৩ জুন**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এসএসএফ-এর প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন অনুষ্ঠানে বক্তব্য দেন। সমকাল, ২৪ জুন
- যথাযোগ্য মর্যাদা ও নানা কর্মসূচির মধ্য দিয়ে সারাদেশে ঐতিহাসিক রাজনৈতিক দল বাংলাদেশ আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত। দিবসটি উপলক্ষ্যে ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৪ জুন

- নাইকো দুর্নীতি মামলায় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে অভিযোগ গঠন। শুনানির জন্য ১৪ জুলাই দিন ধার্য করেছেন আদালত। দৈনিক ইত্তেফাক, ২৪ জুন
- খেলাপি ঋণ বৃদ্ধির কারণ জানতে রাষ্ট্রায়ত্ত ছয় ব্যাংককে চিঠি দিয়েছে অর্থ মন্ত্রণালয়। সংবাদ, ২৪ জুন
- মুক্তিযোদ্ধাদের ন্যূনতম বয়সসীমা নির্ধারণের বিভিন্ন সময় জারি করা গেজেট ও পরিপত্র অবৈধ ঘোষণা করে হাইকোর্টের দেওয়া রায় বহাল রেখেছেন আপিল বিভাগ। দৈনিক জনকণ্ঠ, ২৪ জুন
- বহুল আলোচিত প্রশ্নপত্র ফাঁস মামলায় ১২৫ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দিয়েছে সিআইডি। সমকাল, ২৪ জুন
- তুরস্কের ইস্তানবুলে মেয়র নির্বাচনে দেশটির প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগানের একে পার্টির পরাজয়; দেশটির মেয়র নির্বাচিত হয়েছেন কামাল আতাতুর্কের রিপাবলিকান পিপলস পার্টির (সিএইচপি) প্রার্থী ইকরাম ইমামোগলু। যুগান্তর, ২৪ জুন
- সাউদাম্পটনে পাকিস্তানের কাছে ৪৯ রানে হেরে বিশ্বকাপ থেকে বিদায় নিল দক্ষিণ আফ্রিকা। দৈনিক জনকণ্ঠ, ২৪ জুন

**২৪ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে বাংলাদেশ পতাকাবাহী জাহাজ (সুরক্ষা) আইন-২০১৯, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান আইন-২০১৯ ও আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট পদক নীতিমালা-২০১৯-এর খসড়ার চূড়ান্ত অনুমোদন। সংবাদ, ২৫ জুন
- সম্পদের তথ্য গোপন ও অবৈধভাবে টাকা অর্জনের অভিযোগে বাংলাদেশ পুলিশের উপমহাপরিদর্শক (ডিআইজি) মিজানুর রহমানের বিরুদ্ধে মামলা করে দুদক। দৈনিক ইত্তেফাক, ২৫ জুন
- সোনাগাজীর মাদ্রাসাছাত্রী নুসরাত জাহান রাফির যৌন হয়রানির অভিযোগ ভিডিয়ো ধারণ করে সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে দেওয়ায় গ্রেফতার ওই থানার সাবেক ওসি মোয়াজ্জেম হোসেনকে কারাবিধি অনুযায়ী ডিভিশন দেওয়ার নির্দেশ দিয়েছেন সাইবার ট্রাইব্যুনাল। দৈনিক ইত্তেফাক, ২৫ জুন



- ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলি খোমেনিসহ রেভুলিউশনারি গার্ডের আট সিনিয়র কমান্ডারের বিরুদ্ধে নিষেধাজ্ঞা যুক্তরাষ্ট্রের। দৈনিক ইত্তেফাক, ২৫ জুন
- ইংল্যান্ডের সাউদাম্পটনে আফগানিস্তানের বিপক্ষে ৬২ রানে জয়ী বাংলাদেশ। এই জয়ে বাংলাদেশ ক্রিকেট দলকে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা অভিনন্দন জানিয়েছেন। দৈনিক ইত্তেফাক, ২৫ জুন

**২৫ জুন**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে থাইল্যান্ডের নতুন দূত আরানরাং পোথং হামফ্রেস ও ব্রুনাইয়ের হাইকমিশনার হারিস বিন ওসমানের সৌজন্য সাক্ষাৎ। দৈনিক জনকণ্ঠ, ২৬ জুন
- জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে সভায় ৬ হাজার ৯৬৭ কোটি ২৩ লাখ টাকা ব্যয়ে ১০টি প্রকল্প অনুমোদন। দৈনিক ইত্তেফাক, ২৬ জুন
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে জাতীয় সংসদ ভবনের কার্যালয়ে চীনের রাষ্ট্রদূত ঝ্যাং জুয়োর সৌজন্য সাক্ষাৎ। দৈনিক ইত্তেফাক, ২৬ জুন
- বহুল আলোচিত পুলিশ কর্মকর্তা মিজানুর রহমানকে রাষ্ট্রপতির অনুমোদনের পর সাময়িক বরখাস্তের প্রজ্ঞাপন জারি করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। দৈনিক জনকণ্ঠ, ২৬ জুন
- ইসরাইল-ফিলিস্তিন বিরোধ নিরসনে বহুল আলোচিত মধ্যপ্রাচ্য 'শান্তি পরিকল্পনা' ঘোষণা করেছে যুক্তরাষ্ট্র, তবে মার্কিন এই পরিকল্পনা প্রত্যাখ্যান করেছে ফিলিস্তিন কর্তৃপক্ষ ও তাদের প্রতিদ্বন্দ্বী গ্রুপ হামাস। সংবাদ, ২৭ জুন
- লর্ডসে বিশ্বকাপের গুরুত্বপূর্ণ ম্যাচে স্বাগতিক ইংল্যান্ডকে ৬৪ রানে হারিয়ে অস্ট্রেলিয়া জয়ী। দৈনিক জনকণ্ঠ, ২৬ জুন

**২৬ জুন**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে বঙ্গভবনে জাতীয় মানবাধিকার কমিশনের (এনএইচআরসি) প্রতিনিধিদল সংস্থার বার্ষিক রিপোর্ট-২০১৮ পেশ করে। সমকাল, ২৭ জুন

- গণভবনে স্থানীয় সরকার নির্বাচন মনোনয়ন বোর্ডের অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সংবাদ, ২৭ জুন
- বিদেশি টিভি চ্যানেল ও ফেসবুক, গুগল, ইউটিউব, ভাইবার, মেসেঞ্জার, হোয়াটসঅ্যাপসহ সব ধরনের মাধ্যমকে ভ্যাট আদায়ের তালিকায় আনতে কঠোর অবস্থানে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) নির্দেশনা জারি। সমকাল, ২৭ জুন
- ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ভর্তি পরীক্ষায় প্রশ্নফাঁসের অভিযোগে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীসহ ৭৮ জনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন আদালত। সংবাদ, ২৭ জুন
- মিয়ানমারে নিপীড়নের মুখে পালিয়ে রোহিঙ্গাদের বাংলাদেশে আসার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের অভিযোগের প্রাথমিক তদন্ত শেষে পূর্ণ তদন্ত শুরুর জন্য কৌঁসুলি ফাতোও বেনসুদার আবেদন শুনানির জন্য তিন বিচারকের এক বেঞ্চ গঠন করেছেন নেদারল্যান্ডসের হেগে আদালতের প্রধান। দৈনিক ইত্তেফাক, ২৭ জুন
- ইংল্যান্ডের বার্মিংহ্যামে নিউজিল্যান্ডের বিপক্ষে ৬ উইকেটে পাকিস্তান জয়ী। দৈনিক ইত্তেফাক, ২৭ জুন

**২৭ জুন**

- বরগুনায় প্রকাশ্যে রিফাত শরীফকে কুপিয়ে হত্যার ঘটনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জড়িতদের যে কোনো মূল্যে গ্রেফতার করে বিচারের আওতায় আনার নির্দেশ দিয়েছেন: সচিবালয়ে সাংবাদিকদের আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক, পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। দৈনিক ইত্তেফাক, ২৮ জুন
- বরগুনায় রিফাত শরীফকে কুপিয়ে হত্যার ঘটনায় জড়িত সন্দেহে বরিশাল থেকে চার যুবককে আটক করেছে পুলিশ। দৈনিক ইত্তেফাক, ২৮ জুন
- মিশন এলাকায় সফরত বাংলাদেশ সেনাবাহিনী প্রধান জেনারেল আজিজ আহমেদ সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিকের রাষ্ট্রপতি প্রফেসর ফসটিন আরচেঞ্জ টোয়াডেরার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। সমকাল, ২৮ জুন



- ফ্রান্সের পশ্চিমাঞ্চলীয় শহর ব্রেস্টের আটলান্টিক কোস্ট এলাকার সুন্নাহ দ্য ব্রেস্ট মসজিদে বন্দুকধারীর হামলার ঘটনায় ইমামসহ দুজন গুলিবিদ্ধ। দৈনিক ইত্তেফাক, ২৮ জুন
- চলমান বিশ্বকাপে ওয়েস্ট ইন্ডিজকে ১২৫ রানে হারিয়ে ভারত জয়ী। দৈনিক জনকণ্ঠ, ২৮ জুন

**২৮ জুন**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে বঙ্গভবনে বাংলাদেশে নিযুক্ত চার রাষ্ট্রদূত ও দুই হাইকমিশনারের পরিচয়পত্র পেশ। দৈনিক জনকণ্ঠ, ২৮ জুন
- বরগুনায় রিফাত শরীফ হত্যার আসামিরা যাতে দেশত্যাগ করতে না পারে সেজন্য দেশের সব আন্তর্জাতিক বিমানবন্দর, স্থলবন্দর ও নৌবন্দরে রেড অ্যালার্ট জারি করেছে পুলিশ সদর দপ্তর। দৈনিক ইত্তেফাক, ২৯ জুন
- নিউইয়র্ক সিটি আওয়ামী লীগের সভাপতি মুক্তিযোদ্ধা কমান্ডার নুর নবীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ প্রধানমন্ত্রী শেখ হাসিনার। দৈনিক ইত্তেফাক
- জাপানের ওসাকায় দুই দিনব্যাপী জি-২০ সম্মেলন শুরু। সংবাদ, ২৯ জুন
- চেস্টারলি স্ট্রিটে অনুষ্ঠিত বিশ্বকাপের লিগ পর্বে শ্রীলঙ্কার বিপক্ষে ৯ উইকেটে জয়ী দক্ষিণ আফ্রিকা। দৈনিক ইত্তেফাক, ২৯ জুন

**২৯ জুন**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে অনুষ্ঠিত ‘শিল্প উন্নয়ন পুরস্কার-২০১৭’ অনুষ্ঠানে পদকপ্রাপ্ত প্রতিষ্ঠানগুলোকে পুরস্কার প্রদান করেন। দৈনিক জনকণ্ঠ, ৩০ জুন
- বাজেট বক্তৃতা পড়ে দেওয়ার পর এবার অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের অনুরোধে তাঁর পক্ষে ২০১৯-২০২০ অর্থবছরের অর্থবিলও সংসদে উত্থাপন করেন সংসদনেতা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ৩০ জুন
- তিন হাজার ১০৭ জনের মুক্তিযোদ্ধা সনদ বাতিল করা হয়েছে: জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। দৈনিক ইত্তেফাক, ৩০ জুন

- পদ্মা সেতুর মাওয়া প্রান্তে ১৫ ও ১৬ নম্বর খুঁটিতে ১৪তম স্প্যান বসানো সম্পন্ন। দৈনিক ইত্তেফাক, ৩০ জুন
- জাপানের ওসাকায় জি-২০ সম্মেলনের ফাঁকে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবে ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ত্রিপক্ষীয় বৈঠকে অংশ নেন। সংবাদ, ৩০ জুন
- হেডিংলির লিডসে অনুষ্ঠিত আইসিসি বিশ্বকাপের ৩৬ নম্বর ম্যাচে আফগানিস্তানকে তিন উইকেটে হারিয়ে পাকিস্তান জয়ী। দৈনিক জনকণ্ঠ, ৩০ জুন

**৩০ জুন**

- জাতীয় সংসদে নতুন ২০১৯-২০ অর্থবছরের বাজেট পাস। দৈনিক জনকণ্ঠ, ১ জুলাই
- সংসদে বাজেট পাসের পর অর্থমন্ত্রীর দেওয়া বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত নৈশভোজে অংশ নেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক জনকণ্ঠ, ১ জুলাই
- ১৯৯৪ সালের ২৩ সেপ্টেম্বর বিরোধীদলীয় নেত্রী থাকাকালে বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার ট্রেনবহরে হামলার মামলায় পাবনার ঈশ্বরদীতে বিএনপির ৩০ নেতাকর্মীর জামিন বাতিল করে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। সংবাদ, ২ জুলাই
- দুর্নীতি দমন কমিশনের (দুদক) মামলায় আগাম জামিন নিতে যাওয়া পুলিশের বিতর্কিত ডিআইজি মিজানকে গ্রেফতারের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। দৈনিক ইত্তেফাক, ১ জুলাই
- কক্সবাজারের উখিয়া ও টেকনাফে বাস্তুচ্যুত রোহিঙ্গা শরণার্থীদের সরেজমিনে পরিদর্শন করেন মার্কিন কংগ্রেস সংশ্লিষ্ট দুজন সিনিয়র কর্মকর্তা। দৈনিক ইত্তেফাক, ১ জুলাই
- সিরিয়ার রাজধানী দামেস্কের কাছে ইসরাইলি ক্ষেপণাস্ত্র হামলায় নিহতের সংখ্যা বেড়ে ১৫। দৈনিক জনকণ্ঠ
- বার্মিংহ্যামে অনুষ্ঠিত আইসিসি বিশ্বকাপের ম্যাচে ইংল্যান্ডকে ৩১ রানে হারিয়ে ভারত জয়ী। সংবাদ, ১ জুলাই



## জুলাই

**১ জুলাই**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা পাঁচদিনের সরকারি সফরে চীন পৌঁছান। দৈনিক ইত্তেফাক, ২ জুলাই
- ১৯৯৪ সালের ২৩ সেপ্টেম্বর পাবনার ঈশ্বরদীতে তৎকালীন বিরোধীদলীয় নেত্রী ও বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার ট্রেনবহরে গুলিবর্ষণ এবং ককটেল নিক্ষেপের ঘটনায় দায়েরকৃত মামলার পলাতকদের মধ্যে ২ আসামির আত্মসমর্পণ। যুগান্তর, ২ জুলাই
- অবৈধ সম্পদ অর্জনের অপরাধে মামলায় সাময়িক বরখাস্ত পুলিশের ডিআইজি মিজানুর রহমানকে হাইকোর্টের আদেশে গ্রেফতার। দৈনিক জনকণ্ঠ, ২ জুলাই
- বিদেশি চ্যানেলে দেশীয় পণ্যের বিজ্ঞাপন দিলে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে আইন অনুযায়ী ব্যবস্থা নিতে সরকারের নির্দেশ। দৈনিক জনকণ্ঠ, ২ জুলাই
- গুলশানে হলি আর্টিজানে সন্ত্রাসী হামলায় নিহতদের প্রতি ফুল দিয়ে শ্রদ্ধা জানায় স্বজন, বন্ধুবান্ধবসহ বিদেশি নাগরিক ও বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠন। সংবাদ, ২ জুলাই
- আজারবাইজানের রাজধানী বাকুতে বিশ্ব ঐতিহ্য কমিটির অধিবেশনে সুন্দরবনসহ ছয়টি বিশ্ব ঐতিহ্যকে ঝুঁকিপূর্ণ তালিকায় অন্তর্ভুক্ত করার সুপারিশ করেছে জাতিসংঘের বিজ্ঞান, শিক্ষা ও ঐতিহ্যবিষয়ক কমিটি। সংবাদ, ২ জুলাই
- বিদেশি বিনিয়োগে আকৃষ্ট করতে বিদেশি নাগরিকদের ৫ বছরের জন্য রেসিডেন্স পারমিট দেওয়ার সিদ্ধান্ত ইরানের মন্ত্রিসভার। সংবাদ, ২ জুলাই
- মিসরের রাসিদ নিউজ নেটওয়ার্কের জরিপে তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান বিশ্বের সবচেয়ে 'মর্যাদাবান' ব্যক্তি। যুগান্তর, ২ জুলাই
- চলমান বিশ্বকাপে ওয়েস্ট ইন্ডিজকে ২৩ রানে হারিয়ে শ্রীলঙ্কার জয়। সংবাদ, ২ জুলাই

## ২ জুলাই

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ আশকোনায় হজ কর্মসূচি-২০১৯ উদ্‌বোধন করেন। সংবাদ, ৩ জুলাই
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা চীনের দালিয়ান ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টারে 'কো-অপারেশন ইন দ্য প্যাসিফিকরিম' শীর্ষক প্যানেল আলোচনায় বক্তব্য দেন। দৈনিক ইত্তেফাক, ৩ জুলাই
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা চীনের ডালিয়ান ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টারে ডব্লিউইএফ-এর সভায় 'কো-অপারেশন ইন দ্য প্যাসিফিক রিম' শীর্ষক আলোচনায় অংশগ্রহণকালে দুর্বল অর্থনীতির মূল উদ্বেগ নিরসনের লক্ষ্যে পাঁচ দফা প্রস্তাব উত্থাপন। যুগান্তর, ৩ জুলাই
- ঋণখেলাপিদের বিশেষ সুবিধাসংক্রান্ত বাংলাদেশ ব্যাংকর জারিকৃত প্রজ্ঞাপনের ওপর হাইকোর্টের আদেশ চেম্বার আদালতে স্থগিত। দৈনিক ইত্তেফাক, ৩ জুলাই
- দুর্নীতির মামলায় সাময়িক বরখাস্ত পুলিশের ডিআইজি মিজানুর রহমানের জামিনের আবেদন নামঞ্জুর করে কারাগারে পাঠান আদালত। দৈনিক জনকণ্ঠ, ৩ জুলাই
- বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় জাতিসংঘের কার্যক্রমে অবদান রাখায় বাংলাদেশ সেনাবাহিনীর ২৭৫ জন সদস্যকে দক্ষিণ সুদানের রাজধানীতে জাতিসংঘ শান্তি পদক প্রদান। দৈনিক ইত্তেফাক, ৩ জুলাই
- মার্কিন কংগ্রেসের পররাষ্ট্র দপ্তরে দক্ষিণ এশিয়ার জন্য বাজেটবিষয়ক শুনানিতে রাখাইনকে বাংলাদেশের সঙ্গে যুক্ত করার প্রস্তাবটি ভিত্তিহীন বলে মন্তব্য মিয়ানমারের। দৈনিক ইত্তেফাক, ৩ জুলাই
- বার্মিংহ্যামের অ্যাডবাস্টনে বিশ্বকাপে বাংলাদেশকে ২৮ রানে হারিয়ে সেমিফাইনালে ভারত। সংবাদ, ৩ জুলাই

## ৩ জুলাই

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বেইজিং আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছলে চীনের উপপররাষ্ট্রমন্ত্রী কিং গ্যাং তাঁকে লাল গালিচা সংবর্ধনা দেন। দৈনিক ইত্তেফাক, ৪ জুলাই



- ১৯৯৪ সালের ২৩ সেপ্টেম্বর পাবনার ঈশ্বরদী রেল স্টেশনে তৎকালীল বিরোধীদলের নেতা ও বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বহনকারী ট্রেনে গুলি ও বোমা হামলায় মামলার রায়ে ৯ জনের ফাঁসি ও ২৫ জনকে যাবজ্জীবন কারাদণ্ডের আদেশ দেন আদালত। দৈনিক ইত্তেফাক, ৪ জুলাই
- ভারতকে ন্যাটো সদস্য দেশের মতো সামরিক সুবিধা দিতে মার্কিন সিনেটে ২০২০ অর্থবছরের জন্য দ্য ন্যাশনাল ডিফেন্স অথরাইজেশন 'এনডিএএ' বিল পাস। দৈনিক জনকণ্ঠ, ৪ জুলাই
- ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের নাম পালটে 'বাংলা' করার প্রস্তাব খারিজ করে দিয়েছে দেশটির কেন্দ্রীয় সরকার। দৈনিক ইত্তেফাক, ৪ জুলাই
- বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদন: চলতি বছর মিয়ানমার সেনাবাহিনীর নির্যাতনে আরও ৩৫ হাজার রোহিঙ্গা বাস্তুচ্যুত হয়েছে। সংবাদ, ৪ জুলাই
- ভারতের বিরোধী দল জাতীয় কংগ্রেসের সভাপতি পদ থেকে রাহুল গান্ধীর পদত্যাগ। সংবাদ, ৪ জুলাই
- মিয়ানমারের নিরাপত্তা বাহিনীর বিরুদ্ধে দেশটির রোহিঙ্গা জনগোষ্ঠীর ওপর নির্যাতনের পর এবার পশ্চিম অঞ্চলীয় প্রদেশগুলোর বেসামরিক নাগরিকদের ওপর নির্যাতনের মাধ্যমে মানবাধিকার লঙ্ঘনের দায়ে নতুন করে যুদ্ধাপরাধের অভিযোগ জাতিসংঘের। সংবাদ, ৪ জুলাই

## ৪ জুলাই

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আখতারুজ্জামানের সৌজন্য সাক্ষাৎ। দৈনিক জনকণ্ঠ, ৫ জুলাই
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও চীনের প্রধানমন্ত্রী লি কেকিয়াংয়ের মধ্যে বেইজিংয়ে দ্বিপাক্ষিক বৈঠকে নয়টি চুক্তি স্বাক্ষরিত। দৈনিক ইত্তেফাক, ৫ জুলাই
- রাজধানীর চানখারপুলে স্থাপিত বিশ্বের সর্ববৃহৎ 'শেখ হাসিনা ন্যাশনাল বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে'র আনুষ্ঠানিক যাত্রা শুরু। দৈনিক জনকণ্ঠ, ৫ জুলাই
- ঢাকা সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) চিকিৎসাধীন জাতীয় পার্টি (জাপা) চেয়ারম্যান ও সংসদের বিরোধীদলীয় নেতা হুসেইন মুহম্মদ এরশাদ লাইফ সাপোর্টে। দৈনিক ইত্তেফাক, ৫ জুলাই

- ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্য কমিটির ৪৩তম সভায় সর্বসম্মতভাবে সুন্দরবনকে বিপন্ন বিশ্ব ঐতিহ্যের তালিকায় অন্তর্ভুক্ত না করার সিদ্ধান্ত গ্রহণ। দৈনিক জনকণ্ঠ, ৫ জুলাই
- গুয়াতেমালা সীমান্ত পথে অভিবাসীদের প্রবেশ ঠেকাতে স্থায়ী সৈন্য মোতায়েন শুরু করেছে মেক্সিকো সরকার। দৈনিক জনকণ্ঠ, ৫ জুলাই
- চীনা শিবিরে থাকা শত শত উইঘুর মুসলিমকে নির্যাতনের সুযোগ না দিতে সতর্ক করেছেন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান। দৈনিক ইত্তেফাক, ৫ জুলাই
- বিশ্বকাপে হেডিংলির লিডসে আফগানিস্তানকে ২৩ রানে হারিয়ে ওয়েস্ট ইন্ডিজ জয়ী। দৈনিক জনকণ্ঠ, ৫ জুলাই

**৫ জুলাই**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বেইজিংয়ে চীনের প্রেসিডেন্স লি জিন পিংয়ের সঙ্গে বৈঠক করেন। দৈনিক ইত্তেফাক, ৬ জুলাই
- বাংলাদেশের তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদের যুক্তরাজ্য সফরঃ দেশটির ডিজিটাল কালচার, মিডিয়া ও ক্রীড়াবিষয়ক সংসদীয় দলের সভাপতি ডেমিয়ান কলিন্সের সঙ্গে বৈঠকে সামাজিক মাধ্যমের চ্যালেঞ্জ মোকাবিলায় উভয় দেশের মন্ত্রীর একমত প্রকাশ। দৈনিক জনকণ্ঠ, ৬ জুলাই
- মিথ্যা তথ্য দিয়ে প্রতারণার মাধ্যমে মুক্তিযোদ্ধা সনদ নেওয়া ৪৫ সরকারি কর্মকর্তা-কর্মচারীর মুক্তিযোদ্ধা সনদ ও গেজেট বাতিল। সমকাল, ৬ জুলাই
- প্রথা ভেঙে 'ঔপনিবেশিক আমলের ব্রিফকেস' ছাড়াই লোকসভায় বাজেট পেশ করেন ভারতের অর্থমন্ত্রী নির্মলা সিতারমন। দৈনিক ইত্তেফাক, ৬ জুলাই
- সুদানের রাজধানী খার্তুনে বৈঠকের আগ পর্যন্ত ক্ষমতা ভাগাভাগিতে একমত দেশটির সামরিক কাউন্সিল ও বিরোধী দলগুলো। দৈনিক ইত্তেফাক, ৬ জুলাই
- বিশ্বকাপে ৯৪ রানে বাংলাদেশকে হারিয়ে সেমিফাইনালে পাকিস্তান। দৈনিক জনকণ্ঠ, ৬ জুলাই



**৬ জুলাই**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা পাঁচদিনের চীন সফর শেষে দেশে ফিরেন। দৈনিক ইত্তেফাক, ৭ জুলাই
- মালয়েশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সাইফুদ্দিন বিন আবদুল্লাহ তিনদিনের সফরে ঢাকায়। দৈনিক ইত্তেফাক, ৭ জুলাই
- লন্ডন বিশ্ববিদ্যালয় কলেজে বক্তৃতায় জাতিসংঘের তদন্ত দলের সদস্য ক্রিস্টোফার সিদোতি মিয়ানমারের রাখাইনে বসবাসরত রোহিঙ্গাদের পরিস্থিতিকে 'দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় নাৎসি বাহিনীর দখলকৃত ইউরোপের বন্দিশিবিরের সঙ্গে তুলনা করেছেন। দৈনিক ইত্তেফাক, ৭ জুলাই
- ২৭ বছর কারাভোগের পর মেয়ের বিয়ে উপলক্ষ্যে ভারতের সাবেক প্রধানমন্ত্রী রাজীব গান্ধী হত্যায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত নলিনী শ্রীহরণকে ৩০ দিনের প্যারোলে মুক্তি দিয়েছেন মাদ্রাজ হাইকোর্ট। যুগান্তর, ৭ জুলাই
- চার হাজার বছরের পুরোনো মেসোপটেমিয়ার প্রাচীন শহর ব্যাবিলনকে বিশ্ব ঐতিহ্য ঘোষণা ইউনেস্কোর। দৈনিক জনকণ্ঠ, ৭ জুলাই
- উচ্চ সুদহার নিয়ে সরকারের সঙ্গে উত্তেজনার পর তুরস্কের কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর মুরাট সেটিনকায়াকে বরখাস্ত করেছেন দেশটির প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান। যুগান্তর, ৬ জুলাই
- বিশ্বকাপে হেডিংলির লিডসে শ্রীলঙ্কাকে ৭ উইকেটে হারিয়ে ভারতের জয়। সংবাদ, ৭ জুলাই

**৭ জুলাই**

- বিচারকদের নামের আগে ডক্টর, ব্যারিস্টার বা অন্য কেনো উপাধি ব্যবহার করা যাবে না বলে আদেশ দিয়েছেন হাইকোর্ট। দৈনিক ইত্তেফাক, ৮ জুলাই
- আসন্ন ২৭৭টি স্থানীয় সরকারের নির্বাচনের ৩৯টিতে ইলেকট্রনিক ভোটিং মেশিনে (ইভিএম) ভোটগ্রহণের সিদ্ধান্ত নির্বাচন কমিশনের (ইসি)। দৈনিক ইত্তেফাক, ৮ জুলাই
- কক্সবাজারের উখিয়ার টেকনাফে সফররত মালয়েশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সাইফউদ্দিন আবদুল্লাহর রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন। সংবাদ, ৮ জুলাই

- বিশ্বের সবচেয়ে দূষিত রাজধানী ভারতের দিল্লি: বিশ্ব পরিবেশ সংস্থা গ্রিনপিসের দক্ষিণ এশীয় শাখার প্রতিবেদন। দৈনিক ইত্তেফাক, ৮ জুলাই
- বাংলাদেশ ক্রিকেট দলের সাবেক অধিনায়ক ও সংসদ সদস্য নাইমুর রহমান দুর্জয়ের নেতৃত্বে আন্তঃসংসদীয় ক্রিকেট বিশ্বকাপে (আইপিসিডব্লিউসি) প্রথমবারের মতো অংশ নিতে লন্ডন গেলেন বাংলাদেশ সংসদ সদস্যের ১৭ সদস্য। দৈনিক ইত্তেফাক, ৮ জুলাই

**৮ জুলাই**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা চীনের পাঁচদিনের সরকারি সফর শেষে গণভবনে সফরপরবর্তী সংবাদ সম্মেলনে বক্তব্য দেন। দৈনিক জনকণ্ঠ, ৯ জুলাই
- প্রাণীর প্রতি নিষ্ঠুরতা রোধে সংসদে প্রাণীকল্যাণ বিল-২০১৯ পাস। দৈনিক ইত্তেফাক, ৯ জুলাই
- ময়নাতদন্ত প্রতিবেদন প্রস্তুতকারী চিকিৎসকের নাম, পদবি এবং প্রতিবেদনটির বিষয় (তথ্য) স্পষ্ট এবং পড়ার উপযোগী করে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। দৈনিক জনকণ্ঠ, ৯ জুলাই
- ঋণখেলাপিদের জন্য কেন্দ্রীয় ব্যাংকের বিশেষ ঋণ সুবিধা এবং একই সঙ্গে এসংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের জারিকৃত প্রজ্ঞাপনের ওপর স্থিতাবস্থার আদেশ আরও দুই মাসের জন্য স্থগিত করেছেন সুপ্রিমকোর্টের আপিল বিভাগ। দৈনিক ইত্তেফাক, ৯ জুলাই
- ২০১৮-২০১৯ অর্থবছরে ৪ হাজার ৫৩ কোটি ৫০ লাখ ডলারের পণ্য রপ্তানি হয়েছে। সদ্যসমাপ্ত অর্থবছরের রপ্তানি গত বছরের চেয়ে বেড়েছে ১০ দশমিক ৫৫ শতাংশ–রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি)-এর তথ্য প্রকাশ। দৈনিক জনকণ্ঠ, ৯ জুলাই
- মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ট ট্রাম্প প্রশাসনকে ‘অকর্মা’ অ্যাখ্যা দিয়ে ওয়াশিংটন থেকে ব্রিটিশ রাষ্ট্রদূতের পাঠানো ই-মেইল ফাঁসের তদন্ত শুরু। দৈনিক ইত্তেফাক, ৯ জুলাই
- রাজস্থানের পোখরান ফায়ারিং রেঞ্জে ট্যাংক বিধ্বংসী ‘নাগ’ ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা ভারতের। দৈনিক জনকণ্ঠ, ৯ জুলাই



- বাংলাদেশ ক্রিকেট দলের প্রধান কোচ স্টিভ রোডসের সঙ্গে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) চুক্তি বাতিল। দৈনিক জনকণ্ঠ, ৯ জুলাই

**৯ জুলাই**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে সফররত মার্শাল আইল্যান্ডের প্রেসিডেন্ট হিলদা সি হেইনির সৌজন্য সাক্ষাৎ। দৈনিক জনকণ্ঠ, ১০ জুলাই
- একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে রাজধানী শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে একনেক সভায় মোট ৭ হাজার ৭৪৪ কোটি টাকার ১৩টি প্রকল্প অনুমোদন। সংবাদ, ৯ জুলাই
- ‘২০১৮-১৯ অর্থবছর শেষে গড় মূল্যস্ফীতির হার দাঁড়িয়েছে ৫ দশমিক ৪৮ শতাংশ। এর আগের অর্থবছরে ছিল ৫ দশমিক ৭৮ শতাংশ। সরকারের লক্ষ্যমাত্রা ছিল ৫ দশমিক ৫ শতাংশ।’ রাজধানীর শেরেবাংলানগর এনইসি সম্মেলন কক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠক শেষে ব্রিফিংয়ে পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান। দৈনিক ইত্তেফাক, ৯ জুলাই
- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার হুমকি সংবলিত ভিডিয়ো সামাজিক মাধ্যমে পোস্টদাতা রোহিঙ্গা নাগরিককে মালয়েশিয়ায় গ্রেফতার। মালয়েশিয়ার দ্য স্টার অনলাইনের প্রতিবেদন। দৈনিক ইত্তেফাক, ১০ জুলাই
- নেদারল্যান্ডসের রানি ম্যাক্সিমা চারদিনের সফরে ঢাকায় আসেন। দৈনিক ইত্তেফাক, ১০ জুলাই
- ‘ঢাকা মিটিং অব দ্য গ্লোবাল কমিশন অন অ্যাডাপটেশন (জিসিএ)’-শীর্ষক সম্মেলনে অংশ দিতে জাতিসংঘের সাবেক মহাসচিব বান কি মুন ঢাকায় পৌছান। দৈনিক ইত্তেফাক, ১০ জুলাই
- বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত আল রবার্ট মিলার তিনদিনের সফরে বরিশাল পৌছান। দৈনিক ইত্তেফাক, ১০ জুলাই
- কাতারের রাজধানী দোহায় অনুষ্ঠিত সর্বদলীয় আফগান সম্মেলনে দেশটিতে চলমান ১৮ বছরের যুদ্ধের অবসান ঘটিয়ে শান্তি ফেরাতে একমত পোষণ। দৈনিক জনকণ্ঠ, ১০ জুলাই

- যুক্তরাজ্যভিত্তিক সংবাদমাধ্যম বিবিসির রিপোর্ট: বিশ্বকাপের সেরা ক্রিকেটার বাংলাদেশের সাকিব আল হাসান। দৈনিক ইত্তেফাক, ১০ জুলাই

**১০ জুলাই**
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা হোটেল ইন্টারকন্টিনেন্টালে দুইদিনব্যাপী গ্লোবাল কমিউনিকেশন অন অ্যাডাপটেশনের (জিসিএ) সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য দেন। দৈনিক ইত্তেফাক, ১১ জুলাই
- অর্থ আত্মসাৎ ও পাচারের অভিযোগে সাবেক প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার বিরুদ্ধে মামলা দুর্নীতি দমন কমিশনের (দুদক)। সংবাদ, ১১ জুলাই
- জাতিসংঘ সদর দপ্তরে বাংলাদেশের আয়োজনে জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে ত্রিপক্ষীয় সহযোগিতা শক্তিশালীকরণ বিষয়ে অনুষ্ঠিত সম্মেলনে বিভিন্ন দেশের ৬৪ জন সামরিক বাহিনী প্রধান অংশ নেন। যুগান্তর, ১৩ জুলাই
- বিশিষ্ট মিডিয়া ব্যক্তিত্ব মোহাম্মদ জাহাঙ্গীরের ইন্তেকাল। সংবাদ, ১১ জুলাই
- ট্রাম্প প্রশাসনকে 'অকর্মা' বলা যুক্তরাষ্ট্রে নিযুক্ত ব্রিটিশ রাষ্ট্রদূত স্যার কিম ডেরেকের পদত্যাগ। দৈনিক জনকণ্ঠ, ১১ জুলাই
- ম্যানচেস্টারের ওল্ড ট্রাফোর্ডে অনুষ্ঠিত বিশ্বকাপে ১৮ রানে ভারতকে হারিয়ে নিউজিল্যান্ডের জয়লাভ। সংবাদ, ১১ জুলাই
- বাংলাদেশ দাবা ফেডারেশনের আয়োজনে ঢাকায় এশিয়ান সিটিজ দলগত দাবা চ্যাম্পিয়নশিপ শুরু। দৈনিক জনকণ্ঠ, ১১ জুলাই

**১১ জুলাই**
- একাদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনে দ্রুত বিচারসহ তিনটি বিলে স্বাক্ষর করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। সংবাদ, ১২ জুলাই
- সংসদে 'বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট বিল-২০১৯' সংশোধিত আকারে পাস। সংবাদ, ১২ জুলাই
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা একাদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনে সমাপন বক্তব্য দেন। দৈনিক ইত্তেফাক, ১২ জুলাই



- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর এক হোটেলে 'ঢাকা দ্য ওআইসি সিটিঅব টুরিজম-২০১৯' উদ্‌যাপন উপলক্ষ্যে দুইদিনব্যাপী অনুষ্ঠানের উদ্‌বোধন ভাষণ দেন। দৈনিক জনকণ্ঠ, ১২ জুলাই
- ১০ বছরে সীমান্তে বিএসএফ কর্তৃক ২৯৪ বাংলাদেশি নিহত হয়েছেন। সংসদে প্রশ্নোত্তরপর্বে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। সংবাদ, ১২ জুলাই
- বিশ্বে বহুমাত্রিক দরিদ্রতা সূচক (এমপিআই) অনুযায়ী দ্রুত দারিদ্র্যবিমোচনে শীর্ষ দেশের তালিকায় বাংলাদেশ। জাতিসংঘের উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি)-এর প্রতিবেদন প্রকাশ। দৈনিক ইত্তেফাক, ১৩ জুলাই
- চীনের জিনজিয়ান প্রদেশের উইঘুর মুসলিমদের ওপর নিপীড়নের নিন্দা জানিয়ে দেশটির বিরুদ্ধে জাতিসংঘের কাছে ২২ দেশের রাষ্ট্রদূতের চিঠি। সংবাদ, ১২ জুলাই
- বার্মিংহ্যামের অ্যাজবাস্টনে চলমান দ্বাদশ বিশ্বকাপে অস্ট্রেলিয়াকে ৮ উইকেটে হারিয়ে স্বাগতিক ইংল্যান্ড ফাইনালে। সমকাল

**১২ জুলাই**
- আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে গণভবনে আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদ ও কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদের সভা অনুষ্ঠিত। সংবাদ, ১৩ জুলাই
- সামাজিক যোগাযোগমাধ্যমে পদ্মা সেতু নির্মাণে মানুষের মাথা ও রক্ত লাগবে–এমন গুজব ছড়ানোর অভিযোগে দেশের বিভিন্ন এলাকা থেকে আটজনকে গ্রেফতার করেছে আইনশৃঙ্খলা বাহিনী। দৈনিক ইত্তেফাক, ১৩ জুলাই
- মাদক গ্রহণের অভিযোগে চীনে চার ব্রিটিশসহ ১৬ বিদেশিকে আটক করেছে দেশটির প্রশাসন। সংবাদ, ১৩ জুলাই
- উত্তর কোরিয়ার নতুন সংবিধানে নেতা কিম জং উনকে আনুষ্ঠানিকভাবে দেশটির রাষ্ট্রপ্রধান ও সেনাপ্রধান ঘোষণা। দৈনিক জনকণ্ঠ, ১৩ জুলাই
- বিশিষ্ট ক্রীড়াসাংবাদিক ও মুক্তিযোদ্ধা অজয় বড়ুয়া (৭২) মারা গেছেন। সংবাদ, ১৩ জুলাই

- ইংল্যান্ড ওয়েলসে চারদিনের আন্তঃপার্লামেন্টরি বিশ্বকাপ টুর্নামেন্টে পাকিস্তানকে ১৩ রানে হারিয়ে সেমিফাইনালে বাংলাদেশ সংসদীয় দল। দৈনিক ইত্তেফাক, ১৩ জুলাই

**১৩ জুলাই**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সৌজন্য সাক্ষাৎ। দৈনিক ইত্তেফাক, ১৪ জুলাই
- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বঙ্গভবনে মন্ত্রী ইমরান আহমেদ ও প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরাকে শপথবাক্য পাঠ করান।
- প্রধানমন্ত্রীর কার্যালয়ে বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগসমূহের সিনিয়র সচিব ও সচিবরা ২০১৯-২০ অর্থবছরের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্র প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে হস্তান্তর করেন। দৈনিক ইত্তেফাক, ১৪ জুলাই
- দক্ষিণ কোরিয়ার প্রধানমন্ত্রী লি নাক ইয়োন তিনদিনের সফরে ঢাকায় আসেন। যুগান্তর
- ভারতে বাংলাদেশের বার্ষিক রপ্তানির পরিমাণ প্রথমবারের মতো ১ বিলিয়ন বা ১০০ কোটি মার্কিন ডলার ছাড়িয়েছে। ভারত সরকারের বাণিজ্য মন্ত্রণালয় জানিয়েছে, ২০১৮-১৯ অর্থবছরে বাংলাদেশ থেকে ভারত ১০৪ কোটি ডলারেরও (প্রায় ৮ হাজার ৮০৩ কোটি টাকা) বেশি মূল্যের পণ্য আমদানি করেছে–বিবিসি বাংলার প্রতিবেদনে তথ্য প্রকাশ। যুগান্তর, ১৩ জুলাই
- ঝুঁকি কমাতে প্রথমবারের মতো সাধারণ বীমা করপোরেশনের সঙ্গে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর 'ইন অরবিট' (কক্ষপথ) ১৩৪ কোটি ২৮৮ লাখ টাকার বিমা করেছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)। দৈনিক ইত্তেফাক, ১৪ জুলাই
- সোমালিয়ায় হোটেলে জঙ্গি হামলায় মন্ত্রী, সাংবাদিকসহ নিহত ২৬ জন। সংবাদ
- ইংল্যান্ডে আয়োজিত আন্তঃপার্লামেন্টরি বিশ্বকাপ টুর্নামেন্টে পাকিস্তানের কাছে ৯ উইকেটে হেরে রানার্সআপে বাংলাদেশ সংসদীয় দল। দৈনিক জনকণ্ঠ



**১৪ জুলাই**

- সাবেক রাষ্ট্রপতি, সাবেক সেনাপ্রধান, জাতীয় পার্টির (জাপা) চেয়ারম্যান ও বর্তমান একাদশ জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা এইচএম এরশাদ ইন্তেকাল করেছেন। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও স্পিকারসহ বিশিষ্টজনদের শোক প্রকাশ। দৈনিক ইত্তেফাক, ১৫ জুলাই
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর তেজগাঁও কার্যালয়ে পাঁচদিনব্যাপী 'জেলা প্রশাসক সম্মেলন-২০১৯' এর অনুষ্ঠানে উদ্‌বোধনী ভাষণ দেন। দৈনিক ইত্তেফাক, ১৫ জুলাই
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর তেজগাঁও কার্যালয়ে সফরত দক্ষিণ কোরিয়ার প্রধানমন্ত্রী লি নাক ইয়োন বৈঠক করেন। দৈনিক জনকণ্ঠ, ১৫ জুলাই
- জাতীয় পার্টির চেয়ারম্যান ও জাতীয় সংসদে বিরোধী দলীয় নেতা হুসেইন মুহম্মদ এরশাদের প্রথম জানাজা ঢাকা সেনানিবাসের সেনা কেন্দ্রীয় মসজিদে অনুষ্ঠিত। সমকাল (অনলাইন), ১৪ জুলাই
- বন্যা পরিস্থিতি মোকাবিলা করতে পানি উন্নয়ন বোর্ডের সব কর্মকর্তা-কর্মচারীর ছুটি বাতিল; পানি উন্নয়ন বোর্ডের সংবাদ বিজ্ঞপ্তি। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ১৪ জুলাই
- রাজধানীতে ডেঙ্গু, চিকুনগুনিয়াসহ অন্যান্য মশাবাহিত রোগ প্রতিরোধে অগ্রাধিকার ভিত্তিতে ২৪ঘণ্টার মধ্যে কার্যকর পদক্ষেপ নিতে দুই সিটি করপোরেশন মেয়রকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। দৈনিক জনকণ্ঠ, ১৫ জুলাই
- ১৯৯৪ সালে ২৩ সেপ্টেম্বর ঈশ্বরদীতে দলীয় কর্মসূচিতে অংশ নিতে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার ট্রেনবহরে হামলা ও গুলিবর্ষণ মামলায় সাজাপ্রাপ্ত পলাতক ৭ আসামির আদালতে আত্মসমর্পণ। দৈনিক জনকণ্ঠ, ১৫ জুলাই
- চীনের কাছে অপরাধী 'প্রত্যর্পণ' বিলকে বাতিলের দাবিতে হংকংয়ে আবারও বিক্ষোভ। দৈনিক ইত্তেফাক, ১৫ জুলাই
- লর্ডসে দ্বাদশ বিশ্বকাপ ফাইনালে নিউজিল্যান্ডকে হারিয়ে ইংল্যান্ডের প্রথম বিশ্বকাপ জয়। দৈনিক জনকণ্ঠ, ১৫ জুলাই

## ১৫ জুলাই

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বঙ্গভবনে 'জনগণের সেবক' হিসেবে দায়িত্ব পালন এবং দেশের বৃহত্তর স্বার্থের প্রতি অগ্রাধিকার প্রদানের জন্য বিভাগীয় কমিশনার ও ডিসিদের প্রতি আহ্বান জানান। দৈনিক জনকণ্ঠ, ১৬ জুলাই
- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বঙ্গভবনে সফরত দক্ষিণ কোরিয়ার প্রধানমন্ত্রী লি নাক ইয়ন সৌজন্য সাক্ষাৎ করেন। সংবাদ, ১৬ জুলাই
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানী ইস্কাটন গার্ডেন রোড এলাকায় মন্ত্রী ও সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য সাতটি আবাসন প্রকল্প উদ্‌বোধন করেন। দৈনিক ইত্তেফাক, ১৬ জুলাই
- সদ্য প্রয়াত জাতীয় পার্টির চেয়ারম্যান ও সাবেক রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদের আসনটি শূন্য ঘোষণা করে সংসদ সচিবালয়ের এ সংক্রান্ত গেজেট প্রকাশ। যুগান্তর, ১৬ জুলাই
- বন্যাকবলিত এলাকার মানুষকে ঘরসহ নিরাপদ আশ্রয়ে সরিয়ে নিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কন্যা সায়মা হোসেন ওয়াজেদের করা নকশার নৌকা তৈরি করতে প্রকল্প নিয়েছে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। যুগান্তর, ১৬ জুলাই
- যুক্তরাষ্ট্রের জর্জিয়া অঙ্গরাজ্যের প্রথম মুসলিম সিনেটর হিসেবে শপথ নেন বাংলাদেশি বংশোদ্ভূত মার্কিন নাগরিক শেখ রহমান। জর্জিয়ার জেনারেল অ্যাসেম্বলিতে তিনি শুধু প্রথম মুসলিম সিনেটরই নন, একই সঙ্গে তিনি যুক্তরাষ্ট্রের কোনো অঙ্গরাজ্য থেকে নির্বাচিত প্রথম বাংলাদেশি। যুগান্তর, ১৫ জুলাই
- ২০১৫ সালে ইরানের সঙ্গে স্বাক্ষরিত 'জেসিপিওএ' পরমাণু চুক্তি বহাল রাখতে বেলজিয়ামের ব্রাসেলসে ইউরোপীয় অংশীদার দেশগুলোর জরুরি বৈঠক অনুষ্ঠিত। সংবাদ, ১৬ জুলাই

## ১৬ জুলাই

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ঢাকা সেনানিবাসে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট (পিজিআর)-এর ৪৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য দেন। দৈনিক জনকণ্ঠ, ১৭ জুলাই



- একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে রাজধানী শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে একনেক সভায় মোট ৫ হাজার ১৪২ কোটি টাকার ৮টি প্রকল্প অনুমোদন। সমকাল
- সাবেক রাষ্ট্রপতি, জাতীয় পার্টির (জাপা) চেয়ারম্যান ও বর্তমান একাদশ জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা এইচএম এরশাদের রংপুরে দাফন সম্পন্ন। সংবাদ, ১৭ জুলাই
- রাখাইনে রোহিঙ্গাদের ওপর মিয়ানমারের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নির্যাতনের ঘটনা তদন্তের জন্য আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিসি) প্রতিনিধিদল ঢাকায়। দৈনিক ইত্তেফাক, ১৭ জুলাই
- জার্মানির প্রতিরক্ষামন্ত্রী উরজুলা ফন দেয়ার লায়েন ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) কমিশনের প্রেসিডেন্ট নির্বাচিত। সমকাল, ১৭ জুলাই
- বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে আবাহনীকে ৪-০ গোলে হারিয়ে মোহামেডানের জয়লাভ। সংবাদ, ১৭ জুলাই
- লর্ডসে বিশ্বকাপ ফাইনালে চ্যাম্পিয়ন হওয়ায় ইংল্যান্ড দলকে ব্রিটেনের রানি দ্বিতীয় এলিজাবেথের অভিনন্দন। দৈনিক জনকণ্ঠ, ১৭ জুলাই

## ১৭ জুলাই

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে বেনাপোল এক্সপ্রেস ট্রেন উদ্‌বোধন করেন। সংবাদ, ১৮ জুলাই
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা সেনানিবাসে 'প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের (পিজিআর)' ৪৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দেন। দৈনিক জনকণ্ঠ, ১৮ জুলাই
- রাজধানীর আগারগাঁওয়ে আইসিটি টাওয়ারে আয়োজিত অনুষ্ঠানে জাতীয় পরিচয়পত্র (এনআইডি) যাচাই করার গেটওয়ে 'পরিচয়' ওয়েবসাইট উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। দৈনিক জনকণ্ঠ, ১৮ জুলাই
- প্রথমবারের মতো ইন্দো-বাংলা প্রটোকল রুট ব্যবহার করে ভুটান থেকে পাথরবাহী একটি ভারতীয় জাহাজ ধুবরি থেকে যাত্রা শুরু করে বাংলাদেশের নারায়ণগঞ্জে পৌঁছায়। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ১৮ জুলাই

- প্রথমবারের মতো পদ্মা নদীর পানি বিপৎসীমা অতিক্রম করায় বন্যার পানি বেড়ে ঢাকার সঙ্গে উত্তরের চার জেলার রেল যোগাযোগ বন্ধ। পানি উন্নয়ন বোর্ড এ তথ্য জানিয়েছে। দৈনিক জনকণ্ঠ, ১৮ জুলাই
- সারাদেশ উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ। সংবাদ, ১৮ জুলাই
- এডিস মশা নিয়ন্ত্রণে দুই সিটি করপোরেশনকে ব্যবস্থা নেওয়ার নির্দেশ আদালতের। দৈনিক জনকণ্ঠ, ১৮ জুলাই
- বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) প্রধান তেদ্রোস আধানোম গেবরিয়াসুস জেনেভায় সংবাদ সম্মেলনে আফ্রিকার কঙ্গোর ইবোলা সংকটকে 'আন্তর্জাতিক পর্যায়ের জনসাস্থ্য সংকট' উল্লেখ করে জরুরি অবস্থা ঘোষণা করেন। সংবাদ, ১৮ জুলাই
- রাখাইনে রোহিঙ্গাদের ওপর মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে মিয়ানমারের সেনাপ্রধানসহ শীর্ষ চার সামরিক কর্মকর্তার বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ যুক্তরাষ্ট্রের। দৈনিক ইত্তেফাক, ১৮ জুলাই

**১৮ জুলাই**

- বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে 'শিল্পকলা পদক-২০১৮' তুলে দেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। সংবাদ, ১৯ জুলাই
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফার্মগেটের কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে (কেআইবি) 'জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৯'-এর উদ্‌বোধন করেন। সমকাল
- বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো 'লিভার ট্রান্সপ্লান্ট প্রতিস্থাপন' সফলভাবে সম্পন্ন করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোগী ও চিকিৎসকদের অভিনন্দন জানান। সংবাদ, ১৯ জুলাই
- ডেঙ্গু প্রতিরোধে জাতিসংঘের আবাসিক সমন্বয়কের সঙ্গে সমন্বয় করে কাজ করতে পররাষ্ট্র সচিব, স্বাস্থ্য সচিব ও ঢাকার দুই মেয়র বরাবর লিগ্যাল নোটিশ পাঠান আইনজীবী মো. মাহমুদুল হাসান। দৈনিক ইত্তেফাক, ১৯ জুলাই
- বরগুনার চাঞ্চল্যকর রিফাত শরীফ হত্যা মামলার প্রধান সাক্ষী ও নিহত রিফাতের স্ত্রী আয়শা সিদ্দিকা মিন্নির আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি। দৈনিক ইত্তেফাক, ১৯ জুলাই



- ধর্ষণ ও ধর্ষণের পর হত্যার অভিযোগে মামলা হওয়ার পর ছয় মাসের মধ্যে নিষ্পত্তি করতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সংবাদ, ১৯ জুলাই
- চলতি বছর থেকে প্রতিবছর ১০০ জন অসুস্থ মুক্তিযোদ্ধাকে ভারতের সশস্ত্রবাহিনীর হাসপাতালে চিকিৎসা দেওয়ার পরিকল্পনা নিয়েছে ভারত সরকার। দৈনিক ইত্তেফাক, ১৯ জুলাই
- ফেসবুকে সেনাবাহিনীকে নিয়ে মন্তব্য করায় মিয়ানমারে চলচ্চিত্র নির্মাতা মিন হতিন কোকো জির বিরুদ্ধে অভিযোগ গঠন করে দেশটির প্রশাসন। সংবাদ, ১৯ জুলাই

**১৯ জুলাই**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারি সফরে যুক্তরাজ্যে পৌঁছান। দৈনিক জনকণ্ঠ, ২০ জুলাই
- ডেঙ্গু প্রতিরোধে ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মশক নিয়ন্ত্রণ ও পরিচ্ছন্নতা বিভাগের সব কর্মকর্তা-কর্মচারীর ছুটি বাতিল। সমকাল, ২০ জুলাই
- যোগাযোগে অসুবিধা ও ভৌগোলিকভাবে বিচ্ছিন্নতার বিবেচনায় দেশের ২৩টি জেলার ৭৩টি উপজেলাকে দুর্গম হিসেবে চিহ্নিত করে এ সংক্রান্ত অফিস আদেশ জারি করে নির্বাচন কমিশন (ইসি)। দৈনিক ইত্তেফাক, ২০ জুলাই
- রাখাইনে রোহিঙ্গাদের মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে মিয়ানমারের সেনা কর্মকর্তাদের ওপর যুক্তরাষ্ট্র যে ভ্রমণ নিষেধাজ্ঞা আরোপ করেছে, তা যথেষ্ট নয়, মন্তব্য জাতিসংঘের বিশেষ দূত ইয়াং হিলির। দৈনিক ইত্তেফাক, ২০ জুলাই
- বিভিন্ন দেশ থেকে আগত যুক্তরাজ্যের নাগরিক ও অবস্থানরত মেয়ে কিশোরী শিক্ষার্থীদের জোরপূর্বক বিয়ে দেওয়ার প্রচেষ্টার বিরুদ্ধে 'অপারেশন লাইমলাইট' নামে প্রথমবারের মতো জাতীয় পর্যায়ে অভিযান শুরু করেছে দেশটির পুলিশ। সংবাদ, ২০ জুলাই
- ভারতের উত্তর প্রদেশের লখনৌতে জমি নিয়ে বিরোধের জেরে নিহতদের দেখতে যাওয়ার পথে রাজনৈতিক দল কংগ্রেসের সাধারণ সম্পাদক পিয়াঙ্কা গান্ধীকে আটক করেছে দেশটির পুলিশ। যুগান্তর, ২০ জুলাই

## ২০ জুলাই

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা লন্ডনে অনুষ্ঠিত ইউরোপে অবস্থানরত বাংলাদেশ দূতদের সম্মেলনে অংশ নেন। দৈনিক জনকণ্ঠ, ২১ জুলাই
- আন্তর্জাতিক অপরাধ আদালতের ছয় সদস্যের সফরত প্রতিনিধি দলের উখিয়ার কুতুপালং রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন। দৈনিক ইত্তেফাক, ২১ জুলাই
- বাংলাদেশে ডেঙ্গু পরিস্থিতি উদ্‌বেগজনক: বনানীতে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)-এর মেয়র সাঈদ খোকনের বাসভবনে বৈঠক শেষে বিশ্ব স্বাস্থ্য সংস্থার পাঁচ সদস্যের প্রতিনিধিদলের মন্তব্য। সংবাদ, ২১ জুলাই
- মুক্তিযুদ্ধকালীন মানবতাবিরোধী অপরাধে ৭১ মামলায় তদন্ত সম্পন্ন করে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে প্রতিবেদন দাখিল তদন্ত সংস্থার। দৈনিক ইত্তেফাক, ২১ জুলাই
- সৌদি আরবে মার্কিন সেনা মোতায়েনের প্রস্তাবে অনুমোদন দিয়েছেন সৌদি বাদশাহ সালমান বিন আবদুল আজিজ আল সৌদ। সংবাদ, ২১ জুলাই
- তিন ম্যাচের ওয়ানডে সিরিজ খেলতে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল শ্রীলঙ্কা পৌঁছায়। দৈনিক জনকণ্ঠ, ২১ জুলাই
- থাইল্যান্ডের চুনবুরিতে অনুষ্ঠিত অষ্টম এশিয়া কাপ ইনডোর হকিতে চাইনিজ তাইপেকে ৯-০ গোলে হারিয়ে বাংলাদেশ সপ্তম। দৈনিক জনকণ্ঠ, ২১ জুলাই

## ২১ জুলাই

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা লন্ডনে স্থানীয় এক হোটেলে ইউরোপে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূতদের সম্মেলনে বক্তব্য দেন। সংবাদ, ২২ জুলাই
- মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কাছে বাংলাদেশের বিরুদ্ধে মিথ্যা অভিযোগের বিষয়ে 'প্রিয়া সাহার ব্যাখ্যা না শুনে' তার বিরুদ্ধে মামলা না করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা: বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সড়ক, পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের সাংবাদিকদের এ কথা জানান। সংবাদ, ২২ জুলাই



- ঢাকার যানজট নিরসনে বিশেষজ্ঞদের দিয়ে মাস্টারপ্ল্যান তৈরি করার আদেশপ্রাপ্তির তিন মাসের মধ্যে নির্দেশ দিয়েছেন আদালত। দৈনিক ইত্তেফাক, ২২ জুলাই
- দুর্নীতির মামলায় সাময়িক বরখাস্ত হওয়া পুলিশের উপমহাপরিদর্শক (ডিআইজি) কারাবন্দি মিজানুর রহমানকে ঘুসের মামলায় গ্রেফতার দেখানোর নির্দেশ দিয়েছেন আদালত। সংবাদ, ২২ জুলাই
- সুপ্রিমকোর্টের ডেপুটি অ্যাটর্নি জেনারেল (ডিএজি) পদে ৭০ জন আইনজীবীকে নিয়োগ দিয়ে আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের এ সংক্রান্ত নিয়োগ আদেশ জারি। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ২১ জুলাই
- জাপানের ক্ষমতাসীন প্রধানমন্ত্রী শিনজো আবের দল এলডিপি ও তার জোট সংসদের উচ্চকক্ষের নির্বাচনে বিপুল ভোটে নির্বাচিত। যুগান্তর (অনলাইন), ২২ জুলাই

## ২২ জুলাই

- ডেঙ্গু ও চিকুনগুনিয়াসহ অন্যান্য মশাবাহিত রোগ প্রতিরোধে ঢাকায় দুই সিটি করপোরেশনের নেওয়া পদক্ষেপের বিষয়ে দাখিল করা প্রতিবেদনের ওপর অসন্তোষ প্রকাশ করেছেন হাইকোর্ট। সংবাদ, ২৩ জুলাই
- ১০০ কোটি টাকা এবং এর বেশি অঙ্কের ঋণখেলাপিদের ওপর বিশেষ তদারকি আরোপ করেছে বাংলাদেশ ব্যাংক। এ সেল খেলাপিদের কাছ থেকে ঋণ আদায় পরিস্থিতি প্রতি তিন মাস অন্তর ব্যাংকের পর্ষদ ও বাংলাদেশ ব্যাংককে জানাবে মর্মে বাংলাদেশ ব্যাংকের সার্কুলার জারি। যুগান্তর, ২৩ জুলাই
- দুর্নীতি দমন কমিশনের (দুদক) সাময়িক বরখাস্ত হওয়া পরিচালক খন্দকার এনামুল বাছির ঘুস লেনদেনের মামলায় গ্রেফতার। দৈনিক ইত্তেফাক, ২৩ জুলাই
- ডোনাল্ড ট্রাম্পের কাছে বাংলাদেশে ধর্মীয় সংখ্যালঘুদের ওপর নির্যাতনের অভিযোগ জানানোর পর সমালোচনায় থাকা প্রিয়া সাহাকে সংগঠন থেকে সাময়িক বহিষ্কার হিন্দু খ্রিষ্টান বৌদ্ধ ঐক্য পরিষদের। দৈনিক জনকণ্ঠ, ২৩ জুলাই

- জাতিসংঘের আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার (আইএইএ) প্রধান জাপানি কূটনীতিক ইউকিয়া আমানো মারা গেছেন। দৈনিক ইত্তেফাক, ২৩ জুলাই
- যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার (সিআইএ) চর হয়ে কাজ করার অভিযোগে ১৭ 'গুপ্তচর'কে আটক এবং আটক ব্যক্তিদের মধ্যে কয়েকজনের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে বলে ইরানি গণমাধ্যমে এ তথ্য প্রকাশ। দৈনিক ইত্তেফাক, ২৩ জুলাই
- প্রযুক্তিগত ত্রুটি কাটিয়ে ভারতীয় 'চন্দ্রযান-২' অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটা থেকে সফলভাবে উৎক্ষেপণ। দৈনিক ইত্তেফাক, ২৩ জুলাই
- ব্রিটেনের পররাষ্ট্র প্রতিমন্ত্রী অ্যালানডানকানের পদত্যাগ। দৈনিক ইত্তেফাক, ২৩ জুলাই

**২৩ জুলাই**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'জাতীয় পাবলিক সার্ভিস দিবস' উপলক্ষ্যে জনপ্রশাসন পদক-২০১৯ প্রদান করেন। সংবাদ, ২৪ জুলাই
- যুক্তরাজ্যে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনার চোখে সফলভাবে অস্ত্রোপচার করা হয়েছে। সংবাদ, ২৪ জুলাই
- ফেনীর মাদ্রাসাছাত্রী নুসরাত হত্যা মামলায় ৪১ জনের সাক্ষ্যগ্রহণ ও জেরা সম্পন্ন করেছেন আদালত। সংবাদ, ২৪ জুলাই
- গণপিটুনির ঘটনায় কোনো ছাড় নয়, পুলিশের 'সেবা নম্বর ৯৯৯'-এ ফোন করে সহযোগিতা নিন: সচিবালয়ে সমসাময়িক ইস্যুতে আয়োজিত সংবাদ সম্মেলনে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। দৈনিক ইত্তেফাক, ২৪ জুলাই
- দেশে নদী রক্ষায় অবদানের জন্য 'বঙ্গবন্ধু নদী পদক' প্রদানের ঘোষণা করে নৌমন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি প্রকাশ। সংবাদ, ২৪ জুলাই
- ফিটনেসবিহীন গাড়িগুলোর ফিটনেস নবায়নের সনদ নিতে দুই মাস সময় বেঁধে দিয়েছেন আদালত। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ২৩ জুলাই
- ব্রিটেনের কনজারভেটিভ দলের নেতা ও সাবেক পররাষ্ট্রমন্ত্রী বরিস জনসন দেশটির প্রধানমন্ত্রী নির্বাচিত। দৈনিক জনকণ্ঠ, ২৪ জুলাই



- হোয়াইট হাউজে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খানের প্রথম বৈঠক অনুষ্ঠিত। দৈনিক জনকণ্ঠ, ২৪ জুলাই
- ইংল্যান্ডের ওরচেস্টারে অনুষ্ঠিত ইংল্যান্ড ও ভারতকে নিয়ে ত্রিদেশীয় ওয়ানডে সিরিজে স্বাগতিক ইংল্যান্ডকে ৪ উইকেটে হারিয়ে বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দলের জয়লাভ। দৈনিক জনকণ্ঠ, ২৪ জুলাই

**২৪ জুলাই**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে বাংলাদেশে চীনের বিদায়ি রাষ্ট্রদূত জাং জুর সৌজন্য সাক্ষাৎ। সংবাদ, ২৫ জুলাই
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে তাঁর কার্যালয়ে সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয় এবং দপ্তরকে নিয়ে অনুষ্ঠিত সমন্বয় সভায় দেশব্যাপী গুজব ও ডেঙ্গুর বিরুদ্ধে প্রতিরোধ গড়ার আহ্বান। দৈনিক ইত্তেফাক, ২৫ জুলাই
- রূপপুর গ্রিনসিটি প্রকল্পের আসবাবপত্র ও প্রয়োজনীয় সামগ্রী ক্রয় ও ভবন উঠানোর কাজে অনিয়মের অভিযোগে প্রকল্পের ৩৪ কর্মকর্তা অভিযুক্ত। তাদের মধ্যে ১৬ জনকে বরখাস্ত: সচিবালয়ে সংবাদ সম্মেলনে গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী শ ম রেজাউল করিম। যুগান্তর
- পাস্তুরিত দুধে 'ভারী ধাতব', মিল্কভিটা, আড়ংসহ ১০ কোম্পানির বিরুদ্ধে মামলা করেছেন নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। সংবাদ, ২৫ জুলাই
- বন্যাদুর্গত এলাকায় ক্ষতিগ্রস্ত কৃষকদের কাছ থেকে কৃষিঋণের কিস্তি আদায় স্থগিত করার নির্দেশ বাংলাদেশ ব্যাংকের। যুগান্তর, ২৫ জুলাই
- দক্ষিণ কোরিয়ার আঞ্চলিক আকাশসীমায় রাশিয়ার অনধিকার প্রবেশ উদ্দেশ্যমূলক ছিল না বলে দুঃখ প্রকাশ করে রাশিয়া। দৈনিক ইত্তেফাক, ২৫ জুলাই
- ব্রিটিশ পার্লামেন্টে ৭৭তম প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন বরিস জনসন। নবনির্বাচিত প্রধানমন্ত্রী বরিস জনসনকে অভিনন্দন জানান মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সংবাদ, ২৫ জুলাই
- ক্রিকেটারদের অভিযোগে রোডসের বিদায়: বেক্সিমকো কার্যালয়ে সংবাদ সম্মেলনে এ তথ্য জানান বিসিবি সভাপতি নাজমুল হাসান। দৈনিক ইত্তেফাক, ২৫ জুলাই

## ২৫ জুলাই

- যুক্তরাজ্যে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশটিতে নতুন প্রধানমন্ত্রী বরিস জনসনকে অভিনন্দন জানিয়েছেন। দৈনিক ইত্তেফাক, ২৬ জুলাই
- ৪০তম বিসিএসের প্রিলিমিনারি পরীক্ষার ফল প্রকাশ। দৈনিক ইত্তেফাক, ২৬ জুলাই
- নাটোর সদরের ৫৬ মুক্তিযোদ্ধার নামে সরকারি প্রজ্ঞাপন প্রকাশ করতে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের সচিবকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। দৈনিক জনকণ্ঠ, ২৬ জুলাই
- ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্য আসামের করিমগঞ্জের কর্মকর্তারা অনুপ্রবেশকারী ৩০ বাংলাদেশি নাগরিককে সীমান্তের অন্য পারে বাংলাদেশের বিজিবির হাতে তুলে দেন। যুগান্তর, ২৬ জুলাই
- কেমব্রিজ অ্যানালাইটিকা কেলেঙ্কারিতে গ্রাহকদের তথ্য ফাঁস হওয়ার দায়ে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুককে ৫০০ কোটি ডলার জরিমানা করেছে মার্কিন ফেডারেল ট্রেড কমিশন। সংবাদ, ২৬ জুলাই
- দক্ষিণ আফ্রিকায় দেশটির ইমার্জিং নারী দলকে ৪ উইকেটে হারিয়েছে বাংলাদেশ ইমার্জিং নারী ক্রিকেট দল। দৈনিক ইত্তেফাক, ২৬ জুলাই

## ২৬ জুলাই

- ডেঙ্গু থেকে জনগণকে বাঁচাতে প্রধানমন্ত্রী নির্দেশনা দিয়েছেন: আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ধানমন্ডিস্থ কার্যালয়ে সংবাদ সম্মেলনে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সংবাদ, ২৭ জুলাই
- ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘরে স্বাধীনতা চারুশিল্পী পরিষদ আয়োজিত বাংলাদেশ ও ভারতের ৫৫ জন শিল্পীর আঁকা বঙ্গবন্ধুর ছবি নিয়ে সপ্তাহব্যাপী চিত্রপ্রদর্শনী শুরু। দৈনিক ইত্তেফাক, ২৭ জুলাই
- সাবেক প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা কানাডায় রাজনৈতিক আশ্রয় চেয়েছেন; দেশটির অনলাইন নিউজ পোর্টাল দ্য স্টারের তথ্য প্রকাশ। সংবাদ, ২৭ জুলাই



- ২২ বছর পর 'পররাষ্ট্রনীতি আরও বাস্তবানুগ ও ফলপ্রসূ করার লক্ষ্যে মন্ত্রিসভা কমিটি' পুনর্গঠন করে মন্ত্রিপরিষদ বিভাগের কমিটিবিষয়ক অধিশাখা থেকে প্রজ্ঞাপন জারি। কালের কণ্ঠ (অনলাইন), ২৭ জুলাই
- বিএনপি-জামায়াত জোট সরকার ক্ষমতায় থাকাকালীন প্রায় ৪৪ হাজার ভুয়া মুক্তিযোদ্ধা বানিয়েছিল–ফরিদপুরে মুক্তিযোদ্ধাদের সঙ্গে মতবিনিময় সভায় মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। সংবাদ, ২৭ জুলাই
- মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দক্ষিণ সীমান্তে দেওয়াল নির্মাণে পেন্টাগনের তহবিল থেকে ২৫০ কোটি মার্কিন ডলার ব্যবহার করতে পারবেন বলে সম্মতি মার্কিন সুপ্রিমকোর্টে অনুমোদন। দৈনিক ইত্তেফাক, ২৭ জুলাই
- ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) থেকে যুক্তরাজ্যের আনুষ্ঠানিক বিচ্ছেদ ব্রেক্সিট ইস্যুতে নতুন ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসনের নীতিমালাকে প্রত্যাখ্যান করেছে শীর্ষী ইইউ কর্মকর্তারা। সংবাদ, ২৭ জুলাই
- কলম্বোর প্রেমাদাসা স্টেডিয়ামে ওয়ানডে ক্রিকেটে বাংলাদেশকে ৯১ রানে হারিয়ে শ্রীলঙ্কা দলের জয়লাভ। দৈনিক ইত্তেফাক, ২৭ জুলাই

## ২৭ জুলাই

- নতুন বিট্রিশ প্রধানমন্ত্রী বরিস জনসনকে শুভেচ্ছার নিদর্শনস্বরূপ বাংলাদেশের বিখ্যাত আম ও ফুল দিয়েছেন দেশটিতে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৮ জুলাই
- কক্সবাজার উখিয়ার রোহিঙ্গা শিবির পরিদর্শনে মিয়ানমারের ১০ সদ্যস্যের প্রতিনিধিদল। সংবাদ, ২৮ জুলাই
- নৌপরিবহণ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি: দেশের নদী রক্ষা ও দূষণরোধে 'বঙ্গবন্ধু নদী পদক' দেওয়ার সিদ্ধান্ত। প্রতিবছর সেপ্টেম্বরে 'বিশ্ব নৌদিবস'-এর দিনে এই পদক দেওয়া হবে। সমকাল
- 'ডিজিটাল সিলেট সিটি' প্রকল্পের আওতায় সিলেট থেকে দেশে প্রথমবারের মতো ফেস রিকগনিশন ও যানবাহনের নম্বর প্লেট চিহ্নিতকরণ কার্যক্রম শুরু। দৈনিক জনকণ্ঠ, ২৮ জুলাই
- নির্মাণাধীন ভবনে ডেঙ্গুর জীবাণুবাহী এডিস মশার লার্ভা পাওয়ায় ঢাকার দুই সিটি করপোরেশনের ১২ প্রতিষ্ঠানকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। সংবাদ, ২৮ জুলাই

- ভারতে সংখ্যালঘু মুসলিমদের পিটিয়ে হত্যার ঘটনার প্রতিবাদ করার অপরাধে বিভিন্ন পেশার ৪৯ বিশিষ্ট ব্যক্তির বিরুদ্ধে বিহারের মুজাফফরপুর আদালতে রাষ্ট্রদ্রোহের মামলা। যুগান্তর (অনলাইন), ২৮ জুলাই
- মেক্সিকো সীমান্তে দেওয়াল নির্মাণের জন্য পেন্টাগনের তহবিল ব্যবহারে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে অনুমতি দিয়েছেন দেশটির সুপ্রিমকোর্ট। দৈনিক ইত্তেফাক, ২৮ জুলাই

**২৮ জুলাই**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে বঙ্গভবনে বাংলাদেশ সুপ্রিমকোর্টের বার্ষিক প্রতিবেদন দাখিল। দৈনিক জনকণ্ঠ, ২৯ জুলাই
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা এডিস মশাবাহিত ডেঙ্গু মোকাবিলায় কার্যকর ওষুধ ছিটাতে ঢাকায় দুই মেয়র ও স্বাস্থ্যমন্ত্রীকে নির্দেশ দিয়েছেন: ধানমন্ডিতে বঙ্গবন্ধু ভবনের সামনে বন্যাদুর্গতদের মধ্যে ত্রাণ বিতরণ কার্যক্রম উদ্‌বোধন শেষে সাংবাদিকদের সড়ক, পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সংবাদ, ২৯ জুলাই
- বেসরকারি হাসপাতালে ডেঙ্গু পরীক্ষার ফি সর্বোচ্চ ৫০০ টাকা নির্ধারণ করে দিয়েছে সরকার: স্বাস্থ্য অধিদপ্তরে সংবাদ সম্মেলনে মহাপরিচালক আবুল কালাম আজাদ। দৈনিক জনকণ্ঠ, ২৯ জুলাই
- মুক্তিযুদ্ধে বিশেষ অবদান রাখায় বরগুনা-১ আসনের সংসদ সদস্য এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ধীরেন্দ্র দেবনাথ শম্ভুকে ভারতে সংবর্ধনা। যুগান্তর (অনলাইন), ২৯ জুলাই
- অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে সম্পদ অর্জনের অভিযোগে জিজ্ঞাসাবাদের পর অভিযুক্ত সিলেট কারাগারের ডিআইজি (প্রিজন) পার্থ গোপাল বণিকের বাসা থেকে ৮০ লাখ টাকাসহ তাকে গ্রেফতার করেছে দুর্নীতি দমন কমিশন। দৈনিক ইত্তেফাক, ২৯ জুলাই
- বিএসটিআইয়ের অনুমোদিত ১৪টি কোম্পানিকে ৫ সপ্তাহের জন্য পাস্তুরিত দুধ উৎপাদন, সরবরাহ ও বিপণন বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সংবাদ, ২৯ জুলাই



- বিদেশি নাগরিক হিসেবে দেখা হবে রোহিঙ্গাদের: কক্সবাজারে সাংবাদিকদের সফররত মিয়ানমারের পররাষ্ট্র সচিব মিন্ট থোয়ে। সংবাদ, ২৯ জুলাই
- তুরস্কে সফররত মালয়েশিয়ার প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদ রাষ্ট্রায়ত্ত বার্তা সংস্থা আনাদোলুর সঙ্গে সাক্ষাৎকালে নিপীরিত রোহিঙ্গাদের নাগরিত্ব বা আলাদা রাষ্ট্র গঠনের সুযোগ দেওয়া উচিত বলে মন্তব্য করেন। দৈনিক জনকণ্ঠ, ২৯ জুলাই

**২৯ জুলাই**

- সব ধরনের সঞ্চয়পত্রে ৫ লাখ টাকা পর্যন্ত বিনিয়োগকারীকে মুনাফার ওপর ৫ শতাংশ কর দিতে হবে। ১ জুলাই থেকেই এটি কার্যকর: সচিবালয়ে সংবাদ সম্মেলনে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। যুগান্তর, ৩০ জুলাই
- ঢাকায় পররাষ্ট্র সচিব পর্যায়ে বৈঠকে প্রত্যাবাসন চুক্তির অংশ হিসেবে মিয়ানমারকে ২৫ হাজার রোহিঙ্গার নতুন তালিকা দিয়েছে বাংলাদেশ। সংবাদ, ৩০ জুলাই
- ডেঙ্গু পরিস্থিতি ভয়াবহ রূপ নেওয়ায় এবং বন্যার কারণে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সব কর্মকর্তা-কর্মচারীর ছুটি বাতিল করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তি। দৈনিক ইত্তেফাক, ৩০ জুলাই
- মিল্কভিটা পাস্তুরিত দুধ উৎপাদন ও বিক্রির ওপর হাইকোর্টের জারি করা নিষেধাজ্ঞা আট সপ্তাহের জন্য স্থগিত করেছেন সুপ্রিমকোর্টের চেম্বার জজ আদালত। দৈনিক জনকণ্ঠ, ৩০ জুলাই
- অনিয়ম ও দুর্নীতির অভিযোগে বাসা থেকে ৮০ লাখ টাকা উদ্ধারের পর সিলেটের ডিআইজি (প্রিজন্স) পার্থ গোপাল বণিকের বিরুদ্ধে দুদকের মামলা। দৈনিক জনকণ্ঠ, ৩০ জুলাই
- প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এসডিজি) মো. আবুল কালাম আজাদের সভাপতিত্বে সভায় ঢাকায় দুই সিটি করপোরেশনে তিনদিনের মধ্যে মশা মারার নতুন ওষুধ সংগ্রহের নির্দেশ দেওয়া হয়েছে। দৈনিক ইত্তেফাক, ৩০ জুলাই
- ডেঙ্গু ইস্যুতে ফিলিপাইনে জরুরি অবস্থা জারি করেছে দেশটির প্রশাসন। সংবাদ, ৩০ জুলাই

- বাংলাদেশ ক্রিকেট দলের প্রথম অধিনায়ক শামিম কবির (৭৫) ইন্তেকাল করেছেন। সংবাদ, ৩০ জুলাই

**৩০ জুলাই**

- সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে লন্ডনে কমনওয়েলথের মহাসচিব প্যাট্রিসিয়া স্কটল্যান্ড কিউসির সৌজন্য সাক্ষাৎ। দৈনিক জনকণ্ঠ, ৩১ জুলাই
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা লন্ডন থেকে টেলিকনফারেন্সের মাধ্যমে বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে দলের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত বিশেষ জরুরি সভায় যোগদান করেন। দৈনিক জনকণ্ঠ, ৩১ জুলাই
- 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' থেকে ডিটিএইচ সেবা পরিচালনা করতে বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেডের (বিসিএসসিএল) সঙ্গে বেক্সিমকো কমিউনিকেশনস লিমিটেডের বাণিজ্যিক চুক্তি। কালের কণ্ঠ (অনলাইন), ৩১ জুলাই
- লন্ডন থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা টেলিকনফারেন্সের নির্দেশ অনুযায়ী এডিস মশার উৎপত্তিস্থল পরিছন্নতা অভিযানে সর্বস্তরের মানুষের প্রতি আহ্বান জানান: সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সংবাদ, ৩১ জুলাই
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী নিজ দপ্তরে ডেঙ্গু সংক্রান্ত স্বাস্থ্য মন্ত্রণালয়ের চলমান কর্মকাণ্ড তদারকির জন্য মিনিস্টার মনিটরিং সেল গঠন করেন। সংবাদ, ৩১ জুলাই
- কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গা শিবির পরিদর্শন করেছেন সফররত জাপানের পররাষ্ট্রমন্ত্রী তারো কোনো। দৈনিক জনকণ্ঠ, ৩১ জুলাই
- সৌদি আরবের সঙ্গে ৮১০ কোটি ডলার মূল্যের যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের করা বিতর্কিত অস্ত্র বিক্রির চুক্তিটি প্রতিরোধে করতে ব্যর্থ হয়েছে দেশটির সিনেট।
- ইরানি মুদ্রার নাম পরিবর্তনের পাশাপাশি ইরানের ব্যাংক নোট থেকে চার শূন্য বাদ দেওয়ারও সিদ্ধান্ত দেশটির সরকারের। যুগান্তর, ৩১ জুলাই



- ইংল্যান্ডে চলমান ত্রিদেশীয় অনূর্ধ্ব-১৯ ওয়ানডে সিরিজের চতুর্থ ম্যাচে স্বাগতিক ইংল্যান্ড অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দলকে ৭ উইকেটে হারিয়ে বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দল জয়ী। দৈনিক জনকণ্ঠ, ৩১ জুলাই

**৩১ জুলাই**

- সারাদেশে চলমান ডেঙ্গু মোকাবিলায় 'প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ, চারপাশের পরিবেশ' পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে অংশ নেবেন আওয়ামী লীগের নেতাকর্মীরা। দৈনিক ইত্তেফাক, ১ আগস্ট
- সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভার বৈঠকে চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর আধুনিকায়নের কাজে ব্যয় খাতে ৪৭২ কোটি ৭৫ লাখ ৬৮ হাজার টাকা অনুমোদন। কালের কণ্ঠ (অনলাইন), ১ আগস্ট
- ব্যাংকের ১৮ কোটি টাকা আত্মসাতের ২৬ মামলার আসামি নির্দোষ জাহালমকে ফাঁসিয়ে দেওয়ার অন্যতম হোতা মো. আমিনুল হক সরকারকে গ্রেফতার করেছে দুদক। যুগান্তর (অনলাইন), ১ আগস্ট
- 'বঙ্গবন্ধুকে জানো, দেশকে ভালোবাসো' স্লোগানে শাহবাগে জাতীয় জাদুঘরের সামনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে ২০ দিনব্যাপী 'ভ্রাম্যমাণ বঙ্গবন্ধু বইমেলা' উদ্‌বোধন করেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ। সংবাদ, ১ আগস্ট
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার নামে মিথ্যাচার ও গুজব রটানোর ভিডিয়ো ইউটিউবে আপলোড করার অভিযোগে মিল্টন হাওলাদার নামে যুবক গ্রেফতার। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ১ আগস্ট
- বরগুনার রিফাত হত্যা মামলায় প্রধান সাক্ষী ও আসামি আয়শা সিদ্দিকা মিন্নির স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রত্যাহারের আবেদন গ্রহণ করেছেন আদালত। সংবাদ, ১ আগস্ট
- মাদারীপুরের কাঁঠালবাড়ি ১-নম্বর ফেরিঘাটে বিলম্বে স্কুলছাত্রের মৃত্যুর ঘটনায় অতিরিক্ত সচিব সমমান কিংবা তদূর্ধ্ব এমন পদমর্যাদার কর্মকর্তার নেতৃত্বে তদন্তের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সংবাদ, ১ আগস্ট
- দুর্নীতির অভিযোগে ভারতের ইলাহাবাদ হাইকোর্টের বিচারপতি এসএন শুক্কর বিরুদ্ধে প্রথম সিবিআই তদন্তের অনুমতি দেন দেশটির প্রধান বিচারপতি। দৈনিক ইত্তেফাক, ১ আগস্ট

## আগস্ট

**১ আগস্ট**

- বাংলাদেশের মানুষের ভাগ্যোন্নয়নের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রক্তের ঋণ শোধ করতে হবে: ধানমন্ডি ৩২ নম্বরে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বাংলাদেশ কৃষক লীগ আয়োজিত 'রক্তদান ও বৃক্ষরোপণ' কর্মসূচির উদ্‌বোধন অনুষ্ঠানে লন্ডন থেকে টেলিকনফারেন্সে আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ২ আগস্ট
- মশা মারার কার্যকর ওষুধ আমদানি করতে ঢাকার দুই সিটি করপোরেশনকে সহযোগিতা করতে সরকারকে নির্দেশ হাইকোর্টের। যুগান্তর, ২ আগস্ট
- ডেঙ্গু আক্রান্ত পথশিশু ও অসচ্ছলদের বিনামূল্যে চিকিৎসা সুবিধা দিতে সব সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতালকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সংবাদ, ২ আগস্ট
- দেশে প্রথমবারের মতো জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালে জিরো-কনট্রাস্ট এনজিওপ্লাস্টি সম্পন্ন। যুগান্তর, ২ আগস্ট
- চীনের আরও ৩০ হাজার কোটি ডলারের পণ্যে ১০ শতাংশ শুল্কারোপের ঘোষণা মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের। যুগান্তর, ২ আগস্ট
- ইংল্যান্ডের বিলিরিকেতে চলমান ত্রিদেশীয় সিরিজের ষষ্ঠ ম্যাচে স্বাগতিক ইংল্যান্ডকে ৭২ রানে হারিয়ে ফাইনালে বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ দল। সংবাদ, ২ আগস্ট

**২ আগস্ট**

- 'আর্থ কাপ' টুর্নামেন্ট আয়োজনে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে পাশে চেয়ে ব্রাজিলের ফুটবল কিংবদন্তি পেলের ভিডিয়ো বার্তা। দৈনিক জনকণ্ঠ, ৩ আগস্ট
- বাংলাদেশে ১২ আগস্ট পবিত্র ইদুল-আজহা অনুষ্ঠিত হবে, ধর্মবিষয়ক প্রতিমন্ত্রীর সভাপতিত্বে জাতীয় চাঁদ দেখা কমিটির বৈঠকে সিদ্ধান্ত। দৈনিক ইত্তেফাক, ৩ আগস্ট



- চলমান ডেঙ্গুবিরোধী অভিযানে ঢাকা উত্তর সিটি করপোরেশনে (ডিএনসিসি) ভ্রাম্যমাণ আদালতের বিভিন্ন ভবন পরিদর্শন। দৈনিক ইত্তেফাক, ৩ আগস্ট
- থাইল্যান্ডে আসিয়ান রিজিওনাল ফোরামে রোহিঙ্গা সংকট সমাধানে আসিয়ান দেশগুলোর সহায়তা চেয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। যুগান্তর, ৩ আগস্ট
- শিপিংবিষয়ক লন্ডনভিত্তিক সংবাদমাধ্যম লয়েডসের তালিকা প্রকাশ: বিশ্বের সেরা ১০০ কনটেইনার হ্যান্ডলিংকারী বন্দরের মধ্যে চট্টগ্রাম সমুদ্রবন্দর ৬ ধাপ এগিয়ে ৬৪তম। যুগান্তর, ৩ আগস্ট
- রাশিয়ার সঙ্গে করা পরমাণু চুক্তি থেকে সরে যাওয়ার আনুষ্ঠানিক ঘোষণা যুক্তরাষ্ট্রের। দৈনিক ইত্তেফাক, ৩ আগস্ট

**৩ আগস্ট**

- 'আমি লন্ডন বা যেখানেই থাকি না কেন, প্রতিমুহূর্তে দেশের সঙ্গে যোগাযোগ রাখি এবং রাখছি। দেশের সংকটে আমি সর্বোচ্চ খেয়াল রাখি'–দেশটির সেন্ট্রাল হলে যুক্তরাজ্য আওয়ামী লীগ আয়োজিত সভায় লন্ডনে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- যথাযথ বাস্তবায়ন, সমন্বয় ও নিবিড় তদারকির মাধ্যমে মশক নিধন অভিযান সফল করার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগসহ দেশের সব সিটি করপোরেশন ও পৌরসভার কর্মকর্তা-কর্মচারীদের সাপ্তাহিক ও সরকারি সব ছুটি বাতিল: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। যুগান্তর, ৪ আগস্ট
- জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের (জামুকা) ৬২তম সভায় আরও ৪৬ জন বীরাঙ্গনাকে মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতি। দৈনিক ইত্তেফাক, ৪ আগস্ট
- সারা দেশে ডেঙ্গু আক্রান্ত রোগীদের সর্বাত্মক সহযোগিতা ও সর্বোচ্চ চিকিৎসাসেবা নিশ্চিত করতে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের সভাপতিত্বে দলটির সভাপতির ধানমন্ডির রাজনৈতিক কার্যালয়ে ২২ সদস্যের মনিটরিং সেল গঠনের সিদ্ধান্ত আওয়ামী লীগের। যুগান্তর (অনলাইন), ৩ আগস্ট

- ডেঙ্গুর প্রাদুর্ভাব ঠেকাতে পুরুষ এডিস মশাকে বন্ধ্যত্বকরণের মাধ্যমে এডিস মশার বংশবিস্তার হ্রাস করার পদ্ধতি উদ্ভাবন পরমাণু শক্তি কমিশনের বিজ্ঞানীদের। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ৩ আগস্ট
- কলকাতার ইসলামিয়া কলেজের (বর্তমানে মওলানা আযাদ কলেজ) বেকার হোস্টেলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আবক্ষ ভাস্কর্য উন্মোচিত। দৈনিক জনকণ্ঠ, ৪ আগস্ট
- ডেঙ্গুর কারণে বাংলাদেশ ভ্রমণের ক্ষেত্রে নিজ দেশের নাগরিকদের জন্য সতর্কতা জারি ব্রিটেনের। যুগান্তর, ৪ আগস্ট
- যুক্তরাজ্যে সাবেক রুশ গুপ্তচর সের্গেই স্ক্রিপাল ও তার মেয়েকে বিষাক্ত রাসায়নিক দিয়ে হত্যাচেষ্টার ঘটনায় রাশিয়ার বিরুদ্ধে নতুন করে নিষেধাজ্ঞা আরোপ যুক্তরাষ্ট্রের। কালের কণ্ঠ, ৪ আগস্ট
- ২০১৫ সালে ইরানের ছয় দেশের সঙ্গে স্বাক্ষরিত পরমাণু চুক্তির আরও কয়েকটি প্রতিশ্রুতি থেকে নিজেদের সরিয়ে নেওয়ার ঘোষণা ইরানের। দৈনিক ইত্তেফাক, ৪ আগস্ট
- যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় সেন্ট্রাল ব্রাউয়ার্ড আঞ্চলিক পার্ক স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে ভারত ওয়েস্ট ইন্ডিজকে ৪ উইকেটে হারায়। সংবাদ, ৪ আগস্ট

**৪ আগস্ট**

- দেশের প্রতিটি মানুষকে ডেঙ্গুমুক্ত না করা পর্যন্ত আওয়ামী লীগের সব নেতাকর্মী ডেঙ্গুবিরোধী অভিযানে মাঠে থাকবে: রাজধানীর শান্তিনগরে ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগ আয়োজিত ডেঙ্গু নিধন অভিযান কর্মসূচির অনুষ্ঠানে দলের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। যুগান্তর, ৫ আগস্ট
- ঢাকার দুই সিটি করপোরেশনের 'ডেঙ্গু প্রতিরোধ সেল'-এর কার্যক্রম সার্বিক সমন্বয়ের জন্য প্রশাসনের ১২৯ কর্মকর্তাকে দায়িত্ব দিয়ে জনপ্রশাসনের প্রজ্ঞাপন জারি। দৈনিক ইত্তেফাক, ৫ আগস্ট
- যুক্তরাষ্ট্রে দুই অঙ্গরাজ্যে বন্দুক হামলায় ২৯ জন নিহত। দৈনিক ইত্তেফাক, ৫ আগস্ট
- দ্বিতীয় টি ২০তে যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় ডিএল মেথডে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ২২ রানে জয় ভারতের। সংবাদ, ৫ আগস্ট



**৫ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাষ্ট্রে পৃথক দুটি গুলিবর্ষণে ২৯ জনকে হত্যার ঘটনায় নিন্দা জানান। দৈনিক ইত্তেফাক, ৬ আগস্ট
- দেশে ডেঙ্গু পরীক্ষার প্রয়োজনীয় উপকরণের আমদানির ওপর সব ধরনের শুল্ক-কর ছাড় দিয়ে অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি। সংবাদ, ৬ আগস্ট
- ভারত ও চীন থেকে মশার ওষুধের তিনটি নমুনা এনেছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। সংবাদ, ৬ আগস্ট
- ফেনীর নারী ও শিশুনির্যাতন দমন ট্রাইব্যুনালে সোনাগাজী ইসলামিয়া ফাজিল মাদ্রাসার ছাত্রী নুসরাত জাহান রাফিকে যৌন নিপীড়নের মামলায় উক্ত মাদ্রাসার অধ্যক্ষ সিরাজ উদ্দৌলার বিচার শুরু। সংবাদ, ৬ আগস্ট
- ভারতীয় সংবিধানের ৩৭০ ধারা, যা কাশ্মীরের 'স্পেশাল স্ট্যাটাস' বা বিশেষ মর্যাদা দেয়, তা বিলোপ করার ঘোষণা দেশটির সরকারের। দৈনিক ইত্তেফাক, ৬ আগস্ট
- ডেঙ্গু আতঙ্কে ঈদের ছুটির সঙ্গে ছুটি বড়িয়ে এসএ গেমস ক্যাম্প বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশন (বিওএ)। সংবাদ, ৬ আগস্ট

**৬ আগস্ট**

- লন্ডন সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে বন্যাদুর্গতদের জন্য প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে লন্ডনে হাইকমিশনে কর্মরত বাংলাদেশ কর্মকর্তাদের পক্ষ থেকে ২ হাজার পাউন্ড অর্থ সহায়তা চেক হস্তান্তর করেন। যুগান্তর, ৭ আগস্ট
- ভারতের সাবেক পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজের মৃত্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর শোক প্রকাশ করেন। দৈনিক ইত্তেফাক, ৭ আগস্ট
- ডেঙ্গু আক্রান্ত রোগীদের চিকিৎসাসেবা নিশ্চিত করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা মোতাবেক সর্বাত্মক কার্যক্রম গ্রহণ স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের। যুগান্তর, ৭ আগস্ট
- বঙ্গবন্ধু শেখ মুজিব বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) হাসপাতালে চিকিৎসাধীন বিএনপির চেয়ারপারসন কারাবন্দি খালেদা জিয়ার সঙ্গে তার স্বজনদের সাক্ষাৎ। যুগান্তর, ৭ আগস্ট

- ভারতের জম্মু-কাশ্মীরের সাংবিধানিক মর্যাদা বাতিল এবং রাজ্য দুটিকে কেন্দ্রশাসিত অঞ্চলে ভাগ করার সিদ্ধান্তকে সমর্থন জানায় মধ্যপ্রাচ্যের দেশ সংযুক্ত আরব আমিরাত। সংবাদ, ৭ আগস্ট
- তিন ম্যাচের টি ২০ সিরিজে যুক্তরাষ্ট্রের গায়ানার প্রোভিন্স স্টেডিয়ামে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ৭ উইকেটে ভারত জয়ী। সংবাদ, ৭ আগস্ট

**৭ আগস্ট**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে ঢাকায় নিযুক্ত বিদায়ি ভুটানের রাষ্ট্রদূত সোনাম তোবদেন রাবগিয়ের সাক্ষাৎ। যুগান্তর, ৮ আগস্ট
- যুক্তরাজ্যে সরকারি সফর শেষে দেশের উদ্দেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনার লন্ডন ত্যাগ। যুগান্তর, ৮ আগস্ট
- সচিবালয়ে ক্লাইমেট চেঞ্জ জার্নালিস্ট ফোরামের (বিসিজেএফ) সঙ্গে মতবিনিময় সভায় ডেঙ্গু ও এডিস মশা প্রতিরোধে সিটি করপোরেশন ও পৌরসভাগুলোকে ৫৩ কোটি টাকা বিশেষ বরাদ্দ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের। যুগান্তর, ৮ আগস্ট
- নয়াদিল্লিতে বাংলাদেশ-ভারত স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ে বৈঠকে সীমান্ত এলাকায় অপরাধ নিয়ন্ত্রণে একমত পোষণ। সমকাল, ৮ আগস্ট
- সংবিধান, রাষ্ট্রীয় পদমর্যাদাক্রম ও দেশের আইন অনুসারে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রটোকল দিতে জেলা প্রশাসক, পুলিশ সুপার ও সংশ্লিষ্টদের প্রতি নির্দেশ হাইকোর্টের। সংবাদ, ৮ আগস্ট
- ফিলিপাইনে চলতি বছরের শুরু থেকে ২০ জুলাই পর্যন্ত ডেঙ্গুতে অন্তত ৬২২ জনের মৃত্যু ও দেড় লাখ আক্রান্ত; ডেঙ্গু রোগকে মহামারি ঘোষণা। যুগান্তর
- আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় জানালেন দক্ষিণ আফ্রিকার কিংবদন্তি ব্যাটসম্যান হাশিম আমলা। সংবাদ, ৮ আগস্ট

**৮ আগস্ট**

- যুক্তরাজ্যে সরকারি সফর শেষে দেশে ফিরেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ৯ আগস্ট



- ঢাকায় যৌথ নদী কমিশনের বৈঠকের পর সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগামী অক্টোবরে ভারত সফরে তিস্তা চুক্তি হওয়া কষ্টসাধ্য: বাংলাদেশ সফররত ভারতের পানিসম্পদ সচিব উপেন্দ্র প্রসাদ সিং। যুগান্তর, ৯ আগস্ট
- মিয়ানমার থেকে পালিয়ে আসা পাঁচ লাখ রোহিঙ্গাকে পরিচয়পত্র দিয়েছে বাংলাদেশ কর্তৃপক্ষ ও জাতিসংঘের শরণার্থীবিষয়ক সংস্থা (ইউএনএইচসিআর)। দৈনিক জনকণ্ঠ, ৯ আগস্ট
- ফেনীর সোনাগাজীর মাদ্রাসাছাত্রী নুসরাত জাহান রাফিকে পুড়িয়ে হত্যা মামলায় তিন চিকিৎসক ও একজন নার্স আদালতে সাক্ষ্য দেন। যুগান্তর, ৯ আগস্ট
- ভারতের সাবেক রাষ্ট্রপতি ও কংগ্রেস নেতা প্রণব মুখার্জি ভারতের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা 'ভারতরত্ন' খেতাবে ভূষিত। যুগান্তর, ৯ আগস্ট
- কাশ্মীরে চলমান উত্তেজনায় টেনিসের বিশ্বকাপ খ্যাত ডেভিস কাপে অংশ নিতে ভারতের পাকিস্তান সফর বাতিল। যুগান্তর

**৯ আগস্ট**

- মক্কায় ধর্মপ্রাণ মুসলমানদের অংশগ্রহণে পবিত্র হজ পালনের আনুষ্ঠানিকতা শুরু। যুগান্তর, ১০ আগস্ট
- দেশের ৬৪ জেলায় ডেঙ্গু প্রতিরোধ ও চিকিৎসা মনিটরিং সেল গঠন করেছে বাংলাদেশ আওয়ামী লীগ। সংবাদ, ১০ আগস্ট
- বাংলাদেশ ট্রেড পোর্টালে (বিটিপি) আমদানি-রপ্তানিসহ বাণিজ্য সংক্রান্ত সব তথ্য হালনাগাদের জন্য ৩৯টি সেবা সংস্থার সঙ্গে বাণিজ্য মন্ত্রণালয়ের সঙ্গে চুক্তি। সংবাদ, ১০ আগস্ট
- ভারতে জবাইয়ের উদ্দেশে গবাদি পশু কেনাবেচার ওপর থাকা নিষেধাজ্ঞা বাতিলের ঘোষণা দিয়েছে মোদি সরকার। দৈনিক জনকণ্ঠ
- কাশ্মীরের বিশেষ মর্যাদা বাতিলের পর ভারতের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করেছে পাকিস্তান। যুগান্তর, ১০ আগস্ট
- ন্যাশনাল অ্যান্টি-ডোপিং অ্যাজেন্সির (নাডা) অধীনে ক্রিকেটারদের ডোপ পরীক্ষা করানো বাধ্যতামূলক করেছে ভারতীয় ক্রিকেট বোর্ড। সংবাদ, ১০ আগস্ট

**১০ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে কয়েকজন মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপদেষ্টার সঙ্গে বৈঠক করেন। যুগান্তর, ১১ আগস্ট
- মশা মারতে অধিক কার্যকরী চীন থেকে নিয়ে আসা নতুন ওষুধ আনুষ্ঠানিকভাবে ছিটানোর কাজ শুরু করেছে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি)। দৈনিক জনকণ্ঠ, ১০ আগস্ট
- কাশ্মীর ইস্যুতে সীমান্তে কড়াকড়ি আরোপ করেছে ভারত-বাংলাদেশ। দৈনিক জনকণ্ঠ, ১১ আগস্ট
- দিল্লিতে কংগ্রেসের ওয়ার্কিং কমিটি বৈঠকে অন্তর্বর্তীকালীন সভাপতি হিসেবে আবার দলের দায়িত্ব দেওয়া হলো সোনিয়া গান্ধীকে। দৈনিক ইত্তেফাক, ১১ আগস্ট
- চ্যাম্পিয়ন্স লীগে লিভারপুলের বিপক্ষে সেমিফাইনালের প্রথম লেগে ফ্রিকিকে করা গোলটির জন্য তৃতীয়বারের মতো বর্ষসেরা গোলের পুরস্কার জিতলেন বার্সেলোনার অধিনায়ক লিওনেল মেসি। সংবাদ, ১১ আগস্ট

**১১ আগস্ট**

- পবিত্র ইদুল-আজহা উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ তাঁর বাণীতে দেশবাসীসহ বিশ্বের সব মুসলিমকে আন্তরিক শুভেচ্ছা ও মোবারকবাদ জানান। যুগান্তর, ১২ আগস্ট
- পবিত্র ইদুল-আজহা উপলক্ষ্যে এক বাণীতে নিজ নিজ অবস্থান থেকে কাজের মাধ্যমে বৈষম্যহীন, সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ১৫ আগস্ট
- শিক্ষামন্ত্রী ডা. দিপু মনির স্বামী ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন ব্যারিস্টার ড. তৌফিক নেওয়াজকে দেখতে যান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ১১ আগস্ট
- সাবেক তথ্যমন্ত্রী এবং রাজনীতি ও রাষ্ট্রবিজ্ঞানবিষয়ক লেখক মিজানুর রহমান শেলীর (৭৬) ইন্তেকাল। যুগান্তর (অনলাইন), ১২ আগস্ট
- খাদ্যমান যথাযথভাবে পরীক্ষা না হওয়ায় বাংলাদেশ ও মিয়ানমারের মাছ মার্কিন বাজার থেকে প্রত্যাহার করেছে দেশটির কৃষি মন্ত্রণালয়ের 'খাদ্য নিরাপত্তা পরিদর্শন সেবা দপ্তর' (এফএসআইএস)। যুগান্তর



**১২ আগস্ট**

- যথাযথ ধর্মীয় মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে রাজধানীসহ সারাদেশে ইদুল-আজহা উদ্‌যাপিত। দৈনিক ইত্তেফাক, ১৫ আগস্ট
- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ পবিত্র ইদুল-আজহা উপলক্ষ্যে বঙ্গভবনে সব শ্রেণি-পেশার মানুষের উদ্দেশে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করেন। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ১৩ আগস্ট
- ইদুল-আজহা উপলক্ষ্যে গণভবনে সর্বস্তরের মানুষের সঙ্গে ইদের শুভেচ্ছা বিনিময় করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সমকাল, ১৩ আগস্ট
- ভারতের জম্মু-কাশ্মীরে কড়া নিরাপত্তার মধ্য দিয়ে ইদুল-আজহা উদযাপন। দৈনিক ইত্তেফাক, ১৫ আগস্ট

**১৩ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফোন করে ইদের শুভেচ্ছা জানান ভুটানের প্রধানমন্ত্রী লোটে শেরিং। দৈনিক ইত্তেফাক
- ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) কমিশনার আছাদুজ্জামান মিয়াকে আরও এক মাসের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের। দৈনিক ইত্তেফাক
- যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ছাড়া রাজধানীতে সব ধরনের ড্রোন উড্ডয়ন নিষিদ্ধ করে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) কমিশনারের সংবাদ বিজ্ঞপ্তি। দৈনিক ইত্তেফাক
- উপযুক্ত মূল্য নিশ্চিত করার লক্ষ্যে কোরবানির পশুর কাঁচা চামড়া রপ্তানির অনুমতি দেওয়ার সিদ্ধান্ত সরকারের। সমকাল
- ভারতীয় সংবিধানের ৩৭০ ধারার আওতায় কাশ্মীরের বিশেষ মর্যাদা প্রত্যাহারের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে হওয়া মামলার শুনানি শুরু দেশটির সুপ্রিমকোর্টে। যুগান্তর
- শেষ আঠারো বছরে প্রথম ছুটি কাটালেন; 'ম্যান ভার্সেস ওয়াইল্ডে'র একটি পর্বে বিয়ার গ্রিলসের সঙ্গে অ্যাডভেঞ্চার অনুষ্ঠানে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ১৩ আগস্ট

**১৪ আগস্ট**

- জাতীয় শোক দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার আলাদা বাণী। ভোরের কাগজ

- বঙ্গবন্ধুর আত্মস্বীকৃত খুনি রাশেদ চৌধুরীকে ফেরত আনার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে চিঠি। যুগান্তর
- জাতীয় শোক দিবস উপলক্ষ্যে সর্বত্র জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে: তথ্য মন্ত্রণালয়ের বিবৃতি। সংবাদ, ১৫ আগস্ট
- আর্মি গলফ ক্লাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি সংবলিত টেরাকোটা 'ইতিহাস আমার অহংকার' উদ্‌বোধন করেন সেনাবাহিনী প্রধান জেনারেল আজিজ আহমেদ। প্রথম আলো, ১৫ আগস্ট
- সরকারি এক তথ্যবিবরণীতে টিভিতে বিদেশি চ্যানেলের অনুষ্ঠান, ডাবিংকৃত সিরিয়াল ও সেন্সরবিহীন চলচ্চিত্র অনুমতি ছাড়া প্রদর্শনে নিষেধাজ্ঞা আরোপ। যুগান্তর, ১৫ আগস্ট
- অর্থ আত্মসাতের অভিযোগে বাংলাদেশ মানবাধিকার কমিশনের মহাসচিব ড. সাইফুল ইসলাম দিলদার গ্রেফতার। দৈনিক জনকণ্ঠ, ১৫ আগস্ট
- ভারতশাসিত জম্মুতে সরকার কর্তৃক সব ধরণের নিষেধাজ্ঞা পুরোপুরি সরিয়ে নিয়েছে দেশটির স্থানীয় প্রশাসন। সংবাদ, ১৫ আগস্ট
- নিউজিল্যান্ডের সাউথ আইল্যান্ডে ৬০ মিলিয়ন বছর আগের বৃহৎ আকারের পেঙ্গুইনের ফসিল আবিষ্কার করেন দেশটির বিজ্ঞানীরা। দৈনিক ইত্তেফাক, ১৫ আগস্ট
- টেস্ট, ওয়ানডে এবং টি ২০ ক্রিকেটের সব ফরম্যাট মিলিয়ে চলতি দশকে ২০ হাজার আন্তর্জাতিক রান করার কৃতিত্ব অর্জন ভারতীয় অধিনায়ক রিবাট কোহলির। যুগান্তর, ১৫ আগস্ট

**১৫ আগস্ট**

- যথাযথ মর্যাদায়, শোক ও শ্রদ্ধার মধ্য দিয়ে দেশব্যাপী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন। দৈনিক ইত্তেফাক, ১৬ আগস্ট
- জাতীয় শোক দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে সমগ্র জাতির পক্ষ থেকে শ্রদ্ধা জানান। দৈনিক ইত্তেফাক, ১৬ আগস্ট



- জাতীয় শোক দিবস উপলক্ষ্যে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার শ্রদ্ধা নিবেদন। দৈনিক ইত্তেফাক, ১৬ আগস্ট
- প্রথমবারের মতো নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদতবার্ষিকী এবং জাতীয় শোক দিবস পালিত। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ১৬ আগস্ট
- মিয়ানমারের উত্তরাঞ্চলে সামরিক বাহিনীর একটি কলেজসহ পাঁচ স্থানে স্থানীয় বিদ্রোহীদের হামলার ঘটনায় ১৫ জন নিহত। যুগান্তর, ১৬ আগস্ট
- কাশ্মীর ইস্যুতে জাতিসংঘ নিরাপত্তা পরিষদ বৈঠকে বসার আগে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে কাশ্মীরের সামগ্রিক পরিস্থিতি নিয়ে পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খানের ফোনালাপ। দৈনিক ইত্তেফাক, ১৬ আগস্ট

**১৬ আগস্ট**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আওয়ামী লীগ আয়োজিত আলোচনাসভায় প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার ভাষণ। যুগান্তর, ১৭ আগস্ট
- ১৫ আগস্ট জাতীয় শোক দিবস থাকায় পূর্বঘোষণা অনুসারে একদিন পর দেশব্যাপী দলের কারাবন্দি চেয়ারপারসন খালেদা জিয়ার ৭৫তম জন্মদিন পালন করে বিএনপি। সংবাদ, ১৭ আগস্ট
- একুশে পদকপ্রাপ্ত কথাসাহিত্যিক রিজিয়া রহমানের (৮০) ইন্তেকাল। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ১৬ আগস্ট
- জাতিসংঘ নিরাপত্তা পরিষদে জম্মু ও কাশ্মীর ইস্যুতে ৫০ বছরেরও বেশি সময়ের মধ্যে প্রথমবারের মতো রুদ্ধদ্বার বৈঠক অনুষ্ঠিত। কালের কণ্ঠ, ১৭ আগস্ট
- পাখির ঝাঁকের সঙ্গে ধাক্কা লাগার পর জরুরি অবতরণ করে ২৩৩ আরোহীর জীবন বাঁচানো রুশ পাইলট দামির ইয়ুসুপভকে জাতীয় বীরের মর্যাদা দিয়ে দেশটির সর্বোচ্চ রাষ্ট্রীয় পদকে ভূষিত। যুগান্তর (অনলাইন), ১৭ আগস্ট

**১৭ আগস্ট**

- রাখাইনে রোহিঙ্গাদের ওপর নির্যাতনের বিষয়টি তদন্তের জন্য চারদিনের সফরে ঢাকায় মিয়ানমারের 'ইনডিপেনডেন্ট কমিশন অব ইনকোয়ারি' প্রতিনিধি দল। দৈনিক ইত্তেফাক, ১৮ আগস্ট
- পুলিশ সুপার (এসপি) পদমর্যাদার ২০ কর্মকর্তাকে অতিরিক্ত ডিআইজি পদে পদোন্নতি প্রদানপূর্বক পদায়ন করে প্রজ্ঞাপন জারি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ১৮ আগস্ট
- কারফিউ বাতিল এবং ৩৭০ ধারা পুনর্বহালের দাবিতে কাশ্মীরবাসীদের বিক্ষোভ। সংবাদ, ১৮ আগস্ট
- জম্মু-কাশ্মীরের অচলাবস্থা নিরসনে টেলিফোন ও ইন্টারনেট পরিষেবা চালু করার পর আবার তা বন্ধ করে দেয় ভারত সরকার। সমকাল, ১৮ আগস্ট
- কাবুলে এক বিয়ের অনুষ্ঠানে বোমা হামলায় ৬৩ জন নিহত ও ১৮২ জন আহত: দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয়। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ১৮ আগস্ট
- টাইগারদের প্রধান কোচ হিসেবে দক্ষিণ আফ্রিকার কোচ রাসেল ডমিঙ্গোকে দুই বছরের জন্য নিয়োগ দিয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। দৈনিক ইত্তেফাক, ১৮ আগস্ট

**১৮ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর তেজগাঁও কার্যালয়ে সভায় কর্মকর্তাদের সঙ্গে ইদের শুভেচ্ছা বিনিময়কালে ভাষণে যথাযথভাবে বাজেট বাস্তবায়নের মাধ্যমে, দেশের উন্নয়ন ত্বরান্বিত করার জন্য মন্ত্রণালয়গুলোকে অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প গ্রহণের নির্দেশ দেন। সংবাদ, ১৯ আগস্ট
- পুলিশ সুপার (এসপি) পদমর্যাদার ২০ কর্মকর্তাকে অতিরিক্ত ডিআইজি পদে পদোন্নতি। সংবাদ, ১৯ আগস্ট
- প্রধানমন্ত্রীর কার্যালয়ের চাপরাশি পদের নাম পরিবর্তন করে 'অফিস সহায়ক' করে পরিপত্র জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। যুগান্তর, ১৯ আগস্ট



- হালদা নদী দূষণের দায়ে চট্টগ্রাম এশিয়ান পেপার মিলসের (প্রা.) উৎপাদন বন্ধ রাখার নির্দেশ পরিবেশ অধিদপ্তরের। সমকাল (অনলাইন), ১৮ আগস্ট
- নর্দান গাজা স্ট্রিপে ইসরাইলি সৈন্যদের গুলিতে তিন ফিলিস্তিনি নিহত। দৈনিক ইত্তেফাক, ১৯ আগস্ট

**১৯ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর তেজগাঁও কার্যালয়ে সাত সপ্তাহ পর নিয়মিত মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত। দৈনিক ইত্তেফাক, ২০ আগস্ট
- ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর প্রথমবারের মতো তিনদিনের সফরে ঢাকায়। দৈনিক ইত্তেফাক, ২০ আগস্ট
- সংবাদপত্রের সাংবাদিক ও কর্মচারীদের বেতন কাঠামো নির্ধারণে গঠিত নবম ওয়েজবোর্ডের চূড়ান্ত গেজেট প্রকাশে স্থিতাবস্থা জারি করে হাইকোর্টের আদেশ স্থগিত আপিল বিভাগের। যুগান্তর (অনলাইন), ১৯ আগস্ট
- কক্সবাজার শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার কার্যালয়ে স্থানীয় প্রশাসনের সঙ্গে 'ইনডিপেনডেন্ট কমিশন অব ইনকোয়ারি' প্রতিনিধিদলের বৈঠক অনুষ্ঠিত। সমকাল, ২০ আগস্ট
- কুর্দিশ সন্ত্রাসীদের সঙ্গে যোগসাজশের অভিযোগে দেশটির তিনজন নির্বাচিত মেয়রকে বরখাস্ত করেছে তুরস্ক। যুগান্তর

**২০ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে শেরেবাংলা নগরের এনইসি সভাকক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় ৩ হাজার ১৬৩ কোটি ৫০ লাখ টাকা ব্যয়ে ১২টি প্রকল্পের অনুমোদন। দৈনিক ইত্তেফাক, ২১ আগস্ট
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সফররত ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস জয়শঙ্করের সৌজন্য সাক্ষাৎ। দৈনিক ইত্তেফাক, ২১ আগস্ট
- ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনের সঙ্গে ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস জয়শঙ্করের দ্বিপক্ষীয় বৈঠক। দৈনিক ইত্তেফাক, ২১ আগস্ট

- কক্সবাজারে মিয়ানমার সরকার কর্তৃক গঠিত ইনডিপেনডেন্ট কমিশন অব ইনকোয়ারি (আইসিআই)-এর প্রতিনিধিদলের রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন এবং বাস্তুচ্যুত রোহিঙ্গাদের সাক্ষ্যগ্রহণ। সমকাল, ২১ আগস্ট
- কুমিল্লার চৌদ্দগ্রামে বাসে আগুন দিয়ে মানুষ হত্যার অভিযোগে করা মামলায় কারাবন্দি বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে দেওয়া জামিনের মেয়াদ আরও এক বছর বৃদ্ধি করেছেন আদালত। সমকাল, ২১ আগস্ট
- হংকংয়ের চলমান রাজনৈতিক সংকট নিরসনে সংলাপ ও পারস্পরিক শ্রদ্ধাবোধের কোনো বিকল্প নেই: দেশটির প্রধান নির্বাহী ক্যারি ল্যামের বিবৃতি। দৈনিক ইত্তেফাক, ২১ আগস্ট

**২১ আগস্ট**

- সচিবালয়ে মন্ত্রিসভা কমিটির বৈঠকে জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনে ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম নিয়োগ সংক্রান্ত প্রস্তাবের নীতিগত অনুমোদন। দৈনিক জনকণ্ঠ
- একুশে আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের স্মরণে 'গ্রেনেড হামলা দিবস' উপলক্ষ্যে বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে নির্মিত বেদিতে শ্রদ্ধা নিবেদন আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনগুলোর। দৈনিক ইত্তেফাক, ২২ আগস্ট
- দুর্নীতির মামলার অভিযোগে ভারতের সাবেক স্বরাষ্ট্র ও অর্থমন্ত্রী পি চিদাম্বরমকে গ্রেফতার। যুগান্তর, ২২ আগস্ট
- ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর তিনদিনের সফর শেষে ঢাকা ত্যাগ। সমকাল, ২২ আগস্ট
- মিয়ানমারে উত্তরাঞ্চলের শান প্রদেশে পৃথক সংঘর্ষে জাতিগত সংখ্যালঘু বিদ্রোহীদের সঙ্গে সেনাবাহিনীর ৩০ জন সেনা সদস্য নিহত। দৈনিক ইত্তেফাক, ২২ আগস্ট
- সুদানের নবগঠিত সার্বভৌম পরিষদের প্রধান হিসেবে শপথ নেন অন্তর্বর্তীকালীন সামরিক পরিষদের (টিএমসি) প্রধান লেফটেন্যান্ট জেনারেল আবদেল ফাত্তাহ আবদেল রহমান বুরহান। দৈনিক ইত্তেফাক



**২২ আগস্ট**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের পরামর্শক্রমে হাইকোর্টের তিন বিচারপতির বিরুদ্ধে অনিয়মের অভিযোগে তাদের বিচারকাজ থেকে সাময়িক বিরত থাকার নির্দেশ সুপ্রিমকোর্ট প্রশাসনের। দৈনিক ইত্তেফাক, ২৩ আগস্ট
- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বিমান বাংলাদেশ এয়ার লাইন্সের তৃতীয় বোয়িং ৭৮৭-৮ ড্রিমলাইনার 'গাঙচিল' উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৩ আগস্ট
- মানবতাবিরোধী অপরাধের অভিযোগে ময়মনসিংহের ১৫ জনের বিরুদ্ধে তদন্ত প্রতিবেদন প্রকাশ আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থার। যুগান্তর
- সন্ত্রাস দমনের নামে সেনা অভিযান নিয়ে তদন্ত প্রতিবেদনের উপসংহার জাতিসংঘের–সংখ্যালঘু মুসলমানদের নির্মূল করতে গণহত্যার অভিপ্রায় থেকেই মিয়ানমারের সেনাবাহিনী ২০১৭ সালে রোহিঙ্গা নারী ও শিশুদের ধর্ষণ এবং যৌন নিপীড়ন করে। সমকাল, ২৩ আগস্ট
- চলতি বছরের রেকর্ড আমাজন বনাঞ্চলে অগ্নিকাণ্ডকে 'আন্তর্জাতিক সংকট' হিসেবে বর্ণনা করে বিষয়টি জি-৭ সম্মেলনের আলোচ্যসূচির শীর্ষে থাকা উচিত বলে মন্তব্য ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁর। যুগান্তর, ২৩ আগস্ট
- নিজেদের দেশে তৈরি নতুন আকাশ প্রতিরক্ষা পদ্ধতির উদ্‌বোধন করে ইরান। যুগান্তর, ২৩ আগস্ট

**২৩ আগস্ট**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ জন্মাষ্টমী উপলক্ষ্যে বঙ্গভবনে হিন্দু সম্প্রদায়ের প্রতিনিধিদের অভ্যর্থনা অনুষ্ঠানে দেশের উন্নয়ন ও অগ্রগতি অর্জনে দেশের বিদ্যমান সাম্প্রদায়িক সম্প্রীতি কাজে লাগানোর জন্য সব ধর্মের অনুসারীদের প্রতি আহ্বান জানান। সংবাদ, ২৪ আগস্ট
- প্রবীণ রাজনৈতিক নেতা, ন্যাপের সভাপতি অধ্যাপক মোজাফফর আহমদের ইন্তেকাল। তাঁর ইন্তেকালে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা শোক প্রকাশ করেন। সংবাদ, ২৪ আগস্ট

- নাইজেরিয়ার উপরাষ্ট্রপতি ইয়েমি ওছিনবাজোর সঙ্গে তাঁর অফিসে বাংলাদেশের হাইকমিশনার মো. শামীম আহসানের সৌজন্য সাক্ষাৎ। দৈনিক ইত্তেফাক
- ভারতের সাবেক কেন্দ্রীয় মন্ত্রী পি চিদাম্বরমের এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের (ইডি) হাতে তার গ্রেফতারি পরোয়ানায় অন্তর্বর্তী স্থগিতাদেশ দেশটির শীর্ষ আদালতের। কালের কণ্ঠ (অনলাইন), ২৪ আগস্ট
- রাশিয়ার আর্কটিকের মুরমানস্ক বন্দর থেকে বিশ্বে প্রথমবারের মতো ভাসমান পরমাণু বিদ্যুৎকেন্দ্রের যাত্রা শুরু। যুগান্তর, ২৪ আগস্ট

**২৪ আগস্ট**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় বীর মুক্তিযোদ্ধা, সাবেক সংসদ সদস্য, মুজিবনগর সরকারের উপদেষ্টা পরিষদের সদস্য ও ন্যাশনাল আওয়ামী পার্টির (ন্যাপ) সভাপতি অধ্যাপক মোজাফফর আহমদের মৃতদেহে শ্রদ্ধা নিবেদন করেন। দৈনিক ইত্তেফাক, ২৫ আগস্ট
- ট্রাস্টের চেয়ারপারসন ও বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে ধানমন্ডির বঙ্গবন্ধু ভবনে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট'-এর বৈঠক অনুষ্ঠিত। সমকাল, ২৫ আগস্ট
- মার্কিন মহাকাশ সংস্থা নাসা মহাকাশে ঘটে যাওয়া প্রথম অপরাধের এক অভিযোগে তদন্ত শুরু। দৈনিক ইত্তেফাক, ২৫ আগস্ট
- আবুধাবিতে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির হাতে দেশটির সর্বোচ্চ সম্মাননা 'অর্ডার অব জায়েদ' তুলে দেন সংযুক্ত আরব আমিরাতের ক্রাউন প্রিন্স শেখ মোহাম্মদ বিন জায়েদ আন নাহিয়ান। সমকাল, ২৫ আগস্ট

**২৫ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর কার্যালয়ে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় আয়োজিত অভিবাসনবিষয়ক স্টিয়ারিং কমিটির প্রথম সভায় ভাষণ দেন। সমকাল, ২৬ আগস্ট
- উপমহাদেশে বাম রাজনীতির অন্যতম পুরোধা, মুক্তিযুদ্ধকালীন বাংলাদেশ সরকারের উপদেষ্টা পরিষদের সদস্য ও ন্যাশনাল আওয়ামী পার্টির (ন্যাপ) সভাপতি অধ্যাপক মোজাফফর আহমদকে কুমিল্লার দেবিদ্বারে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন। সমকাল, ২৬ আগস্ট



- এডিস মশা নির্মূলের লক্ষ্যে পুরোনো ৩৬টি ওয়ার্ডে একযোগে বিশেষ অভিযান (চিরুনি অভিযান) শুরু করেছে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) কর্তৃপক্ষ। সমকাল
- যুক্তরাজ্য থেকে বিমানবাহিনীর জন্য ৫টি অত্যাধুনিক সি-১৩০জে বিমান ক্রয় করেছে বাংলাদেশ। দৈনিক ইত্তেফাক, ২৬ আগস্ট
- বিয়ের নিবন্ধনের ক্ষেত্রে কাবিননামার ৫ নম্বর কলামে উল্লিখিত 'কুমারী' শব্দটি বাদ দিয়ে 'অবিবাহিত' শব্দটি যোগ করার নির্দেশ দিয়েছেন আদালত। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ২৬ আগস্ট
- চলতি অর্থবছর মোট দেশজ উৎপাদনে (জিডিপি) প্রবৃদ্ধিতে দক্ষিণ এশিয়ায় দেশগুলোর মধ্যে শীর্ষে থাকবে বাংলাদেশ: ওয়াশিংটন থেকে প্রকাশিত আইএমএফের 'সাউথ এশিয়ান আপডেট' শীর্ষক প্রতিবেদন। যুগান্তর, ২৬ আগস্ট
- ব্রেক্সিটের জন্য যুক্তরাজ্যের বর্তমান প্রধানমন্ত্রী বরিস জনসনই যথার্থ ব্যক্তি: ফ্রান্সের জি সেভেন সম্মেলনে সাংবাদিকদের মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সমকাল, ২৬ আগস্ট

**২৬ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে বিমানযাত্রায় ক্ষতিপূরণের পরিমাণ বাড়িয়ে 'আকাশপথে পরিবহণ (মন্ট্রিল কনভেনশন, ১৯৯৯) আইন-২০১৯' এর খসড়া অনুমোদন। দৈনিক ইত্তেফাক, ২৭ আগস্ট
- ভারতের ত্রিপুরা থেকে বিদ্যুৎ আমদানি করতে নতুন চুক্তি করবে না সরকার: রাজধানীর এক হোটেলে বিদ্যুৎ খাতে সহযোগিতা সংক্রান্ত বাংলাদেশ-ভারত যৌথ স্টিয়ারিং কমিটির ১৭তম সভায় সিদ্ধান্ত। দৈনিক ইত্তেফাক, ২৭ আগস্ট
- সমাজবিজ্ঞানী, রাজনীতিক বিশ্লেষক, শিক্ষাবিদ, সাবেক আমলা ও মন্ত্রী ড. মীজানূর রহমান শেলী (৭৬) ইন্তেকাল। প্রথম আলো (অনলাইন), ২৬ আগস্ট

- বিশ্ব বাণিজ্য ও ইরান ইস্যুকে গুরুত্ব দিয়ে ফ্রান্সের বিয়ারিতজে বিশ্বনেতাদের অংশগ্রহণে আয়োজিত তিনদিনব্যাপী জি-৭ সম্মেলন সমাপ্ত। যুগান্তর, ২৭ আগস্ট
- ম্যাচ ফিক্সিংয়ের অভিযোগে হংকং জাতীয় দলের দুই ক্রিকেটার ইরফান আহমেদ ও তার ভাই নাদিম আহমেদকে আজীবন বহিষ্কার বিশ্ব ক্রিকেট নিয়ন্ত্রণ সংস্থার (আইসিসি)। কালের কণ্ঠ

**২৭ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে শেরেবাংলা নগরের এনইসি সভাকক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় ৫ হাজার ৪১৬ কোটি টাকা ব্যয়ে ১২টি প্রকল্পের অনুমোদন। সংবাদ, ২৮ আগস্ট
- এনইসি সম্মেলন কক্ষে একনেক সভায় সরকারি চিকিৎসকরা জেলা ও উপজেলা পর্যায়ের হাসপাতালে যেতে না চাওয়ায় ক্ষোভ প্রকাশ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একই সঙ্গে নিজ কর্মস্থলের বাইরে প্রাইভেট প্র্যাকটিস করতে পারবেন না এ নির্দেশনা দেন। সমকাল, ২৭ আগস্ট
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে দেশের ৮টি প্রতিষ্ঠানকে ১৪০ কোটি টাকা আর্থিক সহায়তা অনুদানের চেক প্রতিষ্ঠানগুলোর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করেন। সংবাদ, ২৮ আগস্ট
- যথাযথ মর্যাদা ও নানা আয়োজনে দেশব্যাপী জাতীয় কবি কাজী নজরুল ইসলামের মৃত্যুবার্ষিকী পালিত। সমকাল, ২৮ আগস্ট
- বেসামরিক ১৩ ব্যক্তির মুক্তিযোদ্ধা সনদ বাতিল করে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি। সংবাদ, ২৮ আগস্ট
- কাশ্মীরিদের অধিকার তথা ৩৭০ ধারা বাতিলের বিষয়ে ভারতের পাশে দাঁড়ানোর ঘোষণা দিল রাশিয়া। দৈনিক ইত্তেফাক

**২৮ আগস্ট**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে বঙ্গভবনে বাংলাদেশে চীনের নবনিযুক্ত রাষ্ট্রদূত লি জিমিং পরিচয়পত্র পেশ করেন। যুগান্তর, ২৯ আগস্ট



- অতিরিক্ত আইজিপি মোহাম্মদ শফিকুল ইসলামকে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) কমিশনার হিসেবে নিয়োগ দিয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি। যুগান্তর, ২৯ আগস্ট
- নেপালের কাঠমান্ডুতে অনুষ্ঠিত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশগুলোর সংস্থা ডিরেক্টর জেনারেল অব সিভিল এভিয়েশনের (ডিজিসিএ) ৫৬তম সম্মেলনে যোগ দেয় বাংলাদেশ। যুগান্তর
- ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) সঙ্গে চুক্তিবিহীন বিচ্ছেদ কার্যকরের পথ সুগম করতে ১০ সেপ্টেম্বর থেকে ১৪ অক্টোবর পর্যন্ত দেশটির পার্লামেন্টের অধিবেশন স্থগিত করার সিদ্ধান্ত নিয়েছেন যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী বরিস জনসন। দৈনিক ইত্তেফাক, ২৯ আগস্ট
- মিয়ানমারের সেনাবাহিনীর একটি স্টেশনে হামলা চালিয়ে কমপক্ষে ৩০ সেনাকে হত্যা করেছে আরাকান আর্মি (এএ) বিদ্রোহী গোষ্ঠী। সমকাল

**২৯ আগস্ট**

- রাজধানীর আগারগাঁওয়ে জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালে ১০ টাকার টিকিট কেটে চিকিৎসা নিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ৩০ আগস্ট
- রোহিঙ্গা ইস্যুর সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় ঢাকায় নিযুক্ত কূটনীতিকদের ব্রিফ করেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। দৈনিক ইত্তেফাক, ৩০ আগস্ট
- দুই মাসের মধ্যে সারাদেশের প্রতিটি আদালত কক্ষে/এজলাসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি সংরক্ষণ ও প্রদর্শনের জন্য আইন সচিবসহ সরকারের সংশ্লিষ্ট বিবাদীদের নির্দেশ দিয়েছেন এবং একই সঙ্গে রুল জারি করেছেন হাইকোর্ট। সংবাদ, ৩০ আগস্ট
- আমাজনের ভয়াবহ অগ্নিকাণ্ডে আন্তর্জাতিক সমালোচনার মুখে বিশ্বের বন পোড়ানো ঠেকাতে দুই মাসের জরুরি অবস্থা জারি করেছে ব্রাজিল। যুগান্তর, ৩০ আগস্ট
- স্কটল্যান্ডের আরব্রোথে নারী টি ২০ বিশ্বকাপের বাছাইপর্বের প্রস্তুতি ম্যাচে নেদারল্যান্ডসের নারী দলকে ১০ উইকেটে হারিয়ে বাংলাদেশের নারী দল জয়ী। যুগান্তর, ৩০ আগস্ট

**৩০ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর আগারগাঁওয়ে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ঢাকা মহানগর আওয়ামী লীগ উত্তর ও দক্ষিণের উদ্যোগে আয়োজিত জাতীয় শোক দিবসের আলোচনাসভায় অংশ নেন। দৈনিক ইত্তেফাক, ৩১ আগস্ট
- বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশে 'আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস' পালিত। যুগান্তর
- পশ্চিমবঙ্গের বর্ধমানে ২০১৪ সালে এক বিস্ফোরণ মামলায় চার বাংলাদেশিসহ ১৯ জনকে দোষী সাব্যস্ত করেছে দেশটির জাতীয় তদন্ত সংস্থার (এনআইএ) বিশেষ আদালত। সংবাদ, ৩১ আগস্ট
- ভারত অধিকৃত কাশ্মীর পরিস্থিতি নিয়ে দক্ষিণ কোরিয়ার পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে টেলিফোনে কথোপকথনের পর তার বক্তব্যের বিস্তারিত বিবৃতি দেন পাকিস্তান পররাষ্ট্রমন্ত্রী শাহ মাহমুদ কোরেশি। সংবাদ, ৩১ আগস্ট

**৩১ আগস্ট**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের স্বাস্থ্য পরীক্ষা ও চোখের চিকিৎসার জন্য লন্ডনের উদ্দেশে ঢাকা ত্যাগ। সমকাল, ১ সেপ্টেম্বর
- প্রধানমন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনা গণভবনে অনুষ্ঠিত ছাত্রলীগের জাতীয় শোক দিবসের আলোচনাসভায় দেশের জনগণের কল্যাণে ছাত্রলীগকে কাজ করার নির্দেশ দেন। দৈনিক ইত্তেফাক, ১ সেপ্টেম্বর
- রোহিঙ্গা ক্যাম্পে বেআইনি কাজে জড়িয়ে পড়ায় ৪১টি এনজিওকে সেখান থেকে প্রত্যাহার করা হয়েছে: সিলেটে এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। দৈনিক ইত্তেফাক, ১ সেপ্টেম্বর
- আসামের নাগরিকপঞ্জি থেকে বাদ পড়া কেউ বাংলাদেশি নন: ভারতের নিউজ চ্যানেল টাইমস নাউকে দেওয়া সাক্ষাৎকারে বাংলাদেশ পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। দৈনিক ইত্তেফাক, ১ সেপ্টেম্বর
- বরগুনার রিফাত শরীফ হত্যা মামলায় স্ত্রী আয়শা সিদ্দিকা মিন্নিকে শর্তসাপেক্ষে জামিন দিয়েছেন হাইকোর্ট। সমকাল, ১ সেপ্টেম্বর



- আসামের জাতীয় নাগরিকপঞ্জির (এনআরসি) চূড়ান্ত তালিকা দেশটির ওয়েবসাইটে প্রকাশ। নতুন এই তালিকায় অন্তর্ভুক্ত হয়েছেন ৩ কোটি ১১ লাখ মানুষ। বাদ পড়েছেন ১৯ লাখ। যুগান্তর (অনলাইন), ৩১ আগস্ট

## সেপ্টেম্বর

**১ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় রপ্তানি ট্রফি প্রদান করেন। যুগান্তর, ২ সেপ্টেম্বর
- নারায়ণগঞ্জের সোনারগাঁয়ের মেঘনা ঘাটে বিদ্যুৎকেন্দ্র নির্মাণে ভারতীয় কোম্পানি রিয়ালেন্সের সঙ্গে বাংলাদেশ সরকারের চুক্তি সই। সংবাদ, ২ সেপ্টেম্বর
- পণ্য আমদানিতে বিভিন্ন চীনা পণ্যে ১৫ ভাগ শুল্ক আরোপ যুক্তরাষ্ট্রের। দৈনিক ইত্তেফাক
- ভারতীয় বিমানবাহিনীর ইস্টার্ন এয়ার কমান্ডের এয়ার অফিসার কমান্ডিং ইন চিফ, এয়ার মার্শাল আরডি মাথুর পাঁচদিনের সফরে ঢাকায় পৌঁছান। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ১ সেপ্টেম্বর
- ইয়েমেনে একটি কারাগারে সৌদি জোটের বিমান হামলায় ৫০ জন নিহত। যুগান্তর (অনলাইন), ১ সেপ্টেম্বর
- ভারতের পাঁচ রাজ্যে নতুন রাজ্যপাল নিয়োগ করেছেন দেশটির রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। যুগান্তর, ২ সেপ্টেম্বর
- শ্রীলঙ্কার পাল্লেকেলেতে প্রথম টি ২০ ম্যাচে নিউজিল্যান্ড ৫ উইকেটে শ্রীলংকাকে হারায়। সমকাল, ২ সেপ্টেম্বর

**২ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সচিবালয়ে মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত। দৈনিক ইত্তেফাক, ৩ সেপ্টেম্বর
- 'দ্য স্পেক্টেটর ইনডেক্স'-এর ২৯ আগস্ট ২০১৯ প্রকাশিত প্রতিবেদনে বিশ্বের শীর্ষ ২৬টি জিডিপি প্রবৃদ্ধি অর্জনকারী দেশগুলোর মধ্যে বাংলাদেশ শীর্ষে: সচিবালয়ে মন্ত্রিসভার বৈঠকে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। দৈনিক ইত্তেফাক, ৩ সেপ্টেম্বর

- রাজধানীর রামপুরায় বিটিভি মিলনায়তনে ভারতের রাষ্ট্রীয় টেলিভিশন দূরদর্শনের ডিটিএইচ প্ল্যাটফরম-ডিডি ফ্রি ডিশের মাধ্যমে বাংলাদেশ টেলিভিশনের (বিটিভি) সম্প্রচার কার্যক্রম উদ্‌বোধন করেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ। দৈনিক ইত্তেফাক, ৩ সেপ্টেম্বর
- রাজনৈতিক সমাবেশে উসকানিমূলক বক্তব্য ও পুলিশের কাজে বাধা দেওয়ার অভিযোগে দায়ের করা মামলায় বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ দলের শীর্ষ আট নেতা আদালতে আত্মসমর্পণ করে জামিন আবেদন করেন। দৈনিক ইত্তেফাক, ৩ সেপ্টেম্বর
- কক্সবাজারের শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার (আরআরআরসি) মো. আবুল কালামসহ রোহিঙ্গা ক্যাম্পে নিয়োজিত চার কর্মকর্তাকে প্রত্যাহারঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ২ সেপ্টেম্বর
- রোহিঙ্গাদের মোবাইল ফোন সুবিধা বন্ধে ডাক, টেলিযোগাযোগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তি। দৈনিক ইত্তেফাক, ৩ সেপ্টেম্বর
- মালদ্বীপের সংসদে দক্ষিণ এশিয়ার দেশগুলোর স্পিকারদের নিয়ে অনুষ্ঠিত 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা' সম্মেলন শুরু। দৈনিক ইত্তেফাক, ৩ সেপ্টেম্বর
- পণ্য আমদানিতে একের পর এক শুল্ক আরোপ করায় যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে বিশ্ব বাণিজ্য সংস্থায় চীনের মামলা। দৈনিক ইত্তেফাক, ৩ সেপ্টেম্বর

**৩ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে রাজধানীর শেরেবাংলা নগর এনইসি কক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় ৬ হাজার ৩২৬ কোটি ২৩ লাখ টাকা ব্যয়ে ১০ প্রকল্প অনুমোদন। দৈনিক ইত্তেফাক, ৪ সেপ্টেম্বর
- ইরানের পররাষ্ট্রমন্ত্রী মোহাম্মাদ জাওয়াদ জারিফ রাষ্ট্রীয় সফরে ঢাকায়। যুগান্তর, ৪ সেপ্টেম্বর



- স্বাস্থ্য অধিদপ্তরের অধীন ১৮টি পদে চিকিৎসকসহ ১৪৩ জনের নিয়োগ তিন মাসের জন্য স্থগিতের আদেশ হাইকোর্টের। যুগান্তর, ৪ সেপ্টেম্বর
- ভারত নিয়ন্ত্রিত কাশ্মীর ইস্যুতে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেনের সঙ্গে ফোনালাপ পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী মাখদুম শাহ মেহমুদ কুরেশির। যুগান্তর (অনলাইন), ৪ সেপ্টেম্বর
- রাখাইনের সংখ্যালঘু রোহিঙ্গা মুসলিমদের অস্ত্রের মুখে বিদেশি হিসেবে পরিচয়পত্র নিতে বাধ্য করছে মিয়ানমার সরকারঃ রয়টার্স। দৈনিক ইত্তেফাক, ৫ সেপ্টেম্বর
- চুক্তি ছাড়া ব্রেক্সিট রোধে আইন পাসের চেষ্টার প্রথম পর্যায়ে হাউজ অব কমন্সে টোরি বিদ্রোহী ও বিরোধী দলীয় এমপিদের কাছে ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন ৩২৮-৩০১ ভোটে পরাজিত। দৈনিক ইত্তেফাক, ৪ সেপ্টেম্বর
- ইরানের মহাকাশ গবেষণা কর্মসূচির ওপর নিষেধাজ্ঞা আরোপ যুক্তরাষ্ট্রের। দৈনিক ইত্তেফাক, ৪ সেপ্টেম্বর

**৪ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ বাংলাদেশ তৈরি পোশাক প্রস্তুত ও রপ্তানিকারক সমিতির (বিজিএমইএ) পরিচালনা পর্ষদের নবনির্বাচিত সদস্যদের। সমকাল, ৫ সেপ্টেম্বর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে জন্মাষ্টমী উদ্‌যাপন উপলক্ষ্যে দেশের সনাতন ধর্মাবলম্বী নেতাদের শুভেচ্ছা বিনিময়। সংবাদ, ৫ সেপ্টেম্বর
- জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদের মৃত্যুর পর সংসদে বিরোধী দলীয় নেতা হিসেবে স্পিকারের কাছে জিএম কাদেরের দেওয়া চিঠির পর পালটা চিঠি দেন রওশন এরশাদ। দৈনিক ইত্তেফাক, ৫ সেপ্টেম্বর
- কক্সবাজারে রোহিঙ্গাদের সমাবেশে আর্থিক সহযোগিতা ও প্রত্যাবাসনবিরোধী প্রচারণার দায়ে আন্তর্জাতিক দুটি এনজিওর কার্যক্রম নিষিদ্ধ করেছে এনজিও ব্যুরো। সমকাল, ৫ সেপ্টেম্বর

- ইরানের সেনাবাহিনীর রেভুলশনারি গার্ডস কর্পসের (আইইরজিসি) আর্থিক শাখা ব্যবস্থাপনার তথ্য দিতে যুক্তরাষ্ট্রের পুরস্কার ঘোষণা। সংবাদ, ৬ সেপ্টেম্বর

**৫ সেপ্টেম্বর**

- হোটেল ইন্টারকন্টিনেন্টালে পররাষ্ট্র মন্ত্রণালয় ও ইন্ডিয়ান ওশান রিম অ্যাসোসিয়েশন (আইওআরএ) আয়োজিত দুইদিনব্যাপী তৃতীয় আইওআরএ 'সমুদ্র অর্থনীতিবিষয়ক' মন্ত্রী পর্যায়ের সম্মেলন উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সংবাদ, ৬ সেপ্টেম্বর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ অনুযায়ী দেশে ২০২১ সাল থেকে প্রাথমিক বিদ্যালয়ে তৃতীয় শ্রেণি পর্যন্ত গতানুগতিক কোনো পরীক্ষা না নেওয়ার সিদ্ধান্তঃ সচিবালয়ে সংবাদ সম্মেলনে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী জাকির হোসেন। ভোরের কাগজ, ৬ সেপ্টেম্বর
- রাজধানীর বিআরটিএ ভবনে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের সভাপতিত্বে এবং স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের নেতৃত্বে জাতীয় সড়ক নিরাপত্তা কাউন্সিলের সভায় সড়কে শৃঙ্খলা ফেরানো ও দুর্ঘটনা রোধে টাস্কফোর্স গঠন। দৈনিক ইত্তেফাক, ৬ সেপ্টেম্বর
- ব্রেক্সিট ইস্যুতে এমপি ও বাণিজ্যমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করেন যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী বরিস জনসনের ভাই কনজারভেটিভ পার্টির নেতা জো জনসন। সংবাদ, ৬ সেপ্টেম্বর।
- ইতালির নতুন প্রধানমন্ত্রী জুসেপ্পে কন্তে কিজির ২৩ সদস্যবিশিষ্ট নতুন মন্ত্রিপরিষদ ঘোষণা। যুগান্তর, ৬ সেপ্টেম্বর

**৬ সেপ্টেম্বর**

- বাংলাদেশকে ট্রাফিক ব্যবস্থা উন্নয়নে সহযোগিতা দিতে চীনে সফররত আওয়ামী লীগ প্রতিনিধি দলের প্রস্তাবে সম্মতি জানায় দেশটির কর্তৃপক্ষ। দৈনিক জনকণ্ঠ, ৭ সেপ্টেম্বর
- বিশ্ব অর্থনৈতিক ফোরামের ২০১৯ সালের ট্রাভেল অ্যান্ড টুরিজম কম্পিটিটিভ রিপোর্টে ভ্রমণ ও পর্যটনে সেরা দেশগুলোর তালিকায় পাঁচ ধাপ এগিয়ে ১২০তম বাংলাদেশ। যুগান্তর, ৭ সেপ্টেম্বর



- রাজধানীতে কিশোর গ্যাংয়ের শতাধিক সদস্য আটক। যুগান্তর, ৭ সেপ্টেম্বর
- জিম্বাবুয়ের স্বাধীনতার প্রবাদপুরুষ ও একটানা তিন দশকেরও বেশি সময় ধরে ক্ষমতায় থাকা দেশটির প্রথম প্রধানমন্ত্রী ও সাবেক প্রেসিডেন্ট রবার্ট মুগাবের (৯৫) মৃত্যু। যুগান্তর, ৭ সেপ্টেম্বর
- ব্রেক্সিট ইস্যুতে ব্রিটিশ পার্লামেন্টের উচ্চকক্ষে বিল পাস। দৈনিক ইত্তেফাক, ৭ সেপ্টেম্বর
- ইরানের পরমাণু সংকট ও বিভিন্ন ইস্যু নিয়ে ইসরাইলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু ও ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসনের বৈঠক। যুগান্তর (অনলাইন), ৬ সেপ্টেম্বর

**৭ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবনে আওয়ামী লীগের সংসদীয় ও স্থানীয় সরকার মনোনয়ন বোর্ডের বৈঠক অনুষ্ঠিত। যুগান্তর, ৮ সেপ্টেম্বর
- টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা জানান ভারতের লোকসভার সদস্য বিজেপি নেতা মতুয়াচার্য শান্তনু ঠাকুর। সমকাল (অনলাইন), ৮ সেপ্টেম্বর
- খাগড়াছড়ির একুশে পদকপ্রাপ্ত গবেষক মংছেনচীং মংছিনের (৫৮) পরলোক গমন। সমকাল (অনলাইন), ৭ সেপ্টেম্বর
- স্কটল্যান্ডের ডান্ডিতে আইসিসি টি ২০ বিশ্বকাপের মেয়েদের বাছাইপর্বে থাইল্যান্ডকে ৭০ রানে হারিয়ে চ্যাম্পিয়ন বাংলাদেশ নারী ক্রিকেট দল। যুগান্তর, ৮ সেপ্টেম্বর

**৮ সেপ্টেম্বর**

- স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে সংসদ ভবনে একাদশ জাতীয় সংসদের চতুর্থ অধিবেশন শুরু। যুগান্তর, ৯ সেপ্টেম্বর
- 'উচ্চ আদালত জিয়াউর রহমান ও এইচএম এরশাদের ক্ষমতা দখলকে অবৈধ ঘোষণা করেছেন। অবৈধ যখন ঘোষণা করেছেন, তখন তাদের দুজনের কেউই আর রাষ্ট্রপতি থাকেন না। হাইকোর্টের রায় অনুযায়ী

তাদের রাষ্ট্রপতি হিসেবে উল্লেখ করা বৈধ নয়, এটাই বাস্তবতা।' সংসদে জাতীয় পার্টির চেয়ারম্যান ও সংসদে বিরোধী দলের নেতা হুসেইন মুহম্মদ এরশাদের মৃত্যুতে আনীত শোক প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সমকাল (অনলাইন), ৮ সেপ্টেম্বর

- সারাবিশ্বের মতো বাংলাদেশেও যথাযোগ্যভাবে বিশ্ব সাক্ষরতা দিবস পালিত। সমকাল
- সুপ্রিমকোর্টে নিয়োগ পাওয়া ১৭৫ ডেপুটি অ্যাটর্নি জেনারেল ও সহকারী অ্যাটর্নি জেনারেল নিয়োগের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় রিট দাখিল। দৈনিক ইত্তেফাক, ৯ সেপ্টেম্বর
- সৌদি আরবের জ্বালানি মন্ত্রণালয়ের শীর্ষপদে পরিবর্তন। বর্তমান জ্বালানিমন্ত্রী খালিদ আল-ফালিহকে সরিয়ে রাজপুত্র প্রিন্স আবদুল আজিজ বিন সালমানকে নতুন মন্ত্রী ঘোষণা করেন সৌদি বাদশাহ। দৈনিক ইত্তেফাক, ৯ সেপ্টেম্বর

**৯ সেপ্টেম্বর**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ স্বাস্থ্য পরীক্ষা ও চোখের চিকিৎসা শেষে যুক্তরাজ্য থেকে দেশে ফেরেন। যুগান্তর, ১০ সেপ্টেম্বর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত। বৈঠকে প্রতিবছর ৪ ডিসেম্বর 'জাতীয় বস্ত্র দিবস' পালন সংক্রান্ত প্রস্তাব অনুমোদন। দৈনিক ইত্তেফাক, ১০ সেপ্টেম্বর
- রওশন এরশাদকে জাতীয় সংসদের বিরোধী দলের নেতা, জিএম কাদেরকে উপনেতা করে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর আদেশক্রমে জাতীয় সংসদ সচিবালয়ের প্রজ্ঞাপন জারি। যুগান্তর, ১০ সেপ্টেম্বর
- বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানকে জাতীয়তাবাদের জাতির পিতা আখ্যায়িত করায় দলটির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বিরুদ্ধে নারায়ণগঞ্জে আদালতে মামলার পর গ্রেফতারি পরোয়ানা জারি। সংবাদ, ১০ সেপ্টেম্বর
- বেতন বৃদ্ধির দাবিতে ব্রিটিশ এয়ারওয়েজের (বিএ) পাইলটদের ডাকা দুইদিনব্যাপী হরতালের পরিপ্রেক্ষিতে নিজেদের সব ফ্লাইট বাতিল করে বিএ কর্তৃপক্ষ। যুগান্তর, ১০ সেপ্টেম্বর



**১০ সেপ্টেম্বর**

- বিশ্বের নারী সরকারপ্রধান হিসেবে দীর্ঘদিন দেশ পরিচালনায় ভারতের ইন্দিরা গান্ধী, ব্রিটেনের মার্গারেট থ্যাচার ও শ্রীলঙ্কার চন্দ্রিকা কুমারাতুঙ্গার মতো জনপ্রিয় নেতাদের রেকর্ড ভেঙেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আন্তর্জাতিক সংস্থা উইকিলিকসের সাম্প্রতিক এক জরিপের ভিত্তিতে ভারতীয় বার্তা সংস্থা ইউনাইটেড নিউজ অব ইন্ডিয়া। দৈনিক ইত্তেফাক, ১০ সেপ্টেম্বর
- কক্সবাজারের উখিয়া-টেকনাফ রোহিঙ্গা ক্যাম্প এলাকায় থ্রিজি এবং ফোরজি মোবাইল ডেটা সেবা বন্ধ করে দিয়েছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)। সংবাদ
- ইরাকের কারবালায় পবিত্র আশুরা অনুষ্ঠানে তাজিয়া মিছিলে পদদলিত হয়ে ৩১ জনের মৃত্যু, আহত শতাধিক। সংবাদ, ১০ সেপ্টেম্বর
- এয়ার এশিয়া উইমেন্স জুনিয়র এএইচএফ কাপ হকিতে সেংক্যাং স্টেডিয়ামে নিজেদের দ্বিতীয় ম্যাচে শ্রীলঙ্কাকে ২-০ গোলে হারিয়ে প্রথম আন্তর্জাতিক হকিতে জয়ী বাংলাদেশ নারী হকি দল। দৈনিক ইত্তেফাক, ১০ সেপ্টেম্বর

**১১ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সে রাঙামাটির কাপ্তাই কর্ণফুলী পানি বিদ্যুৎকেন্দ্রের প্রধান বাঁধ সংলগ্ন এলাকায় নির্মিত ৭ দশমিক ৪ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন প্রথম সৌর বিদ্যুৎকেন্দ্র এবং বাংলাদেশ পুলিশ কল্যাণ ট্রাস্টের মালিকানাধীন 'কমিউনিটি ব্যাংক বাংলাদেশ' উদ্‌বোধন করেন। যুগান্তর, ১২ সেপ্টেম্বর
- জাতীয় নদী রক্ষা কমিশনের সভায় সর্বসম্মত সিদ্ধান্তে সংস্থার ওয়েবসাইটে সারাদেশে নদী দখলকারীদের তালিকা প্রকাশ। সমকাল
- অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা ২০১৭ অনুযায়ী সরাসরি কৃষকের কাছ থেকে কেন ধান ক্রয় করা হবে না, তা জানতে চেয়ে হাইকোর্টের রুল জারি। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ১১ সেপ্টেম্বর
- জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর পরিচালিত বাজার তদারকি কার্যক্রম অভিযানে রাজধানীসহ সারাদেশে ১১০টি প্রতিষ্ঠানকে ৮ লাখ ৭ হাজার টাকা জরিমানা। যুগান্তর, ১২ সেপ্টেম্বর

- যুক্তরাষ্ট্রে বহিরাগতদের আগমন ঠেকাতে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে সমর্থন দিয়ে রুল জারি দেশটির সুপ্রিমকোর্টের। দৈনিক ইত্তেফাক, ১৩ সেপ্টেম্বর

**১২ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় সংসদ অধিবেশনে সমাপন বক্তব্য দেন। দৈনিক ইত্তেফাক, ১৩ সেপ্টেম্বর
- মুক্তিযুদ্ধে সারাদেশে ৩০ লাখ শহিদকে চিহ্নিত করার কাজ শুরু করেছে সরকারঃ সংসদে প্রশ্নোত্তর পর্বে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। সংবাদ, ১৩ সেপ্টেম্বর
- রাজধানীর বনানী সেতু ভবনে পদ্মা বহুমুখী সেতুর পরিচালনা, টোল আদায়ের জন্য বাংলাদেশ সরকার ও কোরিয়ান এক্সপ্রেস করপোরেশনের সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর। সমকাল, ১৩ সেপ্টেম্বর
- বিজিবির উদ্যোগে স্বাধীনতার ৪৮ বছর পর মুছে ফেলা হলো বাংলাদেশ-ভারত সীমান্ত পিলারে লেখা ‘পাকিস্তান’ শব্দ। ভোরের কাগজ, ১৩ সেপ্টেম্বর
- ১৯৯০ সালের ১৬ আগস্ট তৎকালীন ভারতের কংগ্রেসের যুব নেত্রী মমতা ব্যানার্জির ওপর হামলার দায় থেকে লালু আলমকে খালাস দিয়েছেন দেশটির আদালত। দৈনিক ইত্তেফাক, ১৪ সেপ্টেম্বর

**১৩ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে নেদারল্যান্ডসভিত্তিক ‘ডিপ্লোম্যাট ম্যাগাজিন’ তাদের চলতি সংখ্যার প্রচ্ছদ করে ‘শেখ হাসিনা-দ্য মাদার অব হিউম্যানিটি’ শীর্ষক প্রতিবেদন প্রকাশ করে। সমকাল, ১৫ সেপ্টেম্বর
- বঙ্গোপসাগরের পায়রা ফেয়ারওয়ে বয়ার কাছে ডুবে যাওয়া কনটেইনারবাহী কার্গো জাহাজের ১৪ নাবিককে জীবন্ত উদ্ধার নৌবাহিনীর। সংবাদ, ১৪ সেপ্টেম্বর
- ম্যালেরিয়ার টিকা আবিষ্কৃত হওয়ার পর আফ্রিকার দেশ কেনিয়ার বিভিন্ন অঞ্চলে শিশুদের মাঝে প্রথমবার মানবদেহে এই টিকা দেওয়া শুরু করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)। সংবাদ, ১৪ সেপ্টেম্বর



- মিরপুরে ত্রিদেশীয় সিরিজের প্রথম ম্যাচে জিম্বাবুয়েকে ৬ উইকেটে হারিয়ে জয়ী বাংলাদেশ। সংবাদ, ১৪ সেপ্টেম্বর
- আর্চারিতে এশিয়ান কাপ র‍্যাংকিং টুর্নামেন্টের ফাইনালে ফিলিপিন্সের ক্লার্ক সিটিতে চীনের ঝেনকি শাইকে ৭-৩ পয়েন্টের ব্যবধানে হারিয়ে স্বর্ণ জিতেছেন বাংলাদেশের রোমান সানা। সংবাদ, ১৪ সেপ্টেম্বর

**১৪ সেপ্টেম্বর**

- আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবনে আওয়ামী লীগের কেন্দ্রীয় নির্বাহী সংসদের বৈঠক অনুষ্ঠিত। যুগান্তর, ১৫ সেপ্টেম্বর
- সংবাদপত্র কর্মীদের বেতনভাতা সর্বোচ্চ ৮৫ শতাংশ বাড়িয়ে নবম ওয়েজবোর্ডের গেজেট প্রকাশ। সংবাদ, ১৫ সেপ্টেম্বর
- বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের চতুর্থ বোয়িং ৭৮৭-৮ যুক্তরাষ্ট্রের সিয়াটনের তৈরি ড্রিমলাইনার ‘রাজহংস’ ঢাকা পৌঁছায়। যুগান্তর
- আল কায়েদা নেতা ওসামা বিন লাদেনের ছেলে হামজা বিন লাদেনের আফগান-পাকিস্তান এলাকায় যুক্তরাষ্ট্রের চালানো সন্ত্রাসবিরোধী অভিযানে মৃত্যুর খবর নিশ্চিত করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। দৈনিক ইত্তেফাক, ১৫ সেপ্টেম্বর
- মেক্সিকোর ফরেনসিক বিজ্ঞানীরা জলিসকো রাজ্যের একটি কূপে সমাহিত ৪৪টি লাশ শনাক্ত করে। লাশগুলো ১১৯টি ব্যাগে ছিন্নভিন্ন অবস্থায় পাওয়া গিয়েছিল। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ১৫ সেপ্টেম্বর

**১৫ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজশাহীর সারদা পুলিশ একাডেমিতে সহকারী পুলিশ সুপারদের প্রশিক্ষণ সমাপন কুচকাওয়াজ অনুষ্ঠানে অভিবাদন গ্রহণ ও প্যারেড পরিদর্শন করেন। দৈনিক ইত্তেফাক, ১৬ সেপ্টেম্বর
- এডিস নিয়ন্ত্রণে দ্বিতীয় দফায় মিরপুর শেরেবাংলা ক্রিকেট স্টেডিয়ামের ২ নম্বর গেট থেকে চিরুনি অভিযান শুরু করেছে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি)। কালের কণ্ঠ

- সড়ক দুর্ঘটনায় নিহত তিতুমীর কলেজের শিক্ষার্থী রাজীব হাসানের ক্ষতিপূরণ মামলার পূর্ণাঙ্গ রায়ের পর সড়ক দুর্ঘটনা রোধে গণপরিবহণে মাসিক বেতনের ভিত্তিতে চালক নিয়োগের নির্দেশ হাইকোর্টের। যুগান্তর
- ওআইসির বৈঠকের মধ্যেই জর্ডান উপত্যকা পশ্চিম তীরে নতুন বসতি স্থাপনের অনুমোদন ইসরাইলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু সরকারের। যুগান্তর, ১৫ সেপ্টেম্বর

**১৬ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা মেট্রোরেল প্রকল্পের অগ্রগতি নিয়ে গণভবনে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন দেখার সময় ঢাকায় মেট্রোরেলের নিরাপত্তার জন্য সংশ্লিষ্টদের পুলিশের আলাদা ইউনিট গঠনের নির্দেশ দেন। দৈনিক ইত্তেফাক
- ড. কালাম স্মৃতি 'ইন্টারন্যাশনাল এক্সিলেন্স অ্যাওয়ার্ড-২০১৯' অর্জন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। কাউন্সিলের প্রধান উপদেষ্টা অ্যাম্বাসেডর টিপি শ্রীনিবাসন প্রধানমন্ত্রীর কার্যালয়ে তাঁর হাতে পদকটি হস্তান্তর করেন। দৈনিক ইত্তেফাক, ১৭ সেপ্টেম্বর
- চারজন সচিবকে সিনিয়র সচিব হিসেবে পদোন্নতি দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদেশ জারি। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ১৬ সেপ্টেম্বর
- দলের হাইকমান্ডের নির্দেশে জাতীয় পার্টির চেয়ারম্যান প্রয়াত হুসেইন মুহম্মদ এরশাদের রংপুর-৩ শূন্য আসনে উপনির্বাচনে ভোটের লড়াই থেকে সরে দাঁড়ান আওয়ামী লীগ প্রার্থী রেজাউল করিম রাজু। ইত্তেফাক
- ভারতের জম্মু ও কাশ্মীরের সাবেক মুখ্যমন্ত্রী ফারুক আব্দুল্লাকে জননিরাপত্তা আইনে আটক করে দেশটির প্রশাসন। সমকাল (অনলাইন), ১৬ সেপ্টেম্বর

**১৭ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে এনইসি কক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় ৮ হাজার ৯৬৮ কোটি ৮ লাখ টাকা ব্যয়ে আটটি প্রকল্পের অনুমোদন। যুগান্তর, ১৮ সেপ্টেম্বর



- প্রধানমন্ত্রী শেখ হাসিনা শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের চতুর্থ ড্রিমলাইনার 'রাজহংস' উদ্‌বোধন করেন। দৈনিক ইত্তেফাক, ১৮ সেপ্টেম্বর
- তথ্য গোপন করে অবৈধভাবে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করার অভিযোগে কক্সবাজারে ৬০০ রোহিঙ্গার বিরুদ্ধে মামলা করে স্থানীয় নির্বাচন অফিস। দৈনিক ইত্তেফাক, ১৮ সেপ্টেম্বর
- ব্রিটেনের প্রধানমন্ত্রী বরিস জনসনের পার্লামেন্ট স্থগিত রাখার বিতর্কিত সিদ্ধান্তের বিষয়ে দেশটির সুপ্রিমকোর্টে শুনানি শুরু। যুগান্তর, ১৮ সেপ্টেম্বর
- আফগানিস্তানের প্রেসিডেন্ট আশরাফ গনির নির্বাচনি সমাবেশে বোমা হামলায় ২৪ জন নিহত ও আহত ৩১ জন। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ১৮ সেপ্টেম্বর
- এশিয়া কাপ ওয়ার্ল্ড র‍্যাংকিং আর্চারি টুর্নামেন্টে (স্টেজ-৩) রিকার্ড পুরুষ ব্যক্তিগত ইভেন্টে স্বর্ণজয়ী মো. রোমান সানাকে গণভবনে মিষ্টিমুখ করিয়ে অভিনন্দন জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর (অনলাইন), ১৭ সেপ্টেম্বর

**১৮ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গাজীপুরের কাশিমপুর তেঁতুইবাড়িতে শেখ ফজিলাতুননেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল এবং নার্সিং কলেজের ১ম স্নাতক সমাপন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দেন। দৈনিক ইত্তেফাক, ১৯ সেপ্টেম্বর।
- জাতিসংঘে বাংলাদেশের প্রথম নারী স্থায়ী প্রতিনিধি হিসেবে নিয়োগ পেয়েছেন বর্তমানে জাপানের রাষ্ট্রদূত হিসেবে কর্মরত রাবাব ফাতেমা। যুগান্তর, ১৯ সেপ্টেম্বর
- ঢাকা মহানগর দক্ষিণ যুবলীগের সাংগঠনিক সম্পাদক খালেদ মাহমুদ ভূঁইয়াকে নিষিদ্ধ ক্যাসিনো চালানো, অবৈধ অস্ত্র, গুলি ও মাদকসহ বিভিন্ন অভিযোগে গ্রেফতার করে র‍্যাব। দৈনিক ইত্তেফাক, ১৯ সেপ্টেম্বর
- ইহুদিবাদী রাষ্ট্র ইসরাইলকে বর্জন, পরিত্যাগ ও নিষেধাজ্ঞা (বিডিএস) আন্দোলনে সায় দেওয়ায় ব্রিটিশ-পাকিস্তানি লেখিকা কামিলা শামছিকে দেওয়া সাহিত্য পুরস্কারের সিদ্ধান্ত প্রত্যাহার করে নিয়েছে জার্মানি। যুগান্তর

- চট্টগ্রাম জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে ত্রিদেশীয় টি ২০ সিরিজে নিজেদের তৃতীয় ম্যাচে ৩৯ রানে জিম্বাবুয়েকে হারিয়ে ফাইনালে বাংলাদেশ। দৈনিক ইত্তেফাক, ১৯ সেপ্টেম্বর

**১৯ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে ইউকে অল-পার্টি পার্লামেন্টারি গ্রুপের (এপিপিজি) দুটি আলাদা প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ। যুগান্তর, ২০ সেপ্টেম্বর
- আওয়ামী লীগের সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে প্রথমবারের মতো নতুন দায়িত্ব পাওয়া ভারপ্রাপ্ত ছাত্রলীগের সভাপতি আল নাহিয়ান খান ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক লেখক ভট্টাচার্যের নেতৃত্বে সংগঠনের ২৩ নেতার সৌজন্য সাক্ষাৎ। যুগান্তর, ২০ সেপ্টেম্বর
- সরাসরি ভোটে দীর্ঘ ২৮ বছর পর ছাত্রদলের নতুন সভাপতি নির্বাচিত হয়েছেন ফজলুর রহমান খোকন ও সাধারণ সম্পাদক ইকবাল হোসেন শ্যামল। সংবাদ, ২০ সেপ্টেম্বর
- জাতিসংঘ মিশনের কিউবার দুই সদস্যকে যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা ইস্যুতে দেশত্যাগের নির্দেশ দিয়েছে দেশটির প্রশাসন। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ২০ সেপ্টেম্বর
- শহরের তরুণ প্রজন্ম ই-সিগারেটের দিকে ঝুঁকছে—এমন কারণ দেখিয়ে মন্ত্রিসভার সিদ্ধান্তে ই-সিগারেট (ইলেকট্রিক সিগারেট) নিষিদ্ধ ঘোষণা ভারতের। যুগান্তর

**২০ সেপ্টেম্বর**

- জাতিসংঘের সাধারণ পরিষদের (ইউএনজিএ) ৭৪তম অধিবেশনে যোগ দিতে আটদিনের সফরে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের উদ্দেশে ঢাকা ত্যাগ প্রধানমন্ত্রী শেখ হাসিনার। সংবাদ, ২১ সেপ্টেম্বর
- ঢাকা কাস্টম হাউজ থেকে মালামাল খালাসের জন্য নিয়োগ দেওয়া সিএন্ডএফ এজেন্টদের বেশি পরিমাণ কমিশন দিয়ে সরকারি টাকা অপচয়ের অভিযোগে চট্টগ্রাম কাস্টম হাউজসহ সরকারের ৭ দপ্তরে অভিযান পরিচালনা করে দুদক এনফোর্সমেন্ট টিম। সমকাল



- কাশ্মীর দখল এবং মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে একটি মামলায় ২১ দিনের মধ্যে ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও তার সরকারের অন্যান্য সদস্যকে জবাব দিতে বলেছে যুক্তরাষ্ট্রের একটি আদালত। সংবাদ, ২২ সেপ্টেম্বর
- পশ্চিমবঙ্গের সব মানুষ নিশ্চিত থাকুন, এখানে এনআরসি হবে না। আমি বেঁচে থাকতে এনআরসি হতে দেব না : সাংবাদিকদের সঙ্গে আলাপকালে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। সমকাল, ২২ সেপ্টেম্বর
- রোহিঙ্গাদের ওপর নির্যাতনে নিন্দা জানিয়ে প্রস্তাব পাস ইউরোপীয় পার্লামেন্টে। সমকাল, ২২ সেপ্টেম্বর
- আফগানিস্তানের দক্ষিণাঞ্চলীয় জাবুল প্রদেশে অবস্থিত একটি হাসপাতালের কাছে তালেবানের চালানো গাড়িবোমা হামলায় অন্তত ৩০ জন নিহত। আহত নারী ও শিশুসহ ৯০ জন। দৈনিক ইত্তেফাক

**২১ সেপ্টেম্বর**

- ৯২তম একাডেমি অ্যাওয়ার্ডে 'বিদেশি ভাষার ছবি' বিভাগে নাসির উদ্দিন ইউসুফ পরিচালিত 'আলফা' ছবিটি বাংলাদেশ থেকে মনোনয়ন পেয়েছে। সংবাদ, ২২ সেপ্টেম্বর
- মিসরের একনায়ক প্রেসিডেন্ট আবদেল ফাত্তাহ আল-সিসিকে অপসারণের দাবিতে দেশটির রাজধানী কায়রোসহ অন্যান্য বড়ো শহরে ব্যাপক বিক্ষোভ। সংবাদ, ২২ সেপ্টেম্বর।
- আইনপড়ুয়া এক ছাত্রীকে ধর্ষণ ও ব্ল্যাকমেইলিংয়ের অভিযোগে ভারতের ক্ষমতাসীন বিজেপি নেতা ও সাবেক কেন্দ্রীয় মন্ত্রী স্বামী চিন্ময়ানন্দ গ্রেফতার। যুগান্তর
- জয় দিয়ে সাফ অনূর্ধ্ব-১৮ ফুটবল চ্যাম্পিয়নশিপ শুরু বাংলাদেশের। কাঠমান্ডুর আর্মি পুলিশ ফোর্সেস মাঠে শ্রীলঙ্কাকে ৩-০ গোলে হারায় বাংলাদেশ। সংবাদ, ২২ সেপ্টেম্বর
- এএফসি অনূর্ধ্ব-১৬ নারী চ্যাম্পিয়নশিপের চূড়ান্ত পর্বে থাইল্যান্ডের চনবুরিতে অনুষ্ঠিত গ্রুপের শেষ ম্যাচে অস্ট্রেলিয়ার সঙ্গে ২-২ গোলে ড্র করে বাংলাদেশ। সংবাদ, ২২ সেপ্টেম্বর

**২২ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৪তম অধিবেশনে যোগদানের জন্য আটদিনের সফরে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে পৌঁছান। দৈনিক ইত্তেফাক, ২৩ সেপ্টেম্বর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী গ্যালারিতে সূচিশিল্প প্রদর্শনী শুরু। 'হাসুমণির পাঠশালা' আয়োজিত প্রদর্শনীর উদ্‌বোধন করেন সংস্কৃতি প্রতিমন্ত্রী কেএম খালিদ। দৈনিক ইত্তেফাক
- সাবেক সিনিয়র সচিব নাছিমা বেগমকে জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান, সাবেক সচিব ড. কামাল উদ্দিন আহমেদকে সার্বক্ষণিক সদস্য এবং আরও ছয়জনকে কমিশনের অবৈতনিক সদস্য হিসেবে নিয়োগ দিয়ে একাধিক প্রজ্ঞাপন জারি। সমকাল, ২৩ সেপ্টেম্বর
- চীনের মধ্যস্থতায় নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের সাইডলাইনে বাংলাদেশ ও মিয়ানমারকে নিয়ে অনুষ্ঠেয় ত্রিদেশীয় বৈঠক রোহিঙ্গাদের স্বেচ্ছায়, নিরাপদে এবং সম্মানজনক প্রত্যাবাসনে ইতিবাচক প্রভাব ফেলবে: ঢাকায় নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটার্টন ডিকসন। যুগান্তর, ২৩ সেপ্টেম্বর

**২৩ সেপ্টেম্বর**

- জাতিসংঘের ৭৪তম সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিয়ে নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে সর্বজনীন স্বাস্থ্য কর্মসূচির (ইউএইচসি) ওপর উচ্চপর্যায়ের বৈঠকের পাশাপাশি 'মাল্টি স্টেকহোল্ডার প্যানেল' শীর্ষক একটি অনুষ্ঠানে সহসভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৪ সেপ্টেম্বর
- রোহিঙ্গা সংকটের স্থায়ী সমাধান এবং প্রত্যাবাসনের জট খুলতে বাংলাদেশ, চীন ও মিয়ানমারের পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের ত্রিদেশীয় বৈঠক অনুষ্ঠিত। যুগান্তর, ২৪ সেপ্টেম্বর
- অধস্তন আদালতের সব এজলাস/কোর্ট রুমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি টাঙানো ও সংরক্ষণ সংক্রান্ত হাইকোর্টের



আদেশের সত্যায়িত অনুলিপি পাওয়ার পর জাতির পিতার প্রতিকৃতি টাঙানো ও সংরক্ষণের নির্দেশ দেয় আইন মন্ত্রণালয়। দৈনিক ইত্তেফাক, ২৪ সেপ্টেম্বর

- সাংগঠনিক কার্যক্রম পরিচালনা করতে পারবে না বিএনপির সহযোগী সংগঠন ছাত্রদলের নবনির্বাচিত কমিটি। কমিটির কার্যক্রমের ওপর এক সপ্তাহের অস্থায়ী নিষেধাজ্ঞা দিয়েছেন ঢাকার চতুর্থ সহকারী জজ আদালত। একই সঙ্গে ওই কমিটির কার্যক্রমের ওপর কেন স্থায়ী নিষেধাজ্ঞা দেওয়া হবে না, নবনির্বাচিত কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদককে কারণ দর্শাতে বলা হয়েছে। সমকাল, ২৪ সেপ্টেম্বর
- রোহিঙ্গাদের ভোটার করার অপচেষ্টায় জড়িত থাকার অভিযোগে নির্বাচন কমিশনের (ইসি) কর্মকর্তা শাহানুর মিয়াকে আটক করেছে ডিবি পুলিশ। ভোরের কাগজ (অনলাইন), ২৩ সেপ্টেম্বর
- আফগানিস্তানের হেলমান্দ প্রদেশে তালেবান ঘাঁটিতে আফগান ও মার্কিন সেনাবাহিনীর যৌথ অভিযানে ৩৫ বেসামরিক নাগরিক এবং ২২ তালেবান সদস্য নিহত। দৈনিক ইত্তেফাক, ২৪ সেপ্টেম্বর

**২৪ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সদর দপ্তরে সংস্থাটির মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস আয়োজিত মধ্যাহ্নভোজের সময় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে শুভেচ্ছা বিনিময়। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ২৫ সেপ্টেম্বর
- বাংলাদেশে সমন্বিত টিকাদান কর্মসূচিতে সফলতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'ভ্যাকসিন হিরো' সম্মাননায় ভূষিত করে গ্লোবাল অ্যালায়েন্স ফর ভ্যাকসিনস অ্যান্ড ইমিউনাইজেশন (জিএভিআই-গ্যাভি)। জাতিসংঘ সদর দপ্তরে এক অনুষ্ঠানে বাংলাদেশের প্রধানমন্ত্রীর হাতে এ পুরস্কার তুলে দেন জিএভিআই বোর্ডের সভাপতি ড. এনগোজি অকোনজো ইবিলা এবং সংস্থাটির প্রধান নির্বাহী কর্মকর্তা সেথ ফ্রাংকিলন বার্কলে। দৈনিক ইত্তেফাক, ২৫ সেপ্টেম্বর
- 'আমরা আমাদের সময়ের সব থেকে গুরুতর বৈশ্বিক চ্যালেঞ্জের মুখোমুখি রয়েছি। জলবায়ু পরিবর্তনের প্রভাব ক্রমবর্ধমানভাবে আমাদের সভ্যতার

ক্ষতিসাধন করছে। এটি বাংলাদেশের মতো জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশগুলোর জন্য অস্তিত্বের হুমকি।' জাতিসংঘ সদর দপ্তরের কনফারেন্স কক্ষে গ্লোবাল কমিশন অন অ্যাডাপটেশন (জিসিএ) আয়োজিত অনুষ্ঠানে ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৫ সেপ্টেম্বর

- পাকিস্তানে শক্তিশালী ভূমিকম্পে ২৫ জন নিহত এবং চার শতাধিক আহত। সমকাল
- মিসরের স্বৈরশাসক প্রেসিডেন্ট আবদেল ফাত্তাহ আল সিসির পদচ্যুতির দাবিতে বিক্ষোভ অব্যাহত রাখার ঘোষণা দেশটির সেনাবাহিনীর ইজিপশিয়ান অফিসার্স ফ্রন্টের। যুগান্তর, ২৫ সেপ্টেম্বর

**২৫ সেপ্টেম্বর**

- জাতিসংঘ সদর দপ্তরের ট্রাস্টিশিপ কাউন্সিল আয়োজিত 'লোকালাইজিং দ্য এসডিজিস' অনুষ্ঠানে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে স্থানীয় ও বৈশ্বিক পর্যায়ে অর্থবহ অংশীদারত্ব এবং সহযোগিতার ওপর গুরুত্বারোপ প্রধানমন্ত্রী শেখ হাসিনার। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ২৬ সেপ্টেম্বর
- বিভিন্ন সময় রোহিঙ্গাদের ভোটার করার অভিযোগে ৩০ জন কর্মীকে কালো তালিকাভুক্ত করেছে নির্বাচন কমিশন (ইসি)। যুগান্তর, ২৬ সেপ্টেম্বর
- দুর্গাপূজা উপলক্ষ্যে ভারতে ৫০০ টন ইলিশ রপ্তানির অনুমোদন দেয় বাণিজ্য মন্ত্রণালয়। সংবাদ, ২৬ সেপ্টেম্বর
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক ড. কামাল আবদুল নাসের চৌধুরীকে প্রধানমন্ত্রীর মুখ্যসচিবের পদমর্যাদা দিয়ে আদেশ জারি জনপ্রশাসন মন্ত্রণালয়ের। সমকাল, ২৬ সেপ্টেম্বর
- মিয়ানমারের রাখাইনে যা হয়েছে, তা গণহত্যা। সেখানে ধর্ষণ এবং মানবাধিকারের চরম লঙ্ঘন হয়েছে। এই সংকট এখন আর মিয়ানমার বা বাংলাদেশের মধ্যে সীমাবদ্ধ নেই। এটি আন্তর্জাতিক ইস্যুতে পরিণত হয়েছে। তাই আন্তর্জাতিক সম্প্রদায়কে অবশ্যই কিছু একটা করতে হবে। রোহিঙ্গা সংকটের অবসান এখনই হওয়া উচিত–জাতিসংঘের সদর দপ্তরের ১১ নম্বর সম্মেলন কক্ষে বাংলাদেশের স্থায়ী মিশন ও



ওআইসি সচিবালয় আয়োজিত 'রোহিঙ্গা সংকট : উত্তরণের উপায়' শীর্ষক পার্শ্বসভায় মালয়েশিয়ার প্রধানমন্ত্রী ডা. মাহাথির মোহাম্মদ। যুগান্তর, ২৬ সেপ্টেম্বর

**২৬ সেপ্টেম্বর**

- রোহিঙ্গাদের নিরাপদ, মর্যাদাপূর্ণ এবং স্বেচ্ছায় ফিরে যাওয়ার পরিবেশ সৃষ্টিতে মিয়ানমারকে বাধ্য করতে বিশ্বসম্প্রদায়কে সব ধরনের পদক্ষেপ গ্রহণ করতে হবে। মিয়ানমারের কারণে সৃষ্ট রোহিঙ্গা সংকট বাংলাদেশের উন্নয়নকে চ্যালেঞ্জের মুখে ফেলছে: যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে মার্কিন থিংকট্যাংক 'কাউন্সিল অব ফরেন রিলেশনস' (সিএফআর) আয়োজিত 'আ কনভারসেশন উইথ প্রাইম মিনিস্টার শেখ হাসিনা' শীর্ষক সংলাপে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ২৭ সেপ্টেম্বর
- নিউইয়র্কে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে চ্যাম্পিয়ন অব স্কিল ডেভেলপমেন্ট ফর ইয়ুথ সম্মাননা তুলে দেন ইউনিসেফের নির্বাহী পরিচালক হেনরিটা ফোর। যুগান্তর, ২৮ সেপ্টেম্বর
- উপাচার্য হটাও আন্দোলনে উত্তপ্ত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আরও দুই সহকারী প্রক্টর পদত্যাগ করেন। কালের কণ্ঠ, ২৭ সেপ্টেম্বর
- সৌদি আরবে বিশ্বের বৃহত্তম তেল কোম্পানি আরামকোর দুটি স্থাপনায় ড্রোন হামলার পর দেশটির সঙ্গে সামরিক সম্পর্ক আরও জোরদার করার ঘোষণা দিয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। সংবাদ, ২৭ সেপ্টেম্বর

**২৭ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জেনারেল অ্যাসেম্বলি হলে অনুষ্ঠিত অধিবেশনে রোহিঙ্গা সংকটকে আঞ্চলিক নিরাপত্তার হুমকি উল্লেখ করে এর স্থায়ী সমাধানের লক্ষ্যে আন্তর্জাতিক সম্প্রদায়ের দ্রুত হস্তক্ষেপ কামনা করে জাতিসংঘ সাধারণ পরিষদ ৭৪তম অধিবেশনে চার দফা প্রস্তাব পেশ করেন। যুগান্তর, ২৮ সেপ্টেম্বর
- আসামের জাতীয় নাগরিক তালিকা (এনআরসি) নিয়ে বাংলাদেশের উদ্‌বিগ্ন হওয়ার কিছু নেই: নিউইয়র্কে অনুষ্ঠিত এক বৈঠকে প্রধানমন্ত্রী

শেখ হাসিনাকে আশ্বস্ত করেন ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। দৈনিক ইত্তেফাক, ২৮ সেপ্টেম্বর

- দেশের সব ক্যাসিনো বন্ধ করে দেওয়া হয়েছে: সাংবাদিকদের র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) মহাপরিচালক (ডিজি) বেনজীর আহমেদ। দৈনিক ইত্তেফাক, ২৮ সেপ্টেম্বর
- তেলের ওপর নির্ভরশীলতা কমিয়ে পর্যটন শিল্পের প্রসারে সৌদি আরব বিদেশিদের জন্য প্রথমবারের মতো ভ্রমণ ভিসা চালুর সিদ্ধান্ত নিয়েছে। সংবাদ, ২৮ সেপ্টেম্বর
- সুইজারল্যান্ডে জলবায়ু পরিবর্তন রোধে দ্রুত পদক্ষেপ নেওয়ার দাবিতে লক্ষাধিক লোক মিছিল সমাবেশ করেছে। সমকাল

**২৮ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা সংকটে জাতিসংঘ সদর দপ্তরে সাধারণ পরিষদের (ইউএনজিএ) ৭৪তম অধিবেশনে চার দফা প্রস্তাব পেশ করেন। যুগান্তর
- নিউইয়র্কের জাতিসংঘ সদর দপ্তরে সাধারণ পরিষদ অধিবেশনে বাংলায় দেওয়া ভাষণে 'রোহিঙ্গা সমস্যাকে আঞ্চলিক নিরাপত্তার বিষয়' বলে উল্লেখ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৯ সেপ্টেম্বর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ম্যানহাটনের বিলাসবহুল ম্যারিয়ট মারকুইজের গ্রান্ড বলরুমে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ আয়োজিত সভায় বক্তব্য দেন। দৈনিক ইত্তেফাক, ২৯ সেপ্টেম্বর
- ক্যাসিনো কেলেঙ্কারিতে অভিযুক্তরা যাতে সীমান্ত দিয়ে ভারতে পালাতে না পারে, সেজন্য সতর্কতা জারি করেছে প্রশাসন। যুগান্তর, ২৯ সেপ্টেম্বর
- টেন্ডার ও চাঁদাবাজি এবং অবৈধ ক্যাসিনোর গডফাদারদের বিরুদ্ধে মানি লন্ডারিং আইনের সাত মামলার তদন্ত শুরু করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। যুগান্তর, ২৯ সেপ্টেম্বর
- আনুষ্ঠানিকভাবে জাতিসংঘের পরমাণু অস্ত্র নিরোধ চুক্তি 'ট্রিটি অন দ্য প্রহিবিটেশন অব নিউক্লিয়ার ওয়েপনস-২০১৭'-এর স্বাক্ষরিত দলিল হস্তান্তর করে বাংলাদেশ। দৈনিক ইত্তেফাক, ২৯ সেপ্টেম্বর



- রোহিঙ্গা প্রত্যাবাসনে 'সেফ জোন' বা নিরাপদ অঞ্চল গঠন করা সম্ভব নয়: মিয়ানমারের স্টেট কাউন্সেলর কার্যালয়ের মন্ত্রী কোয়ে তিন্ত সোয়ে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের পঞ্চম দিনে বাংলাদেশকে 'বিশ্বস্ততার সঙ্গে' মিয়ানমারের সঙ্গে সম্পাদিত এ দ্বিপাক্ষিক চুক্তি মেনে চলার আহ্বান। দৈনিক ইত্তেফাক, ৩০ সেপ্টেম্বর

**২৯ সেপ্টেম্বর**

- নিউইয়র্কে জাতিসংঘ মিশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উদ্‌যাপন। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ৩০ সেপ্টেম্বর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৪তম অধিবেশনে যোগদানের জন্য যুক্তরাষ্ট্রে আটদিনের সরকারি সফর শেষে দেশের উদ্দেশে নিউইয়র্ক ত্যাগ করেন। যুগান্তর
- বাণিজ্য মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী দুর্গাপূজা উপলক্ষ্যে ভারতে ৫০০ টন ইলিশ রপ্তানির প্রথম চালান বেনাপোল স্থলবন্দর দিয়ে কলকাতা পৌঁছায়। সংবাদ, ৩০ সেপ্টেম্বর
- দেশের বাজারে রেনিটিডিন ওষুধের ভারতীয় কাঁচামাল আমদানি, উৎপাদন ও বিক্রি সাময়িক নিষিদ্ধ। মহাখালীতে ওষুধ প্রশাসন অধিদপ্তরের সভাকক্ষে বাংলাদেশ ওষুধ শিল্প সমিতির নেতাদের সঙ্গে আলোচনার পর ওষুধ প্রশাসনের সিদ্ধান্ত। দৈনিক ইত্তেফাক, ৩০ সেপ্টেম্বর
- রোহিঙ্গা জনগোষ্ঠীর মধ্যে 'হেপাটাইটিস-সি' আক্রান্তের হার ১৩ শতাংশের বেশি। যেখানে বাংলাদেশিদের মধ্যে আক্রান্তের হার ১ শতাংশেরও কম। আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন জাপানি চিকিৎসা বিজ্ঞানী ড. শেখ মোহাম্মদ ফজলে আকবর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের হেপাটোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মামুন আল মাহতাবের নেতৃত্বে এই গবেষণা প্রতিবেদনটি 'ইউরেশিয়ান জার্নাল অব হেপাটো-গ্যাস্ট্রোএন্টারোলজি'তে প্রকাশিত। যুগান্তর
- সৌদি আরবের বিরুদ্ধে সামরিক অভিযানের ভিডিয়ো ফুটেজ প্রকাশ করেছে ইয়েমেনের ইরান সমর্থিত হুতি বিদ্রোহীরা। সংবাদ
- বার্ট শাটক্লিপ ওভালে অনুষ্ঠিত পাঁচ ম্যাচ সিরিজের প্রথম ওয়ানডেতে নিউজিল্যান্ডের বিপক্ষে ৬ উইকেটে জয়ী বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ দল। সংবাদ, ৩০ সেপ্টেম্বর

**৩০ সেপ্টেম্বর**

- রোহিঙ্গা ইস্যুতে কারও সঙ্গে সংঘাতে না গিয়ে শান্তিপূর্ণ সমাধান চায় বাংলাদেশ: ওয়াশিংটন পোস্টকে দেওয়া এক সাক্ষাৎকারে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক
- জঙ্গিবাদের অর্থের উৎস অনুসন্ধান কার্যক্রম আরও জোরদার করতে ২২ সদস্যের একটি টাস্কফোর্স গঠন করে মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন জারি। সমকাল (অনলাইন), ৩০ সেপ্টেম্বর
- ভারত পেঁয়াজ রপ্তানি বন্ধ করায় দেশের বাজারে দাম নিয়ন্ত্রণে রাখতে ট্রাকে করে ৪৫ টাকা কেজিতে পেঁয়াজ বিক্রি শুরু করে টিসিবি। যুগান্তর, ১ অক্টোবর
- অনলাইন ক্যাসিনো গুরু সেলিম প্রধানকে হযরত শাহজালাল (রহ.) আন্তর্জাতিক বিমানবন্দর থেকে গ্রেফতার করে র‍্যাব। সমকাল, ১ অক্টোবর
- ভারতের উত্তর প্রদেশ ও বিহারে প্রবল বৃষ্টির কারণে সৃষ্ট বন্যায় মৃতের সংখ্যা বেড়ে ১৩৪ জন। যুগান্তর, ১ অক্টোবর

## অক্টোবর

**১ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৪তম অধিবেশনে যোগদানসহ যুক্তরাষ্ট্রের আটদিনের সরকারি সফর শেষে দেশে ফিরেন। দৈনিক ইত্তেফাক
- স্বাধীনতার ৪৮ বছর পর দেশের সর্বোচ্চ আদালত সুপ্রিমকোর্টে প্রধান বিচারপতির এজলাসে স্থান পেল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি। প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের উপস্থিতিতে এজলাসে এই প্রতিকৃতি টাঙানো হয়। দৈনিক ইত্তেফাক
- নৈতিক স্খলন ও অর্থ কেলেঙ্কারির অভিযোগে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ফারজানা ইসলামকে লাল কার্ড দেখিয়ে ক্যাম্পাসে শিক্ষক-শিক্ষার্থীদের মানববন্ধন। দৈনিক ইত্তেফাক
- অর্থ পাচার মামলায় যুবলীগ নেতা জি কে শামীমের সাত দেহরক্ষীর চারদিনের রিমান্ড মঞ্জুর। প্রথম আলো



- মোটরসাইকেলের শোরুমে অভিযানের নামে ১০ লাখ টাকা চাঁদা দাবির অভিযোগে খুলনা জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের এক এসআই ও তিন এএসআইসহ সাত পুলিশ সদস্যকে সাময়িক বরখাস্ত। দৈনিক ইত্তেফাক
- চীনের কমিউনিস্ট শাসনের ৭০ বছর পূর্তির দিনে হংকংয়ে বিক্ষোভ। পুলিশের গুলিতে এক বিক্ষোভকারী আহত। দৈনিক ইত্তেফাক
- ধর্ষণের অভিযোগ ওঠার পর পদত্যাগ করলেন নেপালের পার্লামেন্টের নিম্নকক্ষের স্পিকার কৃষ্ণা বাহাদুর মাহারা। দৈনিক ইত্তেফাক
- পশ্চিমবঙ্গে এনআরসি হবেই। মমতা ব্যানার্জি তা রুখতে পারবে না। কলকাতায় আয়োজিত এক জনসভায় বিজিপির সর্বভারতীয় সভাপতি অমিত শাহ। দৈনিক ইত্তেফাক
- কমিউনিস্ট শাসনের ৭০ বছর পূর্তির দিনে বিশ্বকে শক্তি দেখিয়ে রাজধানী বেইজিংয়ে আধুনিক সমরাস্ত্র প্রদর্শনের পাশাপাশি বিশাল সামরিক ও বেসামরিক কুচকাওয়াজ এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে চীন। অনুষ্ঠান প্রত্যক্ষ করেন প্রেসিডেন্ট সি জিনপিং। প্রথম আলো

**২ অক্টোবর**

- আমাদের ভবিষ্যৎ প্রজন্মের নৌ সদস্যরা মহান দেশপ্রেমে উজ্জীবিত হয়ে দেশের স্বধীনতা-সার্বভৌমত্ব রক্ষার পাশাপাশি বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ায় গুরুত্বপূর্ণ অবদান রাখবে: খুলনার খালিশপুরে বিএনএস তিতুমীরে বানৌজা তিতুমীরকে ন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রদান অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। দৈনিক ইত্তেফাক
- রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১-এর মাধ্যমে বেসরকারি টিভি চ্যানেলগুলোর বাণিজ্যিক সম্প্রচারের আনুষ্ঠানিক উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফোন করে কুশল বিনিময় করেন পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান। সম্প্রতি লন্ডনে শেখ হাসিনার চোখের চিকিৎসার খোঁজখবর নেন তিনি। প্রথম আলো
- অস্ত্র ও অর্থ পাচার মামলায় যুবলীগের নেতা ও প্রভাবশালী ঠিকাদার গোলাম কিবরিয়া শামীমের ৯ দিনের রিমান্ড মঞ্জুর। প্রথম আলো

- ইউরোপীয় ইউনিয়ন ছাড়তে বিকল্প ও একমাত্র পন্থা চুক্তিহীন ব্রেক্সিট: বরিস জনসন। মেনচেস্টারে নিজ দল কনজারভেটিভ পার্টির এক সম্মেলনে। দৈনিক ইত্তেফাক
- জঙ্গি হামলায় মালিতে সেনাবাহিনীর দুটি ঘাঁটিতে ২৫ সেনা সদস্য নিহত, নিখোঁজ ৬০। দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের অভিবাসী আগমন কমাতে তাঁদের পায়ে গুলি চালানোর নির্দেশ দেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। প্রথম আলো

**৩ অক্টোবর**

- বিদেশি বিনিয়োগকারীদের 'নতুন' বাংলাদেশে বিনিয়োগের আহ্বান: দিল্লিতে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের ইন্ডিয়া ইকোনমিক সামিটে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো
- বৈশ্বিক মানসিক স্বাস্থ্যে উদ্ভাবনী নারী নেতৃত্বের ১০০ জনের একটি তালিকায় স্থান করে নিয়েছেন বিশ্ব স্বাস্থ্য সংস্থার বিশেষজ্ঞ সায়মা ওয়াজেদ হোসেন পুতুল। প্রথম আলো
- বহুল আলোচিত শীর্ষ সন্ত্রাসী জিসান আত্মগোপনে থাকা অবস্থায় দুবাই পুলিশের হাতে গ্রেফতার। দৈনিক ইত্তেফাক
- রাজধানীর উত্তরায় এক চীনা নাগরিকের মালিকানাধীন আবাসিক হোটেল থেকে ক্যাসিনোর সরঞ্জাম 'মাহাজং' উদ্ধার করে শুল্ক গোয়েন্দা বিভাগ। দৈনিক ইত্তেফাক
- নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার শীতলক্ষ্যা নদী দখল করে গড়ে তোলা তিনটি বহুতল মার্কেটসহ কমপক্ষে ১৫টি মার্কেট গুঁড়িয়ে দেয় বিআইডব্লিউটিএ। দৈনিক ইত্তেফাক
- ছুরি হামলায় ফ্রান্সের রাজধানী প্যারিসে পুলিশ সদর দপ্তরে চার কর্মকর্তা নিহত। হামলাকারী নিজেও পুলিশের পালটা গুলিতে নিহত। দৈনিক ইত্তেফাক
- আন্তর্জাতিক বিজ্ঞান জার্নাল 'সায়েন্স অ্যাডভান্সেস'-এ প্রকাশিত গবেষণা প্রতিবেদন: পাক-ভারত পরমাণুযুদ্ধ হলে প্রাণ হারাতে পারে ১০ কোটিরও বেশি মানুষ। দৈনিক ইত্তেফাক
- টাইফুনের আঘাতে দক্ষিণ কোরিয়ায় বিধ্বস্ত বাড়িঘরের নিচে চাপা পড়ে এবং পানিতে ডুবে নয় ব্যক্তির মৃত্যু। দৈনিক ইত্তেফাক



**৪ অক্টোবর**

- হিন্দু সম্প্রদায়ের সর্ববৃহৎ ধর্মীয় উৎসব দুর্গাপূজা উপলক্ষ্যে রাজধানীর বনানী পূজামণ্ডপে হিন্দু সম্প্রদায়ের লোকদের সঙ্গে মতবিনিময়ে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। প্রথম আলো
- নিজ নিজ জনগণের পারস্পরিক স্বার্থে কাজ করে এই অঞ্চলকে আরও সমৃদ্ধ করতে দুই দেশের ব্যবসায়ীদের একসঙ্গে কাজ করা জরুরি। ভারতের নয়া দিল্লিতে আইসিটি মৌর্য হোটেলে ভারত-বাংলাদেশ বিজনেস ফোরামের উদ্‌বোধন অধিবেশনে প্রদত্ত ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক
- বৌদ্ধধর্মীয় গুরু রামু কেন্দ্রীয় সীমা মহাবিহারের অধ্যক্ষ ও একুশে পদকপ্রাপ্ত পণ্ডিত সত্যপ্রিয় মহাথেরের মৃত্যু। দৈনিক ইত্তেফাক
- লন্ডনভিত্তিক সংবাদপত্র ইভিনিং স্ট্যান্ডার্ডের করা ২০১৯ সালে ব্রিটেনের রাজধানীতে সবচেয়ে প্রভাবশালী রাজনীতিবিদদের তালিকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছোটো বোন শেখ রেহানার মেয়ে টিউলিপ সিদ্দিক। দৈনিক ইত্তেফাক
- ইউক্রেনের পশ্চিমাঞ্চলের লবির বিমানবন্দরের কাছে একটি পণ্য পরিবহণ উড়োজাহাজ বিধ্বস্ত, পাঁচজন নিহত। প্রথম আলো

**৫ অক্টোবর**

- দিল্লির হায়দরাবাদ হাউজে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে তিনটি যৌথ উন্নয়ন প্রকল্প উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। দৈনিক ইত্তেফাক
- শান্তি প্রতিষ্ঠা, ক্ষুধা ও দারিদ্র্য দূর এবং দুর্নীতি প্রতিরোধে অবদানের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'টেগোর শান্তি পুরস্কার'-এ ভূষিত। দৈনিক ইত্তেফাক
- জাতীয় পার্টি-জাপার প্রতিষ্ঠাতা চেয়ারম্যান এইচএম এরশাদের মৃত্যুতে শূন্য হওয়া রংপুর-৩ (সদর) আসনের উপনির্বাচনে জয়ী তারই পুত্র রাগির আল মাহির সাদ এরশাদ। দৈনিক ইত্তেফাক
- পুলিশের আইজিপি ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারীর ঢাকেশ্বরী মন্দির ও রামকৃষ্ণ মিশনে দুর্গাপূজা মণ্ডপ পরিদর্শন। দৈনিক ইত্তেফাক

- জিকে শামীম গ্রেফতার হওয়ায় গণপূর্ত মন্ত্রণালয় থেকে তার ঠিকাদারি প্রতিষ্ঠান জিকেবি অ্যান্ড কোম্পানি প্রাইভেট লিমিটেডের পাওয়া ৩ হাজার কোটি টাকার ১৭টি প্রকল্পের কাজ বন্ধ। দৈনিক ইত্তেফাক
- বিদ্যুতের দাবিতে রাজধানীর মোহাম্মদপুর জেনেভা ক্যাম্পে ক্যাম্পবাসীর সঙ্গে স্থানীয় কাউন্সিলরের নেতাকর্মী ও পুলিশের ত্রিমুখী সংঘর্ষ, আহত ২০। প্রথম আলো
- ব্রিটেনের দুটি ট্যাবলয়েড পত্রিকা দ্য সান ও দ্য মিররের বিরুদ্ধে ব্রিটেনের প্রিন্স হ্যারির মামলা। এ দুটি পত্রিকা তার ফোন হ্যাকিং করেছিল বলে অভিযোগ। দৈনিক ইত্তেফাক
- সরকারবিরোধী বিক্ষোভে হংকংয়ে মেট্রো স্টেশন বন্ধ, পরিবহণ ব্যবস্থা স্থবির। দৈনিক ইত্তেফাক
- ইসরাইলি সেনার গুলিতে গাজা সীমান্তে এক ফিলিস্তিনি যুবক নিহত। প্রথম আলো

**৬ অক্টোবর**

- নয়াদিল্লির হোটেল তাজমহলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ভারতের কংগ্রেসের সভাপতি সোনিয়া গান্ধীর সৌজন্য সাক্ষাৎ। প্রথম আলো
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতে চারদিনের সরকারি সফর শেষে দেশে ফিরেন। টানা তৃতীয়বার প্রধানমন্ত্রীর দায়িত্ব নেওয়ার পর প্রথম ভারত সফরকালে শেখ হাসিনা ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে নয়াদিল্লির ঐতিহাসিক হায়দরাবাদ হাউজে দ্বিপক্ষীয় বৈঠক করেন। শেখ হাসিনা একই দিনে রাষ্ট্রপতির ভবনে ভারতের রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। দৈনিক ইত্তেফাক
- ঢাকা মহানগর দক্ষিণ যুবলীগের সভাপতি ইসমাইল চৌধুরী সম্রাট ও সহসভাপতি এনামুল হক আরমানকে যুবলীগ থেকে বহিষ্কার। দৈনিক ইত্তেফাক
- যুবলীগ চেয়ারম্যান ওমর ফারুক চৌধুরীর বিদেশ যাওয়ার ওপর নিষেধাজ্ঞা জারি। দৈনিক ইত্তেফাক
- বজ্রপাতে চাঁদপুর তিন নদীর মিলনস্থল বড়ো স্টেশন এলাকায় একই পরিবারে চারজন নিহত। এছাড়া বাগেরহাট, মাগুরা, রাজবাড়ী ও মাদারীপুরে আরও পাঁচজনের মৃত্যু। দৈনিক ইত্তেফাক



- চীনা সেনাবাহিনীর নিষেধাজ্ঞা উপেক্ষা করে হংকংয়ে বিক্ষোভ অব্যাহত। দৈনিক ইত্তেফাক
- হামলাকারীর গুলিতে যুক্তরাষ্ট্রের কানসাস সিটির একটি বারে চারজন নিহত, আহত পাঁচ। দৈনিক ইত্তেফাক

**৭ অক্টোবর**

- অসাম্প্রদায়িক চেতনায় দেশ চলছে, এটাই হচ্ছে বাংলাদেশের সবচেয়ে বড়ো অর্জন। শারদীয় দুর্গোৎসব উপলক্ষ্যে ঢাকেশ্বরী জাতীয় মন্দিরে পূজামণ্ডপ ও রামকৃষ্ণ মঠ এবং রামকৃষ্ণ মিশনের পূজামণ্ডপ পরিদর্শনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) দ্বিতীয় বর্ষের ছাত্র আবরার ফাহাদকে পিটিয়ে হত্যা করে বুয়েটের এক দল ছাত্রলীগ নেতাকর্মী। দৈনিক ইত্তেফাক
- ভিন্নমতের একজন মানুষকে মেরে ফেলবে, তা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। যারা এটি করেছে, তাদের কোনো ছাড় নেই। সচিবালয়ের সম্মেলনকক্ষে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষার্থী আবরার ফাহাদকে পিটিয়ে হত্যার ঘটনায় জড়িতদের শাস্তির দাবিতে মশাল মিছিল ও বিক্ষোভ সমাবেশ করে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা। দৈনিক ইত্তেফাক
- মানি লন্ডারিং আইনে দায়ের করা মামলায় জিকে শামীমকে পাঁচদিন ও যুবলীগ নেতা খালেদ মাহমুদ ভূঁইয়ার চারদিনের রিমান্ড মঞ্জুর। দৈনিক ইত্তেফাক
- মানবদেহে কোষের অনুভূতি গ্রহণ এবং অক্সিজেনের সঙ্গে খাপ খাইয়ে নেওয়ার গবেষণা করে নোবেল পুরস্কার পেলেন দুই মার্কিনি ও এক ব্রিটিশ বিজ্ঞানী। দৈনিক ইত্তেফাক
- ব্রিটেনের প্রধানমন্ত্রী বরিস জনসন বলেন, বেক্সিট বল এখন ইউরোপীয় ইউনিয়নের কোর্টে। আলোচনা নিয়ে বর্তমান অচলাবস্থা দূর করার দায়িত্ব তাদেরই। দৈনিক ইত্তেফাক

- ইরাকের রাজধানী বাগদাদের কাছে নিরাপত্তা বাহিনী ও সরকারবিরোধী বিক্ষোভকারীদের মধ্যে সংঘর্ষে ১৫ জন নিহত। প্রথম আলো

**৮ অক্টোবর**

- বঙ্গভবনে দুর্গপূজা উপলক্ষ্যে ভারতীয় হাইকমিশনার রীভা গাঙ্গুলি দাসসহ বিভিন্ন দেশের কূটনীতিকদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) মেধাবী শিক্ষার্থী আবরার ফাহাদকে নির্মমভাবে হত্যার ঘটনায় জড়িত সবার শাস্তি পেতেই হবে: গণভবনে দলের কেন্দ্রীয় নেতাদের সঙ্গে অনির্ধারিত এক বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক
- বুয়েট উপাচার্য অধ্যাপক সাইফুল নিজ কার্যালয়ের সামনে আন্দোলনরত শিক্ষার্থীদের বলেন, আবরার হত্যায় জড়িতদের বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুসারে বহিষ্কার করা হবে। দৈনিক ইত্তেফাক
- বুয়েট ছাত্র আবরার ফাহাদ হত্যাকারীদের ফাঁসির দাবিতে দিনভর উত্তাল বুয়েট ক্যাম্পাস। দৈনিক ইত্তেফাক
- আবরার ফাহাদ হত্যার বিচার দাবিতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের রেল স্টেশনে মানববন্ধন, একই দাবিতে খুলনার শিববাড়ী মোড়ে শিক্ষার্থীদের মানববন্ধন। দৈনিক ইত্তেফাক
- বুয়েটের ছাত্র আবরার ফাহাদ হত্যার সঙ্গে জড়িত থাকার অভিযোগে শেরেবাংলা হলের ১০ ছাত্রলীগ নেতার রিমান্ড মঞ্জুর। দৈনিক ইত্তেফাক
- চীনের জিনজিয়াং প্রদেশের উইঘুর সম্প্রদায়ের সদস্যদের ওপর নির্যাতনের অভিযোগে দেশটির সরকারি-বেসরকারি ২৮টি প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করে যুক্তরাষ্ট্র। দৈনিক ইত্তেফাক
- ভারতের তামিলনাড়ুতে বাঁধের জলাধারে সেলফি তুলতে গিয়ে নববিবাহিত এক নারী ও তার পরিবারের তিন সদস্যের পানিতে ডুবে মৃত্যু। দৈনিক ইত্তেফাক

**৯ অক্টোবর**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেন, দুর্নীতির সঙ্গে পাল্লা দিয়ে বাংলাদেশের প্রবৃদ্ধি, অর্থনৈতিক উন্নয়ন টিকে থাকতে পারছে না। এই



দুর্নীতির লাগাম এখনই টেনে ধরতে হবে। কিশোরগঞ্জের তাড়াইল মুক্তিযোদ্ধা সরকারি কলেজ মাঠে তাড়াইল নাগরিক কমিটি আয়োজিত এক সুধী সমাবেশে তিনি এসব কথা বলেন। প্রথম আলো

- বুয়েটে মেধাবী শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যায় জড়িতদের সর্বোচ্চ শাস্তি হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। নিউইয়র্ক ও ভারত সফর নিয়ে গণভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। প্রথম আলো
- তিন শ্রমিককে চাকরিচ্যুতির অভিযোগে দায়েরকৃত মামলায় নোবেল বিজয়ী অর্থনীতিবিদ ড. মুহম্মদ ইউনূসের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি। প্রথম আলো
- বুয়েট ছাত্র আবরার ফাহাদ হত্যার ঘটনায় চকবাজার থানায় নিহতের বাবার মামলা। আসামি ১৯ জনের মধ্যে গ্রেফতার ১০। দৈনিক ইত্তেফাক
- নিহত মেধাবী ছাত্র আবরার ফাহাদের গ্রামে গিয়ে বিক্ষুব্ধ জনতার তোপের মুখে বুয়েট ভিসি ড. সাইফুল ইসলাম। আবরারদের বাড়ির কাছাকাছি গেলে তীব্র জনরোষের কারণে বাড়িতে ঢুকতে পারেননি তিনি। পরে ভিসি ডিসির গাড়িতে দ্রুত ঘটনাস্থল ত্যাগ করেন। প্রথম আলো
- পদ্মার প্রবল স্রোত ও নদীভাঙনের ফলে পাটুরিয়া-দৌলতদিয়া নৌরুটে পাঁচদিন ধরে লঞ্চ চলাচল বন্ধ। যাত্রী দুর্ভোগ চরমে। দৈনিক ইত্তেফাক
- ভয়াভহ দাবানলে অস্ট্রেলিয়ার নিউ সাউথ ওয়েলসে ৩০টি বাড়ি ভস্মীভূত। দৈনিক ইত্তেফাক
- রিচার্জেবল ব্যাটারি হিসেবে লিথিয়াম আয়ন ব্যাটারি তৈরি করে নোবেল পুরস্কার পেলেন তিন বিজ্ঞানী। তারা হলেন রসায়নবিদ জনবি গুডনাফ, এম স্ট্যানলি গুইটিংহ্যাম ও আকিরা ইয়ুশিনো। দৈনিক ইত্তেফাক
- সিরিয়ার কুর্দি নিয়ন্ত্রিত এলাকায় বিমান থেকে বোমা নিক্ষেপ শুরু করেছে তুরস্ক। এতে নিরীহ বেসামরিক লোকজন হতাহত হয়েছে বলে খবর। প্রথম আলো

**১০ অক্টোবর**

- মাদক ও কিশোর গ্যাং বর্তমানে দেশের জন্য বড়ো সমস্যা। মাদক নির্মূল ও কিশোর গ্যাং দমনে দায়িত্ব শুধু আইনশৃঙ্খলা বাহিনীর একার

নয়। এ দায়িত্ব সবার। কিশোরগঞ্জ জেলা আইনজীবী সমিতি ভবন প্রাঙ্গণে আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। প্রথম আলো

- ওয়াসার পানি ব্যবহারে সবাইকে মিতব্যয়ী হওয়ার আহ্বান প্রধানমন্ত্রী শেখ হাসিনার। দৈনিক ইত্তেফাক
- আবরার ফাহাদ হত্যার প্রতিবাদে বুয়েটের প্রধান গেটের সামনে অবস্থান কর্মসূচি পালন করেন সাধারণ শিক্ষার্থীরা। দৈনিক ইত্তেফাক
- বুয়েটের মেধাবী শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যাকাণ্ডে জড়িত ছাত্রলীগ নেতাদের বিরুদ্ধে ঘৃণা প্রকাশ ও তাদের সর্বোচ্চ ও দ্রুততম বিচারের দাবিতে দেশজুড়ে বিভিন্ন শিক্ষাঙ্গনে নানারকম কর্মসূচি পালিত। দৈনিক ইত্তেফাক
- রাজধানীর মিরপুরে একটি ফ্ল্যাট থেকে বাবা-মাসহ কলেজপড়ুয়া ছেলের মরদেহ উদ্ধার। দৈনিক ইত্তেফাক
- রাজধানীর উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের শিক্ষার্থী সুরাইয়া আক্তার রিশাকে হত্যার দায়ে আসামি ওবায়দুল হককে মৃত্যুদণ্ড ও ৫০ হাজার টাকা জরিমানা করেছেন আদালত। দৈনিক ইত্তেফাক
- বঙ্গবন্ধু স্টেডিয়ামে অনুষ্ঠিত ফুটবল ম্যাচে বাংলাদেশ কাতারের কাছে ২ গোলে পরাজিত। দৈনিক ইত্তেফাক
- সাহিত্যে নোবেল বিজয়ী দুই লেখকের নাম ঘোষণা করে সুইডিশ একাডেমি। ২০১৯ সালের জন্য সাহিত্যে নোবেল জিতেছেন অস্ট্রিয়ার কবি, ঔপন্যাসিক ও নাট্যকার পিটার হান্ডকে। ২০১৮ সালের নোবেল পেয়েছেন পোল্যান্ডের লেখক ওলগা তোকারচুক। দৈনিক ইত্তেফাক
- সিরিয়ায় তুর্কি বাহিনীর সঙ্গে বিরোধী কুর্দিদের তুমুল লড়াই। গত দুই দিনে ১০৯ জন নিহত। দৈনিক ইত্তেফাক

**১১ অক্টোবর**

- হাওরাঞ্চল একসময় চরম অবহেলিত ছিল। বর্তমানে হাওরের চেহারা পালটে যাচ্ছে এবং ভবিষ্যতে এ অঞ্চল আরও উন্নতি হবে। কিশোরগঞ্জের মিঠামইনের মুক্তিযোদ্ধা আবদুল হক সরকারি কলেজসংলগ্ন মাঠে এক সুধী সমাবেশে ভাষণদানকালে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। প্রথম আলো



- শিক্ষক-শিক্ষার্থীদের দাবির মুখে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) সব ধরনের রাজনৈতিক সংগঠনের কার্যক্রম নিষিদ্ধ ঘোষণা। দৈনিক ইত্তেফাক
- বিশিষ্ট অ্যানিমেশন চলচ্চিত্র নির্মাতা রামমোহন ভারতের মুম্বাইয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তিনি বাংলাদেশে জনপ্রিয় 'মীনা কার্টুন' এর অন্যতম পরিচালক ও পিতা ছিলেন। দৈনিক ইত্তেফাক
- দুইদিনের সরকারি সফরে আসা চীনা প্রেসিডেন্ট শি জিনপিংকে চেন্নাই বিমানবন্দরে রাজকীয় অভ্যর্থনা জানান ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। দৈনিক ইত্তেফাক
- শত্রুদেশ ইরিত্রিয়ার সঙ্গে শান্তি স্থাপন করে বন্ধুতে পরিণত করে নোবেল শান্তি পুরস্কার পেলেন ইথিওপিয়ার প্রধানমন্ত্রী আবি আহমেদ। দৈনিক ইত্তেফাক
- সৌদি আরবের জেদ্দা বন্দর থেকে ৬০ মাইল দূরে ইরানের বৃহৎ তেল ট্যাংকারে ক্ষেপণাস্ত্র হামলা। ব্যাপক ক্ষয়ক্ষতির আশঙ্কা। দৈনিক ইত্তেফাক
- চীনের আধা স্বায়ত্তশাসিত অঞ্চল হংকংয়ে সরকারবিরোধী বিক্ষোভ দমনের জন্য এ পর্যন্ত ২ হাজার ৩৭৯ জন গ্রেফতার। এর মধ্যে এক-তৃতীয়াংশই শিশু। প্রথম আলো
- ছুরি হামলায় যুক্তরাজ্যের ম্যানচেস্টার আরনডেল শপিং সেন্টারে পাঁচজন আহত। দৈনিক ইত্তেফাক

**১২ অক্টোবর**

- কিশোরগঞ্জের হাওর অধ্যুষিত উপজেলা মিঠামইনের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। দৈনিক ইত্তেফাক
- বুয়েটের ছাত্র আবরার ফাহাদ হত্যাকাণ্ডের পরিপ্রেক্ষিতে আন্দোলনের মুখে বুয়েট কর্তৃপক্ষ আন্দোলনকারী শিক্ষার্থীদের সব দাবি মেনে নেন। এপরও আন্দোলন কেন? রাজধানী খামারবাড়ি কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে মহিলা শ্রমিক লীগ কাউন্সিলের উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো
- ছাত্ররাজনীতি বন্ধ করে দিলে ভবিষ্যতে জাতীয় নেতৃত্বে সংকট দেখা দেবে। আইন কমিশনের চেয়ারম্যান ও সাবেক প্রধান বিচারপতি এবিএম খায়রুল হক। দৈনিক ইত্তেফাক

- স্নাতক প্রথম বর্ষে ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষার্থীদের আন্দোলন ৪৮ ঘণ্টার জন্য স্থগিত ঘোষণা। দৈনিক ইত্তেফাক
- বন্দুকধারীর হামলায় যুক্তরাষ্ট্রের নিউইর্কের ব্রুকলিন এলাকায় একটি বেসরকারি সামাজিক ক্লাবে নিহত চার, আহত তিন। দৈনিক ইত্তেফাক
- উত্তর-পূর্ব সিরিয়ায় কুর্দি মিলিশিয়া এবং তুরস্কের সশস্ত্র বাহিনীর মধ্যে তীব্র সংঘর্ষ : ১২০ যোদ্ধা নিহত। দৈনিক ইত্তেফাক

**১৩ অক্টোবর**

- হাওর এলাকার সরকারি কর্মকর্তা থেকে শুরু করে শিক্ষকসহ সবাইকে সঠিক সময়ে কর্মস্থলে উপস্থিত হতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের আহ্বান। কিশোরগঞ্জের মিঠামইন উপজেলায় দুইদিনের সফর শেষে রাষ্ট্রপতি আবদুল হামিদ সরকারি কলেজ মাঠে অনুষ্ঠিত এক সমাবেশে ভাষণদানকালে তিনি এই আহ্বান জানান। দৈনিক ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বলেন, বাংলাদেশ এখন কেবল উন্নয়নেই নয়, প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায়ও বিশ্বে রোল মডেল। দৈনিক ইত্তেফাক
- রাজধানীতে বাসের চাপায় পা হারানো রাসেল সরকারকে ক্ষতিপূরণ বাবদ বাকি ৪০ লাখ টাকা কিস্তিতে প্রদানের হাইকোর্টের আদেশ স্থগিত করেছেন আপিল বিভাগ। দৈনিক ইত্তেফাক
- কোনো বাইরের শক্তি চীনকে বিভক্ত করার চেষ্টা করলে তার পরিণাম হবে ভয়াবহ: নেপালের প্রধানমন্ত্রী কে পি শর্মা ওলির সঙ্গে এক বৈঠকে সফররত চীনা প্রেসিডেন্ট শি জিনপিং। দৈনিক ইত্তেফাক
- টাইফুনের আঘাতে জাপানে ২৬ জনের মৃত্যু। নিখোঁজ রয়েছে অনেকেই। দৈনিক ইত্তেফাক
- মিয়ানমারের রাখাইন রাজ্যের জাতিগত বিদ্রোহীরা সেখানকার একটি গ্রামীণ অঞ্চলে যাত্রীবাহী বাসে হামলা চালিয়ে ৩২ জনকে জিম্মি করে। খেলোয়াড় সেজে ওই হামলা চালান বিদ্রোহীরা। প্রথম আলো



**১৪ অক্টোবর**

- পর্যটনের বিকাশের জন্য হাওরকেন্দ্রিক এলাকাগুলোকে যখন আরও গোছানো হবে, তখন বিদেশি পর্যটকরা আসবেন এই হাওরে। সেজন্য হাওরে সৌন্দর্য যেন নষ্ট না হয়, সেদিকে খেয়াল রাখতে হবে। কিশোরগঞ্জের অষ্টগ্রাম উপজেলার অষ্টগ্রাম খেলার মাঠে এক সুধী সমাবেশে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। প্রথম আলো
- বুয়েটের ছাত্র আবরার ফাহাদ হত্যার বিচার দ্রুত শেষ করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য আইনমন্ত্রীকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ। আবরারের বাবা-মা ও ছোটো ভাই গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করতে গেলে তিনি এই নির্দেশ দেন। দৈনিক ইত্তেফাক
- অক্টোবরের মধ্যে কীভাবে ইউরোপীয় ইউনিয়ন থেকে নিরাপদে ব্রিটেন বের হতে পারে, সেটাই গুরত্বপূর্ণ বলে ব্রিটেনের পার্লামেন্টে দেওয়া ভাষণে প্রধানমন্ত্রী বরিস জনসন উল্লেখ করেন। প্রথম আলো
- অর্থনীতিতে নোবেল পেলেন ভারতের কলকাতার সন্তান অভিজিৎ বিনায়ক ব্যানার্জি। প্রথম আলো
- দেশদ্রোহিতার দায়ে ৯ বিচ্ছিন্নতাবাদী কাতালান নেতাকে ৯ থেকে ১৩ বছর কারাদণ্ড দিয়েছেন স্পেনের সর্বোচ্চ আদালত। দৈনিক ইত্তেফাক
- সৌদি আরবের দুটি তেল স্থাপনায় হামলার ঘটনায় ইরানকে দোষারোপের বিরোধিতা করেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। দৈনিক ইত্তেফাক

**১৫ অক্টোবর**

- কিশোরগঞ্জের অষ্টগ্রাম উপজেলার বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। দৈনিক ইত্তেফাক
- ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা পরিষদ নির্বাচনে মহিলা ভাইস চেয়ারম্যান পদে জয়ী হয়েছেন তৃতীয় লিঙ্গের পিংকি খাতুন। এই লিঙ্গের কারও জনপ্রতিনিধি নির্বাচিত হওয়ার ঘটনা দেশে এটাই প্রথম। দৈনিক ইত্তেফাক
- বুয়েটের ছাত্র আবরার ফাহাদ হত্যায় জড়িতদের স্থায়ী বহিষ্কার না করা পর্যন্ত ক্লাস-পরীক্ষা বর্জনের ডাক দেন আন্দোলনরত শিক্ষার্থীরা। দৈনিক ইত্তেফাক

- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প এলাকায় বালিশ ও আসবাবপত্র ক্রয়ের দুর্নীতি সঙ্গে জড়িত থাকার প্রাথমিক সত্যতা পাওয়ায় প্রকৌশলী মাকসুদুল আলমসহ গণপূর্ত অধিদপ্তরের ১৬ কর্মকর্তা বরখাস্ত। দৈনিক ইত্তেফাক
- প্রতিপক্ষকে ফাঁসাতে সুনামগঞ্জের দিরাই উপজেলার পাঁচ বছরের শিশু তুহিনের হত্যাকাণ্ড ঘটিয়েছে তারই বাবা, চাচা ও চাচাতো ভাই: সংবাদ সম্মেলনে জেলা পুলিশ সুপার। দৈনিক ইত্তেফাক
- রমনা থানার অস্ত্র ও মাদক মামলায় গ্রেফতার ঢাকা মহানগর দক্ষিণ যুবলীগের বহিষ্কৃত সভাপতি ইসমাইল চৌধুরী ওরফে সম্রাটের ১০ দিন একই সঙ্গে রমনা থানার মাদক মামলায় সংগঠনটির বহিষ্কৃত সহসভাপতি এনামুল হক ওরফে আরমানের পাঁচদিনের রিমান্ড মঞ্জুর। দৈনিক ইত্তেফাক
- ভারতের কাশ্মীরের বিশেষ মর্যাদা প্রত্যাহারের প্রতিবাদে বিক্ষোভ দেখাতে গিয়ে শ্রীনগরে আটক হন রাজ্যের সাবেক মুখ্যমন্ত্রী ফারুক আবদুল্লাহর বোন সুরাইয়া আবদুল্লাহ এবং সাফইয়া আবদুল্লাহ খান। এছাড়াও আটক হন জম্মু-কাশ্মীরের হাইকোর্টের সাবেক প্রধান বিচারপতি বশির আহম্মেদ খানের স্ত্রী হাওয়া বশির। দৈনিক ইত্তেফাক
- কলকাতায় যুব ভারতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত বিশ্বকাপ ফুটবল বাছাইপর্বে বাংলাদেশ-ভারত ১-১ গোলে ড্র। দৈনিক ইত্তেফাক

**১৬ অক্টোবর**

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক
- একটি আন্তর্জাতিক সংস্থার প্রেসক্রিপশনের পরিপ্রেক্ষিতে তৎকালীন বিএনপি সরকারের জনবান্ধব রেলপথ বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত ছিল আত্মঘাতী: গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে ঢাকা-সিলেট মহাসড়কের নারায়ণগঞ্জের ভুলতায় চার লেনের ফ্লাইওভার, সেতু, বাইপাসসহ বেশ কয়েকটি উন্নয়ন প্রকল্প উদ্‌বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক
- সাম্প্রতিককালে বিশ্ববিদ্যালয়ের র‍্যাগিং বন্ধে নানা ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানান প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. সাইফুল ইসলাম। দৈনিক ইত্তেফাক



- বিশ্বে চলতি বছরে আলোচনার কেন্দ্রে থাকা ১০০ নারীর তালিকায় রোহিঙ্গা ক্রিকেটার জেসমিন আখতার। জেসমিনের জন্ম বাংলাদেশের এক রোহিঙ্গা শিবিরে। দৈনিক ইত্তেফাক
- প্রবাসী লেখক অভিজিৎ রায় হত্যা মামলায় সাক্ষ্য দিতে আগ্রহী নন বাদী পিতা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক অধ্যাপক অজয় রায়। সাক্ষ্যগ্রহণের জন্য দুটি দিন ধার্য থাকলেও ঢাকার সন্ত্রাসবিরোধী বিশেষ ট্রাইব্যুনালে তিনি হাজির হননি। দৈনিক ইত্তেফাক
- দিনাজপুরের বড়পুকুরিয়া কয়লা খনিতে ১ লাখ ৪৩ হাজার ৭২৭ টন কয়লা লোপাটের অভিযোগে দায়ের করা মামলায় খনির সাবেক এমডি প্রকৌশলী হাবিবউদ্দিন আহমেদসহ ৩ কর্মকর্তা জেলে। দৈনিক ইত্তেফাক
- ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী ও বিজেপি নেতা নিত্যানন্দ রাই বলেন, ‘পাকিস্তান যদি ভারতের ওপর আক্রমণ চালায়, তাহলে আমরা পৃথিবী নয়, বরং চাঁদ থেকে পরমাণু বোমা ফেলে তাদের ধ্বংস করে দেব। দৈনিক ইত্তেফাক
- দুর্নীতির অভিযোগে ইরানের প্রেসিডেন্ট হাসান রুহানির ভাই হোসাইন ফেরিদুনকে পাঁচ বছরের কারাদণ্ড দিয়েছেন দেশটির একটি আদালত। প্রথম আলো

**১৭ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর কার্যালয়ে সফররত বিশ্বকাপ ফুটবল সংস্থার (ফিফা) প্রেসিডেন্ট জিয়ান্নি ইনফান্তিনোর সৌজন্য সাক্ষাৎ। এ সময় ফিফা প্রেসিডেন্ট প্রধানমন্ত্রীকে ইংরেজিতে ‘শেখ হাসিনা’ লেখা জার্সি উপহার দেন। দৈনিক ইত্তেফাক
- পৈশাচিক হত্যাকাণ্ডের শিকার বুয়েটের মেধাবী ছাত্র আবরার ফাহাদের ছোটো ভাই আবরার ফায়াজ ঢাকা কলেজ থেকে ছাড়পত্র নিয়ে কুষ্টিয়া সরকারি কলেজে ভর্তি। দৈনিক ইত্তেফাক
- নিষিদ্ধ মা ইলিশ ধরা নিয়ে রাজশাহীর চারঘাটে পদ্মা নদীতে বিজিবি ও বিএসএফ-এর মধ্যে গোলাগুলি: বিএসএফের হেড কনস্টেবল বিজয় ভান সিং নিহত। দৈনিক ইত্তেফাক
- সড়ক দুর্ঘটনায় সৌদি আরবে ৩৫ জন নিহত, আহত চার। হতাহতদের সবাই বিদেশি। দৈনিক ইত্তেফাক

- গণতান্ত্রিক হংকংয়ের দাবিতে আন্দোলনরত সিভিল হিউম্যান রাইটস ফ্রন্টের নেতা জিমি শাম আবারও হামলার শিকার। বিক্ষোভ শুরুর পর থেকে এ নিয়ে দ্বিতীয়বার হামলার শিকার হন তিনি। দৈনিক ইত্তেফাক
- সিরিয়ায় অভিযান স্থগিতের ঘোষণা তুরস্কের। রাজধানী আঙ্কারায় দেশটির পররাষ্ট্রমন্ত্রী এ তথ্য নিশ্চিত করেন। প্রথম আলো

**১৮ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আজকের শিশু আগামী দিনের ভবিষ্যৎ। শিশুদের প্রতি কোনো অন্যায়-অবিচার বরদাশত করা হবে না। শেখ রাসেলের জন্মদিন উপলক্ষ্যে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত এক আলোচনাসভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। দৈনিক ইত্তেফাক
- স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেন, রাজশাহীর চারঘাটে পদ্মা নদীতে নিষিদ্ধ মা ইলিশ ধরাকে কেন্দ্র করে বিজিবি-বিএসএফ-এর গোলাগুলি ভুল বোঝাবুঝির কারণে হয়েছিল। এ ঘটনায় দুই বাহিনী প্রধান পর্যায়ে আলোচনা চলছে। দৈনিক ইত্তেফাক
- চিত্রশিল্পী কালীদাস কর্মকারের (৭৪) মৃত্যু। তাঁর মৃত্যুতে শোক জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাণী। দৈনিক ইত্তেফাক, ১৯ অক্টোরব
- জাল ডলার বিক্রির অভিযোগে ভারতের মুম্বাইয়ে ছত্রপতি শিবাজি টার্মিনাল থেকে তিন বাংলাদেশি গ্রেফতার। প্রথম আলো
- আফগানিস্তানের একটি মসজিদে জুমার নামাজ চলাকালীন জোড়া বিস্ফোরণে ৬২ জন মুসল্লি নিহত, শতাধিক আহত। দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রে কারাবন্দি কুখ্যাত মাদকসম্রাট হোয়াকিন 'এল চ্যাপো' গুজমানের ছেলে ওভিদিও গুজমান লোপেজেকে গ্রেফতার করা নিয়ে মেক্সিকোর উত্তরাঞ্চলীয় নগরী কুলিয়াকানে রণক্ষেত্র। কয়েক ঘণ্টা চলা প্রচণ্ড গোলাগুলি ও সহিংসতার পুলিশ বাধ্য হয়ে ছেড়ে দেয় তাকে। দৈনিক ইত্তেফাক
- মার্কিন ভাইস প্রেসিডেন্ট মাইক পেন্সের সঙ্গে বৈঠকের পর সিরিয়ার উত্তরাঞ্চলে কুর্দিবিরোধী অভিযান পাঁচদিনের জন্য বন্ধ রাখার ঘোষণা তুর্কি প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগানের। দৈনিক ইত্তেফাক



**১৯ অক্টোবর**

- স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেন, নিয়ন্ত্রণে না আসা পর্যন্ত ক্যাসিনো, টেন্ডারবাজিসহ সব ধরনের দুর্নীতি ও অনিয়মের বিরুদ্ধে চলমান অভিযান অব্যাহত থাকবে। দৈনিক ইত্তেফাক
- উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে বিএ পাস পরীক্ষায় ভাড়াটে ছাত্রী দিয়ে প্রক্সি পরীক্ষা দিতে গিয়ে ধরা পড়েন নরসিংদী সংরক্ষিত মহিলা আসনের এমপি তামান্না নুসরাত বুবলী। দৈনিক ইত্তেফাক
- ভারতীয় সীমান্ত রক্ষাকারী বাহিনী বিএসএফের একজন জওয়ানের মৃত্যুর ঘটনায় বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) বিরুদ্ধে ভারতে মামলা দায়ের বিএসএফের। দৈনিক ইত্তেফাক
- সহিংস বিক্ষোভের পর চিলির রাজধানী সান্তিয়োগোতে জরুরি অবস্থা জারি। দেশের নিরাপত্তার দায়িত্ব দেওয়া হয় সেনাবাহিনীর ওপর। প্রথম আলো
- রাশিয়ার সাইবেরিয়ায় সোনার খনিতে বাঁধ ধসে ১৩ জন নিহত ও কয়েকজন নিখোঁজ। প্রথম আলো
- সিরিয়া নীতি নিয়ে নিজ দলের নেতাদের তোপের মুখে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। প্রথম আলো

**২০ অক্টোবর**

- যে যত বড়ো শক্তিশালী ও ক্ষমতাধর হোন না কেন, দুর্নীতি করলে কেউ রেহাই পাবেন না। গণভবনে যুবলীগ নেতাদের সঙ্গে এক বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন রাশিয়ান একাডেমি অব সায়েন্সের অরিয়েন্টাল স্টাডিজের অধ্যাপক ড. ভি নাওমকিন। এ সময় তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ওপর রুশ ভাষায় অনূদিত ও প্রকশিত তিনটি বই প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর করেন। দৈনিক ইত্তেফাক
- অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেন, বাংলাদেশে অবস্থানরত রোহিঙ্গাদের নিজ দেশ মিয়ানমারে প্রত্যাবাসনের কোনো বিকল্প নেই। ওয়শিংটনে বিশ্বব্যাংকের প্রধান কার্যালয়ে রোহিঙ্গা শরণার্থীবিষয়ক এক গোলটেবিল বৈঠকে তিনি এ কথা বলেন। দৈনিক ইত্তেফাক

- ফেসবুক মেসেঞ্জারে ধর্ম নিয়ে কটূক্তি করার অভিযোগ তুলে ভোলার বোরহানউদ্দিনে 'সাধারণ তৌহিদি জনতার' বিক্ষোভ সমাবেশে পুলিশের সঙ্গে এলাকাবাসীর সংঘর্ষ: নিহত ৪, আহত শতাধিক। দৈনিক ইত্তেফাক
- সোয়া তিন কোটি টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে গ্রেফতার কারা অধিদপ্তরের উপমহাপরিদর্শক বজলুর রশীদ কারাগারে। দৈনিক ইত্তেফাক
- ঢাকা উত্তর সিটি করপোরেশনের ৩৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর তারেকুজ্জামান রাজীবের বিরুদ্ধে অস্ত্র ও মাদক আইনে দুই মামলায় ১৪ দিনের রিমান্ড মঞ্জুর। দৈনিক ইত্তেফাক
- আওয়ামী লীগের সহযোগী সংগঠন যুবলীগের চেয়ারম্যানের পদ থেকে ওমর ফারুক চৌধুরীরকে অব্যাহতি। গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে যুবলীগ নেতাদের বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত। দৈনিক ইত্তেফাক
- জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান কাশ্মীর ইস্যুতে পাকিস্তানি সুরে কথা বলায় চলতি মাসে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রস্তাবিত তুরস্ক সফর বাতিল ঘোষণা। দৈনিক ইত্তেফাক
- কাশ্মীর সীমান্তে ভারত-পাকিস্তানের সেনাদের মধ্যে গোলাগুলি: ৯ জন নিহত। প্রথম আলো

**২১ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে ঢাকায় অনুষ্ঠিত প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটির (নিকার) সভায় ফরিদপুরকে সদর দপ্তর করে পদ্মা নামের দেশের নতুন নবম বিভাগ গঠনের সিদ্ধান্ত গৃহীত। দৈনিক ইত্তেফাক
- ফেসবুকে মহান আল্লাহ ও মহানবি (সা.) নিয়ে কটূক্তিমূলক স্ট্যাটাস এবং এ ঘটনাকে কেন্দ্র করে ভোলার বোরহানউদ্দিনে হতাহতের ঘটনায় অজ্ঞাতনামা ৫ হাজার মানুষকে আসামি করে বোরহানউদ্দিন থানায় পুলিশের মামলা। দৈনিক ইত্তেফাক
- ঢাকার মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামের একাডেমি মাঠে ১১ দফা দাবি আদায়ের লক্ষ্যে বাংলাদেশ ক্রিকেট দলের ধর্মঘটের ঘোষণা। দাবি আদায় না হওয়া পর্যন্ত ঘরোয়া ও আন্তর্জাতিক সব ধরনের ক্রিকেটীয় কার্যক্রম বন্ধ রাখার ঘোষণা দেন তারা। প্রথম আলো



- শুল্ক ফাঁকির অভিযোগে করা মামলায় বিএনপির সংসদ সদস্য হারুন-অর রশিদকে পাঁচ বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে তাকে ৫০ লাখ টাকার জরিমানার পাশাপাশি অনাদায়ে আরও ছয় মাসের কারাদণ্ড দেওয়া হয়। একই মামলায় বেসরকারি টেলিভিশন চ্যানের নাইনের এমডি এনায়েতুর রহমান বাপ্পীকে দুই বছরের সাজার পাশাপাশি এক লাখ টাকার জরিমানা ও অনাদায়ে আরও দুই মাসের কারাদণ্ড দেওয়া হয়। প্রথম আলো
- পরিবেশ অধিদপ্তরের অভিযানে ঢাকা মহানগরের চকবাজার থানার ওয়াটার ওয়াকর্স রোড এলাকায় ১০ টন নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ। একই সঙ্গে জরিমানা করা হয় ৫ লাখ টাকা। দৈনিক ইত্তেফাক
- প্রায় ৩০০ কোটি টাকার জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে জিকে শামীম ও তার মায়ের বিরুদ্ধে দুদকের মামলা। প্রথম আলো
- চীনের হংকংয়ের একটি মসজিদে জলকামান নিক্ষেপ করার ঘটনায় ক্ষমা চেয়েছেন প্রধান নির্বাহী ক্যারিল্যাম। মসজিদ পরিদর্শনে গিয়ে তিনি মুসলিম সম্প্রদায়ের কাছে ক্ষমা চান। প্রথম আলো
- লাতিন আমেরিকার দেশ চিলিতে জীবনযাত্রার ব্যয় বৃদ্ধির প্রতিবাদে বিক্ষোভ, বিভিন্ন জায়গায় লুটপাট ও অগ্নিসংযোগ। প্রথম আলো

**২২ অক্টোবর**

- জাপানের সম্রাট নারুহিতোর সিংহাসন আরোহণ অনুষ্ঠানে যোগ দেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। প্রথম আলো
- সড়ক দুর্ঘটনার প্রতিরোধে ফিটনেসবিহীন যান চলাচল এবং ওভারটেকিংয়ের মতো অসুস্থ প্রতিযোগিতা বন্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। 'জাতীয় নিরাপদ সড়ক দিবস ২০১৯' উপলক্ষ্যে রাজধানীর খামারবাড়ির কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে আয়োজিত এক আলোচনাসভায় তিনি এই নির্দেশ দেন। দৈনিক ইত্তেফাক
- গুরুত্বপূর্ণ ভারত সফরের আগে ক্রিকেটারদের এই ধর্মঘট দেশের ক্রিকেটের বিরুদ্ধে ষড়যন্ত্র বলে মনে করেন বিসিবির সভাপতি নাজমুল হাসান পাপন। মিরপুর স্টেডিয়ামের বিসিবির কার্যালয়ে জরুরি বৈঠক শেষে এক সংবাদ সম্মেলনে তিনি এই কথা বলেন। দৈনিক ইত্তেফাক

- ভোলার বোরহানউদ্দিনে পুলিশ-জনতা সংঘর্ষের ঘটনায় দোষীদের শাস্তি না হলে দাবি আদায়ে আবারও শাপলা চত্বরে গণজমায়েতের হুমকি হেফাজতে ইসলাম বাংলাদেশের। দৈনিক ইত্তেফাক
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন নোবেলজয়ী অর্থনীতিবিদ অভিজিৎ বিনায়ক ব্যানার্জি। দৈনিক ইত্তেফাক
- কারাগারে থাকা পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী নওয়াজ শরিফকে লাহোরের একটি হাসপাতালে ভর্তি। দৈনিক ইত্তেফাক
- জাপান সাম্রাজ্যের নতুন যুগ রেইওয়ার আনুষ্ঠানিক যাত্রা শুরু। ঐতিহ্যবাহী নানা রীতিনীতির মধ্য দিয়ে জাপানে নতুন সম্রাট নারুহিতো সিংহাসন আরোহণ করেন। তার অভিষেক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশের রাষ্ট্রপতি মো. আবদুল হামিদসহ ১৭০টি দেশের প্রতিনিধি। প্রথম আলো

**২৩ অক্টোবর**

- জাপানের নতুন সম্রাট নারুহিতো ও সম্রাজ্ঞী মাসকোকে বাংলাদেশে সফরের আমন্ত্রণ জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। জাপানের রাজধানী টোকিওর ইম্পিরিয়াল প্যালেসে সম্রাট ও সম্রাজ্ঞী আয়োজিত অভিষেক-পরবর্তী ভোজসভায় রাষ্ট্রপতি তাদের এ আমন্ত্রণ জানান। প্রথম আলো
- আরও ২ হাজার ৭৩০টি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির ঘোষণা দিয়ে এর নীতিমালা যথাযথভাবে মেনে চলার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ। দৈনিক ইত্তেফাক
- জনগণের কষ্টার্জিত অর্থের বিনিময়ে সংগৃহীত বিমানের উড্ডয়ন ও রক্ষণাবেক্ষণে সবাইকে বিশেষ যত্নবান হতে সংশ্লিষ্ট সবার প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান। রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে আয়োজিত তিনদিনব্যাপী ষষ্ঠ 'আন্তর্জাতিক ফ্লাইট সেফটি' সেমিনারে তিনি এই আহ্বান জানান। দৈনিক ইত্তেফাক
- জাতীয় সংসদের হুইপ সামছুল হক চৌধুরী ও ভোলা-৩ আসনের এমপি নুরন্নবী চৌধুরী শাওনসহ ২২ জনের দেশত্যাগের নিষেধাজ্ঞা জারি দুর্নীতি দমন কমিশনের (দুদক)। দৈনিক ইত্তেফাক



- ঢাকার মিরপুরে বিসিবির কার্যালয়ে ক্রিকেটারদের সঙ্গে সভা করে ১১টি দাবির মধ্যে ৯টি মেনে নেওয়ার ঘোষণা বিসিবির। দৈনিক ইত্তেফাক
- স্বেচ্ছাসেবক লীগের সভাপতি পদ থেকে মোল্লা মো. আবু কাউছারকে অব্যাহতি দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক
- 'মিস ইউনিভার্স বাংলাদেশ' হলেন শিরিন শিলা। দৈনিক ইত্তেফাক
- ইরাকের রাজধানী বাগদাদে নিরাপত্তা বাহিনীর সঙ্গে বিক্ষোভকারীদের সংঘর্ষ: ১৪৯ বিক্ষোভকারী নিহত। দৈনিক ইত্তেফাক
- লন্ডনের পূর্বদিকের শিল্প এলাকায় একটি লরির কনটেইনার থেকে ৩৯টি লাশ উদ্ধার। লরির চালক গ্রেফতার। লরিটি বুলগেরিয়া থেকে এসেছে বলে ধারণা। প্রথম আলো

**২৪ অক্টোবর**

- জোট নিরপেক্ষ আন্দোলনের (ন্যাম) ১৮তম শীর্ষ সম্মেলনে যোগ দিতে চারদিনের সরকারি সফরে আজারবাইনের উদ্দেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঢাকা ত্যাগ। প্রথম আলো
- সাউথ এশিয়ান গেমসে সোনাজয়ী তিন ক্রীড়াবিদ সাঁতারু মাহফুজা খাতুন শিলা, ভারোত্তোলক মরিয়া আক্তার সীমান্ত এবং শুটার শাকিল আহমেদকে পুরস্কারের ফ্ল্যাট বুঝিয়ে দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো
- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফ্ল্যাটের প্রয়োজনীয় কাগজপত্র তুলে দেন ক্রীড়াবিদদের হাতে। প্রথম আলো
- ফেনীর মাদ্রসাছাত্রী নুসরাত জাহান রাফিকে আগুনে পুড়িয়ে হত্যা মামলার রায়ে প্রধান আসামি অধ্যক্ষ সিরাজ উদদৌলাসহ ১৬ জনের ফাঁসির আদেশ আদালতের। দৈনিক ইত্তেফাক
- ১০ দিনের রিমান্ড শেষে যুবলীগের ঢাকা মহানগর দক্ষিণের বহিষ্কৃত সভাপতি ক্যাসিনো-সম্রাটখ্যাত ইসমাইল চৌধুরী সম্রাটকে কারাগারের পাঠানোর নির্দেশ আদালতের। দৈনিক ইত্তেফাক
- লন্ডনের পূর্বদিকের শিল্প এলাকায় একটি লরিতে পাওয়া ৩৯টি মৃতদেহ চীনা নাগরিকদের বলে ধারণা পুলিশের। দৈনিক ইত্তেফাক

- 'চরম অসদাচরণের' অভিযোগে থাইল্যান্ডের রাজা ভাজিরালংকর্ন ছয় কর্মকর্তাকে বরখাস্ত করেছেন। দৈনিক ইত্তেফাক
- স্পেনের কাতালুনিয়ার সঙ্গে একাত্মতা প্রকাশ করে ব্যানারে ব্যানারে একযোগে স্বাধীনতার জন্য লড়াইয়ের ডাক দিয়েছে হংকংয়ে শত শত বিক্ষোভকারী। দৈনিক ইত্তেফাক

**২৫ অক্টোবর**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ জাপান থেকে সিঙ্গাপুর পৌঁছান। এর আগে জাপান সফরকালে রাষ্ট্রপতি সেইডেন হলে জাপানের ১২৬তম সম্রাট নারুহিতোর সিংহাসন আরোহণের অভিষেক অনুষ্ঠানে যোগ দেন। দৈনিক ইত্তেফাক
- মিয়ানমারের নাগরিকদের নিরাপত্তা ও মর্যাদার সঙ্গে তাদের নিজ ভূমিতে স্বেচ্ছায় ফিরে যাওয়াই সংকটের একমাত্র সমাধান। আজারবাইজানের রাজধানী বাকুতে জোট নিরপেক্ষ আন্দোলনের (ন্যাম) ১৮তম শীর্ষ সম্মেলনের পূর্ণাঙ্গ অধিবেশনে এক সাধারণ আলোচনাসভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক
- ন্যাম সম্মেলনে যোগ দিতে আজারবাইজান সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদের সৌজন্য সাক্ষাৎ। দৈনিক ইত্তেফাক
- ফের বিশ্বের শীর্ষ ধনী হলেন মাইক্রোসফটের সহ-প্রতিষ্ঠাতা বিল গেটস। দৈনিক ইত্তেফাক
- সাইবেরিয়ার চিটা শহরে রুশ ঘাঁটিতে এক সৈন্যের গুলিতে আট সহকর্মী নিহত, আহত ২। প্রথম আলো
- পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী নওয়াজ শরিফের স্বাস্থ্যগত বিষয় বিবেচনা করে তার জামিন মঞ্জুর করেছেন দেশটির আদালত। প্রথম আলো

**২৬ অক্টোবর**

- ব্যাবসা-বাণিজ্য জোরদারের জন্য বাংলাদেশ ও নেপালের মধ্যে অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তি দ্রুত চূড়ান্ত করতে নেপালের প্রধানমন্ত্রী কেপি শর্মা ওলির প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।



আজারবাইজানের রাজধানী বাকুতে ১৮তম ন্যাম সম্মেলনের পাশাপাশি নেপালের প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকে তিনি এই আহ্বান জানান। দৈনিক ইত্তেফাক

- বাংলাদেশ এবং আজারবাইজান দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক এবং বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা জোরদারে সম্মত। প্রেসিডেন্সিয়াল প্যালেসে আজারবাইজানের প্রেসিডেন্ট ইলহাম এলিয়েভ এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার মধ্যে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় বৈঠক শেষে আজারবাইজানে দায়িত্বপ্রাপ্ত তুরস্কে বাংলাদেশের রাষ্ট্রদূত মো. আল্লামা সিদ্দিক সাংবাদিকদের এ কথা বলেন। দৈনিক ইত্তেফাক
- সৌদি আরবে আটক ৩৬০ বাংলাদেশি কর্মীকে দেশে ফেরত পাঠিয়েছে সৌদি সরকার। দৈনিক ইত্তেফাক
- ইরাকজুড়ে সরকারবিরোধী বিক্ষোভে ৪২ জন নিহত। দৈনিক ইত্তেফাক
- চিলির প্রেসিডেন্ট সেবাস্তিয়ান পিনেরার পদত্যাগ ও দেশটির অর্থনৈতিক সংস্কারের দাবিতে ১০ লাখ মানুষের রাজপথে বিক্ষোভ। প্রথম আলো
- মুষলধারে বৃষ্টিপাতের ফলে জাপানে সৃষ্ট বন্যা ও ভূমিধসে অন্তত ১০ জনের মৃত্যু। প্রথম আলো

**২৭ অক্টোবর**

- ১৮তম জোট নিরপেক্ষ আন্দোলনের (ন্যাম) সম্মেলনে যোগদানসহ আজারবাইজানে চারদিনের সরকারি সফর শেষে দেশে ফিরেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক
- স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেন, ভোলার বোরহানউদ্দিনের ঘটনায় ফেসবুক হ্যাকিংয়ের যে বিষয়টি, সেটা নিয়ে পুলিশ হেডকোয়ার্টার কাজ করছে। প্রথম আলো
- পৃথক অস্ত্র মামলায় জি কে শামীম ও তার সাত দেহরক্ষী এবং ঢাকা মহানগর যুবলীগ দক্ষিণের বহিষ্কৃত সাংগঠনিক সম্পাদক খালেদ মাহমুদ ভূঁইয়ার বিরুদ্ধে চার্জশিট দাখিল। দৈনিক ইত্তেফাক
- উত্তর-পশ্চিম সিরিয়ার ইদলিব প্রদেশে মার্কিন বিশেষ বাহিনীর সেনা অভিযানে আইএসের প্রতিষ্ঠাতা এবং শীর্ষ নেতা আবু বকর আল বাগদাদি তিন সন্তানসহ নিহত। প্রথম আলো

- বন্দুকধারীর গুলিতে যুক্তরাষ্ট্রের টেকসাসে দুইজন নিহত, আহত ১৪। হ্যালোইন উৎসব উপলক্ষ্যে একটি পার্টিতে এই হামলা চালানো হয়। প্রথম আলো
- যুক্তরাষ্ট্র ও আফগানিস্তান বাহিনীর হামলায় আফগানিস্তানের কান্দহার ও ফারিয়াব প্রদেশে ৮০ তালেবান নিহত। দৈনিক ইত্তেফাক
- দাবানল ছড়িয়ে পড়ায় যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যের দুই লাখ বাসিন্দাকে এলাকাছাড়ার নির্দেশ। দৈনিক ইত্তেফাক
- বিশ্বজুড়ে বহু সন্ত্রাসী ঘটনার দায়ে অভিযুক্ত জঙ্গি সংগঠন ইসলামিক স্টেট (আইএস)-এর খলিফা আবু বকর আল বাগদাদি'র মৃত্যু।

**২৮ অক্টোবর**

- মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম মন্ত্রিসভার বৈঠকের শুরুতে ১৯৭২ সালের বৈঠকসমূহের মূল ইংরেজি থেকে স্ক্যান করা এক কপি, এর নতুন ইংরেজি কপি এবং বাংলা অনুবাদ প্রধানমন্ত্রীর হাতে তুলে দেন। এছাড়া মন্ত্রিপরিষদ সচিব মন্ত্রিপরিষদ বিভাগের গুরুত্বপূর্ণ সব কর্মকাণ্ডের চেক-লিস্টের একটি কপি প্রধানমন্ত্রীকে দেন। দৈনিক ইত্তেফাক
- চট্টগ্রামের প্রয়াত আওয়ামী লীগ নেতা এবিএম মহিউদ্দিন চৌধুরীর স্ত্রী ও মহিলা আওয়ামী লীগ সভানেত্রী হাসিনা মহিউদ্দিনসহ কয়েকজন নেতাকে মঞ্চ থেকে নগর আওয়মী লীগ সাধারণ সম্পাদক ও মেয়র আ জ ম নাছির উদ্দীন নামিয়ে দেওয়ার প্রতিবাদে বিক্ষোভ। দৈনিক ইত্তেফাক
- পুলিশ সুপার থেকে পদোন্নতি পেয়ে ৮ কর্মকর্তা হলেন অতিরিক্ত ডিআইজি। দৈনিক ইত্তেফাক
- শুল্ক ফাঁকির মামলায় দণ্ডিত বিএনপির সংসদ সদস্য হারুন অর রশিদের ছয় মাসের অন্তর্বর্তীনকালীন জামিন হাইকোর্টের। দৈনিক ইত্তেফাক
- ফেনীর আলোচিত সাবেক সংসদ সদস্য জয়নাল হাজারী আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য নির্বাচিত। দৈনিক ইত্তেফাক
- লেখক ও ব্লগার অভিজিৎ রায় হত্যা মামলায় সাক্ষ্য দিতে আসেন মামলার বাদী ও অভিজিৎ রায়ের বাবা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক অজয় কুমার রায়। ঢাকায় সন্ত্রাস দমন বিশেষ ট্রাইব্যুনালে উপস্থিত হয়ে তিনি সাক্ষ্য দেন। প্রথম আলো



- অর্থনৈতিক সংকট নিয়ে উদ্‌বেগের মধ্যে অনুষ্ঠিত নির্বাচনে মধ্য-বাম প্রার্থী আলবের্তো ফার্নান্দাজ আর্জেন্টিনার নতুন প্রেসিডেন্ট নির্বাচিত। প্রথম আলো
- দাবানলের কারণে যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যে জরুরি অবস্থা জারি। প্রথম আলো

**২৯ অক্টোবর**

- দেশে যে কোনো ধরনের মানবাধিকার লঙ্ঘনের বিরুদ্ধে তাৎক্ষণিক ও কার্যকর ব্যবস্থা নিতে জাতীয় মানবাধিকার কমিশনের (এনএইচআরসি) প্রতি রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের নির্দেশ। প্রথম আলো
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, অপরাধী অপরাধীই। অপরাধ করে কেউ পার পাবে না। সবাইকে ধরা হবে, অপেক্ষা করেন। ২৫ ও ২৬ অক্টোবর আজারবাইজানে অনুষ্ঠিত ১৮তম ন্যাম শীর্ষ সম্মেলনে তার অংশগ্রহণ এবং অর্জিত সাফল্যগুলো তুলে ধরতে গণভবনে এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। প্রথম আলো
- ভারতীয় জুয়াড়ির কাছ থেকে পাওয়া প্রস্তাবের কথা আইসিকে না জানানোয় দুই বছরের জন্য সব ধরনের ক্রিকেট থেকে নিষিদ্ধ হয়েছেন বাংলাদেশের টেস্ট ও টি ২০ টিমের অধিনায়ক সাকিব আল হাসান। আইসিসির সংবাদ বিজ্ঞপ্তি। প্রথম আলো
- গোয়েন্দা নজরদারিতে রয়েছেন কিছুসংখ্যক সাংবাদিক। তাদের মধ্যে একজন সম্পাদক এবং ক্যাসিনো কেলেঙ্কারির সঙ্গে জড়িত কিছু সাংবাদিক। এছাড়া বিভিন্ন দুর্নীতি ও অনিয়মের সঙ্গে জড়িতও আছেন একশ্রেণির সাংবাদিক। চলমান দুর্নীতিবিরোধী অভিযানে গ্রেফতার ব্যক্তিরা জিজ্ঞাসাবাদে এদের নাম প্রকাশ করে আইনশৃঙ্খলা বাহিনীর কাছে। দৈনিক ইত্তেফাক
- হাইকোর্টে এসেছে ফেনীর মাদ্রাসাছাত্রী নুসরাত জাহান রাফি হত্যা মামলার মৃত্যুদণ্ডপ্রাপ্ত ১৬ আসামির ডেথ রেফারেন্স। দৈনিক ইত্তেফাক
- গুরুতর অসুস্থ অবস্থায় যুক্তরাষ্ট্রের একটি হাসপাতালে চিকিৎসাধীন বিএনপির ভাইস চেয়ারম্যান ও অবিভক্ত ঢাকা সিটি করপোরেশনের মেয়র মুক্তিযোদ্ধা সাদেক হোসেন খোকা। দৈনিক ইত্তেফাক

- আন্দোলনের মুখে লেবাননের প্রধানমন্ত্রী সাদ হারিরির পদত্যাগ। দৈনিক ইত্তেফাক
- মৃত্যুর পর আল কায়েদা নেতা ওসামা বিন লাদেনের মতোই ভাগ্যবরণ করেছেন আবু বকর আল বাগদাদি। তার মৃতদেহও সমুদ্রে ভাসিয়ে দেওয়া হয়েছে বলে জানায় মার্কিন কর্মকর্তরা। খবর ডন ও ইকনোমিক টাইমসের। দৈনিক ইত্তেফাক
- বিক্ষোভ দমনে ইরাকের রাজধানী বাগদাদে কারফিউ জারি। বিক্ষোভকারীদের লক্ষ্য করে নিরাপত্তা বাহিনীর গুলি: ১৭ জন নিহত, আহত ৮। প্রথম আলো

**৩০ অক্টোবর**

- সমাজ পরিবর্তনের হাতিয়ার হিসেবে সারাদেশে স্কাউট আন্দোলন বেগবান করতে স্কাউট নেতা, অভিভাবক, শিক্ষক, জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সবার প্রতি রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের আহ্বান। প্রথম আলো
- আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ লেদার ফুটওয়্যার অ্যান্ড লেদারগুডস ইন্টারন্যাশনাল সোর্সিং শো উদ্‌বোধন অনুষ্ঠানে স্টল ঘুরে চামড়াজাত পণ্য দেখেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো
- রাজধানী রূপনগর আবাসিক এলাকায় বেলুন ফোলানোর হাইড্রোজেন গ্যাস বিস্ফোরণে ৬ শিশু নিহত, আহত ২০। দৈনিক ইত্তেফাক
- উপাচার্যের সংকটে মুখ থুবড়ে পড়েছে বরিশাল বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম। চলতি বছরের ২৬ মার্চ থেকে ৬টি অনুষদের অধীনে ২৪টি বিভাগের একাডেমিক কাউন্সিলের সভা না হওয়ায় সংকট আরও প্রকট হয়েছে। আটকে আছে সিলেবাস অনুমোদন, রেজাল্ট প্রকাশ ও খণ্ডকালীন শিক্ষক নিয়োগ। দৈনিক ইত্তেফাক
- কাশ্মীর নিয়ে কোনো দেশ যদি ভারতের পক্ষ অবলম্বন করে, তাহলে সেই দেশের বিরুদ্ধে ক্ষেপণাস্ত্র হামলা চালাবে বলে পাকিস্তানের হুঁশিয়ারি। দৈনিক ইত্তেফাক
- প্রথম বিশ্বযুদ্ধের সময় তুর্কি অটোম্যানদের হাতে বিপুলসংখ্যক আর্মেনীয় মৃত্যুর ঘটনাকে ‘গণহত্যা’ হিসেবে মার্কিন প্রতিনিধি পরিষদে স্বীকৃতি। এ সংক্রান্ত একটি বিল ৪০৫-১১ ভোটে কংগ্রেসের নিম্নকক্ষ জয়ী হয়। দৈনিক ইত্তেফাক
- বন্দুকধারীদের গুলিতে যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় হ্যালোইন উৎসবে ৩ যুবক নিহত। প্রথম আলো

**৩১ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন ডি-৮ অর্গানাইজেশন ফর ইকোনমিক কো-অপারেশন সেক্রেটারি জেনারেল অ্যাম্বাসেডর দাতো কু জাফর কু শারি। দৈনিক ইত্তেফাক
- মানবতাবিরোধী অপরাধের দায়ে জামায়াত নেতা এটিএম আজহারুল ইসলামের ফাঁসির রায় বহাল সুপ্রিমকোর্টের আপিল বিভাগে। দৈনিক ইত্তেফাক
- আন্দোলনের মুখে রাজধানীর তেজগাঁওয়ে অবস্থিত আহ্ছানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. কাজী শফিকুল আলমের পদত্যাগ। দৈনিক ইত্তেফাক
- বন্দুকধারীদের হামলায় নাইজারিয়ার দক্ষিণাঞ্চালে ১২ সৈন্য নিহত, আহত ৮। দৈনিক ইত্তেফাক
- আগুনে পুড়ে ধ্বংস হয়েছে ৫০০ বছরের পুরোনো বিশ্ব ঐতিহ্যের অংশ জাপানের শুরি প্রসাদ। দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে অভিশংসনের তদন্ত আনুষ্ঠানিকভাবে এগিয়ে নিতে একটি প্রস্তাব প্রতিনিধি পরিষদে পাস। অনুষ্ঠিত ভোটে পক্ষে ২৩২ এবং বিপক্ষে ১৯৬ ভোট পড়ে। খবর বিবিসি ও রয়টার্সের। দৈনিক ইত্তেফাক
- উত্তর কোরিয়ার সাগরে দুটি ‘প্রজেক্টাইল’ ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ করেছে বলে দক্ষিণ কোরিয়া সেনাবাহিনীর দাবি। প্রথম আলো
- রাজনীতিতে সেনাবাহিনীর ভূমিকা নিয়ে সমালোচনামূলক প্রদর্শনীতে অংশগ্রহণের দায়ে পাঁচ ব্যঙ্গশিল্পীকে এক বছর করে সশ্রম কারাদণ্ড দিয়েছেন মিয়ানমারের একটি আদালত। প্রথম আলো
- পাকিস্তানের পাঞ্জাব প্রদেশে একটি চলন্ত ট্রেনে আগুন: নিহত ৭৩। প্রথম আলো

## নভেম্বর

**১ নভেম্বর**

- ভারতে বাংলাদেশি পণ্যের শুল্কমুক্ত রপ্তানি বাড়ানোর আহ্বান জানান স্পিকার ড. শিরীন শারমীন চৌধুরী এমপি। কক্সবাজারে দুইদিনব্যাপী বাংলাদেশ-ভারত বন্ধুত্ব সংলাপের উদ্‌বোধন অনুষ্ঠানে তিনি এ আহবান জানান। দৈনিক ইত্তেফাক, ২ নভেম্বর
- দ্রুততম সময়ের মধ্যে স্বল্পব্যয়ে যক্ষ্মা নির্ণয়ে নতুন কৌশল আবিষ্কার করেছেন বাংলাদেশ বংশোদ্ভূত যুক্তরাষ্ট্রের বিজ্ঞানী ড. কাজী রুশদী আহমদ। ২৩ অক্টোবর 'সায়েন্স ট্রান্সলেশনাল মেডিসিন' জার্নালে প্রকাশিত এক প্রতিবেদন থেকে এই তথ্য জানা যায়। দৈনিক ইত্তেফাক, ২ নভেম্বর
- জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা শুরু। মোট পরীক্ষার্থীর সংখ্যা ২৬ লাখ ৬১ হাজার ৬৮২। দৈনিক ইত্তেফাক, ২ নভেম্বর
- সৌদি আরবে নারী শ্রমিক নির্যাতন ও হত্যার বিরুদ্ধে কেন্দ্রীয় শহিদ মিনারে প্রতিবাদ সমাবেশ করে সচেতন নাগরিক সমাজ ও নারীপক্ষ। দৈনিক ইত্তেফাক, ২ নভেম্বর
- সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতালের সাবেক তত্ত্বাবধায়ক ডা. শেখ শাহজাহান আলীসহ পাঁচজনের বিরুদ্ধে ৬ কোটি ৬ লাখ টাকা আত্মসাতের অভিযোগে দুর্নীতি দমন কমিশনের মামলা। দৈনিক ইত্তেফাক, ২ নভেম্বর
- ফেসবুকসহ সামাজিক যোগাযোগমাধ্যমে গুজব ছড়ানোর অপরাধে শাহীন খন্দকার নামে এক ব্যাক্তি রাজধানীর মোহাম্মদপুর এলাকা থেকে গ্রেফতার। দৈনিক ইত্তেফাক, ২ নভেম্বর
- বন্দুকধারীর হামলায় যুক্তরাষ্ট্রের উত্তর ক্যালিফোর্নিয়ার একটি বাসায় হ্যালোইন নাইট পার্টিতে চারজন নিহত ও আহত অনেক। দৈনিক ইত্তেফাক, ২ নভেম্বর
- পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খানের পদত্যাগের দাবিতে জমিয়তে উলামা ই ইসলাম ফজলের (জেইউআইএফ) উদ্যোগে ইসলামাবাদে বিক্ষোভ। প্রথম আলো, ২ নভেম্বর



- ব্যাপক বায়ুদূষণের কারণে দিল্লি এবং এর আশপাশের এলাকাগুলোয় জনস্বাস্থ্যবিষয়ক জরুরি অবস্থা জারি। প্রথম আলো, ২ নভেম্বর

**২ নভেম্বর**

- দেশের উন্নয়নে যুগোপযোগী সমবায় ব্যবস্থপনা গড়ে তোলার জন্য আধুনিক তথ্যপ্রযুক্তি ব্যবহারে সবার প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান। রাজধানীর বঙ্গবন্ধু সম্মেলন কেন্দ্রে ৪৮তম জাতীয় সমবায় দিবস ২০১৯-এর উদযাপন এবং জাতীয় সমবায় পুরস্কার প্রদান অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। দৈনিক ইত্তেফাক, ৩ নভেম্বর
- উদ্‌বিগ্ন হওয়ার কিছুই নেই এবং আপনি যদি সৎভাবে ব্যাংকগুলো পরিচালনা করেন, তবে কোনো সমস্যা হবে না। গণভবনে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংকস (বিএবি) কর্তৃক ত্রাণ তহবিলে দেওয়া কম্বল গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো, ৩ নভেম্বর
- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলামের অপসারণের দাবিতে ধর্মঘট-অবরোধে বন্ধ রয়েছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম। দৈনিক ইত্তেফাক, ৩ নভেম্বর
- দৈনিক প্রথম আলোর সাময়িকী কিশোর আলোর বর্ষপূর্তির অনুষ্ঠানে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে নাইমুল আবরারের মৃত্যুর ঘটনায় সারাদেশে শিক্ষার্থীদের নিন্দা ও ক্ষোভ প্রকাশ। দৈনিক ইত্তেফাক, ৩ নভেম্বর
- জেএসসি ও জেডিসি পরীক্ষার প্রথম দিনে ১০টি শিক্ষা বোর্ডে ৬৬ হাজার ১৯৪ জন শিক্ষার্থী অনুপস্থিত। এছাড়া অনিয়মের দায়ে এক শিক্ষকসহ সারাদেশে ৩৮ জন পরীক্ষার্থী বহিষ্কার। দৈনিক ইত্তেফাক, ৩ নভেম্বর
- আগের বছরের মতো ২০১৮ সালে বাংলাদেশে জঙ্গি হামলার গতি ও তীব্রতা কমেছে বলে জানিয়েছে যুক্তরাষ্ট্র। মার্কিন পররাষ্ট্র দপ্তরের প্রকাশ করা 'কান্ট্রি রিপোর্ট অন টেরোরিজম ২০১৮' প্রতিবেদনে এই তথ্য উঠে আসে। দৈনিক ইত্তেফাক, ৩ নভেম্বর
- গাজা উপত্যাকায় ইসরাইলি বিমান হামলায় এক ফিলিস্তিনি নিহত। দৈনিক ইত্তেফাক, ৩ নভেম্বর

- সাংবাদিকরা আক্রান্ত হলে পুরো সমাজকেই এর মূল্য দিতে হয়। আন্তর্জাতিক দায়মুক্তি অবসান দিবস উপলক্ষ্যে এক বিবৃতিতে জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস। দৈনিক ইত্তেফাক, ৩ নভেম্বর
- ভয়াবহ জঙ্গি হামলায় পশ্চিম আফ্রিকার দেশ মালির উত্তাঞ্চালে সামরিক বাহিনীর তল্লাশি চৌকিতে ৫৪ জন সেনা সদস্য এবং একশ বেসামরিক নাগরিক নিহত। দৈনিক জনকণ্ঠ, ৩ নভেম্বর
- লিবিয়া উপকূলে নৌকায় করে ইউরোপে যাত্রাকালে ২০০ অভিবাসী উদ্ধার করেছে দেশটির কোস্টগার্ড। এর মধ্যে ১৭১ জন বাংলাদেশি। দৈনিক ইত্তেফাক, ৩ নভেম্বর

**৩ নভেম্বর**

- বাংলার মাটিতে রাজাকার, খুনি এবং তাদের দোসরদের কোনো স্থান হবে না। জেল হত্যা দিবস উপলক্ষ্যে ঢাকায় আওয়ামী লীগ আয়োজিত এক স্মরণসভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো, ৪ নভেম্বর
- জেলহত্যা দিবসে ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ৪ নভেম্বর
- জেলহত্যা দিবস উপলক্ষ্যে বনানী কবরস্থানে নিহত নেতাদের কবরে পুষ্পস্তবক অর্পণ করেন আওয়ামী লীগ নেতারা। দৈনিক ইত্তেফাক, ৪ নভেম্বর
- শ্রম আদালতে দায়ের করা পাঁচ মামলায় জামিন পেলেন নোবেলজয়ী অধ্যাপক ড. মুহম্মদ ইউনূস। দৈনিক ইত্তেফাক, ৪ নভেম্বর
- নয়াদিল্লিতে তিন ম্যাচের টি ২০ সিরিজের প্রথম ম্যাচে ভারতকে ৭ উইকেটে পরাজিত করায় জাতীয় ক্রিকেট দলকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিনন্দন। প্রথম আলো, ৪ নভেম্বর
- হঠাৎ করে দুর্নীতি দমন কমিশন অফিসে (দুদক) ক্রিকেট থেকে সদ্য নিষিদ্ধ বাংলাদেশের টেস্ট ও টি টোয়েন্টির সদ্য সাবেক অধিনায়ক সাকিব আল হাসান। প্রথম আলো, ৪ নভেম্বর
- তিন বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগ। নিয়োগপ্রাপ্তরা হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে উপাচার্য হিসেবে অধ্যাপক মো. আখতারুজ্জামান।



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক শিরীন আখতার এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ে রাজশাহী বিশ্ববিদ্যালযের সমাজকর্ম বিভাগের অধ্যাপক মো. ছাদেকুল আরেফিন। দৈনিক ইত্তেফাক, ৪ নভেম্বর

- রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষকে পুকুরে ফেলে দেওয়ার ঘটনায় ছাত্রলীগের পাঁচ নেতাকর্মী কারাগারে। দৈনিক ইত্তেফাক, ৪ নভেম্বর
- বিতর্কিত পুলিশ সুপার হারুন অর রশীদকে নারায়ণগঞ্জ থেকে সরিয়ে সংযুক্ত করা হয়েছে পুলিশ সদর দপ্তরে। চাঁদার জন্য একাধিক শিল্পপতিকে তুলে নিয়ে সাজানো মামলায় গ্রেফতার দেখানোর ভয় দেখিয়েছেন বলে হারুনের বিরুদ্ধে অভিযোগ। প্রথম আলো, ৪ নভেম্বর
- রোহিঙ্গদের দুর্দশা ও সংকট নিয়ে আবারও গভীর উদ্‌বেগ প্রকাশ করেন জাতিসংঘের মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস। থাইল্যান্ডে অনুষ্ঠিত আসিয়ান সম্মেলনে ভাষণদানকালে তিনি এই উদ্‌বেগ প্রকাশ করেন। দৈনিক ইত্তেফাক, ৪ নভেম্বর
- ভয়াবহ বায়ুদূষণের কারণে বিপর্যস্ত ভারতের রাজধানী নয়াদিল্লি। ধোঁয়াশার কারণে দৃষ্টিসীমা কমে যাওয়ায় উড়োজাহাজ উড্ডয়ন-অবতরণের সমস্যা। প্রথম আলো, ৪ নভেম্বর
- চীনের আধা স্বায়ত্তশাসিত অঞ্চল হংকংয়ে বিক্ষোভের ২২তম সপ্তাহে বিক্ষোভকারীদের বিক্ষোভ অব্যাহত। প্রথম আলো, ৪ নভেম্বর
- ইরাকে বিদেশি শক্তির হস্তক্ষেপ বন্ধ এবং সরকারের পদত্যাগের দাবিতে বিক্ষোভ। দৈনিক ইত্তেফাক, ৪ নভেম্বর

**৪ নভেম্বর**

- সরকার বিদেশি বিনিয়োগকারীদের জন্য সারাদেশে ১০০ অর্থনৈতিক অঞ্চল গড়ে তুলেছে। এসব অঞ্চল গড়ে তোলার লক্ষ্য হচ্ছে আরও শিল্পায়ন ও কর্মসংস্থান সৃষ্টি করা। গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সফররত বিশ্বব্যাংক গ্রুপের নির্বাহী পরিচালক অর্পণা সুর্বামনির সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। প্রথম আলো, ৫ নভেম্বর
- জাতীয় মানবসম্পদ উন্নয়ন তহবিল ব্যবহার নীতিমালা, ২০১৯-এর খসড়া মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে অনুমোদন। প্রথম আলো, ৫ নভেম্বর

- বিদ্যুদায়িত হয়ে ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজের নবম শ্রেণির ছাত্র নাইমুর আবরার নিহত হওয়ার ঘটনায় বিষয়টি মন্ত্রিসভার বৈঠকে অনির্ধারিতভাবে আলোচিত হয়। প্রথম আলো, ৫ নভেম্বর
- বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার আদর্শ, নীতি ও চেতনার প্রতিফলনই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে প্রণীত বাহাত্তরের সংবিধান। সুপ্রিমকোর্ট বার মিলনায়তনে ঘাতক দালাল নির্মূল কমিটির আইন সহায়ক কমিটি আয়োজিত বাংলাদেশ সংবিধানের ৪৮তম দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে 'বঙ্গবন্ধুর রাজনৈতিক দর্শন ও ১৯৭২-এর সংবিধান' শীর্ষক আলোচনাসভায় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। দৈনিক ইত্তেফাক, ৫ নভেম্বর
- নিউইয়র্কের ম্যানহাটনের একটি হাসপাতালে অবিভক্ত ঢাকা সিটি করপোরেশনের সাবেক মেয়র সাদেক হোসেন খোকার ইন্তেকাল। দৈনিক ইত্তেফাক, ৫ নভেম্বর
- পৌনে দুই কোটি টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে ইনকিলাব সম্পাদক এএমএম বাহাউদ্দীনের বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনের (দুদক) মামলা। দৈনিক ইত্তেফাক, ৫ নভেম্বর
- ঢাকার সাভারে পৃথক অভিযানে ডাকাত সরদার বিপ্লবসহ তিন মাদক ব্যবসায়ী গ্রেফতার, ২৮০০ ইয়াবা জব্দ। দৈনিক ইত্তেফাক, ৫ নভেম্বর
- গ্রেনেড হামলায় ভারত নিয়ন্ত্রিত জম্মু-কাশ্মীরের শ্রীনগরে একজন নিহত ও ১৫ জন আহত। প্রথম আলো, ৫ নভেম্বর
- সরকারবিরোধী বিক্ষোভে ইরাকের কারবালায় পুলিশের গুলিতে তিনজন নিহত। প্রথম আলো, ৫ নভেম্বর

**৫ নভেম্বর**

- বাংলাদেশ বিমানবাহিনীর মর্যাদা সমুন্নত রাখতে বাহিনীর সদস্যদের দক্ষ ও আদর্শবান হওয়ার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। ঢাকা সেনানিবাসের বঙ্গবন্ধু ঘাঁটিতে বিএএফের ১, ২, ৫, ৮, ৯ ও ৭১ নম্বর স্কোয়াড্রনকে ন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রদান অনুষ্ঠানে দেওয়া ভাষণে তিনি এ আহ্বান জানান। প্রথম আলো, ৬ নভেম্বর



- শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে ৪ হাজার ৪৪৭ কোটি ৭৬ লাখ টাকা ব্যয়ে ছয়টি প্রকল্প অনুমোদন। দৈনিক ইত্তেফাক, ৬ নভেম্বর
- দুর্নীতি দমন কমিশন শুধু চুনোপুঁটিদের ধরছে না, রাঘববোয়ালদেরও ধরছে বলে জানিয়েছেন দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান। দৈনিক ইত্তেফাক, ৬ নভেম্বর
- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলামের অপসারণের দাবিতে আন্দোলনরত শিক্ষক-শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের হামলা। ৮ শিক্ষকসহ ৩১ জন আহত। দৈনিক ইত্তেফাক, ৬ নভেম্বর
- দেশের কারাগারগুলোয় কারা চিকিৎসকের অনুমোদিত ১৪১টি পদের বিপরীতে কর্মরত আছেন মাত্র ১০ জন চিকিৎসক। কারা মহাপরিচালকের পক্ষে হাইকোর্টে দাখিল করা এক প্রতিবেদনে এই তথ্য উঠে এসেছে। দৈনিক ইত্তেফাক, ৬ নভেম্বর
- চট্টগ্রামের রেয়াজউদ্দিন বাজারে দুই পেঁয়াজ আমদানিকারককে ১৫ দিন করে বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। প্রথম আলো, ৬ নভেম্বর
- আইনজীবীদের হামলার প্রতিবাদে দিল্লির পুলিশ সদর দপ্তরের সামনে পুলিশ কর্মীদের বিক্ষোভ। দৈনিক ইত্তেফাক, ৬ নভেম্বর

**৬ নভেম্বর**

- আবাদি জমির ক্ষতি করে যত্রতত্র শিল্পপ্রতিষ্ঠান না গড়তে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান। রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে বাংলাদেশ কৃষক লীগের দশম কাউন্সিলের উদ্‌বোধন অনুষ্ঠানে তিনি এই আহ্বান জানান। প্রথম আলো, ৭ নভেম্বর
- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অপসারণের দাবিতে আন্দোলনের কারণে অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার পরও দফায় দফায় বিক্ষোভ। উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান কর্মসূচি পালন করেন আন্দোলনকারী শিক্ষক-শিক্ষার্থীরা। দৈনিক ইত্তেফাক, ৭ নভেম্বর

- জঙ্গি সংগঠন 'আল্লার দল' নিষিদ্ধ ঘোষণা। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের উপসচিব মল্লিকা খাতুন স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এই আদেশ জারি করা হয়। দৈনিক ইত্তেফাক, ৭ নভেম্বর
- বিদ্যুৎস্পৃষ্টে ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজের ছাত্র রাহাতের মৃত্যুর ঘটনায় প্রথম আলোর সম্পাদক মতিউর রহমানের বিরুদ্ধে ওই ছাত্রের বাবার মামলা। দৈনিক ইত্তেফাক, ৭ নভেম্বর
- ন্যাশনাল ব্যাংকের অর্থ আত্মসাতের মামলায় চীনা নাগরিকসহ পলাতক পাঁচ আসামিকে গ্রেফতারের পদক্ষেপ নিতে পুলিশের আইজিপিকে হাইকোর্টের নির্দেশ। দৈনিক ইত্তেফাক, ৭ নভেম্বর
- সেন্টমার্টিন দ্বীপের অদূরে বঙ্গোপসাগরে ডুবে যাওয়া মাছ ধরার ট্রলারের তিন মাঝিমাল্লার মরদেহ উদ্ধার। দৈনিক ইত্তেফাক, ৭ নভেম্বর
- ভেনিজুয়েলার পাঁচ নিরাপত্তা কর্মকর্তা ও রাজনৈতিক ব্যক্তিত্বের ওপর যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা আরোপ। প্রথম আলো, ৭ নভেম্বর
- তাজিকিস্তান ও উজবেকিস্তান সীমান্তের একটি চৌকিতে সশস্ত্র হামলায় ১৭ জন নিহত। প্রথম আলো, ৭ নভেম্বর

**৭ নভেম্বর**

- জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ) একাংশের সভাপতি ও চট্টগ্রাম-৮ আসনের সংসদ সদস্য মঈনউদ্দীন খান বাদলের ইন্তেকাল। দৈনিক ইত্তেফাক, ৮ নভেম্বর
- যারা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে উপাচার্যদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ এনে বিশ্ববিদ্যালয়গুলোতে নৈরাজ্য সৃষ্টি করছে, তাদের অভিযোগ প্রমাণ করতে হবে, অন্যথায় তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে। প্রধানমন্ত্রীর কার্যালয়ে সাংবাদিকদের সহায়তা প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ৮ নভেম্বর
- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রশাসন কর্তৃক সব ধরনের সভা-সমাবেশ নিষিদ্ধ করার পরও ক্যাম্পাসে মিছিল, সমবেশ ও কনসার্ট অব্যাহত রেখেছেন দুর্নীতির বিরুদ্ধে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ব্যানারে শিক্ষক-শিক্ষার্থীরা। দৈনিক ইত্তেফাক, ৮ নভেম্বর
- পৃথক ঘটনায় মুন্সীগঞ্জের টঙ্গীবাড়ি ও গজারিয়া উপজেলায় দুই যুবকের আত্মহত্যা। দৈনিক ইত্তেফাক, ৮নভেম্বর



- ভারতের রাজকোটে অনুষ্ঠিত টি ২০ ম্যাচে ভারতের কাছে ৮ উইকেটে বাংলাদেশের হার। দৈনিক ইত্তেফাক, ৮ নভেম্বর
- সৌদি আরবের পক্ষে গুপ্তচরবৃত্তির অভিযোগ টুইটারের সাবেক দুই কর্মীর বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিসকোয় মামলা। দৈনিক জনকণ্ঠ, ৮ নভেম্বর
- পশ্চিম আফ্রিকার দেশ বুরকিনা ফাসোর পূর্বাঞ্চলে একটি সোনার খনির কর্মীদের বহনকারী গাড়িবহরে বন্দুকধারীদের হামলা: ৩৭ জন নিহত, আহত ৬০। প্রথম আলো, ৮ নভেম্বর

**৮ নভেম্বর**

- ক্রমশ শক্তি বাড়িয়ে অতি ভয়ংকর রূপ নিয়ে ক্ষিপ্রগতিতে ধেয়ে আসছে ঘূর্ণিঝড় 'বুলবুল'। চট্টগ্রাম সমুদ্রবন্দরে ৬ নম্বর এবং কক্সবজারে চার নম্বর বিপৎসংকেত। দৈনিক ইত্তেফাক, ৯ নভেম্বর
- সৌদি আরব থেকে আরও ১১৩ জন বাংলাদেশি কর্মী দেশে ফিরলেন। এ নিয়ে চলতি মাসের প্রথম ৮ দিনে সৌদি থেকে দেশে ফিরলেন ৪৩৩ জন বাংলাদেশি কর্মী। দৈনিক ইত্তেফাক, ৯ নভেম্বর
- বন্ধ ক্যাম্পাসে নিষেধাজ্ঞা উপেক্ষা করে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলামের অপসারণের দাবিতে শিক্ষক-শিক্ষার্থীদের আন্দোলন অব্যাহত। দৈনিক ইত্তেফাক, ৯ নভেম্বর
- দাতব্য সংস্থার অর্থ অপব্যবহারের অভিযোগে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ২০ লাখ ডলার জরিমানা। দৈনিক ইত্তেফাক, ৯ নভেম্বর
- ভূমিকম্পে ইরানের আজারবাইজান প্রদেশে পাঁচজন নিহত, আহত ৩০০। দৈনিক জনকণ্ঠ, ৯ নভেম্বর
- অস্ট্রেলিয়ার নিউ সাউথ ওয়েলস রাজ্যের ৯০টির বেশি স্থানে ভয়াবহ দাবানল ছড়িয়ে পড়েছে। প্রথম আলো, ৯ নভেম্বর

**৯ নভেম্বর**

- সরকার সাইক্লোন 'বুলবুল' মোকাবিলায় সব ধরনের প্রস্তুতি নিয়েছে। জনগণের সুরক্ষা দিতে সংশ্লিষ্টদের প্রস্তুত রাখা হয়েছে। রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে জাতীয় শ্রমিক লীগের ১৩তম জাতীয় সম্মেলনের উদ্বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ইত্তেফাক, ১০ নভেম্বর

- বাংলাদেশের উপকূলে আঘাত হানল ঘূর্ণিঝড় বুলবুল। এ সময় বাতাসের গতিবেগ ছিল ঘণ্টায় সর্বোচ্চ ১০০ কিলোমিটার। দৈনিক ইত্তেফাক, ১০ নভেম্বর
- সব ধরনের সভা-সমাবেশ নিষিদ্ধ করার পরও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে শিক্ষক-শিক্ষার্থীদের আন্দোলন অব্যাহত। দৈনিক ইত্তেফাক, ১০ নভেম্বর
- ভয়াবহ দাবানলে অস্ট্রেলিয়ার নিউ সাউথ ওয়েলস রাজ্যে নারীসহ তিনজন নিহত, নিখোঁজ চার। দৈনিক ইত্তেফাক, ১০ নভেম্বর
- ব্রাজিলের সাবেক প্রেসিডেন্ট লুইজ ইনাসিও লুলা দা সিলভা দেড় বছর পর কারাগার থেকে মুক্তি। প্রথম আলো, ১০ নভেম্বর
- চিকিৎসার জন্য পাকিস্তানের সাজাপ্রাপ্ত সাবেক প্রধানমন্ত্রী নওয়াজ শরিফকে বিদেশে যেতে সম্মতি প্রধানমন্ত্রী ইমরান খানের। প্রথম আলো, ১০ নভেম্বর

**১০ নভেম্বর**

- নির্যাতনের শিকার হয়ে পালিয়ে বাংলাদেশে আসা মিয়ানমারের ১১ লাখ রোহিঙ্গা শুধু বাংলাদেশের জন্য নয়, গোটা আঞ্চলিক নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ। রাজধানীর একটি হোটেলে ঢাকা গ্লোবাল ডায়ালগ-২০১৯-এর উদ্‌বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১১ নভেম্বর
- কয়েকজন নেতার দলত্যাগ বিচলিত হওয়ার কিছু নেই। জাতীয় প্রেস ক্লাবে জাতীয়তাবাদী কৃষকদল আয়োজিত 'জাতীয় বিপ্লব ও সংহতি' দিবসে বিএনপি নেতা গয়েশ্বর চন্দ্র রায়। প্রথম আলো, ১১ নভেম্বর
- পেশাদার কূটনীতিক মুহাম্মদ ইমরানকে ভারতে বাংলাদেশের নতুন হাইকমিশনার পদে নিয়োগ। দৈনিক ইত্তেফাক, ১১ নভেম্বর
- যুদ্ধাপরাধ মামলার আসামি এনএসআইয়ের সাবেক ডিজি মুহাম্মদ ওয়াহিদুল হকের সঙ্গে গোপন বৈঠকের অভিযোগ প্রমাণিত হওয়ায় আর্ন্তজাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউটর পদ থেকে বেগম তুরিন আফরোজকে অপসারণ। দৈনিক ইত্তেফাক, ১১ নভেম্বর
- শিক্ষার্থীদের বিক্ষোভে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস উত্তাল। দৈনিক ইত্তেফাক, ১১ নভেম্বর



- ঘূর্ণিঝড় 'বুলবুল'-এর আঘাতে উপকূলীয় জেলাগুলোয় প্রাণ হারিয়েছেন ২৬ জন। দৈনিক ইত্তেফাক, ১১ নভেম্বর
- হাইকোর্টের আদেশে টঙ্গীর শিশু উন্নয়ন কেন্দ্র থেকে মুক্তি পেল ১১ শিশু। এই শিশুদের সাজা হয়েছিল ভ্রাম্যমাণ আদালতে। প্রথম আলো, ১১ নভেম্বর।
- বিশ্বে প্রথমবারের মতো বাংলাদেশি 'টাকা বন্ড' চালু হলো। এর নাম দেওয়া হয়েছে 'বাংলা বন্ড'। বাংলাদেশের বেসরকারি খাতকে বিনিয়োগে উৎসাহ দিতে বিশ্বব্যাংক গ্রুপের সহযোগী সংস্থা ইন্টারন্যাশনাল ফিন্যান্স করপোরেশনের (আইএফআইসি) সহায়তায় এ বন্ড চালু হয়। প্রথম আলো, ১১ নভেম্বর
- রাখাইনে রোহিঙ্গাদের ওপর নৃশংসতার অভিযোগে মিয়ানমারের বিরুদ্ধে গণহত্যার অভিযোগ এনে আন্তর্জাতিক বিচার আদালতে গাম্বিয়ার মামলা দায়ের। খবর বিবিসির। দৈনিক ইত্তেফাক, ১১ নভেম্বর
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সমালোচনা করায় ভারতীয় নাগরিকত্ব হারালেন ব্রিটিশ-ভারতীয় সাংবাদিক আতিশ তাসির। দৈনিক ইত্তেফাক, ১১ নভেম্বর
- গুরুতর অসুস্থ হয়ে ভারতের প্রবাদপ্রতিম সংগীতশিল্পী লতা মঙ্গেশকার হাসপাতালে ভর্তি। দৈনিক ইত্তেফাক, ১১ নভেম্বর

**১১ নভেম্বর**

- যথাযেগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে সারাদেশে ইদে মিলাদুন্নবি (সা.) উদ্‌যাপিত। প্রথম আলো, ১২ নভেম্বর।
- যশোরের বেনাপোল কাস্টম হাউজের গোপনীয় ভল্ট ভেঙে স্বর্ণ, ডলার ও মূল্যবান কাগজপত্র চুরি। এ ঘটনায় ভল্টের দায়িত্বে থাকা সহকারী রাজস্ব কর্মকর্তা (পরিদর্শক) এবং চারজন সিপাহিকে সাময়িক বরখাস্ত। দৈনিক ইত্তেফাক, ১২ নভেম্বর
- ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজে কিশোর আলো অনুষ্ঠানে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে স্কুল ছাত্র নাইমুল আবরার রাহাতের (১৫) মৃত্যুর ঘটনায় গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ে দাখিল। দৈনিক ইত্তেফাক, ১২ নভেম্বর

- বিক্ষোভের মুখে বলিভিয়ার প্রেসিডেন্ট ইভো মোরালেসের পদত্যাগ। গত ২০ অক্টোবরের নির্বাচনের পর থেকে তার পদত্যাগের দাবিতে বিক্ষোভ চলছিল। প্রথম আলো, ১২ নভেম্বর
- বিক্ষোভের মুখে সংবিধান সংশোধনের ঘোষণা দিল চিলি। প্রথম আলো, ১২ নভেম্বর
- দাবানলের কারণে অস্ট্রেলিয়ার নিউ সাউথ ওয়েলস ও কুইন্সল্যান্ডে জরুরি অবস্থা জারি। প্রথম আলো, ১২ নভেম্বর
- ভারতের বাবরি মসজিদ-রামমন্দির বিতর্ক মামলায় সুপ্রিমকোর্টের দেওয়া রায়ের বিষয়ে ইন্টারনেটে নেতিবাচক মন্তব্য করায় অর্ধশতাধিক লোক গ্রেফতার। প্রথম আলো, ১২ নভেম্বর

**১২ নভেম্বর**

- ঢাকা-চট্টগ্রাম রেলপথের ব্রাহ্মণবাড়িয়ার কসবা উপজেলায় দুই ট্রেনের মুখোমুখি সংঘর্ষ: ১৬ জন নিহত। দৈনিক ইত্তেফাক, ১৩ নভেম্বর
- ব্রাহ্মণবাড়িয়ায় ট্রেন দুর্ঘটনায় প্রাণহানির ঘটনায় দুঃখ প্রকাশ করে এই ধরনের দুর্ঘটনার পুনরাবৃত্তি রোধ করতে সংশ্লিষ্ট সবাইকে সতর্ক থাকতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ। প্রথম আলো, ১৩ নভেম্বর
- উপাচার্যের অপসারণ ও হামলার প্রতিবাদে দুদিন বিরতির পর আবারও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের আন্দোলন। দৈনিক ইত্তেফাক, ১৩ নভেম্বর
- দেশ থেকে পালিয়ে মেক্সিকোতে আশ্রয় নিলেন বলিভিয়ার সদ্য ক্ষমতাচ্যুত প্রেসিডেন্ট ইভো মোরালেস। দৈনিক ইত্তেফাক, ১৩ নভেম্বর
- দুর্বৃত্তের ছুরিকাঘাতে সৌদি আরবের রাজধানী রিয়াদে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানে তিন শিল্পী আহত। প্রথম আলো, ১৩ নভেম্বর
- ইসরাইলের হামলায় ফিলিস্তিনের গাজা ভূখণ্ডে ইসলামিক জিহাদের শীর্ষ কমান্ডার বাহা আবু আল আত্তা নিহত। দৈনিক জনকণ্ঠ, ১৩ নভেম্বর
- বোমা হামলায় সিরিয়ার পূর্বাঞ্চালীয় শহর কামিশলিতে পাঁচজন নিহত, আহত ২৬। দৈনিক ইত্তেফাক, ১৩ নভেম্বর



**১৩ নভেম্বর**

- বাংলাদেশের মানুষের আর্থসামাজিক উন্নয়নের জন্য যা যা করণীয়, আমরা তার সবই করে যাচ্ছি এবং করে যাব: প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সংসদে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে তিনি এই কথা বলেন। দৈনিক ইত্তেফাক, ১৪ নভেম্বর
- গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে সাতটি নতুন বিদ্যুৎকেন্দ্র এবং ২৩টি উপজেলায় শতভাগ বিদ্যুদায়ন কর্মসূচির উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১৪ নভেম্বর
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং নব্বইয়ের সৈরাচারবিরোধী আন্দোলনে শহিদ নূর হোসেনকে নিয়ে আপত্তিকর মন্তব্যের জন্য সংসদে নিঃশর্ত ক্ষমা চাইলেন জাতীয় পার্টির মহাসচিব মসিউর রহমান রাঙ্গা। প্রথম আলো, ১৪ নভেম্বর
- বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবরার হত্যায় ২৫ জনকে আসামি করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের চার্জশিট। প্রথম আলো, ১৪ নভেম্বর
- গাজায় ইসরাইলের বিমান হামলায় ২৪ ফিলিস্তিনি নিহত, আহত দেড় শতাধিক। দৈনিক ইত্তেফাক, ১৪ নভেম্বর
- সরকারবিরোধী ব্যাপক বিক্ষোভে অচল হংকং, স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা। প্রথম আলো, ১৪ নভেম্বর

**১৪ নভেম্বর**

- ট্রেন দুর্ঘটনার পেছনে অন্য কোনো দুরভিসন্ধি বা চক্রান্ত আছে কি না, তা তদন্ত করা হবে এবং যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। একাদশ জাতীয় সংসদের পঞ্চম অধিবেশনের সমাপন ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১৫ নভেম্বর
- পেঁয়াজের মূল্যবৃদ্ধি নিয়ে সংসদে ক্ষোভ প্রকাশ সরকারি ও বিরোধী দলের কয়েকজন সংসদ সদস্যের। দৈনিক ইত্তেফাক, ১৫ নভেম্বর।
- ১৯৮৯ সালের ২৫ জুলাই সিদ্ধেশ্বরীতে গুলিতে প্রাণ হারান বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের গবেষক সগিরা মোর্শেদ (৩৪)। ৩০ বছর পর সেই হত্যার রহস্য উদঘাটন। প্রথম আলো, ১৫ নভেম্বর।

- ঢাকা রেসিডেন্সিয়াল মডেল স্কুল অ্যান্ড কলেজের ছাত্র নাইমুল আবরার রাহাতের পরিবারকে ১০ কোটি টাকা ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ চেয়ে হাইকোর্টে রিট। দৈনিক ইত্তেফাক, ১৫ নভেম্বর
- ভোলা সদর উপজেলার মেঘনা নদীর ইলিশঘাটে তাশরিফ-১ ও ফারহানা-৪ লঞ্চ থেকে ৩০ মন পরিবহণ নিষিদ্ধ জাটকা জব্দ করেছেন কোস্টগার্ড সদস্যরা। দৈনিক ইত্তেফাক, ১৫ নভেম্বর
- ২২ নভেম্বর কলকাতার ইডেন গার্ডেন্সে অনুষ্ঠেয় দিবা-রাত্রি টেস্ট ম্যাচ দেখতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আমন্ত্রণ। দৈনিক ইত্তেফাক, ১৫ নভেম্বর
- মিয়ানমারের রাখাইন রাজ্যে রোহিঙ্গা নির্যাতনের ঘটনায় দেশটির স্টেট কাউন্সেলর অং সান সু চি, সেনাপ্রধান মিন অং হ্লাইংসহ কয়েকজন শীর্ষ নেতার বিরুদ্ধে আর্জেন্টিনায় মামলা। বিশ্বজনীন বিচারব্যবস্থার আওতায় রোহিঙ্গা ও লাতিন আমেরিকার সংগঠনগুলো মামলাটি দায়ের করে। প্রথম আলো, ১৫ নভেম্বর
- গণতন্ত্রের দাবিতে বিক্ষোভ, সংঘর্ষ আর জ্বালাও-পোড়াও ও ভাংচুরে অচল চীন নিয়ন্ত্রিত হংকং। দৈনিক ইত্তেফাক, ১৫ নভেম্বর

**১৫ নভেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছেলে সজীব ওয়াজেদ জয় এখনই আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতৃত্বে আসতে চান না। ধানমন্ডিতে আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। দৈনিক ইত্তেফাক, ১৬ নভেম্বর।
- সংকট মোকাবিলায় জরুরি ভিত্তিতে বিমানে করে পেঁয়াজ আমদানির উদ্যোগ সরকারের। টিসিবির মাধ্যমে সরাসরি তুরস্ক থেকে, এস আলম গ্রুপ মিসর থেকে এবং বেশ কয়েকটি প্রতিষ্ঠান আফগানিস্তান, সংযুক্ত আরব আমিরাত থেকে জরুরি ভিত্তিতে বিমানে করে পেঁয়াজ আমদানির উদ্যোগ গ্রহণ। দৈনিক ইত্তেফাক, ১৬ নভেম্বর
- বগুড়ার নন্দীগ্রাম উপজেলার রনবাঘা বাজারে রিকশায় ফেলে যাওয়া ২০ লাখ টাকার ব্যাগ রিকশাচালক লাল মিয়া বগুড়ার পুলিশ সুপার আলী আশরাফ ভূঞার মাধ্যমে আনুষ্ঠানিকভাবে ব্যবসায়ী রাজীব প্রসাদের হাতে তুলে দেন। দৈনিক ইত্তেফাক, ১৬ নভেম্বর



- ভারতের আসাম কারাগারে স্থাপিত ডিটেনশন ক্যাম্পে 'বিদেশি' হিসেবে গ্রেফতার করা বন্দিদের মধ্যে থেকে আরও ১৫ জনকে মুক্তি দেওয়ার সিদ্ধান্ত। প্রথম আলো, ১৬ নভেম্বর
- ফিলিস্তিনির গাজা উপত্যকায় ইসলামি জিহাদের বিভিন্ন অবস্থান লক্ষ্য করে ইসরাইলের নতুন করে হামলা। প্রথম আলো, ১৬ নভেম্বর
- যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার একটি স্কুলে এক শিক্ষার্থীর গুলিতে দুই সহপাঠী নিহত ও আরও তিনজন আহত। দৈনিক জনকণ্ঠ, ১৬ নভেম্বর

**১৬ নভেম্বর**

- রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে আওয়ামী লীগের স্বেচ্ছাসেবক লীগের সম্মেলনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় চার নেতা, মুক্তিযুদ্ধের সব শহিদ, বঙ্গমাতা শেখ ফজিলাতুননেছা মুজিবসহ ১৫ আগস্টের সব শহিদের স্মরণে নীরবতা পালন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো, ১৭ নভেম্বর
- দুবাই এয়ার শো-২০১৯ এবং আরও কিছু অনুষ্ঠানে যোগ দিতে চারদিনের সরকারি সফরে সংযুক্ত আরব আমিরাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো, ১৭ নভেম্বর
- বাংলামোটরে কৃষ্ণা রায়ের বাঁ পা পিষে দেওয়া ট্রাস্ট ট্রান্সপোর্ট বাসের চালকের সহকারী বাচ্চু মিয়া ময়মনসিংহ থেকে গ্রেফতার। দৈনিক ইত্তেফাক, ১৭ নভেম্বর
- পাঁচ মাসেরও বেশি সময়ের আন্দোলনে অচল হংকংয়ের রাস্তায় হঠাৎ চীনের সেনাবাহিনী। দৈনিক ইত্তেফাক, ১৭ নভেম্বর
- বোমা বিস্ফোরণে ইরাকের রাজধানী বাগদাদে দুজন নিহত ও ১২ জন আহত। দৈনিক জনকণ্ঠ, ১৭ নভেম্বর
- জ্বালানি তেলের দাম বৃদ্ধির প্রতিবাদে ইরানজুড়ে বিক্ষোভ। দৈনিক জনকণ্ঠ, ১৭ নভেম্বর
- ওয়াশিংটনভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান পিউ রিসার্চ সেন্টার এক প্রতিবেদনে জানিয়েছে, ব্রিটেনে প্রায় ১২ লাখ অবৈধ অভিবাসী রয়েছে। এসব অভিবাসী ইউরোপীয় ইউনিয়নের বাইরে থেকে এসেছেন। দৈনিক ইত্তেফাক, ১৭ নভেম্বর

**১৭ নভেম্বর**

- সংযুক্ত আরব আমিরাতে 'দুবাই এয়ার শো'-এর উদ্‌বোধনী অনুষ্ঠানে অংশ নিয়ে বিভিন্ন সরঞ্জাম ঘুরে দেখেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো, ১৮ নভেম্বর
- জনগণের কাছে দায়বদ্ধ থেকে সরকারি অর্থ ব্যয়ের ক্ষেত্রে সতর্ক ও সচেতন হলে প্রকল্প ব্যয় কমে, দ্রুত অর্থনৈতিক উন্নয়নও হয়: রাজধানীর একটি হোটেলে বিশ্বব্যাংক আয়োজিত 'প্রমোটিং অ্যাউন্টেবিলিটি অ্যান্ড ইন্টেগ্রেটি ইন গভর্নমেন্ট স্পেডিং' শীর্ষক গোলটেবিল বৈঠকে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। দৈনিক ইত্তেফাক, ১৮ নভেম্বর
- গোপালগঞ্জ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যবিরোধী আন্দোলনের সময় শিক্ষার্থীদের ওপর হামলার অভিযোগে ছয় শিক্ষার্থী বহিষ্কার। প্রথম আলো, ১৮ নভেম্বর
- চট্টগ্রামের পাথরঘাটা ব্রিকফিল্ড রোডে একটি পাঁচতলা ভবনের নিচতলায় গ্যাস সিলিন্ডার বিস্ফোরণ: পথচারী নারী ও শিশুসহ সাতজন নিহত, আহত ১৫। দৈনিক ইত্তেফাক, ১৮ নভেম্বর
- বিয়েবাড়ির খাবার খেয়ে মুন্সীগঞ্জের সদর উপজেলার বাগেশ্বর গ্রামে ৪০ জন অতিথি অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি। দৈনিক ইত্তেফাক, ১৮ নভেম্বর
- যুক্তরাষ্ট্র ও দক্ষিণ কোরিয়ার যৌথ সামরিক মহরা স্থগিত। দৈনিক ইত্তেফাক, ১৮ নভেম্বর
- চীনপন্থি গোতাবায়া রাজাপক্ষ শ্রীলঙ্কার নতুন প্রেসিডেন্ট নির্বাচিত। দৈনিক ইত্তেফাক, ১৮ নভেম্বর

**১৮ নভেম্বর**

- তৈরি পোশাক, তথ্যপ্রযুক্তি এবং বিশেষ অর্থনৈতিক অঞ্চলে সরকারি ও বেসরকারি পর্যায়ে ইউএইর উদ্যোক্তাদের আরও বড়ো আকারের বিনিয়োগের আহ্বান প্রধানমন্ত্রী শেখ হাসিনার। সংযুক্ত আরব আমিরাতে বাংলাদেশ দূতাবাস আয়োজিত সংবর্ধনা ও নৈশভোজ অনুষ্ঠানে তিনি এই আহ্বান জানান। দৈনিক ইত্তেফাক, ১৯ নভেম্বর



- নতুন সড়ক পরিবহণ আইন সংশোধনসহ ১০ দফা দাবিতে দেশের বিভিন্ন জেলায় অনির্দিষ্টকালের জন্য পরিবহণ ধর্মঘট পালিত। দৈনিক ইত্তেফাক, ১৯ নভেম্বর
- নকশা না মেনে রাজধানীর নিকেতনে বাড়ি নির্মাণ করায় নায়ক শাকিব খানকে ১০ লাখ টাকা জরিমানা রাজউক উন্নয়ন কর্তৃপক্ষের। দৈনিক ইত্তেফাক, ১৯ নভেম্বর
- বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্র আবরার ফাহাদ হত্যা মামলার অভিযোগপত্র গ্রহণ করে পলাতক চার আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি আদালতের। দৈনিক ইত্তেফাক, ১৯ নভেম্বর
- সমঝোতা চুক্তিতে আইনি সুরক্ষাব্যবস্থা না করে সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের পাঁচটি দেশে (ইরাক, সিরিয়া, জর্ডান ও লেবানন) নারী শ্রমিক পাঠানো বন্ধের নির্দেশ চেয়ে হাইকোর্টে রিট আবেদন। দৈনিক ইত্তেফাক, ১৯ নভেম্বর
- বন্দুক হামলায় যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া ও ওকলাহোমায় চার এশীয়সহ সাতজন নিহত। দৈনিক ইত্তেফাক, ১৯ নভেম্বর
- ভারতের নতুন প্রধান বিচারপতি হিসেবে শপথ নিলেন শরদ অরবিন্দ বোরদে। দৈনিক জনকণ্ঠ, ১৯ নভেম্বর
- হংকং পলিটেকনিক ইউনিভার্সিটি ক্যাম্পাসে পুলিশের সঙ্গে গণতন্ত্রপন্থি শিক্ষার্থীদের সংঘর্ষ, আহত ৩৮। দৈনিক জনকণ্ঠ, ১৯ নভেম্বর

**১৯ নভেম্বর**

- দুবাই এয়ার শো-২০১৯ এবং অন্যান্য কর্মসূচিতে অংশ নিয়ে সংযুক্ত আরব আমিরাতে চারদিনের সরকারি সফর শেষে দেশে ফিরেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো, ২০ নভেম্বর
- দুর্নীতির মামলায় বিএনপি নেতা মীর মোহাম্মদ নাসির উদ্দিনকে বিচারিক আদালতে দেওয়া ১৩ বছরের সাজা বহাল রেখেছেন হাইকোর্ট। একই মামলায় তার ছেলে মীর মোহাম্মদ হেলালউদ্দিনকে দেওয়া তিন বছরের কারাদণ্ডও বহাল। দৈনিক ইত্তেফাক, ২০ নভেম্বর
- নতুন সড়ক আইন সংশোধনসহ ১০ দফা দাবিতে দেশের বিভিন্ন জেলায় পরিবহণ ধর্মঘট পালিত। দৈনিক ইত্তেফাক, ২০ নভেম্বর

- রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষকে লাঞ্ছনা এবং পুকুরে ফেলে দেওয়ার ঘটনায় মূলহোতাসহ পাঁচ আসামি গ্রেফতার। দৈনিক ইত্তেফাক, ২০ নভেম্বর
- চট্টগ্রাম কলেজ রোড শাখা ও আগ্রবাদের শেখ মুজিব রোডের বুথ এবং কুমিল্লার কান্দিরপাড় বুথ থেকে জালিয়াতির মাধ্যমে পূবালী ব্যাংকের ৯ লাখ টাকা লুট। দৈনিক ইত্তেফাক, ২০ নভেম্বর
- পেট্রোলের মূল্য বৃদ্ধির প্রতিবাদে ইরানে অনুষ্ঠিত বিক্ষোভে অনেক লোক নিহত হয়েছে বলে জাতিসংঘের আশঙ্কা। দৈনিক ইত্তেফাক, ২০ নভেম্বর
- চীনের শানজি প্রদেশে এক কয়লার খনিতে বিস্ফোরণ: ১৫ জন নিহত। প্রথম আলো, ২০ নভেম্বর
- ইসরাইলের দখলকৃত ফিলিস্তিনের পশ্চিম তীর নিয়ে অবস্থান পালটে সেখানে তেল আবিবের বসতি স্থাপনকে আন্তর্জাতিক আইনের সঙ্গে 'অসামঞ্জস্যপূর্ণ নয়' বলে মন্তব্য যুক্তরাষ্ট্রের। দৈনিক ইত্তেফাক, ২০ নভেম্বর

**২০ নভেম্বর**

- তরুণ প্রজন্মের শারীরিক ও মানসিক বিকাশে খেলাধুলার ওপর গুরুত্বারোপ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গণভবনে 'শেখ রাসেল আন্তর্জাতিক ক্লাব কাপ টেনিস টুর্নামেন্ট-২০১৯'-এর অংশগ্রহণকারী বিভিন্ন দেশের প্রতিনিধি এবং কূটনীতিকদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। দৈনিক ইত্তেফাক, ২১ নভেম্বর
- রোহিঙ্গাদের বাংলাদেশে আশ্রয় দিয়ে যে মানবিকতার পরিচয় দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সেজন্য তাঁর শান্তিতে নোবেল পুরস্কার পাওয়া উচিত বলে মনে করেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তুরস্কে সফররত দেশটির গ্রান্ড ন্যাশনাল অ্যাসেম্বলির স্পিকার মুস্তফা সেন্তোপের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে তিনি এ মন্তব্য করেন। দৈনিক ইত্তেফাক, ২১ নভেম্বর
- স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের আশ্বাসের পরিপ্রেক্ষিতে নতুন সড়ক পরিবহণ আইন সংশোধনের দাবিতে অনির্দিষ্টকালের জন্য ডাকা



কর্মবিরতি প্রত্যাহার করেছে বাংলাদেশ ট্রাক কাভার্ডভ্যান পণ্য পরিবহণ মালিক-শ্রমিক ঐক্য পরিষদ। দৈনিক ইত্তেফাক, ২১ নভেম্বর

- বিমানে করে পাকিস্তান থেকে পেঁয়াজের প্রথম চালান এলো শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে। দৈনিক ইত্তেফাক, ২১ নভেম্বর
- বেআইনিভাবে আমেরিকায় প্রবেশের অভিযোগে ১৪০ জন ভারতীয়কে বিশেষ বিমানে ফেরত পাঠাল যুক্তরাষ্ট্র। দৈনিক ইত্তেফাক, ২১ নভেম্বর
- উত্তর কোরিয়ার উপপররাষ্ট্রমন্ত্রী চো চন হুই বলেছেন, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে বৈঠকে আগ্রহ নেই তার দেশের। মস্কোতে রুশ কর্মকর্তাদের সঙ্গে বৈঠকের পর তিনি এ কথা বলেন। দৈনিক ইত্তেফাক, ২১ নভেম্বর
- সিরিয়ায় ইসরাইলি বিমান হামলায় ৭ বিদেশিসহ ১১ জন নিহত। প্রথম আলো, ২১ নভেম্বর
- হংকংয়ে মানবাধিকার ও গণতন্ত্রের প্রতি সমর্থনে একটি প্রস্তাব যুক্তরাষ্ট্রের কংগ্রেসের উচ্চকক্ষ সিনেটে পাস। প্রথম আলো, ২১ নভেম্বর

**২১ নভেম্বর**

- ঢাকা সেনানিবাসে আর্মি মাল্টিপারপাস কমপ্লেক্সে সশস্ত্রবাহিনীর শান্তিকালীন সেনা, নৌ ও বিমানবাহিনী পদক এবং অসামান্য সেবা পদকপ্রাপ্ত সদস্যদের পদক পরিয়ে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২২ নভেম্বর
- সড়কে শৃঙ্খলা ফিরিয়ে আনতে না পারলে, আর যদি আমাদের সন্তানরা আবার রাস্তায় নামে, তাহলে আমাদের পিঠের চামড়া থাকবে না: রাজধানীর রাজারবাগ পুলিশ লাইনস অডিটোরিয়ামে ট্রাফিক সচেতনতা পক্ষ উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা মহানগর পুলিশের কমিশনার শফিকুল ইসলাম। দৈনিক ইত্তেফাক, ২২ নভেম্বর
- স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে পরিবহণ মালিক-শ্রমিকদের বৈঠকে ধর্মঘট প্রত্যাহারের সিদ্ধান্ত হলেও সারাদেশে বাস চলাচল পুরোপুরি স্বাভাবিক হয়নি। দৈনিক ইত্তেফাক, ২২ নভেম্বর
- ঘুস গ্রহণ, প্রতারণা এবং বিশ্বাসভঙ্গের অভিযোগে ইসরাইলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর বিরুদ্ধে তিনটি পৃথক অভিযোগ গঠন। দৈনিক ইত্তেফাক, ২২ নভেম্বর

- সরকারি বাহিনীর বোমাবর্ষণে সিরিয়ার ইদলিব প্রদেশে একটি অস্থায়ী শিবিরে ৬ শিশুসহ ১৫ জন নিহত, আহত ৪০। প্রথম আলো, ২২ নভেম্বর
- ইন্টারন্যাশনাল চিলড্রেন পিস প্রাইজ পেল সুইডিশ কিশোরী পরিবেশকর্মী গ্রেটা থুনবার্গ। জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে কাজের স্বীকৃতি হিসেবে সে এই পুরস্কার পেল। প্রথম আলো, ২৩ নভেম্বর

**২২ নভেম্বর**

- কলকাতার ইডেন গার্ডেনে বাংলাদেশে-ভারত প্রথম দিবারাত্রি টেস্ট ম্যাচ উপভোগ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো, ২৩ নভেম্বর
- ভারত মুক্তিযুদ্ধের সময় আমাদের পাশে ছিল। এই কলকাতাই এক কোটি শরণার্থীকে আশ্রয় দিয়েছিল, তা আমরা কোনোদিন ভুলিনি। ভারতের কলকাতায় তাজবেঙ্গল হোটেলে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে এক বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৩ নভেম্বর
- বিএ পরীক্ষায় জালিয়াতির আশ্রয় নিয়ে দলের সুনাম ক্ষুণ্ন করায় নরসিংদীর সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য তামান্না নুসরাত বুবলীকে আওয়ামী লীগ থেকে বহিষ্কার। দৈনিক ইত্তেফাক, ২৩ নভেম্বর
- মুন্সীগঞ্জের শ্রীনগর উপজেলায় একটি বাস ও বরযাত্রীবাহী মাইক্রোবাসে মখোমুখি সংঘর্ষে ১০ জন নিহত। প্রথম আলো, ২৩ নভেম্বর
- বুয়েট ছাত্র আবরার ফাহাদ হত্যাকাণ্ডের ৪৭ দিন পর এ ঘটনায় ২৬ ছাত্রকে আজীবনের জন্য বহিষ্কার করল বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)। দৈনিক ইত্তেফাক, ২৩ নভেম্বর
- ভারতের ২১ বছরের তরুণ মায়াঙ্ক প্রতাপ সিংহ এখন দেশটির ইতিহাসের সর্বকনিষ্ঠ বিচারপতি। দৈনিক ইত্তেফাক, ২৩ নভেম্বর
- সিরিয়ায় ২০১১ সাল থেকে শুরু হওয়া যুদ্ধে এই পর্যন্ত ২৯ হাজারেরও বেশি শিশু নিহত। দৈনিক ইত্তেফাক, ২৩ নভেম্বর
- সন্ত্রাসীদের গুলিতে লন্ডনে সিলেটের বিশ্বনাথের কৃতীসন্তান হিরণ আলী হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। দৈনিক ইত্তেফাক, ২৩ নভেম্বর



**২৩ নভেম্বর**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেন, বাংলাদেশের জন্য অন্যতম বড়ো চ্যালেঞ্জ হচ্ছে শিক্ষার গুণগত মান নিশ্চিত করা। উচ্চশিক্ষা যাতে কোনোক্রমেই সনদসর্বস্ব না হয়, তা নিশ্চিত করতে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান। ঢাকা আর্মি স্টেডিয়ামে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ১৩তম সমাবর্তন অনুষ্ঠানে জাতিসংঘের সাবেক মহাসচিব বান কি মুনকে বিশ্ববিদ্যালয়ের ক্রেস্ট প্রদানকালে রাষ্ট্রপতি এই কথা বলেন। প্রথম আলো, ২৪ নভেম্বর
- চলার পথে যদি কেউ বিপথে যায় এবং সন্ত্রাস ও দুর্নীতির সঙ্গে জড়ায়, সে যে-ই হোক, আমি তাদের ছাড়ব না। রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে বাংলাদেশ আওয়ামী যুবলীগের সপ্তম জাতীয় কংগ্রেসের উদ্‌বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো, ২৪ নভেম্বর
- কক্সবাজারে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের হাতে অস্ত্র জমা দিয়ে স্বাভাবিক জীবনে ফেরার প্রতিশ্রুতি দিয়েছে মহেশখালী, কুতুবদিয়া, পেকুয়া ও চকরিয়ার ৯৬ জলদস্যু। দৈনিক ইত্তেফাক, ২৪ নভেম্বর
- সপ্তম জাতীয় কংগ্রেসে শেখ ফজলে শামস পরশ বিনা প্রতিদ্বন্দ্বিতায় যুবলীগের চেয়ারম্যান নির্বাচিত। একই সঙ্গে সাধারণ সম্পাদকের দায়িত্ব পেয়েছেন সংগঠনটির ঢাকা মহানগর উত্তরের সভাপতি মাইনুল হোসেন খান নিখিল। দৈনিক ইত্তেফাক, ২৪ নভেম্বর
- রোহিঙ্গাদের নিজ দেশে নিরাপদ ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসন নিশ্চিত করতে এবং সংকট কাটাতে একটি রাজনৈতিক সমাধান প্রয়োজন: ঢাকায় একটি হোটেলে পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেনের সঙ্গে এক বৈঠকে জাতিসংঘের সাবেক মহাসচিব বান কি মুন। দৈনিক ইত্তেফাক, ২৪ নভেম্বর
- বিশিষ্ট সংগীত গবেষক ও বাংলাদেশ শিল্পকলা একাডেমির সাবেক মহাপরিচালক মোবারক হোসেন খানের (৮৪) ইন্তেকাল।
- বিশ্বে অস্থিরতার জন্য যুক্তরাষ্ট্রই সবচেয়ে দায়ী বলে চীনের অভিযোগ। চীনের পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে এই অভিযোগ করেন। দৈনিক ইত্তেফাক, ২৪ নভেম্বর
- তুমুল বর্ষণে সৃষ্ট ভয়াবহ ভূমিধসে কেনিয়ার ওয়েস্ট পকোট কাউন্টিতে ২৪ জনের মৃত্যু। প্রথম আলো, ২৪ নভেম্বর

- সরকারবিরোধী বিক্ষোভ ঠেকানোর জন্য দক্ষিণ আমেরিকার দেশ কলম্বিয়ার রাজধানী বোগোটায় কারফিউ জারি। প্রথম আলো, ২৪ নভেম্বর

**২৪ নভেম্বর**

- সরকার ২০৪১ সাল নাগাদ বাংলাদেশকে দক্ষিণ এশিয়ার মধ্যে একটি উন্নত ও সমৃদ্ধ দেশ হিসেবে গড়ে তোলার জন্য ২০ বছর মেয়াদি দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা বাস্তবায়ন করবে: প্রধানমন্ত্রীর কার্যালয়ে 'বংলাদেশের দ্বিতীয় পেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১) রূপকল্প ২০৪১ বাস্তবায়ন' শীর্ষক উপস্থাপনা দেখার আগে সূচনা বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৫ নভেম্বর
- ঢাকার আদাবর থানার অস্ত্র মামলায় ঢাকা মহানগর যুবলীগ দক্ষিণের সাবেক সাধারণ সম্পাদক ওয়াহিদুল আলম ভূঁইয়ার তিনদিনের রিমান্ড মঞ্জুর। প্রথম আলো, ২৫ নভেম্বর
- প্রখ্যাত সংগীত গবেষক, সাহিত্যিক মোবারক হোসেন খানের ইন্তেকাল। প্রথম আলো, ২৫ নভেম্বর
- গাজীপুরের শ্রীপুর উপজেলায় জৈনাবাজারে দুটি জুয়েলারি দোকানে ডাকাতির ঘটনায় জড়িত ১০ ডাকাত গ্রেফতার, ৪৩ ভরি স্বর্ণালংকার উদ্ধার। দৈনিক ইত্তেফাক, ২৫ নভেম্বর
- নিরাপত্তাবাহিনীর গুলিতে ইরাকের রাজধানী বাগদাদে সাত বিক্ষোভকারী নিহত। দৈনিক ইত্তেফাক, ২৫ নভেম্বর
- ইসরাইলের বেঞ্জামিন নেতানিয়াহুকে প্রধানমন্ত্রীর পদ থেকে সরাতে সুপ্রিমকোর্টে ওয়াচ ডগ গ্রুপের আবেদন। দৈনিক ইত্তেফাক, ২৫ নভেম্বর
- উড়োজাহাজ বিধ্বস্ত হয়ে গণপ্রজাতান্ত্রিক কঙ্গোতে ২৩ জনের মৃত্যু। প্রথম আলো, ২৫ নভেম্বর

**২৫ নভেম্বর**

- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কিশোরকাল নিয়ে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রীর লেখা 'ছোটদের বঙ্গবন্ধু' বইটির গণভবনে আয়োজিত এক অনুষ্ঠানে মোড়ক উন্মোচন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৬ নভেম্বর



- সাগরে জলদস্যুতার অপরাধে সর্বোচ্চ যাবজ্জীবন কারাদণ্ডের বিধান রেখে 'বাংলাদেশ মেরিটাইম অঞ্চল আইন-২০১৯' এর খসড়া মন্ত্রিসভায় অনুমোদন। প্রথম আলো, ২৬ নভেম্বর
- বকেয়া মজুরি পরিশোধ, মজুরি কমিশন বাস্তবায়ন, পাবলিক প্রাইভেট পার্টনারশিপ বাতিল, শ্রমিকদের সাপ্তাহিক মজুরি নিয়মিত পরিশোধসহ ১১ দফা দাবিতে রাষ্ট্রায়াত্ত পাটকল শ্রমিকদের দেশের বিভিন্ন স্থানে বিক্ষোভ। দৈনিক ইত্তেফাক, ২৬ নভেম্বর
- চাঁপাইনবাবগঞ্জের নাচোলে নেতৃত্ব নিয়ে কোন্দলের জেরে নিষিদ্ধ জঙ্গি সংগঠন জামাআতুল মুজাহিদীন বাংলাদেশের নেতা রুহুল আমীন ওরফে সালমান হত্যা মামলায় তিনজনের মৃত্যুদণ্ড ও এক লাখ টাকা করে জরিমানা। প্রথম আলো, ২৬ নভেম্বর।
- বিদেশ থেকে গত ১০ বছরে দেশে ফিরেছে ২৬ হাজার ৭৫২ জন নারী কর্মীর লাশ। এ বছর ৯ মাসেই দেশে ফিরছে প্রায় ৩ হাজার নারী কর্মীর লাশ। জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে 'নারী শ্রমিক কণ্ঠ' নেতৃবৃন্দ এ তথ্য দেন। দৈনিক ইত্তেফাক, ২৬ নভেম্বর
- একুশে পদকপ্রাপ্ত কবি ও স্থপতি রবিউল হুসাইন (৭৬) ইন্তেকাল। প্রথম আলো, ২৬ নভেম্বর
- ভারতের সুপ্রিমকোর্ট ফের দিল্লির বায়ুদূষণ নিয়ে কোনো পদক্ষেপ না নেওয়ায় সরকারকে ভর্ৎসনা করেছেন। দৈনিক ইত্তেফাক, ২৬ নভেম্বর
- হংকংয়ে স্থানীয় নির্বাচনে গণতন্ত্রপন্থিরা তথা চীনবিরোধীদের বিশাল জয়। সেখানকার ১৮টি ডিস্টিক্ট কাউন্সিলের মধ্যে ১৭টিতেই জিতেছেন গণতন্ত্রপন্থি প্রার্থীরা। দৈনিক ইত্তেফাক, ২৬ নভেম্বর
- চীনের বন্দিশিবিরে লাখ লাখ মুসলমানকে কৌশলে করা হচ্ছে মগজধোলাই। সঙ্গে চলছে নিপীড়ন-নির্যাতন। ফাঁস হওয়া নতুন নথিতে উইঘুর নির্যাতনের এসব তথ্য উঠে এসেছে। প্রথম আলো, ২৬ নভেম্বর

**২৬ নভেম্বর**

- সশস্ত্রবাহিনী দিবস উপলক্ষ্যে বঙ্গভবনে এক ভোজ অনুষ্ঠানে বহিনীর প্রত্যেক সদস্যকে সামরিক জীবনের তথ্যপ্রযুক্তি (আইটি) সুবিধাগুলো যথাযথভাবে কাজে লাগানোর জন্য রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের আহ্বান। প্রথম আলো, ২৭ নভেম্বর

- রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে 'একনেকের সভায় মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন ২০০৯ থেকে ২০১৯' বইয়ের মোড়ক উন্মোচন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৭ নভেম্বর
- ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, গাজীপুর ও মানিকগঞ্জে অবৈধভাবে গড়ে ওঠা সব ভাঁটা বন্ধের নির্দেশ হাইকোর্টের। দুই সপ্তাহের মধ্যে মোবাইল কোর্ট পরিচালনা করে এই আদেশ বাস্তবায়ন করতে বলা হয়। দৈনিক ইত্তেফাক, ২৭ নভেম্বর
- ঢাকা সেনানিবাসের আর্মি মাল্টিপারপাস কমপ্লেক্সে মহান স্বাধীনতাযুদ্ধে অবদানের জন্য সেনাবাহিনীর খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও তাদের নিকটাত্মীয়দের উপহারসামগ্রী প্রদান করেন সেনাবাহিনীর প্রধান জেনারেল আজিজ আহমেদ। দৈনিক ইত্তেফাক, ২৭ নভেম্বর
- কবি ও স্থপতি রবিউল হাসানের ইন্তেকাল। প্রথম আলো, ২৭ নভেম্বর
- পশ্চিম আফ্রিকার দেশ মালিতে দুইটি হেলিকপ্টারের মধ্যে সংঘর্ষ: ১৩ ফরাসি সেনা নিহত। দৈনিক ইত্তেফাক, ২৭ নভেম্বর
- মিয়ানমারের কাছে রাসায়নিক অস্ত্র থাকতে পারে বলে যুক্তরাষ্ট্রের আশঙ্কা। ওয়াশিংটনে মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের ডেপুটি অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি অব স্টেট থমাস ডিন্যানো এই কথা বলেন। দৈনিক ইত্তেফাক, ২৭ নভেম্বর

**২৭ নভেম্বর**

- মুক্তিযোদ্ধাদের কল্যাণে মুক্তিযুদ্ধ মন্ত্রণালয় গৃহীত চারটি প্রকল্পের কাজ দ্রুততম সময়ে সম্পন্ন করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ। প্রধানমন্ত্রীর কার্যালয়ে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রালয়ের এই চারটি প্রকল্পের পাওয়ার পয়েন্ট উপস্থাপনা প্রত্যক্ষকালে তিনি এই নির্দেশ দেন। দৈনিক ইত্তেফাক, ২৮ নভেম্বর
- প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ফ্রান্সের নবনিযুক্ত রাষ্ট্রদূত জ্যান ম্যারিন শুহ। দৈনিক ইত্তেফাক, ২৮ নভেম্বর
- বিশ্বজুড়ে নানা আয়োজনের মধ্য দিয়ে উদ্‌যাপিত হবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী। ইউনেস্কোর সদর দপ্তর প্যারিসে অনুষ্ঠিত ইউনেস্কোর ৪০তম সাধারণ অধিবেশনে সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্ত গৃহীত। দৈনিক ইত্তেফাক, ২৮ নভেম্বর



- প্রায় সাড়ে তিন বছর আগে গুলশানের হলি আর্টিজানে নারকীয় জঙ্গি হামলায় সাত জঙ্গির ফাঁসি। দৈনিক ইত্তেফাক, ২৮ নভেম্বর
- ইরানে সরকারবিরোধী বিক্ষোভে দুই লাখ মানুষের অংশগ্রহণ, যা ৪০ বছরের ইতিহাসে সবচেয়ে বড়ো বিক্ষোভ। এই সময় সাত হাজার বিক্ষোভকারীকে গ্রেফতার করা হয়, এর মধ্য আটজন মার্কিন গোয়েন্দা সংস্থার লোক। দৈনিক ইত্তেফাক, ২৮ নভেম্বর
- যুক্তরাজ্যের একটি লরি থেকে ৩৯ অভিবাসীপ্রত্যাশীর লাশ উদ্ধার। নিহত ব্যক্তিদের অধিকাংশই ছিল ভিয়েতনামের নাগরিক। প্রথম আলো, ২৮ নভেম্বর
- ফিলিস্তিনের গাজায় হামাসের সামরিক অবস্থান লক্ষ্য করে ইসরাইলের বিমান হামলা। প্রথম আলো, ২৮ নভেম্বর

**২৮ নভেম্বর**

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সৌজন্য সাক্ষাৎ। সাক্ষাতের সময় প্রধানমন্ত্রী ২৫-২৬ অক্টোবর আজারবাইজানের বাকুতে জোট নিরপেক্ষ আন্দোলন ন্যামের অষ্টাদশ শীর্ষ সম্মেলন, ১৬-১৯ নভেম্বর আরব আমিরাতের দুবাই এয়ার শো এবং ২২ নভেম্বর ভারতের কলকাতায় বাংলাদেশ-ভারত প্রথম দিবারাত্রি টেস্ট ম্যাচ উদ্‌বোধন উপলক্ষ্যে রাষ্ট্রপতিকে অবহিত করেন। দৈনিক ইত্তেফাক, ২৯ নভেম্বর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সৌজন্য সাক্ষাৎ করেন সৌদি আর্মড ফোর্সেসের চিফ অব জেনারেল স্টাফ এইচই জেনারেল ফাহাদ হামেদ আল রুয়ালি। দৈনিক ইত্তেফাক, ২৯ নভেম্বর
- শুধু পার্বত্য চট্টগ্রাম নয়, বাংলাদেশের একটি ঘরও অন্ধকার থাকবে না। প্রতিটি ঘরে বিদ্যুতের আলো জ্বলবে। গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে চারটি উন্নয়ন প্রকল্প উদ্‌বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৯ নভেম্বর
- মার্শাল দ্বীপপুঞ্জ প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট হিল্ডা সি হেইনে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফোন করেন। এই সময় দুই নেতা ফোনে কুশলবিনিময় করেন। দৈনিক ইত্তেফাক, ২৯ নভেম্বর

- গাইবান্ধা-১ আসনের আওয়ামী লীগ দলীয় এমপি মঞ্জুরুল ইসলাম লিটনকে গুলি করে হত্যার দায়ে জাতীয় পার্টি (এরশাদ) থেকে নির্বাচিত সাবেক এমপি অবসরপ্রাপ্ত কর্নেল ডা. আবদুল কাদের খানসহ সাতজনের ফাঁসির রায় আদালতের। দৈনিক ইত্তেফাক, ২৯ নভেম্বর
- যৌন হয়রানির শিকার ফেনীর সোনাগাজীর মাদ্রাসাছাত্রী নুসরাত জাহান রাফির বক্তব্যের ভিডিয়ো ধারণ ও প্রচারের দায়ে বরখাস্তকৃত ওসি মোয়াজ্জেম হোসেনকে ডিজিটাল নিরাপত্তা আইনে আট বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছেন ঢাকার সাইবার ট্রাইব্যুনাল। দৈনিক ইত্তেফাক, ২৯ নভেম্বর
- আবরার ফাহাদ হত্যা মামলার আসামিদের পর এবার বিভিন্ন সময় র‍্যাগিংয়ে জড়িত ২৬ শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে বহিষ্কার করেছে বুয়েট কর্তৃপক্ষ। দৈনিক ইত্তেফাক, ২৯ নভেম্বর
- মিয়ানমারের রাখাইন রাজ্যে সংখ্যালঘু মুসলিম রোহিঙ্গাদের ওপর দেশটির সেনাবাহিনীর চালানো নৃশংসতার নিন্দা জানায় ইসরাইল এক বিবৃতিতে। দৈনিক ইত্তেফাক, ২৯ নভেম্বর
- হংকংয়ের গণতন্ত্রপন্থিদের আন্দোলনে সমর্থন দিয়ে আইন পাসের পক্ষে আনা বিলে সই করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। দৈনিক ইত্তেফাক, ২৯ নভেম্বর
- মানি লন্ডারিংয়ের অভিযোগে মালদ্বীপের সাবেক প্রেসিডেন্ট আবদুল্লাহ ইয়াসিনকে পাঁচ বছরের কারাদণ্ড দিয়েছেন আদালত। প্রথম আলো, ২৯ নভেম্বর

**২৯ নভেম্বর**

- নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যবৃদ্ধির চক্রান্ত চলছে। এ ব্যাপারে সতর্ক থাকার পাশাপাশি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গণভবনে আওয়ামী লীগের স্থানীয় সরকার মনোনয়ন বোর্ডের বৈঠকে তিনি এই নির্দেশ দেন। দৈনিক ইত্তেফাক, ৩০ নভেম্বর
- বাংলাদেশ কমিউনিস্ট পার্টির (সিপিবি) সাবেক সভাপতি মঞ্জুরুল আহসান খানসহ বিভিন্ন স্থানে দলটির নেতাকর্মীদের ওপর হামলা ও



গ্রেফতারের ঘটনায় এক যুক্ত বিবৃতিতে প্রতিবাদ জানিয়েছে বাম গণতান্ত্রিক জোট। দৈনিক ইত্তেফাক, ৩০ নভেম্বর

- বিএনপির প্রশিক্ষণবিষয়ক সম্পাদক এবিএম মোশাররফ হোসেনসহ পাঁচ নেতাকর্মী জাতীয় প্রেস ক্লাব এলাকা থেকে গ্রেফতার। প্রথম আলো, ৩০ নভেম্বর
- আকস্মিকভাবেই আফগানিস্তান সফর করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। দেশটিতে অবস্থানরত মার্কিন সেনাদের সঙ্গে থ্যাংকস গিভিং ছুটি উদ্‌যাপনে তিনি এই সফর করেন। পরে বাগরাম বিমানঘাঁটিতে আফগান প্রেসিডেন্ট আশরাফ ঘানির সঙ্গে তিনি বৈঠকে মিলিত হন। দৈনিক ইত্তেফাক, ৩০ নভেম্বর
- কঠোর বিক্ষোভের মুখে পদত্যাগের ঘোষণা দিলেন ইরাকের প্রধানমন্ত্রী আদেল আবদুল মাহদি। দৈনিক ইত্তেফাক, ৩০ নভেম্বর
- যুক্তরাজ্যের লন্ডন ব্রিজে এক ব্যক্তির উপর্যুপরি ছুরিকাঘাতে দুজন নিহত এবং কয়েকজন আহত। পরে পুলিশের গুলিতে নিহত হয় হামলাকারী। প্রথম আলো, ৩০ নভেম্বর

**৩০ নভেম্বর**

- শিক্ষকরা প্রশাসনের বিভিন্ন পদপদবি পাওয়ার লোভে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমে ঠিকমতো অংশ না নিয়ে বিভিন্ন লবিংয়ে ব্যস্ত থাকেন: রাজশাহী বিশ্ববিদ্যালয়ের স্টেডিয়ামে অনুষ্ঠিত একাদশ সমাবর্তনে সভাপতির বক্তব্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। দৈনিক ইত্তেফাক, ১ ডিসেম্বর
- চুরির টাকা দিয়ে ভোগবিলাস জীবন কাটানো সরকার সহ্য করবে না। ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলনের উদ্‌বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১ ডিসেম্বর
- আদর্শগত বিরোধের জেরে ভেঙে গেল বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি। পার্টির দশম কংগ্রেস বর্জন করা নেতারা ২৯–৩০ নভেম্বর যশোরে বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির মতাদর্শ রক্ষা সমন্বয় কমিটির ব্যানারে

জাতীয় সম্মেলন করে ১১ সদস্যের নতুন কমিটি গঠন করে। দলের সভাপতি নূরুল আহসান ও সাধারণ সম্পাদক হয়েছেন ইকবাল কবির জাহিদ। দৈনিক ইত্তেফাক, ১ ডিসেম্বর

- ১১ দফা দাবিতে নৌযান শ্রমিকদের ডাকা অনির্দিষ্টকাল ধর্মঘটে অচল নৌপথ। দৈনিক ইত্তেফাক, ১ ডিসেম্বর
- সাতক্ষীরার কালীগঞ্জে বিকাশ এজেন্টের ২৬ লাখ টাকা ছিনতাই মামলার দুই আসামি সাতক্ষীরার বাইপাস সড়কের কামালগঞ্জ এলাকায় পুলিশের সঙ্গে 'বন্দুক যুদ্ধে' নিহত। দৈনিক ইত্তেফাক, ১ ডিসেম্বর
- পাকিস্তানের উত্তর সীমান্তে ইসরাইলের তৈরি ট্যাংকবিধ্বংসী ক্ষেপণাস্ত্র মোতায়েন করেছে ভারত। দৈনিক ইত্তেফাক, ১ ডিসেম্বর
- যুক্তরাজ্যের আসন্ন নির্বাচনে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ট ট্রাম্পকে নাক না গলানোর জন্য প্রধানমন্ত্রী বরিস জনসনের অনুরোধ। প্রথম আলো, ১ ডিসেম্বর

## ডিসেম্বর

### ১ ডিসেম্বর

- গানে বলেছে মানুষ দানব হতে পারে না; কিন্তু বাংলাদেশের মানুষই এখন দানব হয়ে যাচ্ছে। এর থেকে মানুষকে ফেরাতে হবে। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পঞ্চম সমবর্তন অনুষ্ঠানে দেওয়া ভাষণে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। দৈনিক ইত্তেফাক, ২ ডিসেম্বর
- স্পেনের রাজধানী মাদ্রিতে জলবায়ু পরিবর্তন বিষয়ে 'রাষ্ট্র ও সরকারপ্রধানদের ২৫তম শীর্ষ সম্মেলন' (কপ-২৫)–এ যোগ দিতে তিনদিনের সরকারি সফরে স্পেনে পৌঁছান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২ ডিসেম্বর
- ১৯৭৫ সালে বঙ্গবন্ধুকে হত্যার পর রাজনৈতিক অপশক্তির প্রভাবে দেশে ধর্মান্ধ ও প্রতিক্রিয়াশীল বিভিন্ন চক্রের উদ্ভব ঘটে: গাজীপুর জেলা আইনজীবী সমিতির উদ্যোগে জেএমবির বোমা হামলায় শহিদ আইনজীবীদের স্মরণে এক আলোচনাসভায় প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন। দৈনিক ইত্তেফাক, ২ ডিসেম্বর



- ঢাকার বিমানবন্দর সড়কে বেপরোয়া যান চালানোর কারণে শহিদ রমিজউদ্দীন ক্যান্টনমেন্ট কলেজের দুই শিক্ষার্থী রাজিব ও মিমের মৃত্যুর ঘটনার মামলায় বাসের দুই চালক ও এক সহকারীকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। পাশাপাশি ৫০ হাজার টাকা জরিমানা এবং অনাদায়ে আরও ছয় মাসের কারাদণ্ড দেওয়া হয়েছে। প্রথম আলো, ২ ডিসেম্বর
- তেল বিক্রির কমিশন বৃদ্ধিসহ ১৫ দফা দাবিতে পেট্রোল পাম্প ও ট্যাংক লরি মালিক-শ্রমিকদের অনির্দিষ্টকালের ধর্মঘটে রংপুর, খুলনা ও রাজশাহী বিভাগে জ্বালানি তেল বিক্রি বন্ধ। দৈনিক ইত্তেফাক, ২ ডিসেম্বর
- শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালের যন্ত্রপাতি কেনাকাটায় অনিয়ম ও শতকোটি টাকা আত্মসাতের অভিযোগ অনুসন্ধানে ওই হাসপাতালের পরিচালক ডা. উত্তম কুমার বড়ুয়াকে দুর্নীতি দমন কমিশনে (দুদক) তলব। দৈনিক ইত্তেফাক, ২ ডিসেম্বর
- মেক্সিকোতে নিরাপত্তা বাহিনীর সঙ্গে মাদক পাচারকারীদের বন্দুকযুদ্ধে ২১ জন নিহত। সাত বন্দুকধারীকে গুলি করে হত্যা করে পুলিশ। এই যুদ্ধে পুলিশেরও চার সদস্য নিহত হন। দৈনিক ইত্তেফাক, ২ ডিসেম্বর
- বিমান বিধ্বস্ত হয়ে যুক্তরাষ্ট্রের সাউথ ডাকোটায় ৯ আরোহী নিহত। সাউথ ডাকোটার শেইমবারলিনে ঘটনাটি ঘটে। দৈনিক জনকণ্ঠ, ২ ডিসেম্বর

### ২ ডিসেম্বর

- জলবায়ু পরিবর্তন মোকাবিলায় এখন থেকেই কাজ শুরু করে ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি বাসযোগ্য পৃথিবী গড়ে তুলতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান। স্পেনের ফেরিয়া দ্যা মাদ্রিদে 'অ্যাকশন ফর সারভাইভাল: ভালনারেবল নেশনস কপ-২৫ লিডার্স সামিট'-এর উদ্‌বোধন অনুষ্ঠানে দেওয়া ভাষণে তিনি এই আহ্বান জানান। প্রথম আলো, ৩ ডিসেম্বর
- অসৎ পথে থেকে 'বিরিয়ানি' খাওয়ার চেয়ে সৎ পথে থেকে 'নুন-ভাত' খাওয়া অনেক ভালো। স্পেনে বাংলাদেশ দূতাবাস আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো, ৩ ডিসেম্বর

- 'সুপ্রিমকোর্টের বিভিন্ন শাখায় অনিয়ম ঠেকানোর জন্য সিসি ক্যামেরা বসানো হয়েছে; কিন্তু এখন দেখি সিসি ক্যামেরা সংবলিত কক্ষের বাইরে এসে অ্যাফিডেভিট করে। প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন। দৈনিক ইত্তেফাক, ৩ ডিসেম্বর
- রাষ্ট্রের বৃহত্তর স্বার্থেই পার্বত্য শান্তি চুক্তি বাস্তবায়ন জরুরি। ঢাকায় পার্বত্য চট্টগ্রাম চুক্তির ২২ বছর পূর্তি উপলক্ষ্যে আয়োজিত আলোচনাসভায় সন্তু লারমা। দৈনিক ইত্তেফাক, ৩ ডিসেম্বর
- দেশে ক্রয় দুর্নীতিই সবচেয়ে আলোচিত বিষয়। প্রায়ই পত্রপত্রিকায় ক্রয় দুর্নীতির খবর পাওয়া যায়, যা দেশের মানুষের মর্যাদাকে ভূলুণ্ঠিত করে। দুদকের প্রধান কার্যালয়ে 'ট্রেনিং অন পাবলিক প্রকিউরমেন্ট অ্যান্ড প্র্যাকটিসেস ফর এসিসি অফিশিয়াল' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার সনদ প্রদান অনুষ্ঠানে দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ। দৈনিক ইত্তেফাক, ৩ ডিসেম্বর
- নেপালে অনুষ্ঠিত সাউথ এশিয়ান (এসএ) গেমসে ২৯ ঊর্ধ্ব ক্যাটাগরিতে দেশকে প্রথম স্বর্ণপদক এনে দেন বাংলাদেশ সেনাবাহিনীর দিপু চাকমা। প্রথম আলো, ৩ ডিসেম্বর
- রোহিঙ্গা সমস্যা সমাধানে আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের পক্ষে চীন কথা বলবে বলে জানিয়েছেন বাংলাদেশে সফররত চীনের ভাইস মিনিস্টার ঝাও জিওয়েন। সচিবালয়ে কৃষিমন্ত্রী ড. মো. আবদুর রাজ্জাকের সঙ্গে সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। দৈনিক ইত্তেফাক, ৩ ডিসেম্বর
- কয়েকটি মার্কিন মানবাধিকার সংস্থার ওপর চীনের নিষেধাজ্ঞা। এছাড়া হংকংয়ে যুক্তরাষ্ট্রের নৌবাহিনী পরিদর্শনেও নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। প্রথম আলো, ৩ ডিসেম্বর
- সিরিয়ার ইদলিব প্রদেশে সরকার বাহিনী ও সশস্ত্র গোষ্ঠীগুলোর মধ্যে সংঘর্ষ, ৯৬ জন নিহত। প্রথম আলো, ৩ ডিসেম্বর

**৩ ডিসেম্বর**

- জাতিসংঘ জলবায়ু পরিবর্তনে (কপ-২৫) অংশ নিয়ে তিনদিনের সরকারি সফর শেষে স্পেন থেকে দেশে ফিরেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। স্পেনের বৃহত্তম প্রদর্শনী কমপ্লেক্স ও ইউরোপীয় গুরুত্বপূর্ণ



ভেন্যু ফারিয়া দ্য মাদ্রিদে সম্মেলনের উদ্‌বোধন অনুষ্ঠানে যোগ দেন তিনি। পরে নেদারল্যান্ডসের প্রধানমন্ত্রী মার্ক রুটের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে অংশ নেন। প্রথম আলো, ৪ ডিসেম্বর

- বিএসএফের পুশইনে বাংলাদেশিদের আতঙ্কিত হওয়ার কিছু নেই। বাংলাদেশি নাগরিক না হলে কেউ সীমান্ত দিয়ে প্রবেশ করতে পারবে না: সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। দৈনিক ইত্তেফাক, ৪ ডিসেম্বর
- সরকার বিদ্যুতের দাম বাড়ালে বিএনপি কর্মসূচি দেবে বলে দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের হুঁশিয়ারি। দৈনিক ইত্তেফাক, ৪ ডিসেম্বর
- ওয়াসাসহ কয়েকটি প্রতিষ্ঠানের ৬৮টি সুয়ারেজের লাইন ছাড়া বুড়িগঙ্গার দুই পারে আর কোনো সুয়ারেজ লাইন থাকলে তা ৭ জানুয়ারির মধ্যে বন্ধের নির্দেশ হাইকোর্টের। দৈনিক ইত্তেফাক, ৪ ডিসেম্বর
- নারায়ণগঞ্জ সদর উপজেলার আলীগঞ্জে পরিবেশ দূষণের দায়ে অভিযান চালিয়ে চারটি অবৈধ ভাঁটা গুঁড়িয়ে দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। প্রথম আলো, ৪ ডিসেম্বর
- বায়ান্নর ভাষাসৈনিক রওশর আরা বাচ্চু (৮৬) ইন্তেকাল করেন। দৈনিক ইত্তেফাক, ৪ ডিসেম্বর
- নেপালের রাজধানী কাঠমান্ডুতে অনুষ্ঠিত এসএ গেমসে কারাতে তিনটি স্বর্ণপদক এনে দিল আল আমিন, হুমায়রা আক্তার অন্তরা ও মারজান আক্তার প্রিয়া। প্রথম আলো, ৪ ডিসেম্বর
- যুক্তরাজ্যের রাজধানী লন্ডনে দ্বিতীয় ভাষার মর্যাদা পেল বাংলা! বর্তমানে লন্ডনে বসবাসকারী ৭২ হাজার মানুষ প্রধান ভাষা হিসেবে বাংলা ভাষায় কথা বলেন। দৈনিক ইত্তেফাক, ৪ ডিসেম্বর
- বোমা বিস্ফোরণে ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় প্রেসিডেন্ট প্রাসাদের কাছে সামরিক বাহিনীর দুই সদস্য আহত। দৈনিক ইত্তেফাক, ৪ ডিসেম্বর
- টাইফুনের আঘাতে ফিলিপাইনের সোরসোগোন প্রদেশে ১ জন নিহত। ম্যানিলা বিমানবন্দরের কার্যক্রম বন্ধ ও ৪৯৯টি ফ্লাইট স্থগিত। দৈনিক ইত্তেফাক, ৪ ডিসেম্বর

**৪ ডিসেম্বর**

- আগুন সন্ত্রাসী, গ্রেনেড হামলাকারী, এতিমের অর্থ আত্মসাৎকারী, সুদখোর ও ঘুসখোররা যাতে ক্ষমতায় আসতে না পারে, সে ব্যাপারে সতর্ক থাকুন। গণভবনে আওয়ামী লীগের জাতীয় কমিটির বৈঠকে সূচনা বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো, ৫ ডিসেম্বর
- স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার রীভা গাঙ্গুলি দাস। প্রথম আলো, ৫ ডিসেম্বর
- শুধু দেশেই না, একাত্তরে যখন মুক্তিযুদ্ধ চলে, তখন দেশে-বিদেশে একটাই স্লোগান ছিল: 'জয় বাংলা'। এ সংক্রান্ত মামলা শুনানিতে হাইকোর্টের মন্তব্য। দৈনিক ইত্তেফাক, ৫ ডিসেম্বর
- ফারমার্স ব্যাংকের (বর্তমান পদ্মা ব্যাংক) চার কোটি টাকা আত্মসাতের মামলায় সাবেক প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহাসহ ১১ জনের বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনের চার্জশিট অনুমোদন। দৈনিক ইত্তেফাক, ৫ ডিসেম্বর
- কোস্টগার্ড সদর দপ্তরে কোস্টগার্ডের ডিজি রিয়ার অ্যাডমিরাল এম আশরাফুল হকের সঙ্গে তুরস্ক কোস্ট প্রধান রিয়ার অ্যাডমিরাল আহমেদ কেনদির সৌজন্য সাক্ষাৎ। দৈনিক ইত্তেফাক, ৫ ডিসেম্বর
- নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে দুর্নীতি দমন কমিশনের দুর্নীতি তদন্ত শুরু। প্রাথমিকভাবে সাতজনকে জিজ্ঞাসাবাদ। দৈনিক ইত্তেফাক, ৫ ডিসেম্বর
- পেট্রোলের দাম বৃদ্ধির প্রতিবাদে ইরানে সরকারবিরোধী বিক্ষোভ অব্যাহত। ১৫ নভেম্বর থেকে এই বিক্ষোভ শুরু হয়। দৈনিক ইত্তেফাক, ৫ ডিসেম্বর
- ভারতের কেন্দ্রীয় মন্ত্রিসভায় নাগরিকত্ব বিল পাস। ক্ষমতাসীন বিজেপির পক্ষ থেকে মন্ত্রিসভায় আলোচনার জন্য বিলটি উঠানো হলে তা অল্প সময়ে অনুমোদিত হয়। দৈনিক ইত্তেফাক, ৫ ডিসেম্বর

**৫ ডিসেম্বর**

- ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যার মধ্য দিয়ে দেশের গণতন্ত্রকে রুদ্ধ করা হলেও বঙ্গবন্ধুর কন্যা শেখ হাসিনার নেতৃত্বে দেশে আজ গণতন্ত্র মজবুত ভিতের ওপর প্রতিষ্ঠিত। চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের চতুর্থ সমাবর্তনে দেওয়া ভাষণে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। প্রথম আলো, ৬ ডিসেম্বর



- রাজধানীর মিরপুরে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনে ২৮তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ও ২১তম জাতীয় প্রতিবন্ধী দিবসের উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো, ৬ ডিসেম্বর
- বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার জামিন শুনানিকে কেন্দ্র করে সুপ্রিমকোর্টের আপিল বিভাগে বিক্ষোভ। প্রথম আলো, ৬ ডিসেম্বর
- আত্মীয় না হলেও যাচাই সাপেক্ষে কোনো রোগীকে কিডনি দান করার বিধান রেখে আইন সংশোধন করতে রায় দিয়েছেন হাইকোর্ট। প্রথম আলো, ৬ ডিসেম্বর
- দক্ষতার সঙ্গে সঠিকভাবে মামলা তদন্ত ও তদারকির জন্য জেলা পুলিশ সুপারদের পুলিশ প্রধান (আইজিপি) ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারীর নির্দেশ। রাজধানীর সেগুনবাগিচায় ঢাকা রেঞ্জ কার্যালয়ে রেঞ্জের মাসিক পর্যালোচনা সভায় তিনি এ নির্দেশ দেন। দৈনিক ইত্তেফাক, ৬ ডিসেম্বর
- জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত চিত্রগ্রাহক মাহফুজুর রহমান খানের (৭০) ইন্তেকাল।
- ভারতে পেঁয়াজের মূল্যবৃদ্ধির প্রতিবাদে দেশটির পার্লামেন্ট ভবনের সামনে বিরোধী দল কংগ্রেসের বিক্ষোভ। ভারতে এখন পেঁয়াজের কেজি বিক্রি হচ্ছে গড়ে ১০০ রুপিতে। দৈনিক ইত্তেফাক, ৬ ডিসেম্বর
- ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন বলেন, আসন্ন নির্বাচনে তার দল যদি জয়ী হয় এবং তিনি যদি আবার প্রধানমন্ত্রী হন, তাহলে ১০০ দিনের মধ্যেই ব্রেক্সিট কার্যকর করবেন এবং জাতিকে নতুন বাজেট উপহার দেবেন। দৈনিক ইত্তেফাক, ৬ ডিসেম্বর

**৬ ডিসেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের এক সভা ঢাকায় অনুষ্ঠিত হয়। সভায় ট্রাস্টের যাবতীয় সমাজকল্যাণমূলক কর্মকাণ্ড সম্পর্কে পর্যালোচনা করা হয়। দৈনিক ইত্তেফাক, ৭ ডিসেম্বর

- খালেদা জিয়ার স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত প্রতিবেদন সময়মতো না দিয়ে সরকার আদালত অবমাননা করেছে বলে মির্জা ফখরুলের অভিযোগ। জাতীয় প্রেস ক্লাবের এক আলোচনাসভায় তিনি এই অভিযোগ করেন। প্রথম আলো, ৭ ডিসেম্বর
- ঘুস নেওয়ার সময় বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের এক কর্মকর্তাকে ঘুসসহ রাজধানীর উত্তরার একটি রেস্তোরাঁ থেকে হাতেনাতে গ্রেফতার করেছে দুর্নীতি দমন কমিশন। দৈনিক ইত্তেফাক, ৭ ডিসেম্বর
- নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন আনসারুল্লাহ বাংলাটিমের দুই জঙ্গি রাজধানীর পল্লবী থেকে গ্রেফতার। দৈনিক ইত্তেফাক, ৭ ডিসেম্বর
- ফিলিস্তিন ও ইসরাইলের মধ্যে সংঘাত নিরসন করে শান্তি স্থাপনে দুই রাষ্ট্রভিত্তিক সমাধানের জন্য একটি প্রস্তাব পাস করেছে যুক্তরাষ্ট্রের ডেমোক্র্যাট নিয়ন্ত্রিত প্রতিনিধি পরিষদ। দৈনিক ইত্তেফাক, ৭ ডিসেম্বর
- যুক্তরাষ্ট্রে ব্রিটেনের সিনিয়র কূটনীতিক আলেক্সান্ডা হলের পদত্যাগ। ৩ ডিসেম্বর জমা দেওয়া পদত্যাগপত্রে ওয়াশিংটনে ব্রিটিশ দূতাবাসের ব্রেক্সিট কাউন্সিলের আলেক্সান্ডা হল জানান তিনি নির্বাচন উপলক্ষ্যে ব্রেক্সিট ইস্যুতে ব্রিটিশ রাজনীতিকদের অর্ধ সত্য অঙ্গীকারের দায়ভার নিতে পারবেন না। এই জন্য তিনি আগেই পদত্যাগ করার সিদ্ধান্ত নেন। দৈনিক ইত্তেফাক, ৭ ডিসেম্বর
- ভারতের তেলেঙ্গায় এক তরুণী পশু চিকিৎসককে গণধর্ষণ করে পুরিয়ে মেরে ফেলার ঘটনায় গ্রেফতার চার অভিযুক্ত পুলিশের গুলিতে নিহত। দৈনিক ইত্তেফাক, ৭ ডিসেম্বর
- হামলাকারীর গুলিতে যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা অঙ্গরাজ্যে নৌবাহিনীর একটি ঘাঁটিতে তিনজন নিহত, আহত ৭। পরে নিরাপত্তাবাহিনীর গুলিতে নিহত হয় হামলাকারী। প্রথম আলো, ৭ ডিসেম্বর

**৭ ডিসেম্বর**

- বিচার বিভাগের কাছ থেকে জনগণের প্রত্যাশা পূরণে বিচারক ও আইনজীবীদের সমন্বিতভাবে কাজ করতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের আহ্বান। বঙ্গভবনে সুপ্রিমকোর্টের প্রধান বিচারপতি এবং



সুপ্রিম ও হাইকোর্ট ও অন্যান্য বিভাগীয় ও জেলা আদালতের বিচারকদের সঙ্গে এক নৈশভোজপূর্বক বৈঠকে তিনি এই আহ্বান জানান। দৈনিক ইত্তেফাক, ৮ ডিসেম্বর
- রাষ্ট্রের তিন বিভাগের মধ্যে সমন্বয় অপরিহার্য। আশা করি নির্বাহী, আইন ও বিচার–এ তিন বিভাগ একে অপরের কার্যক্রমে হস্তক্ষেপ করবে না। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে সুপ্রিমকোর্ট আয়োজিত ‘শান্তি ও উন্নয়নের জন্য ন্যায়বিচার’ শীর্ষক দিনব্যাপী জাতীয় বিচার বিভাগীয় সম্মেলন ২০১৯ উদ্‌বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুগান্তর, ৮ ডিসেম্বর
- নেপালে অনুষ্ঠিত সাউথ এশিয়া গেমসে ভারোত্তলনে বাংলাদেশের তিনটি স্বর্ণ জয়। দৈনিক ইত্তেফাক, ৮ ডিসেম্বর
- ইরাকের রাজধানী বাগদাদে সরকারবিরোধী বিক্ষোভে অজ্ঞাত ব্যক্তিদের গুলিতে নিহত ২৩, আহত শতাধিক। দৈনিক ইত্তেফাক, ৮ ডিসেম্বর
- সম্প্রতি ইরাকে যে রক্তক্ষয়ী বিক্ষোভ শুরু হয়েছে, তা মোকাবিলা করার জন্য ইরাকের আধা সামরিক বাহিনী ইরান সমর্থিত তিনজন নেতার ওপর যুক্তরাষ্ট্রে নিষেধাজ্ঞা আরোপ। প্রথম আলো, ৮ ডিসেম্বর
- উত্তর কোরিয়া নিয়ে টেলিফোনে আলাপ করেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট মুন জে ইন। আধা ঘণ্টা এ আলাপে পারমাণবিক কর্মসূচি নিয়ে পিয়ংইয়ংয়ের সঙ্গে আলোচনা অব্যাহত রাখার বিষয়ে একমত হন তারা। প্রথম আলো, ৮ ডিসেম্বর

**৮ ডিসেম্বর**

- বিশ্বদরবারে বাংলাদেশকে মর্যাদার আসনে পৌঁছে দেওয়ার লক্ষ্যে মানসম্মত চলচ্চিত্র নির্মাণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান। রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে ‘জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০১৭-২০১৮ বিতরণকালে তিনি এ আহ্বান জানান। প্রথম আলো, ৯ ডিসেম্বর
- পরিবেশগত ছাড়পত্র ও তরল বর্জ্য শোধনাগার ছাড়া যেসব শিল্পকারখানা বুড়িগঙ্গার পানি দূষণ করেছে, সেগুলো এক মাসের মধ্যে বন্ধ করার নির্দেশ হাইকোর্টের। প্রথম আলো, ৯ ডিসেম্বর

- রংপুর শহরের বাহার কাছনা এলাকায় স্বামীর হাতে খুন হলেন অন্তঃসত্ত্বা স্ত্রী তাসনিয়া আক্তার রত্না (৩৫) ও দুই শিশুসন্তান। দৈনিক ইত্তেফাক, ৯ ডিসেম্বর
- হংকংয়ের গণতন্ত্রপন্থিদের বিক্ষোভের ছয় মাস পূর্ণ হলো। এদিনও বড়ো বিক্ষোভ হয়েছে পথে পথে। বিক্ষোভ কর্মসূচিতে ৮ লাখেরও বেশি মানুষ অংশগ্রহণ করেছে বলে আয়োজকদের দাবি। প্রথম আলো, ৯ ডিসেম্বর
- ভয়াবহ অগ্নিকাণ্ডে ভারতের পশ্চিম দিল্লির রানি ঝাঁসি রোডের একটি কারখানায় ৪৩ জনের প্রাণহানি, আহত ৫০। প্রথম আলো, ৯ ডিসেম্বর
- বন্দুকধারীর গুলিতে মেক্সিকোর প্রেসিডেন্টের বাসভবনের কাছে চারজন নিহত ও দুইজন আহত। দেশটির রাজধানী মেক্সিকো সিটির কেন্দ্রস্থলে এ ঘটনা ঘটে। প্রথম আলো, ৯ ডিসেম্বর

**৯ ডিসেম্বর**

- উপাচার্যরা বিশ্ববিদ্যালয়গুলোর প্রধান অভিভাবক ও একাডেমিক লিডার। কিন্তু কোনো কোনো উপাচার্য ও শিক্ষকের কর্মকাণ্ড দেখলে মনে হয়, বিশ্ববিদ্যালয়ের আসল কাজ কী, তারা তা ভুলে গেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫২তম সমাবর্তন অনুষ্ঠানে ভাষণদানকালে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। প্রথম আলো, ১০ ডিসেম্বর
- কোনো নারী-শিশু যেন নির্যাতনের শিকার না হয়। এ ব্যাপারে নারী-পুরুষ প্রত্যেককেই সচেতন থাকতে হবে। 'রোকেয়া দিবস' উপলক্ষ্যে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে রোকেয়া পদক-২০১৯ বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো, ১০ ডিসেম্বর
- নোয়াখালী সদর উপজেলার পূর্ব দুর্গানগর গ্রাম থেকে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন আনসারুল্লা বাংলাটিমের চার সদস্যকে গ্রেফতার করে অ্যান্টি টেরোরিজম ইউনিট। দৈনিক ইত্তেফাক, ১০ ডিসেম্বর
- নেপালে অনুষ্ঠিত ১৩তম এসএ গেমসে বাংলাদেশের ক্রীড়াবিদদের ১৯টি সোনার পদক জয়। দৈনিক ইত্তেফাক, ১০ ডিসেম্বর
- একুশে পদকপ্রাপ্ত পদার্থবিজ্ঞানের বরেণ্য অধ্যাপক অজয় রায়ের (৮৫) মৃত্যু। দৈনিক ইত্তেফাক, ১০ ডিসেম্বর



- প্রতিবেশী বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর নির্যাতন থামাটাই নাগরিকত্ব সংশোধনী বিল আনার অন্যতম প্রধান কারণ বলে ভারতের পার্লামেন্টের নিম্নকক্ষ লোকসভায় দাবি। দৈনিক ইত্তেফাক, ১০ ডিসেম্বর
- আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাতে নিউজিল্যান্ডে পাঁচজন নিহত ও বেশ কয়েকজন আহত। প্রথম আলো, ১০ ডিসেম্বর
- ওয়াশিংটনের সঙ্গে শত্রুতার পথে হাঁটলে উত্তর কোরিয়ার নেতা জং উনকে অনেক কিছু হারাতে হবে। টুইটারে দেওয়া এক পোস্টে প্রেসিডেন্ট ট্রাম্পের হুঁশিয়ারি। দৈনিক ইত্তেফাক, ১০ ডিসেম্বর
- মিস ইউনিভার্সের খেতাব জিতলেন মিস দক্ষিণ আফ্রিকা জোজিবিনি তুনঝি। যুক্তরাষ্ট্রের আটলান্টা শহরে অনুষ্ঠিত চূড়ান্ত পর্বে কৃষ্ণাঙ্গ তুনঝির মাথায় সেরা মুকুট পরিয়ে দেন গত বছরের মিস ইউনিভার্স ক্যাটারিওনা গ্রে। প্রথম আলো, ১০ ডিসেম্বর

**১০ ডিসেম্বর**

- অপরাধী যে-ই হোক না কেন, শাস্তি তাকে পেতেই হবে। বিশ্ব মানবাধিকার দিবস-২০১৯ উপলক্ষ্যে ঢাকায় এক হোটেলে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১১ ডিসেম্বর
- সর্বস্তরে জাতীয় স্লোগান হিসেবে 'জয় বাংলা' ব্যবহার করা উচিত বলে হাইকোর্টের অভিমত। হাইকোর্ট বেঞ্চ এ সংক্রান্ত রুল শুনানিতে এই অভিমত দেন। দৈনিক ইত্তেফাক, ১১ ডিসেম্বর
- ক্ষমতার অপব্যবহার করে ফারমার্স ব্যাংকের ৪ কোটি টাকা আত্মসাৎ করার অভিযোগে দায়ের করা মামলায় সাবেক প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহাসহ ১১ জনের বিরুদ্ধে চার্জশিট দাখিল। দৈনিক ইত্তেফাক, ১১ ডিসেম্বর
- মজুরি কমিশন বাস্তবায়নসহ ১১ দফা দাবি আদায়ে পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী রাষ্ট্রায়াত্ত পাটকল শ্রমিকদের আমরণ অনশন শুরু। দৈনিক ইত্তেফাক, ১১ ডিসেম্বর
- নেদারল্যান্ডসের দ্য হেগে অবস্থিত আন্তর্জাতিক বিচার আদালতে মিয়ানমারের বিরুদ্ধে গণহত্যার বিচার শুরু। দৈনিক ইত্তেফাক, ১১ ডিসেম্বর
- লোকসভায় পাস হওয়া নাগরিকত্ব বিলের প্রতিবাদে ভারতের উত্তর-পূর্বাঞ্চলে ব্যাপক বিক্ষোভ। দৈনিক ইত্তেফাক, ১১ ডিসেম্বর

- দুর্নীতির দায়ে আলজেরিয়ায় সাবেক দুই প্রধানমন্ত্রীকে কারাদণ্ড দিয়েছেন দেশটির একটি আদালত। প্রথম আলো, ১১ ডিসেম্বর
- দক্ষিণ আমেরিকার দেশ চিলির একটি সামরিক উড়োজাহাজ ৩৮ জন আরোহীসহ নিখোঁজ। প্রথম আলো ১১ ডিসেম্বর

**১১ ডিসেম্বর**

- কুষ্ঠরোগীদের জন্য ওষুধ তৈরি এবং বিনামূল্যে বিতরণ করার জন্য স্থানীয় ওষুধ কোম্পানিগুলোর প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান। ঢাকায় একটি হোটেলে '২০৩০ সালের মধ্যে শূন্য কুষ্ঠ উদ্যোগ' শীর্ষক জাতীয় সম্মেলন ২০১৯ উদ্‌বোধন অনুষ্ঠানে ভাষণে তিনি এ আহ্বান জানান। দৈনিক ইত্তেফাক, ১২ ডিসেম্বর
- বিশ্বায়নের যুগে চ্যালেঞ্জ মোকাবিলায় পেশাগত জ্ঞান অর্জনের বিকল্প নেই: রাজধানীতে ন্যাশনাল ডিফেন্স কলেজে বাংলাদেশ আয়োজিত অনুষ্ঠানে স্পিকার শিরীন শারমিন চৌধুরী। দৈনিক ইত্তেফাক, ১২ ডিসেম্বর
- ভয়াবহ অগ্নিকাণ্ডে ঢাকার দক্ষিণ কেরানীগঞ্জের একটি প্লাস্টিক কারখানায় একজন নিহত, আহত ৩৪। প্রথম আলো, ১২ ডিসেম্বর
- ভারতের অমুসলিমদের নাগরিকত্ব সংশোধনী বিল লোকসভার পর রাজ্যসভায়ও পাস। ত্রিপুরা ও আসামে তুমুল বিক্ষোভ ও কারফিউ জারি। দৈনিক ইত্তেফাক, ১২ ডিসেম্বর
- জাতিসংঘের আন্তর্জাতিক আদালতে হাজির হয়ে মিয়ানমার সেনাবাহিনীর পথে সাফাই গাইলেন অং সান সু চি। দ্য হেগের আদালতে অনুষ্ঠিত দ্বিতীয় দিনের শুনানিতে সেনাবাহিনীর বিরুদ্ধে আনা রোহিঙ্গা গণহত্যার অভিযোগ তিনি অস্বীকার করেন। দৈনিক ইত্তেফাক, ১২ ডিসেম্বর
- চীন যদি হংকং বিক্ষোভকারীদের স্তব্ধ করতে বড়ো ধরনের শক্তি প্রয়োগ করে। তাহলে তাইওয়ান বিক্ষোভকারীদের পাশে দাঁড়াবে। দৈনিক জনকণ্ঠ, ১২ ডিসেম্বর
- পেশাগত কাজের জন্য চলতি বছরে বিশ্বে আড়াই শতাধিক সাংবাদিক জেলে। বেশির ভাগ সাংবাদিককে 'রাষ্ট্রদ্রোহী' মামলা ও 'ভুয়া সংবাদ' প্রকাশের অভিযোগে কারাদণ্ড দেওয়া হয়। প্রথম আলো, ১২ ডিসেম্বর



- যুক্তরাষ্ট্রে সৌদি আরবের শিক্ষানবিশ সেনা সদস্যদের অপারেশনাল প্রশিক্ষণ সাময়িকভাবে স্থগিতের গোষণা পেন্টাগনের। প্রথম আলো, ১২ ডিসেম্বর

**১২ ডিসেম্বর**

- দুর্নীতি ও ঘুস থেকে দূরে থাকতে এবং দেশের উন্নয়নমূলক কাজে সরকারি অর্থ যথাযথভাবে ব্যবহার করার জন্য প্রশাসনের নতুন কর্মকর্তাসহ সরকারি চাকরিজীবীর প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ। রাজধানীর বিসিএস অ্যাডমিনিস্ট্রেশন একাডেমিতে সনদ বিতরণ অনুষ্ঠানে তিনি এ নির্দেশ দেন। দৈনিক ইত্তেফাক, ১৩ ডিসেম্বর
- ঢাকার দক্ষিণ কেরানীগঞ্জের প্লাস্টিক কারখানায় অগ্নিকাণ্ডে দগ্ধ হয়ে মারা যাওয়া মানুষের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৩ জনে। দৈনিক ইত্তেফাক, ১৩ ডিসেম্বর
- পাবনার রূপপুরে পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের বালিশ-কাণ্ডের ঘটনায় গণপূর্ত অধিদপ্তরের সাবেক নির্বাহী প্রকৌশলী মোহাম্মদ মাসুদুল আলমসহ ১৩ জনকে গ্রেফতার করেছে দুদক। দৈনিক ইত্তেফাক, ১৩ ডিসেম্বর
- পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন এবং স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের পূর্বনির্ধারিত ভারত সফর বাতিল। দৈনিক ইত্তেফাক, ১৩ ডিসেম্বর
- ঢাকার মিরপুরে অনুষ্ঠিত বিপিএল খেলায় রাজশাহী রয়্যাল ৯ উইকেটে ঢাকা প্লাটুনকে হারায়। দৈনিক ইত্তেফাক, ১৩ ডিসেম্বর
- বিতর্কিত নাগরিত্ব সংশোধনী বিলের প্রতিবাদে ভারতের আসামে কারফিউ ভেঙে বিক্ষোভ। পুলিশের গুলিতে দুইজন নিহত। প্রথম আলো, ১৩ ডিসেম্বর
- বিক্ষোভ চলাকালে ভারতের আসামে বাংলাদেশ মিশনের গাড়িবহরে বিক্ষোভকারীদের হামলা। দৈনিক ইত্তেফাক, ১৩ ডিসেম্বর
- চোরাচালান রুখতে সুন্দরবনের আশপাশে বাংলাদেশের নৌপথগুলোয় টহল জোরদার ভারতের শুল্ক কর্তৃপক্ষের। প্রথম আলো, ১৩ ডিসেম্বর
- জঙ্গি হামলায় মালির সীমান্তের কাছে নাইজারের একটি সামরিক ক্যাম্পে ৭১ সৈন্য নিহত, আহত ১২। দৈনিক জনকণ্ঠ, ১৩ ডিসেম্বর

**১৩ ডিসেম্বর**

- মার্কিন সাময়িকী ফোর্বসের ক্ষমতাধর ১০০ নারীর তালিকায় ২৯তম অবস্থানে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১৪ ডিসেম্বর
- গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা শেখ মুজিবুর রহমানের সমাধিতে বাংলাদেশ সুপ্রিমকোর্টের হাইকোর্ট বিভাগের নবনিযুক্ত ৯ বিচারপতির শ্রদ্ধা নিবেদন। দৈনিক ইত্তেফাক, ১৪ ডিসেম্বর
- আন্তর্জাতিক বিচার আদালতে রোহিঙ্গাদের বিরুদ্ধে গণহত্যার অভিপ্রায়ে সংঘটিত নৃশংস অপরাধে জড়িতদের জবাবদিহিতার আওতায় আনতে গাম্বিয়ার প্রচেষ্টার প্রশংসা করছে বাংলাদেশ। ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানায়। দৈনিক ইত্তেফাক, ১৪ ডিসেম্বর
- ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় ঢাকার কেরানীগঞ্জের প্রাইম পেট অ্যান্ড প্লাস্টিক ইন্ডাস্ট্রিজ লিমিটেড নামের প্লাস্টিক কারখানাটি সিলগালা করে দিয়েছে উপজেলা প্রশাসন। দৈনিক ইত্তেফাক, ১৪ ডিসেম্বর
- ভারতের নাগরিকত্ব সংশোধন আইনকে মুসলিমদের প্রতি বৈষম্যমূলক বলে জানিয়েছে জাতিসংঘ। দৈনিক ইত্তেফাক, ১৪ ডিসেম্বর
- যুক্তরাজ্যের নির্বাচনে কনজারভেটিভ পার্টি বিপুল ভোটে নির্বাচিত হওয়ার পর মুদ্রা ও শেয়ারবাজার চাঙা। দৈনিক ইত্তেফাক, ১৪ ডিসেম্বর
- মোদি সরকারের নাগরিকত্ব আইনকে চ্যালেঞ্জ করে সুপ্রিমকোর্টের দ্বারস্থ হলেন তৃণমূল কংগ্রেসের সংসদ সদস্য মহুয়া মৈত্র। আইনটি অসাংবিধানিক–এই যুক্তিতে মামলার জরুরি শুনানির আবেদন করেন তিনি। দৈনিক জনকণ্ঠ, ১৪ ডিসেম্বর

**১৪ ডিসেম্বর**

- শহিদ বুদ্ধিজীবী দিবসে রাজধানীর মিরপুরে শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে ফুল দিয়ে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শ্রদ্ধা নিবেদন। প্রথম আলো, ১৫ ডিসেম্বর
- বাংলাদেশ যেভাবে এগিয়ে যাচ্ছে, এই উন্নয়নের ধারাবাহিকতা নিয়েই আমাদের আরও এগিয়ে যেতে হবে: রাজধানীর খামারবাড়ি কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে আলোচনাসভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১৫ ডিসেম্বর



- ভারতের নাগরিকত্ব আইন বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বের জন্য হুমকি বলে মির্জা ফখরুলের মন্তব্য। শহিদ বুদ্ধিজীবী দিবসে মিরপুরে বুদ্ধিজীবী স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদনের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এই মন্তব্য করেন। প্রথম আলো , ১৫ ডিসেম্বর
- যুক্তরাজ্যের সাধারণ নির্বাচনে বাংলাদেশি বংশোদ্ভূত চার বাঙালি নারী–জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নাতনি টিউলিপ রেজওয়ান সিদ্দিক, রুপা হক, রুশানার আলী এবং আফসানা বেগম বিজয়ী হওয়ায় তাদের অভিনন্দন জানিয়েছে আওয়ামী লীগ নেতৃত্বাধীন ১৪ দল। দৈনিক ইত্তেফাক, ১৫ ডিসেম্বর
- একাত্তরের মানবতাবিরোধী অপরাধে মৃত্যুদণ্ড কার্যকর হওয়া যুদ্ধাপরাধী কাদের মোল্লাকে দৈনিক সংগ্রাম পত্রিকায় 'শহীদ' লেখা বিষয়ে দায়ের করা এক মামলায় দৈনিক সংগ্রাম পত্রিকার সম্পাদক আবুল আসাদকে তিনদিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। দৈনিক ইত্তেফাক, ১৫ ডিসেম্বর
- মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে অনুষ্ঠিত বিপিএল খেলায় চট্টগ্রাম চ্যালেঞ্জার্স ৬ উইকেটে রংপুর রেঞ্জার্সকে পরাজিত করে। দৈনিক ইত্তেফাক, ১৫ ডিসেম্বর
- ভারতের নাগরিকত্ব সংশোধনী আইনের প্রতিবাদে উত্তাল পশ্চিমবঙ্গ। এ সময় বাস ও ট্রেনে ধ্বংসযজ্ঞ চালায় বিক্ষোভকারীরা। প্রথম আলো, ১৫ ডিসেম্বর
- ইরানের ওপর মার্কিন নিষেধাজ্ঞা আন্তর্জাতিক আইনের লঙ্ঘন। কাতারের দোহা সম্মেলনে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদ। দৈনিক ইত্তেফাক, ১৫ ডিসেম্বর
- কোনো অপরাধ না করা সত্ত্বেও আমাকে অভিশংসন করা হচ্ছে, যা খুবই অন্যায়: টুইটার বার্তায় মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। দৈনিক ইত্তেফাক, ১৫ ডিসেম্বর

**১৫ ডিসেম্বর**

- সরকার সশস্ত্রবাহিনীকে পরিবর্তিত বিশ্বের সঙ্গে তাল মেলাতে সক্ষম একটি আধুনিক পেশাদার এবং সুদক্ষ বাহিনীতে পরিণত করার লক্ষ্যে

কাজ করে যাচ্ছে: মিরপুর সেনানিবাসে শেখ হাসিনা কমপ্লেক্সে ন্যাশনাল ডিফেন্স ফোর্স এবং আমর্ড ফোর্সেস ওয়ার কোর্সের গ্র্যাজুয়েশন অনুষ্ঠানে ভাষণদানকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১৬ ডিসেম্বর

- রাজাকারদের তালিকার আগে আওয়ামী লীগে অনুপ্রবেশকারী জামায়াতের তালিকা করার আহ্বান বর্ষীয়ান সাংবাদিক আবদুল গাফ্ফার চৌধুরীর। জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত সম্প্রতি বঙ্গবন্ধু ও বাঙালির বিজয় শীর্ষক এক আলোচনাসভায় তিনি এই আহ্বান জানান। দৈনিক ইত্তেফাক, ১৬ ডিসেম্বর
- ঢাকার কেরনীগঞ্জে প্লাস্টিক কারখানায় লাগা আগুনে দগ্ধ আরও ৫ জনের মৃত্যু। এ নিয়ে দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা দাঁড়াল ১৯ জনে। দৈনিক ইত্তেফাক, ১৬ ডিসেম্বর
- নীরব এলাকা ঘোষণা করে সচিবালয়ের চার পাশে হর্ন বাজানোয় নিষেধাজ্ঞা জারি। দৈনিক ইত্তেফাক, ১৬ ডিসেম্বর
- অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে ফারমার্স ব্যাংকের (পদ্মা ব্যাংক) অডিট কমিটির সাবেক চেয়ারম্যান মাহবুল হক চিশতি ওরফে বাবুল চিশতিসহ তার পরিবারের পাঁচ জনের বিরুদ্ধে ১৩৫ কোটি টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে আরও পাঁচ মামলা দায়ের দুর্নীতি দমন কমিশনের। দৈনিক ইত্তেফাক, ১৬ ডিসেম্বর
- গাজীপুর সদর উপজেলায় একটি ফ্যান তৈরির ফ্যাক্টরিতে ভয়াবহ অগ্নিকান্ডে ১০ শ্রমিক নিহত। দৈনিক ইত্তেফাক, ১৬ ডিসেম্বর
- সরকারবিরোধী বিক্ষোভকারীদের সঙ্গে পুলিশের সংঘর্ষে লেবাননের রাজধানী বৈরুতে ৫৪ জন নিহত। দৈনিক জনকণ্ঠ, ১৬ ডিসেম্বর
- নাগরিকত্ব সংশোধনী আইনকে কেন্দ্র করে ভারতের আসাম, পশ্চিমবঙ্গসহ বিভিন্ন রাজ্যে বিক্ষোভ সহিংস অব্যাহত। এরই মধ্যে পুলিশের গুলিসহ সহিংসতায় ছয়জন নিহত হয়েছেন। প্রথম আলো, ১৬ ডিসেম্বর
- আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাতে নিউজিল্যান্ডের নর্থ আইল্যান্ডের দ্বীপ হোয়াইট আইল্যান্ডে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৮। প্রথম আলো, ১৬ ডিসেম্বর



**১৬ ডিসেম্বর**

- মহান বিজয় দিবস উপলক্ষ্যে সাভারে জাতীয় স্মৃতিসৌধে ফুল দিয়ে শহিদদের প্রতি রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শ্রদ্ধা নিবেদন। দৈনিক ইত্তেফাক, ১৭ ডিসেম্বর
- ৪৯তম বিজয় দিবস উপলক্ষ্যে আয়োজিত কুচকাওয়াজে সালাম গ্রহণ করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। জাতীয় প্যারেড গ্রাউন্ডে আয়োজিত এ কুচকাওয়াজে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো, ১৭ ডিসেম্বর
- রাজাকারদের তালিকা তৈরি করা হয়েছে বিএনপিকে হেয়প্রতিপন্ন করার জন্য: মহান বিজয় দিবস উপলক্ষ্যে জিয়াউর রহমানের মাজারে ফুল দিয়ে শ্রদ্ধা জানানো শেষে সাংবাদিকদের মির্জা ফখরুল। দৈনিক ইত্তেফাক, ১৭ ডিসেম্বর
- একাত্তরে আমরা বাংলাদেশের স্বপ্ন দেখেছি, তা গড়তে জাতীয় ঐক্য, জনগণের ঐক্যের প্রয়োজন। সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ শেষে সাংবাদিকদের ড. কামাল। দৈনিক ইত্তেফাক, ১৭ ডিসেম্বর
- বিশ্বের প্রতিটি দেশের নারীরা যদি নেতৃত্বে আসেন, তাহলে গোটা বিশ্ব এর সুফল ভোগ করত। সিঙ্গাপুরে নেতৃত্ববিষয়ক এক সেমিনারে মার্কিন সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা। প্রথম আলো, ১৭ ডিসেম্বর
- এনআরসি নাগরিকত্ব সংশোধনী আইন প্রত্যাহার না করলে রাস্তায় নেমে আন্দোলন চালিয়ে যাব। নাগরিকত্ব সংশোধনী আইনের বিরোধিতায় কলকাতার পথে নেমে এ কথা বললেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। প্রথম আলো, ১৭ ডিসেম্বর
- নাগরিকত্ব সংশোধনী আইন ও জাতীয় নাগরিক তালিকার (এনআরসি) প্রতিবাদ বিক্ষোভে নেতৃত্ব দেন ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। প্রথম আলো, ১৭ ডিসেম্বর
- ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী ও ক্ষমতাসীন বিজিপির সর্বভারতীয় সভাপতি অমিত শাহের ঘোষণা: অযোধ্যায় রামমন্দির নির্মাণ শুরু চার মাসের মধ্যেই। প্রথম আলো, ১৭ ডিসেম্বর
- নভেম্বরের তিনদিনে ইরানে বিক্ষোভের সময় সরকারি দমন-পীড়নে ৩০৪ নিহত। প্রথম আলো, ১৭ ডিসেম্বর

**১৭ ডিসেম্বর**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যার সময় আওয়ামী লীগের নেতারা কোথায় ছিলেন এবং হত্যাকাণ্ডের প্রতিবাদে নেতাদের একজনও কেন এগিয়ে এসে সাহসী ভূমিকা রাখেননি। বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে এক আলোচনাসভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো, ১৮ ডিসেম্বর
- মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় থেকে প্রকাশিত রাজাকারের তালিকায় নিজের নাম দেখে হতবাক, বিস্মিত, মর্মাহত ও অপমানিত হয়েছেন বলে জানিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল চিফ প্রসিকিউটর গোলাম আরিফ টিপু। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল নিজ চেম্বারে এক প্রতিক্রিয়ায় তিনি এ কথা বলেন। প্রথম আলো, ১৮ ডিসেম্বর
- ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ ফওজিয়ার বিরুদ্ধে স্বেচ্ছাচারিতা, অনিয়ম ও অব্যবস্থাপনার অভিযোগ। ঢাকা রিপোর্টার্স ইউনিটি আয়োজিত এক সংবাদ সম্মেলনে অভিভাবক ফোরাম এ অভিযোগ করেন। প্রথম আলো, ১৮ ডিসেম্বর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সামরিক সচিব মেজর জেনারেল মিয়া মোহাম্মদ জয়নুল আবেদীন বীরবিক্রমের মৃত্যু। দৈনিক ইত্তেফাক, ১৮ ডিসেম্বর
- চট্টগ্রামে বিপিএলে খুলনা টাইগার্স ৫ উইকেটে রাজশাহী রয়্যালসকে হারায়। দৈনিক ইত্তেফাক, ১৮ ডিসেম্বর
- রাষ্ট্রদ্রোহী মামলায় পাকিস্তানের সাবেক সামরিক শাসক জেনারেল পারভেজ মোশাররফকে মৃত্যুদণ্ডের আদেশ দিয়েছেন ইসলামাবাদের একটি বিশেষ আদালত। দৈনিক ইত্তেফাক, ১৮ ডিসেম্বর
- নাগরিকত্ব আইনের বিরুদ্ধে জামিয়া মিলিয়া বিশ্ববিদ্যালয়ে বিক্ষোরত ছাত্রছাত্রীদের ওপর নির্বিচারে অত্যচারের প্রতিবাদে দিল্লিতে রণক্ষেত্র। প্রথম আলো, ১৮ ডিসেম্বর
- ভারতের নতুন নাগরিকত্ব আইন (সিএএ) নিয়ে বিক্ষোভের আগুন বাড়তে থাকায় শেষ পর্যন্ত নীরবতা ভেঙে সবাইকে শান্তি বজায় রাখার আহ্বান জনালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। (দৈনিক জনকণ্ঠ, ১৮ ডিসেম্বর



**১৮ ডিসেম্বর**

- রাজাকারের তালিকায় মুক্তিযোদ্ধাদের নাম থাকা দুঃখজনক। গণভবনে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের বৈঠকে বক্তৃতাকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১৯ ডিসেম্বর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সামরিক সচিব মেজর জেনালের মিয়া মোহাম্মদ জয়নুল আবেদীনের লাশ দেখতে ঢাকা সেনানিবাসের সম্মিলিত সামরিক হাসপাতালে যান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ১৯ ডিসেম্বর
- বিতর্কের মুখে রাজাকারদের তালিকা স্থগিত করল মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়। দৈনিক ইত্তেফাক, ১৯ ডিসেম্বর
- গণচীনের নির্মিত দুটি ফ্রিগেট ওমর ফারুক ও আবু উবাইদাহ সাংহাইয়ের সেনজিয়া শিপইয়ার্ডে বাংলাদেশ নৌবাহিনীর কাছে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর। দৈনিক ইত্তেফাক, ১৯ ডিসেম্বর
- পর্যাপ্ত উৎপাদন থাকা সত্ত্বেও গবাদি পশুর মাংস আমদানির সিদ্ধান্ত কেন বেআইনি ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি হাইকোর্টের। দৈনিক ইত্তেফাক, ১৯ ডিসেম্বর
- রাষ্ট্রমালিকানাধীন এবং বিশেষায়িত ব্যাংকগুলোর কর্মকর্তাদের ব্যক্তিগত উদ্দেশে বিদেশ ভ্রমণসীমিত করার নিদের্শ অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের। দৈনিক ইত্তেফাক, ১৯ ডিসেম্বর
- চট্টগ্রামে অনুষ্ঠিত বিপিএলের প্রথম ম্যাচে রংপুর রেঞ্জার্সকে ৬ উইকেটে পরাজিত করে কুমিল্লার ওয়ারিয়র্স। দিনের দ্বিতীয় ম্যাচে চট্টগ্রাম চ্যালেঞ্জার্স ১৬ রানে পরাজিত করে ঢাকা প্লাটুনকে। প্রথম আলো, ১৯ ডিসেম্বর
- পাকিস্তানের সামরিক স্বৈরাশাসক জেনারেল পারভেজ মোশাররফের মৃত্যুদণ্ডের রায় ঘোষণার ঘটনায় মালয়েশিয়ার সফর বাতিল করে জরুরি বৈঠকে বসছেন দেশটির প্রধানমন্ত্রী ইমরান খান। প্রথম আলো, ১৯ ডিসেম্বর
- ভারতের নাগরিকত্ব সংশোধনী আইন স্থগিত রাখতে নারাজ দেশটির সুপ্রিমকোর্ট। পশ্চিমবঙ্গের কলকাতায় টানা তৃতীয় দিনের মতো রাস্তায় নেমে মিছিলে নেতৃত্ব দেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। প্রথম আলো, ১৯ ডিসেম্বর

**১৯ ডিসেম্বর**

- ভেজাল ও মেয়াদোত্তীর্ণ ওষুধ সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি করতে বিশেষ ব্যবস্থা নেওয়ার জন্য চিকিৎসক এবং সংশ্লিষ্টদের প্রতি রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের আহ্বান। রাজধানীর একটি হোটেলে আয়োজিত তিনদিনব্যাপী কার্ডিয়াক সম্মেলনে তিনি এই আহ্বান জানান। প্রথম আলো, ২০ ডিসেম্বর
- বিদেশে বাংলাদেশি শ্রমিকদের প্রতারিত হওয়া ঠেকাতে সংশ্লিষ্ট দেশগুলোকে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুরোধ। প্রথম আলো, ২০ ডিসেম্বর
- খালেদা জিয়াকে জেলে রেখে গণতন্ত্র কখনোই মুক্তি পাবে না। নরসিংদীর একটি কমিউনিটি সেন্টারে প্রয়াত আব্দুল মোমিন খান স্মরণসভা ও দোয়া মাহফিলে মির্জা ফখরুল। দৈনিক ইত্তেফাক, ২০ ডিসেম্বর
- লালমনিরহাট, খাগড়াছড়ি, মুন্সীগঞ্জ, শরীয়তপুর, নীলফামারী, সিরাজগঞ্জ ও বান্দরবান জেলার পুলিশ সুপারসহ ২৬ জনকে বদলি। দৈনিক ইত্তেফাক, ২০ ডিসেম্বর
- নিজের ছাড়া অন্য কারও কণ্ঠস্বর যদি আমরা শুনতে না চাই, তাহলে বুঝতে হবে গণতন্ত্র হেরে গেছে। ভারতের নয়াদিল্লিতে এডিটর্স গিল্ড অব ইন্ডিয়া আয়োজিত রাজেন্দ্র মাথুর স্মারক বক্তৃতায় ভারতের সাবেক রাষ্ট্রপতি প্রণব মুখার্জি। দৈনিক ইত্তেফাক, ২০ ডিসেম্বর
- অস্ট্রেলিয়ার পূর্বাঞ্চলে ছড়িয়ে পড়া দাবানল ও তাপমাত্রা বৃদ্ধিতে ঘনবসতিপূর্ণ এলাকাগুলোর জন্য 'গুরুতর' হুমকি হয়ে দাঁড়ানোয় নিউ সাউথ ওয়েলস রাজ্যে সাতদিনের জরুরি অবস্থা জারি। দৈনিক ইত্তেফাক, ২০ ডিসেম্বর
- আমেরিকার ইতিহাসে তৃতীয় প্রেসিডেন্ট হিসেবে মার্কিন প্রতিনিধি পরিষদে অভিশংসিত হলেন ডোনাল্ড ট্রাম্প। দৈনিক ইত্তেফাক, ২০ ডিসেম্বর

**২০ ডিসেম্বর**

- 'ভোগ নয়, ত্যাগের রাজনীতি' করতে হবে। সোহরাওয়ার্দী উদ্যানে দুইদিনব্যাপী আওয়ামী লীগের ২১তম ত্রিবার্ষিক জাতীয় সম্মেলনের উদ্‌বোধনী বক্তৃতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২১ ডিসেম্বর



- ব্র্যাকের প্রতিষ্ঠাতা স্যার ফজলে হাসান আবেদের (৮৩) ইন্তেকাল। দৈনিক ইত্তেফাক, ২১ ডিসেম্বর
- বাংলাদেশের গুরুত্বপূর্ণ তথ্য ভারতে পাচারের অভিযোগে গ্রেফতার পুলিশ সদস্য দেব প্রসাদ সাহার পাঁচদিনের রিমান্ড মঞ্জুর করেছেন যশোর সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত। দৈনিক ইত্তেফাক, ২১ ডিসেম্বর
- পাকিস্তানের সাবেক প্রেসিডেন্ট পারভেজ মোশাররফের মৃত্যুদণ্ডের রায়ে যে ভাষা ব্যবহার করা হয়েছে, একে 'ঘৃণ্য' বলে উল্লেখ করেছে দেশটির সরকার। দৈনিক ইত্তেফাক, ২১ ডিসেম্বর
- ভারতের নাগরিকত্ব সংশোধনী আইন বাতিলের দাবিতে উত্তর প্রদেশ, দিল্লি ও কর্ণাটকসহ বিভিন্ন রাজ্যে বিক্ষোভ ও সহিংস ঘটনায় ছয়জন নিহত। দৈনিক ইত্তেফাক, ২১ ডিসেম্বর
- ছয় দশমিক এক মাত্রার ভূমিকম্পে একসঙ্গে কাঁপল ভারত, পাকিস্তান ও আফগানিস্তান। প্রথম আলো, ২১ ডিসেম্বর
- সামরিক ধাঁচে সব বন্দুক ধ্বংস করে দিচ্ছে নিউজিল্যান্ড। এর আগে দেশটি ক্রাইস্টচার্চ শহরের দুইটি মসজিদে হামলার জেরে সব বন্দুক নিষিদ্ধ ঘোষণা করে। দৈনিক জনকণ্ঠ, ২১ ডিসেম্বর

**২১ ডিসেম্বর**

- রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন চত্বরে আওয়ামী লীগের ২১তম জাতীয় সম্মেলনে কাউন্সিল অধিবেশনে সর্বসম্মতিক্রমে নয়বারের মতো আওয়ামী লীগের সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের নির্বাচিত। দৈনিক ইত্তেফাক, ২২ ডিসেম্বর
- চট্টগ্রামে বঙ্গবন্ধু বিপিএল-এর প্রথম ম্যাচে সিলেট থান্ডার ৮০ রানে খুলনা টাইগার্সকে হারায়। খেলার দ্বিতীয় ম্যাচে রংপুর রেঞ্জার্স ৬ উইকেটে হারায় চট্টগ্রাম চ্যালেঞ্জার্সকে। প্রথম আলো, ২২ ডিসেম্বর
- রংপুর মিঠাপুকুরের শতাধিক মাদক ব্যবসায়ী মাদকের ব্যাবসা ছেড়ে স্বাভাবিক জীবনে ফিরে আসার শপথ নিল। মাদক, সন্ত্রাস ও জঙ্গিবিরোধী এক সমাবেশে জেলা পুলিশ সুপারের কাছে আত্মসমর্পণ করে তারা এই শপথ নেয়। দৈনিক ইত্তেফাক, ২২ ডিসেম্বর

- মধ্য আমেরিকার দেশ হন্ডুরাসের একটি কারাগারে ভয়াবহ দাঙ্গায় ১৮ কয়েদি নিহত। প্রথম আলো, ২২ ডিসেম্বর
- ভারতের নাগরিকত্ব সংশোধিত আইন বাতিলের দাবিতে বিভিন্ন রাজ্যে পুলিশের সঙ্গে বিক্ষোভকারীদের সংঘর্ষ অব্যাহত: এ পর্যন্ত নিহত ১৫। প্রথম আলো, ২২ ডিসেম্বর
- চীনের আধা স্বায়ত্তশাসিত অঞ্চল হংকংয়ের বিভিন্ন বিপণিবিতানে অভিযান চালিয়ে বেশ কয়েকজন বিক্ষোভকারী গ্রেফতার। প্রথম আলো, ২২ ডিসেম্বর
- রাশিয়া-জার্মানির মধ্যে প্রাকৃতিক গ্যাসের পাইপলাইন স্থাপনের সঙ্গে জড়িত প্রতিষ্ঠানগুলোর ওপর যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা আরোপ। প্রথম আলো, ২২ ডিসেম্বর

**২২ ডিসেম্বর**

- পরিবেশ রক্ষা এবং রাস্তাঘাট, নালা ও তৎসংলগ্ন স্থান পরিচ্ছন্ন রাখতে জনসচেতনতা সৃষ্টিতে অগ্রণী ভূমিকা পালনের জন্য শিক্ষার্থীদের প্রতি রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের আহ্বান। খুলনা বিশ্ববিদ্যালয়ে ষষ্ঠ সমাবর্তন অনুষ্ঠানে বক্তৃতাকালে তিনি এ আহ্বান জানান। প্রথম আলো, ২৩ ডিসেম্বর
- গণভবনে আওয়ামী লীগের সম্মেলন উপলক্ষ্যে বিভিন্ন জেলা থেকে আগত কাউন্সিলরদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৩ ডিসেম্বর
- আমাদের সমুদ্র অপার সম্পদের উৎস। তাই সর্বোচ্চ ত্যাগের বিনিময়ে হলেও এর সার্বভৌমত্ব নিশ্চিত করতে হবে: চট্টগ্রাম নেভাল একাডেমিতে নৌবাহিনীর রাষ্ট্রপতির কুচকাওয়াজ পরিদর্শন শেষে অফিসারদের উদ্দেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো, ২৩ ডিসেম্বর
- মুক্তিযুদ্ধ মঞ্চ ও ছাত্রলীগ নেতাকর্মীদের হামলায় ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ভবনে ভিপি নূরুল হক নুরুসহ ২৫ জন আহত। দৈনিক ইত্তেফাক, ২৩ ডিসেম্বর
- ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনের ভোটের তপশিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। দৈনিক ইত্তেফাক, ২৩ ডিসেম্বর



- বিতর্কিত নাগরিক আইন নিয়ে বাংলাদেশের সঙ্গে সম্পর্ক শীতল হওয়ার আশঙ্কার কথা নাকচ করলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। নয়াদিল্লিতে এক জনসভায় তিনি এই নাকচের কথা বলেন। প্রথম আলো, ২৩ ডিসেম্বর
- ধর্ম অবমাননার অভিযোগে পাকিস্তানের মুলতানের বাহাউদ্দিন জাকারিয়া বিশ্ববিদ্যালয়ের প্রভাষক জুনায়েদ হাফিজকে (৩৩) মৃত্যুদণ্ডাদেশ দিয়েছেন দেশটির একটি আদালত। প্রথম আলো, ২৩ ডিসেম্বর

**২৩ ডিসেম্বর**

- বড়োদিন উপলক্ষ্যে গণভবনে খ্রিষ্টধর্মীয় নেতাদের সঙ্গে সাক্ষাৎ ও শুভেচ্ছা বিনিময় করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৪ ডিসেম্বর
- নতুন দুটি বিশ্ববিদ্যালয় আইনের খসড়া চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়েছে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে। প্রথম আলো, ২৪ ডিসেম্বর
- ঢাকার দুই সিটি নির্বাচনে ইভিএম ব্যবহার না করার আহ্বান মির্জা ফখরুল ইসলাম আলমগীরের। দৈনিক ইত্তেফাক, ২৪ ডিসেম্বর
- চট্টগ্রামে অনুষ্ঠিত বিপিএল খেলায় খুলনা টাইগার্সকে ৭ উইকেটে হারায় রাজশাহী রয়্যালস। দৈনিক ইত্তেফাক, ২৪ ডিসেম্বর
- ফিলিপাইনে নারিকেলের তাড়ি খেয়ে ১১ জনের মৃত্যু, অসুস্থ তিন শতাধিক। দৈনিক ইত্তেফাক, ২৪ ডিসেম্বর
- নাইজেরিয়ায় জলদস্যুদের হাতে বন্দি ১৮ ভারতীয় মুক্তি। দৈনিক ইত্তেফাক, ২৪ ডিসেম্বর
- গত বছর সৌদি সাংবাদিক জামান খাসোগিকে তুরস্কে হত্যার ঘটনায় সৌদি আরবে পাঁচজনের মৃত্যুদণ্ড ও তিনজনের কারাদণ্ড। প্রথম আলো, ২৪ ডিসেম্বর

**২৪ ডিসেম্বর**

- রোহিঙ্গাদের নিজ আবাসভূমি মিয়ানমারের রাখাইন রাজ্যে প্রত্যাবাসনের জন্য তুরস্কের প্রচেষ্টা অব্যাহত রাখতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের আহ্বান। তুরস্কের বিদায়ি রাষ্ট্রদূত ডেভরিম ওজতুর্ক বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। প্রথম আলো, ২৫ ডিসেম্বর

- শিশুদের ওপর থেকে বইয়ের ভার কমানোর নির্দেশ প্রধানমন্ত্রী শেখ হাসিনার। শেরেবাংলা নগরে একনেক সভায় তিনি এই নির্দেশ দেন। দৈনিক ইত্তেফাক, ২৫ ডিসেম্বর
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ভিপি নূরুল হক নুরু ও তার সহযোগীদের ওপর ছাত্রলীগ ও মুক্তিযুদ্ধ মঞ্চের হামলার ঘটনায় ৪৩ জনের বিরুদ্ধে পুলিশের মামলা। দৈনিক ইত্তেফাক, ২৫ ডিসেম্বর
- র‍্যাগিংয়ে জড়িত থাকার দায়ে বুয়েট থেকে বহিষ্কৃত ১০ শিক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দিতে হাইকোর্টের নির্দেশ। দৈনিক ইত্তেফাক, ২৫ ডিসেম্বর
- চট্টগ্রামে অনুষ্ঠিত বিপিএলে ঢাকা প্লাটুন ৮ উইকেটে সিলেট থান্ডারকে হারায়। দৈনিক ইত্তেফাক, ২৫ ডিসেম্বর
- সাংবাদিক জামাল খাসোগি হত্যা মামলার রায়ে স্বচ্ছতার কোনো বালাই নেই বলে ওয়াশিংটন পোস্ট পত্রিকার প্রকাশক ও প্রধান নির্বাহী ফ্রেড রাইয়ানের মন্তব্য। দৈনিক ইত্তেফাক, ২৫ ডিসেম্বর
- নাগরিকত্ব সংশোধনী আইনের বিরুদ্ধে বিক্ষোভে ইন্ধন জোগানোর অভিযোগে কংগ্রেস সভাপতি সোনিয়া গান্ধী ও তার মেয়ে প্রিয়াংকা গান্ধীসহ ৮ হাজার মানুষের বিরুদ্ধে মামলা। প্রথম আলো, ২৫ ডিসেম্বর

**২৫ ডিসেম্বর**

- কেউ যেন যুবকদের বিভ্রান্ত করে সমাজে নৈরাজ্য ও বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারে, এ ব্যাপারে সজাগ থাকতে জাতিধর্মনির্বিশেষে সবার প্রতি রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের আহ্বান। বঙ্গভবনে খ্রিষ্টান সম্প্রদায়ের মানুষের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে তিনি এ আহ্বান জানান। প্রথম আলো, ২৬ ডিসেম্বর
- খালেদা জিয়ার স্বাস্থ্য নিয়ে বিএনপি তথ্যসন্ত্রাস করছে বলে তথ্যমন্ত্রী হাসান মাহমুদের অভিযোগ। চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এই অভিযোগ করেন। দৈনিক ইত্তেফাক, ২৬ ডিসেম্বর
- ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ভবনের সিসি ক্যামেরার ফুটেজ গায়েব করার পেছনে প্রক্টোরের হাত রয়েছে বলে



বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদের অভিযোগ। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগের বাইরে সংবাদ সম্মেলনে তারা এই অভিযোগ করেন। দৈনিক ইত্তেফাক, ২৬ ডিসেম্বর

- ঢাকা সিটি করপোরেশন নির্বাচনে মেয়র পদে সরকারি দলের মনোনয়ন পেতে প্রথম দিনেই ফরম নিয়েছেন আটজন। দৈনিক ইত্তেফাক, ২৬ ডিসেম্বর
- খুলনা, বরিশাল ও গাজীপুর সিটি করপোরেশন নির্বাচনের পুনরাবৃত্তি দেখতে চান না নির্বাচন কমিশনার মাহবুব তালুকদার। ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশন নির্বাচন উপলক্ষ্যে নির্বাচনি কর্মকর্তাদের দুইদিনব্যাপী প্রশিক্ষণ কোর্সে তিনি এই কথা বলেন। দৈনিক ইত্তেফাক, ২৬ ডিসেম্বর
- নাগরিকত্ব সংশোধিত আইন বাতিলের দাবিতে ভারতজুড়ে বিশেষ করে উত্তর প্রদেশে সহিংস বিক্ষোভের নিন্দা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। দৈনিক ইত্তেফাক, ২৬ ডিসেম্বর
- ইরানের উত্তর পশ্চিমাঞ্চালে একটি জঙ্গি বিমান বিধ্বস্ত। দুই চালক নিহত। দৈনিক ইত্তেফাক, ২৬ ডিসেম্বর

**২৬ ডিসেম্বর**

- যশোর বিমানবাহিনী একাডেমিতে রাষ্ট্রপতি কুচকাওয়াজ অনুষ্ঠানে ক্যাডেটদের র‍্যাংক ব্যাজ পরিয়ে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৭ ডিসেম্বর
- বাংলাদেশকে ডাম্পিং গ্রাউন্ড করতে এবং ক্ষমতা ধরে রাখতে ভারত সহযোগিতা করছে বর্তমান ক্ষমতালিপ্সু সরকারকে। নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে মির্জা ফখরুল ইসলাম আলমগীর। দৈনিক ইত্তেফাক, ২৭ ডিসেম্বর
- জাতীয় কাউন্সিলের পাঁচদিন পর পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা আওয়ামী লীগের। ৮১ সদস্যের মধ্যে ৭৪ জনের নাম ঘোষণা করা হয়। দৈনিক ইত্তেফাক, ২৭ ডিসেম্বর
- দ্বিতীয় দফা ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র হওয়ার আশায় দলীয় মনোনয়নের জন্য আবেদনপত্র ক্রয় করলেন সাঈদ খোকন। দৈনিক ইত্তেফাক, ২৭ ডিসেম্বর

- শাহবাগ থানায় ডাকসু ভিপি নূরুল হক নুরুর বিরুদ্ধে পালটা হত্যাচেষ্টার মামলা দায়ের ছাত্রলীগের নেতা ডিএম সাব্বির হোসেনের। দৈনিক ইত্তেফাক, ২৭ ডিসেম্বর
- ইরানে সরকারবিরোধী বিক্ষোভের আশঙ্কায় ইন্টারনেট সংযোগ বন্ধ। দৈনিক ইত্তেফাক, ২৭ ডিসেম্বর
- টাইফুনের আঘাতে ফিলিপাইনের মধ্যাঞ্চলে নিহত ১৬, নিখোঁজ বহুলোক। প্রথম আলো, ২৭ ডিসেম্বর
- যতক্ষণ না দেশ থেকে নাগরিকত্ব সংশোধনী আইন বিলোপ করা হবে, ততক্ষণ শান্তিপূর্ণ আন্দোলন চলবে। কলকাতায় নাগরিকত্ব সংশোধনী আইনবিরোধী সমাবেশে মমতা ব্যানার্জি। দৈনিক ইত্তেফাক, ২৭ ডিসেম্বর

**২৭ ডিসেম্বর**

- রাষ্ট্রের তিনটি অঙ্গ আইন বিভাগ, নির্বাহী বিভাগ ও বিচার বিভাগের মধ্যে সৌহার্দপূর্ণ সম্পর্ক গণতন্ত্র ও আইনের শাসনকে সুসংহত এবং বিকশিত করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ আইন সমিতির ৩৪তম সম্মেলনে বক্তৃতাদানকালে প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন। প্রথম আলো, ২৮ ডিসেম্বর
- মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে অনুষ্ঠিত বঙ্গবন্ধু বিপিএল খেলায় ঢাকা প্লাটুন ৬ উইকেটে চট্টগ্রাম চ্যালেঞ্জার্সের কাছে পরাজিত। প্রথম আলো, ২৮ ডিসেম্বর
- বিশ্ব শান্তির জন্য সবচেয়ে বড়ো হুমকি মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প, উত্তর কোরিয়ার শাসক কিম জং উন, রাশিয়ার প্রেসিডেন্ট পুতিন, ইরানের শীর্ষ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খোমেনি এবং চীনের প্রেসিডেন্ট শি জিনপিং। ব্রিটেনভিত্তিক জরিপ সংস্থা ইউগভের জরিপে এই তথ্য উঠে এসেছে। দৈনিক ইত্তেফাক, ২৮ ডিসেম্বর
- কাজাখস্থানে একটি যাত্রীবাহী বিমান বিধ্বস্তঃ নিহত ১২ জন। দৈনিক ইত্তেফাক, ২৮ ডিসেম্বর
- ভারতের নাগরিক সংশোধনী আইন (সিএএ) বাতিলের দাবিতে দিল্লিসহ দেশটির বিভিন্ন স্থানে বিক্ষোভ সহিংসতার আশঙ্কায় উত্তর প্রদেশের ২১ জেলায় ইন্টারনেট বন্ধ। দৈনিক ইত্তেফাক, ২৮ ডিসেম্বর



- বাল্যবিবাহ বন্ধ করতে নতুন এক আদেশ জারি সৌদি বিচার মন্ত্রণালয়ের। আদেশে বলা হয়েছে, ১৮ বছরের কম বয়সি নারী বা পুরুষের বিয়ে দেওয়া ঠিক হবে কি না, তা নির্ধারণ করবেন দেশটির বিশেষ আদালত। প্রথম আলো, ২৮ ডিসেম্বর

**২৮ ডিসেম্বর**

- যে দুর্নীতি করবে সে যেই হোক, তাকে ছাড় দেওয়া হবে না। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তৃতীয় টার্মিনাল নির্মাণকাজের উদ্‌বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দৈনিক ইত্তেফাক, ২৯ ডিসেম্বর
- দেশ সংবিধান অনুযায়ী চলছে না। রাজধানীর গুলিস্তানে ঐক্যফ্রন্টভুক্ত জাতীয় সমাজতান্তিক দলের (জেএসডি) ত্রিবার্ষিক কাউন্সিলের উদ্‌বোধন অনুষ্ঠানে বক্তৃতাকালে ড. কামাল হোসেন। দৈনিক ইত্তেফাক, ২৯ ডিসেম্বর
- উত্তর সিটিতে বিএনপির নির্বাহী কমিটির সদস্য তাবিথ আউয়াল ও দক্ষিণে অবিভক্ত ঢাকা সিটির মেয়র সাদেক হোসেন খোকার ছেলে ইঞ্জিনিয়ার ইশরাক হোসেনকে দলীয় প্রার্থী হিসেবে মনোনয়ন দিয়েছে বিএনপি। দৈনিক ইত্তেফাক, ২৯ ডিসেম্বর
- চট্টগ্রামের সীতাকুণ্ডে লরির সঙ্গে প্রাইভেট কারের সংঘর্ষঃ বাংলাদেশ ব্যাংকের পরিচালক সাইফুজ্জামান মিন্টু ও তার দুই মেয়ে নিহত। দৈনিক ইত্তেফাক, ২৯ ডিসেম্বর
- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজ থেকে ৬৪ কেজি সোনা উদ্ধার। দৈনিক ইত্তেফাক, ২৯ ডিসেম্বর
- গাড়ি বোমা বিস্ফোরণে সোমালিয়ার রাজধানী মোগাদিসুতে ৯০ জন নিহত, আহত ৫০। দৈনিক ইত্তেফাক, ২৯ ডিসেম্বর
- হংকংয়ে পুলিশের সঙ্গে বিক্ষোভকারীদের সংঘর্ষে অনেক লোক আহত। দৈনিক ইত্তেফাক, ২৯ ডিসেম্বর
- লাখ লাখ মার্কিন ডলার ঘুস নেওয়ার দায়ে ভিয়েতনামের সাবেক এক মন্ত্রীর যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন দেশটির এক আদালত। প্রথম আলো, ২৯ ডিসেম্বর

- রোহিঙ্গাদের ওপর নৃশংসতার জবাবদিহি নিশ্চিত করা, তাদের সুরক্ষা দেওয়া এবং রাখাইনে ফেরা টেকসই করাসহ ২০ দফার একটি প্রস্তাব জাতিসংঘের সাধারণ পরিষদে বিপুল ভোটে পাস। প্রথম আলো, ২৯ ডিসেম্বর

**২৯ ডিসেম্বর**

- দেশের বিশ্ববিদ্যালয়গুলোয় যথাযথ শিক্ষার পরিবেশ ও মানসম্মত শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ ভূমিকা পালন করার জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের প্রতি রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের আহ্বান। বঙ্গভবনে রাষ্ট্রপতির কাছে মঞ্জুরি কমিশন বার্ষিক প্রতিবেদন পেশ করতে গেলে তিনি এ আহ্বান জানান। প্রথম আলো, ৩০ ডিসেম্বর
- চট্টগ্রামের ভাটিয়ারিতে বাংলাদেশ মিলিটারি একাডেমিতে ৭৭তম বিএমএ দীর্ঘমেয়াদি কোর্স সমাপন উপলক্ষ্যে আয়োজিত 'রাষ্ট্রপতি কুচকাওয়াজ ২০১৯' পরিদর্শন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো, ৩০ ডিসেম্বর
- ঢাকার দক্ষিণ সিটি করপোরেশন নির্বাচনে মেয়র পদে আওয়ামী লীগের মনোনয়ন পেলেন ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস। অন্যদিকে ঢাকা উত্তর সিটিতে দ্বিতীয়বারের মতো মেয়র পদে মনোনয়ন পেলেন ব্যবসায়ী নেতা মো. আতিকুল ইসলাম। দৈনিক ইত্তেফাক, ৩০ ডিসেম্বর
- মজুরি কমিশন বাস্তবায়নসহ ১১ দফা দাবি আদায়ে ফের আমরণ অনশন শুরু দেশের বিভিন্ন স্থানের রাষ্ট্রায়াত্ত পাটকল শ্রমিকদের। দৈনিক ইত্তেফাক, ৩০ ডিসেম্বর
- জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে যুবলীগের সভাপতিমণ্ডলীর সাবেক সদস্য শেখ ফজলুর রহমান মারুফকে জিজ্ঞাসাবাদের জন্য দুর্নীতি দমন কমিশনে তলব। দৈনিক ইত্তেফাক, ৩০ ডিসেম্বর
- বিজ্ঞানবিষয়ক লেখক নাদিরা মজুমদার পেলেন 'অনন্যা সাহিত্য পুরস্কার-১৪২৬'। জাতীয় জাদুঘরের সুফিয়া কামাল মিলনায়তনে এই লেখকের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। দৈনিক ইত্তেফাক, ৩০ ডিসেম্বর



- ইউক্রেন ও রাশিয়ার মধ্যে বন্দিবিনিময় শুরু। চার মাস আগে দুই পক্ষের সংঘাতের সময় আটককৃত বন্দিবিনিময় এটি দ্বিতীয় ধাপ। দৈনিক ইত্তেফাক, ৩০ ডিসেম্বর
- অস্ট্রেলিয়ার বুনো আগুনে ভিক্টোরিয়া রাজ্য থেকে ইস্টপিপসল্যান্ডে আসা হাজার হাজার বাসিন্দাকে রাজ্য ছাড়ার নির্দেশ কর্তৃপক্ষের। দৈনিক ইত্তেফক, ৩০ ডিসেম্বর
- নিউইয়র্ক শহরের একটি বাড়িতে ছুরি হামলা: পাঁচজন আহত। দৈনিক জনকণ্ঠ, ৩০ ডিসেম্বর

**৩০ ডিসেম্বর**

- মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে এশিয়ান 'টাউনস্কেপ জুরিস অ্যাওয়ার্ড হস্তান্তর করেন গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী শ ম রেজাউল করিম। দৈনিক ইত্তেফাক, ৩১ ডিসেম্বর
- বছরে শুধু একবার নয়, একাধিকবার বিদ্যুৎ-জ্বালানির দাম পরিবর্তন আনতে পারবে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (সংশোধন)-২০১৯-এর খসড়া চূড়ান্ত অনুমোদন মন্ত্রিসভায়। দৈনিক ইত্তেফাক, ৩১ ডিসেম্বর
- সাবেক পররাষ্ট্র সচিব ও দক্ষ কূটনীতিক মুক্তিযোদ্ধা সৈয়দ মোয়াজ্জেম আলীর মৃত্যু। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। দৈনিক ইত্তেফাক, ৩১ ডিসেম্বর
- পিরোজপুর-১ আসনের আওয়ামী লীগ দলীয় সাবেক সংসদ একেএমএ আউয়াল ও তার স্ত্রী লায়লা পারভীনের দুর্নীতির বিরুদ্ধে দুদকের মামলা। দৈনিক ইত্তেফাক, ৩১ ডিসেম্বর
- ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে নিরঙ্কুশ জয় আওয়ামীপন্থি শিক্ষকদের সংগঠন নীল দল। এ দল থেকে সভাপতি নির্বাচিত হন অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামাল ও সাধারণ সম্পাদক পদে অধ্যাপক নিজামুল হক ভূঁইয়া। দৈনিক ইত্তেফাক, ৩১ ডিসেম্বর
- নিরাপত্তার স্বার্থে ভারত সীমান্ত থেকে বাংলাদেশের অভ্যন্তরে এক কিলোমিটার পর্যন্ত এলাকায় মোবাইল ফোনের নেটওয়ার্ক কাভারেজ বন্ধ রাখার নির্দেশ। দৈনিক ইত্তেফাক, ৩১ ডিসেম্বর

- ফরিদা পারভীনের সংগীতজীবনের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে শিল্পকলা একাডেমিতে তাঁর হাতে ক্রেস্ট তুলে দিয়ে সংবর্ধনা জানান 'লাল রিসার্চ অ্যান্ড কালচার ফাউন্ডেশন'। দৈনিক ইত্তেফাক, ৩১ ডিসেম্বর
- ঢাকার মিরপুরে অনুষ্ঠিত বঙ্গবন্ধু বিপিএল খেলায় সিলেট থান্ডারকে ৭ উইকেটে পরাজিত করে রংপুর রেঞ্জার্স। দৈনিক ইত্তেফাক, ৩১ ডিসেম্বর
- সুদানে নিরাপত্তা হেফাজতে নির্যাতন করে এক শিক্ষককে হত্যার দায়ে ২৯ গোয়েন্দা কর্মকর্তাকে মৃত্যুদণ্ড। দৈনিক ইত্তেফাক, ৩১ ডিসেম্বর
- দুর্বৃত্তের গুলিতে যুক্তরাষ্ট্রের টেক্সাস অঙ্গরাজ্যের একটি গির্জায় দুজন নিহত। দৈনিক ইত্তেফাক, ৩১ ডিসেম্বর
- ইরাকে ইরান সমর্থিত আধাসামরিক বাহিনী হাশদ-আশ শাবির পাঁচটি ঘাঁটিতে মার্কিন বিমান হামলায় ২৫ জন নিহত, আহত ৫১। দৈনিক জনকণ্ঠ, ৩১ ডিসেম্বর

**৩১ ডিসেম্বর**

- গণভবনে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে সারাদেশে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কর্মসূচি উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথম আলো, ১ জানুয়ারি ২০২০
- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে জেএসসি, জেডিসি এবং পিইসি ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী ফলাফল তুলে দেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. জাকির হোসেন। দৈনিক ইত্তেফাক, ১ জানুয়ারি ২০২০
- জেএসসি ও জেডিসি, প্রাথমিক ও ইবতেদায়ি সমাপনী পরীক্ষার ফল প্রকাশ। এবার জেএসসিতে পাসের হার ও জিপিএ-৫ বেড়েছে, জেডিসিতে পাসের হার বাড়লেও কমেছে জিপিএ ৫। দৈনিক ইত্তেফাক, ১ জানুয়ারি ২০২০
- উৎসবমুখর পরিবেশে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটিতে মনোনয়ন দাখিল। দুই সিটিতে মেয়র পদে ১৪ জন ও কাউন্সিলর পদে মনোনয়নপত্র দাখিল করে ১ হাজার ২৫ জন। দৈনিক ইত্তেফাক, ১ জানুয়ারি ২০২০
- বাংলাদেশ ক্রাইম রিপোর্টার্স অ্যাসোসিয়েশন কার্যনির্বাহী কমিটি ২০২০-এর নির্বাচন সম্পন্ন। সভাপতি পদে দৈনিক ইত্তেফাকের বিশেষ প্রতিনিধি আবুল খায়ের, সাধারণ সম্পাদক পদে পূর্বাঞ্চল পত্রিকার ঢাকা ব্যুরোপ্রধান আসাদুজ্জামান রিকু। দৈনিক ইত্তেফাক, ১ জানুয়ারি ২০২০



- গত বছর ১৫ লাখ বাংলাদেশিকে ভারতীয় ভিসা প্রদান করা হয়। ঢাকায় যমুনা ফিউচার পার্কে ভারতীয় ভিসা সেন্টারে তিনজন মুক্তিযোদ্ধাকে ভারতীয় ভিসা প্রদানকালে ভারতীয় হাইকমিশনার রীভা গাঙ্গুলি। দৈনিক ইত্তেফাক, ১ জানুয়ারি ২০২০
- জেনারেল মনোজ মুকুন্দ নারাভানে ভারতের নতুন সেনাপ্রধান। বিদায়ি সেনাপ্রধান বিপিন রাওয়াতের স্থলাভিষিক্ত হলেন তিনি। দৈনিক ইত্তেফাক, ১ জানুয়ারি ২০২০
- ইরাকে যুক্তরাষ্ট্রের বিমান হামলার প্রতিবাদে মার্কিন দূতাবাসের বাইরে নিরাপত্তা চৌকিতে বিক্ষোভকারীদের অগ্নিসংযোগ। ওই বিমান হামলায় ইরাকে ২৫ জন নিহত হয়। প্রথম আলো, ১ জানুয়ারি ২০২০
- আর্থিক অসদাচরণের অভিযোগে জাপানে বিচার এড়াতে গাড়ি নির্মাতা প্রতিষ্ঠান নিশানের সাবেক প্রধান কার্লোস গোয়েন পালিয়ে দেশ ছেড়ে লেবাননে। দৈনিক জনকণ্ঠ, ১ জানুয়ারি
- বন্দিদশা থেকে চার মাস পর কাশ্মীরের ৫ রাজনৈতিক নেতার মুক্তি। আগস্টে কাশ্মীরের বিশেষ মর্যাদা বিলোপের পর তাদের আটক করা হয়। এদের মধ্যে কাশ্মীরের সাবেক তিন মুখ্যমন্ত্রীও রয়েছেন। দৈনিক জনকণ্ঠ, ১ জানুয়ারি ২০২০

# ২০১৯ সালের উল্লেখযোগ্য ঘটনা

## ► জাতীয় ◄

### চতুর্থবারের মতো প্রধানমন্ত্রী নির্বাচিত শেখ হাসিনা

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে জয়ী হয়ে চতুর্থবারের মতো প্রধানমন্ত্রী হওয়ার অনন্য নজির স্থাপন করেছেন বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা। বঙ্গভবনের দরবার হলে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ প্রথমে প্রধানমন্ত্রী ও পরে মন্ত্রিসভার সদস্যদের শপথবাক্য পাঠ করান। সংসদ সদস্য হিসেবে শপথ গ্রহণের পর আওয়ামী লীগের সংসদীয় দলের বৈঠকে শেখ হাসিনা সর্বসম্মতিক্রমে সংসদনেতা নির্বাচিত।

### বিশ্বের শীর্ষ নারী শাসকদের তালিকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

আন্তর্জাতিক সংস্থা উইকিলিকসের সাম্প্রতিক এক জরিপের ভিত্তিতে ভারতীয় বার্তা সংস্থা ইউনাইটেড নিউজ অব ইন্ডিয়ায় (ইউএনআই) প্রকাশিত বিশ্বের নারী সরকারপ্রধান হিসেবে দীর্ঘদিন দেশ পরিচালনায় ভারতের ইন্দিরা গান্ধী, ব্রিটেনের মার্গারেট থ্যাচার ও শ্রীলঙ্কার চন্দ্রিকা কুমারাতুঙ্গার মতো জনপ্রিয় নেতাদের রেকর্ড ভেঙেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ১৯৯৬, ২০০৮, ২০১৪ এবং এ বছরের ৭ জানুয়ারি চতুর্থবারের মতো প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন শেখ হাসিনা। ইন্দিরা গান্ধী ভারতের প্রধানমন্ত্রী হিসেবে ১৫ বছরের বেশি ক্ষমতায় ছিলেন। মার্গারেট থ্যাচার ব্রিটেন শাসন করেছেন ১১ বছর ২০৮ দিন, চন্দ্রিকা কুমারাতুঙ্গা শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্ট দুভাবেই ক্ষমতায় ছিলেন ১১ বছর ৭ দিন। আর চতুর্থবার প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়ে ১৫ বছরেরও বেশি সময় অতিক্রম করে ফেলেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাঁর আমলে বাংলাদেশের আর্থসামাজিক খাতে অভূতপূর্ব উন্নয়ন হয়েছে। আগে যেখানে দেশের মানুষের মাথাপিছু আয় ছিল ৭০০ থেকে ৮০০ ডলার, কয়েক বছরের ব্যবধানে তা বেড়ে ১ হাজার ৯০০ ডলার ছাড়িয়েছে। এ সময়ে বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশের কাতারে প্রবেশ করেছে। ইত্তেফাক (অনলাইন), ১০ সেপ্টেম্বর



### নেদারল্যান্ডসের ডিপ্লোম্যাট ম্যাগাজিনের প্রচ্ছদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা

নেদারল্যান্ডসের বিখ্যাত ডিপ্লোম্যাট ম্যাগাজিন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার 'মাদার অব হিউম্যানিটি' খবরকে প্রচ্ছদ হিসেবে ব্যবহার করে তাদের চলতি সংখ্যার মোড়ক উন্মোচন করেছে। অনুষ্ঠানে ডিপ্লোম্যাটের প্রকাশক মেইলিন ডি লারা এবং নেদারল্যান্ডসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত শেখ মুহম্মদ বেলাল বিভিন্ন দেশের কূটনীতিকদের নিয়ে 'শেখ হাসিনাঃ দ্য মাদার অব হিউম্যানিটি' শীর্ষক প্রচ্ছদ প্রতিবেদনসংবলিত সংখ্যার মোড়ক উন্মোচন করেন। সেই সঙ্গে মিয়ানমারের রাখাইন রাজ্য থেকে পালিয়ে আসা রোহিঙ্গা মুসলিমদের বাংলাদেশে আশ্রয় দেওয়ার লক্ষ্যে সীমান্ত উন্মুক্ত করে দেওয়ার বলিষ্ঠ সিদ্ধান্ত গ্রহণ করে লাখ লাখ নির্যাতিত মানুষের জীবন রক্ষা করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্ববাসীর কাছে কীভাবে 'মাদার অব হিউম্যানিটি' হিসেবে পরিচিতি লাভ করেন, তা অবহিত করেন। ওই অনুষ্ঠানে দেশটিতে নিযুক্ত বিভিন্ন দূতাবাসের কূটনীতিকরা উপস্থিত ছিলেন। এ সময় বাংলাদেশের রাষ্ট্রদূত প্রধানমন্ত্রী শেখ হাসিনার খবরকে বেছে নেওয়ার জন্য ডিপ্লোম্যাট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। দৈনিক ইত্তেফাক (অনলাইন), ১৫ সেপ্টেম্বর

### অত্যাধুনিক প্রযুক্তির 'রাজহংস' উদ্‌বোধন প্রধানমন্ত্রীর

রাষ্ট্রীয় পতাকাবাহী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বহরে যুক্ত হওয়া অত্যাধুনিক প্রযুক্তির চতুর্থ ও শেষ ড্রিমলাইনার 'রাজহংস' উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ভিভিআইপি টারমাকে ফিতা কেটে আনুষ্ঠানিকভাবে নতুন উড়োজাহাজ 'রাজহংস' উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী। ১৪ সেপ্টেম্বর বোয়িং ৭৮৭-৮ ড্রিমলাইনার 'রাজহংস' (বিজি-৫০০৪) উড়োজাহাজটি দেশে পৌঁছায়। এটি বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ১৬তম উড়োজাহাজ। বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ২০০৮ সালে মার্কিন উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠান বোয়িং কোম্পানির সঙ্গে ১০টি নতুন বিমান ক্রয়ের জন্য চুক্তিবদ্ধ হয়। ইতোমধ্যে চারটি নতুন বোয়িং ৭৭৭-৩০০ ইআর, দুটি নতুন বোয়িং ৭৩৭-৮০০ ও তিনটি বোয়িং ৭৮৭-৮ ড্রিমলাইনার উড়োজাহাজ বিমানবহরে যুক্ত হয়েছে। যুগান্তর (অনলাইন), ১৭ সেপ্টেম্বর

## ‘ড. কালাম স্মৃতি ইন্টারন্যাশনাল এক্সিলেন্স অ্যাওয়ার্ডস-২০১৯’ পুরস্কার পেলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বাংলাদেশ ও ভারতের মধ্যে ঐতিহাসিক সম্পর্ক গড়ে তোলার জন্য তার অসামান্য অবদান, জনকল্যাণ বিশেষত নারী ও শিশুদের কল্যাণে বিশেষ অবদান রাখা এবং আন্তর্জাতিক শান্তি ও সহযোগিতার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে এ স্বীকৃতি দেওয়া হয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ের করবী হলে এক অনুষ্ঠানে ড. কালাম স্মৃতি আন্তর্জাতিক অ্যাডভাইজরি কমিটির পক্ষ থেকে ড. কালাম স্মৃতি ইন্টারন্যাশনালের প্রধান উপদেষ্টা টিপি শ্রীনিবাসন ও সংস্থাটির চেয়ারপারসন দীনা দাস প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে এ পুরস্কার তুলে দেন। ভারতের একাদশ রাষ্ট্রপতি ও বিশিষ্ট বিজ্ঞানী তামিলনাড়ুর সন্তান এপিজে আবদুল কালামের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে তামিলনাড়ু সরকার এ পুরস্কার প্রবর্তন করে। যুগান্তর (অনলাইন), ১৬ সেপ্টেম্বর

## ‘ভ্যাকসিন হিরো’ পুরস্কার পেলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ‘ভ্যাকসিন হিরো’ পুরস্কার পেয়েছেন। বাংলাদেশে টিকাদান কর্মসূচিতে সফলতার স্বীকৃতিস্বরূপ প্রধানমন্ত্রীকে এ পুরস্কার দিয়েছে গ্লোবাল অ্যালায়েন্স ফর ভ্যাকসিনেশন এবং ইমিউনাইজেশন (জিএভিআই)। জাতিসংঘ সদর দপ্তরে ‘ইমিউনাইজেশনের ক্ষেত্রে বাংলাদেশের রাজনৈতিক নেতৃত্বের স্বীকৃতি’ শীর্ষক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে এ পুরস্কার তুলে দেওয়া হয়। পুরস্কার গ্রহণের পর গণমাধ্যমে জানানো প্রতিক্রিয়ায় প্রধানমন্ত্রী এ পুরস্কার দেশবাসীর প্রতি উৎসর্গ করেন। এ পর্যন্ত প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রাপ্ত আন্তর্জাতিক পুরস্কারের সংখ্যা ৩৯টিতে দাঁড়ায়। যুগান্তর (অনলাইন), ২৪ সেপ্টেম্বর

## ইউনিসেফের সম্মাননা নিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

তরুণদের দক্ষতা উন্নয়নে বাংলাদেশের অসামান্য সাফল্যের স্বীকৃতি হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ‘চ্যাম্পিয়ন অব স্কিল ডেভেলপমেন্ট ফর ইয়ুথ’ সম্মাননায় ভূষিত করেছে জাতিসংঘের শিশুবিষয়ক তহবিল–ইউনিসেফ। নিউইয়র্কের ইউনিসেফ ভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সম্মানে ‘অ্যান ইভনিং টু অনার হার এক্সিলেন্সি প্রাইম মিনিস্টার শেখ হাসিনা’ শীর্ষক



অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর হাতে এ সম্মাননা তুলে দেন ইউনিসেফের নির্বাহী পরিচালক হেনরিয়েটা ফোর। ইউনিসেফকে ধন্যবাদ জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ সম্মাননা বাংলাদেশের মানুষ, বিশেষ করে দেশের ও বিশ্বের সব শিশু ও তরুণকে উৎসর্গ করেন।

## শেখ হাসিনাকে হত্যাচেষ্টায় পাবনায় ৯ জনের ফাঁসি

ঈশ্বরদীতে ১৯৯৪ সালে শেখ হাসিনাকে বহনকারী ট্রেনে গুলি ও বোমা হামলার মামলার রায়ে নয়জনকে মৃত্যুদণ্ডের আদেশ দেওয়া হয় ৩ জুলাই। একই মামলায় ২৫ জনকে দেওয়া হয়েছে যাবজ্জীবন কারাদণ্ড। এছাড়া ১৩ জনকে ১০ বছর করে কারাদণ্ড দিয়েছেন আদালত।

## চকবাজারে ভয়াবহ অগ্নিকাণ্ড

রাজধানীর চকবাজারে ভয়াবহ অগ্নিকাণ্ডে নিহতের সংখ্যা বেড়ে দাঁড়ায় ৮১ জন। এর মধ্যে ৭০ জন পুরুষ, সাতজন নারী ও চার শিশু। ফায়ার সার্ভিসের দীর্ঘ ১৫ ঘণ্টার উদ্ধার অভিযানে ঘটনাস্থল থেকে উদ্ধার করা হয় ৭০টি মৃতদেহ। এছাড়াও আরও ১১টি মৃতদেহ বিভিন্নভাবে পৌঁছায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে (ঢামেক)।

## চট্টগ্রামে বিমান ছিনতাই চেষ্টা

চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে বাংলাদেশ বিমানের ময়ূরপঙ্খি উড়োজাহাজ ছিনতাইয়ের চেষ্টা হয়। কমান্ডো অভিযানে নিহত হন ছিনতাই চেষ্টাকারী মাহাদি।

## সোনাগাজীতে রাফি হত্যাকাণ্ড

৬ এপ্রিল ফেনীর সোনাগাজীর ইসলামিয়া সিনিয়র ফাজিল মাদ্রাসার ছাদে নুসরাত জাহান রাফিকে গায়ে কেরোসিন ঢেলে আগুন লাগিয়ে দেয় পাঁচ দুর্বৃত্ত। ১০ এপ্রিল ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে তার মৃত্যু হয়। ওই ঘটনায় ২৪ অক্টোবর অধ্যক্ষ সিরাজসহ ১৬ জনের মৃত্যুদণ্ড দিয়েছেন আদালত।

### বরগুনায় রিফাত হত্যাকাণ্ড

২৬ জুন বরগুনা সরকারি কলেজের সামনে রাস্তায় রিফাত শরীফকে তার স্ত্রী আয়শার সামনে কুপিয়ে হত্যা করে একদল সন্ত্রাসী। ঘটনার পাঁচদিনের মাথায় পুলিশের সঙ্গে 'বন্দুকযুদ্ধে' নিহত হন মামলার প্রধান আসামি নয়ন বন্ড। প্রায় দেড় মাস কারাভোগের পর হাইকোর্টের আদেশে ৩ সেপ্টেম্বর জামিনে মুক্তি পান কলেজছাত্রী আয়শা।

### ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন

দীর্ঘ ২৮ বছরেরও বেশি সময় পর ১১ মার্চ অনুষ্ঠিত হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন। ঘোষিত ফলাফলে কোটা সংস্কার আন্দোলনের প্ল্যাটফরম 'বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদ' প্যানেলের নূরুল হক নুর ১১ হাজার ৬২ ভোট পেয়ে সহসভাপতি (ভিপি) পদে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী প্রার্থী সম্মিলিত শিক্ষার্থী সংসদের ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি রেজওয়ানুল হক চৌধুরী শোভন পেয়েছেন ৯ হাজার ১২৯ ভোট। এছাড়া জিএস পদে ছাত্রলীগের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক গোলাম রাব্বানী ১০ হাজার ৪৮৪ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। আর তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সাধারণ কোটা সংস্কার আন্দোলনের নেতা রাশেদ খান পান ৬ হাজার ৬৩ ভোট। এজিএস পদে ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক সাদ্দাম হোসেন ১৫ হাজার ৩০১ ভোট পেয়ে জয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী কোটা সংস্কার আন্দোলনের নেতা ফারুক হোসেন পেয়েছেন ৫ হাজার ৮৯৬ ভোট।

### সারাদেশে শুদ্ধি অভিযান

সারাদেশে শুদ্ধি অভিযানের অংশ হিসেবে রাজধানীসহ দেশের বিভিন্ন শহরের স্পোর্টিং ক্লাবগুলোয় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ১৮ সেপ্টেম্বর ক্যাসিনো ব্যাবসার বিরুদ্ধে অভিযান শুরু করে। মতিঝিলের ইয়ংমেনস ক্লাব, মুক্তিযোদ্ধা ক্রীড়া চক্র, ওয়ান্ডারার্স ও বনানীর গোল্ডেন ঢাকা ক্লাব, কলাবাগান ক্রীড়া চক্র, ধানমন্ডি ক্লাব, মোহামেডান স্পোর্টিং, ভিক্টোরিয়া স্পোর্টিং ক্লাব, আরামবাগ ও দিলকুশা ক্লাবে অভিযান চালানো হয়। ওইসব ক্লাব থেকে আইনশৃঙ্খলা



রক্ষাকারী বাহিনী ক্যাসিনো বোর্ডসহ বিপুল পরিমাণ জুয়ার সামগ্রী, টাকা, অস্ত্র, মদ ও বিয়ার জব্দ করে। আটক করা হয় ক্যাসিনো ব্যাবসার সঙ্গে জড়িতদের। ক্যাসিনোবিরোধী অভিযানে আলোচিত ইসমাইল হোসেন সম্রাটকে ৬ অক্টোবর ভোরে কুমিল্লা থেকে গ্রেফতার করে র‍্যাব।

এদিকে ২০ সেপ্টেম্বর এসএম গোলাম কিবরিয়া শামীম ওরফে জিকে শামীমকে রাজধানীর নিকেতন থেকে আটক করে র‍্যাব। তার নিকেতনের অফিস থেকে ১ কোটি ৮০ লাখ টাকা, ১৬৫ কোটি টাকার ওপরে এফডিআর-এর কাগজপত্র এবং মাদক ও আগ্নেয়াস্ত্র পাওয়া যায়। মাদক, অস্ত্র ও মানি লন্ডারিং আইনে তিনটি মামলা হয় তার বিরুদ্ধে। ঢাকায় সরকারি বিভিন্ন কাজের দরপত্রের নিয়ন্ত্রক হিসেবে পরিচিত তিনি। একই দিনে আটক কলাবাগান ক্রীড়া চক্রের সভাপতি শফিকুল ইসলাম ফিরোজকে দুই মামলায় ১০ দিনের রিমান্ডে নেওয়া হয়। পরে দফায় দফায় রিমান্ডে নেওয়ার পর তাদের কাছে থেকে বেরিয়ে আসে ক্যাসিনো-কাণ্ডের সঙ্গে জড়িত মূল্যবান তথ্য।

### চকবাজার ও বনানীর অগ্নিকাণ্ড

২০ ফেব্রুয়ারি ঢাকার চকবাজারে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। গ্যাস সিলিন্ডারের বিস্ফোরণ থেকে সৃষ্ট আগুন পার্শ্ববর্তী ভবনগুলোয় ছড়িয়ে পড়ায় এবং বৈদ্যুতিক ট্রান্সমিটার বিস্ফোরিত হয়ে এলাকাটির বিদ্যুৎ বিচ্ছিন্ন হয়ে যাওয়ায় এ হতাহতের ঘটনা ঘটে। দমকল বাহিনী পাঁচ ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হলেও (সরকারি হিসাবমতে) ততক্ষণে ঘটনাস্থলে অগ্নিদগ্ধ হয়ে ৭৮ জন মারা যান।

### বিশ্বজয়ী 'উভচর' স্কুল

স্থাপত্যের সবচেয়ে প্রাচীন সম্মানজনক পুরস্কার 'আগা খান অ্যাওয়ার্ড ফর আর্টিকালচার-২০১৯' পেয়েছে ধলেশ্বরী নদীর তীরের 'বাঁশের স্কুল'। এর নাম 'আর্কেডিয়া অ্যাডুকেশন প্রজেক্ট'। বাঁশ, দড়ি আর ড্রাম ছাড়া অন্যকিছু ব্যবহার করা হয়নি স্থাপনাটিতে।

**বুয়েট ছাত্রকে পিটিয়ে হত্যা**

ফেসবুকে স্ট্যাটাস দেওয়ায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) তড়িৎ ও ইলেকট্রনিক বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী আবরার ফাহাদকে (২১) শেরেবাংলা হলে পিটিয়ে হত্যা করা হয়। হত্যাকাণ্ডে জড়িত থাকার অভিযোগে গ্রেফতার করা হয় বুয়েট ছাত্রলীগ কর্মীদের।



## ▶ আন্তর্জাতিক ◀

**ভারতে নাগরিকত্ব আইন পাস**

ভারতীয় নাগরিকত্ব আইন লোকসভায় ৯ ডিসেম্বর টানা ১২ ঘণ্টার বিতর্কের পর নাগরিক সংশোধনী বিল পাস হয়। বিলটির পক্ষে ভোট পড়ে ৩১১টি এবং বিপক্ষে পড়ে ৮০টি ভোট।

**ভারতের লোকসভা নির্বাচন**

বিশ্বজুড়ে অন্যতম আলোচিত ঘটনার মধ্যে একটি হলো ভারতের ১৭তম জাতীয় লোকসভা নির্বাচনে ভারতীয় জনতা পার্টির জয়। প্রায় ৯০ কোটি ভোটার এবারের নির্বাচনে ভোট দেওয়ার সুযোগ পান এবং এজন্য ভোটকেন্দ্র ছিল দশ লাখেরও বেশি। ভারতের ভোটার সংখ্যা যৌথভাবে ইউরোপ ও অস্ট্রেলিয়ার মোট জনসংখ্যার বেশি। এই নির্বাচনে ভূমিধস বিজয়ের মাধ্যমে ফের দেশটির ক্ষমতায় বসেন নরন্দ্রে মোদি। এই নির্বাচনে এককভাবে ৩০৩টি আসন লাভ করে বিজেপি। ফলে নরেন্দ্র মোদি ভারতের তৃতীয় প্রধানমন্ত্রী, যিনি টানা দ্বিতীয়বার একক সংখ্যাগরিষ্ঠতা নিয়ে দেশটির প্রধানমন্ত্রী হন। এর আগে রেকর্ডটি ছিল কংগ্রেসের দখলে।

**ট্রাম্প ও কিম জং উনের বৈঠক**

বছরে শুরুর দিকে ভিয়েতনামের হ্যানয়ে বৈঠকে বসেছিলেন মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প এবং উত্তর কোরিয়ার সর্বোচ্চ নেতা কিম জং উন। ২৭ ও ২৮ ফেব্রুয়ারি দুই দফা বৈঠকে বসেন তারা। তবে কোনো ধরনের সমঝোতা ছাড়াই শেষ হয় এ বৈঠক। উত্তর কোরিয়ার দাবি অনুযায়ী নিষেধাজ্ঞা তুলে নিতে রাজি হয়নি যুক্তরাষ্ট্র, তাই তারা আর বৈঠকে বসতে রাজি হয়নি।

**কাশ্মীর চুক্তি বাতিল**

৬৯ বছরের ঐতিহাসিক চুক্তি বাতিল করে ভারতের সংবিধানের ৩৭০ ধারা বিলোপ করে ভারত নিয়ন্ত্রিত কাশ্মীর দুই ভাগে বিভক্ত করে মোদি সরকার। ফলে জম্মু-কাশ্মীরের 'বিশেষ মর্যাদা' বাতিল করা হয়।

## নিউজিল্যান্ডে সন্ত্রাসী হামলা

১৫ মার্চ শুক্রবার জুমার নামাজ চলাকালীন নিউজিল্যান্ডের আল নূর মসজিদ এবং ক্রাইস্টচার্চে লিনউড ইসলামিক সেন্টারে গুলিবর্ষণের ঘটনা ঘটে। এই গুলিবর্ষণ নিউজিল্যান্ডের ইতিহাসে সবচেয়ে মারাত্মক সন্ত্রাসবাদী হামলা। এতে প্রায় ৫০ জন নিহত এবং কমপক্ষে ৫০ জন আহত হন।

## শ্রীলঙ্কায় সন্ত্রাসী হামলা

ক্রাইস্টচার্চের ভয়ংকর সন্ত্রাসী হামলার রেশ কাটতে না কাটতে শ্রীলঙ্কায় ঘটে যায় ভয়ংকর বোমা হামলা। এ বছরের ২১ এপ্রিল শ্রীলঙ্কার বাণিজ্যিক রাজধানী কলম্বোসহ কয়েকটি শহরের তিনটি গির্জা এবং তিনটি হোটেলে একযোগে বিস্ফোরণের খবর পাওয়া যায়। বিস্ফোরণে ১৮৯ জন মারা যান, যার মধ্যে বহু বিদেশি নাগরিক রয়েছেন। বোমা হামলায় আহত হন ৪৫৯ জনের বেশি। ২০০৯ সালে গৃহযুদ্ধ শেষ হওয়ার পর দেশটিতে এটি সবচেয়ে বড়ো ধরনের সন্ত্রাসী হামলা।

## মার্কিন দূতাবাসে হামলা

কয়েক ডজন শিয়া মিলিশিয়া ইরাকের বাগদাতে যুক্তরাষ্ট্র দূতাবাসে ঢুকে হামলা ও ভাঙচুর চালায়। এ হামলার জন্য ইরানকে দায়ী করেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

## সৌদি আরবে তেলক্ষেত্রে ড্রোন হামলা

সৌদি আরবে সবচেয়ে বড়ো তেল কোম্পানি আরামকোর দুইটি তেলক্ষেত্রে চালকবিহীন বিমান বা ড্রোন দিয়ে আক্রমণ চালানো হয়। অন্তত দশটি ড্রোন ব্যবহার করে আবকাইক শোধনাগার এবং খুরাইস তেলক্ষেত্রের ওপর আক্রমণ চালানো হলে এগুলোয় আগুন ধরে যায়। ইয়েমেনের হুথি বিদ্রোহীরা এ হামলার দায় স্বীকার করেছে।

## হংকংয়ে বিক্ষোভ

বন্দি প্রত্যর্পণ আইন বাতিলের বিরুদ্ধে কয়েক মাস ধরে হংকংয়ের রাজপথ প্রকম্পিত করে তুলেছেন গণতন্ত্রপন্থিরা। এ আইনে বলা হয়েছে: বেইজিং,



ম্যাকাও এবং তাইওয়ান থেকে পালিয়ে আসা কোনো অপরাধীকে ফেরত চাইলে তাকে চীন সরকারের কাছে ফেরত দিতে হবে, বিশেষত যেসব অপরাধীর বিরুদ্ধে হত্যা ও ধর্ষণের মতো অভিযোগ রয়েছে। অর্থাৎ চীন সরকার চাইলে অপরাধীকে চীনের কাছে তুলে দিতে বাধ্য থাকবে হংকং কর্তৃপক্ষ। এবং চীন সেই অপরাধীদের নিজ ভূখণ্ডে নিয়ে বিচারের কাঠগড়ায় দাঁড় করাতে পারবে। অপরাধী প্রত্যর্পণের এই আইনের বিরুদ্ধে ফুঁসে উঠেছে হংকংয়ের মানুষ। আন্দোলনের তীব্রতা এত বেশি ছিল যে একদিনে হংকংয়ের রাস্তায় পাঁচ লাখেরও বেশি মানুষ সমবেত হওয়ার ঘটনা ঘটে। অব্যাহত বিক্ষোভের মুখে ক্ষমা চান ক্যারি ল্যাম। সেই সঙ্গে স্থগিত করেন এই আইন। এরপরও থামেনি বিক্ষোভ। এছাড়া এই বিক্ষোভে সমর্থন জানাতে বিল পাস করেছে যুক্তরাষ্ট্র। তবে চীন হংকংয়ের গণতন্ত্রপন্থিদের কঠোর সমালোচনা করেছে।

## আইএস খলিফা বাগদাদির মৃত্যু

মধ্যপ্রাচ্যের দেশ সিরিয়া, ইরাক, লিবিয়াসহ বিশ্বজুড়ে বহু সন্ত্রাসী ঘটনার দায়ে অভিযুক্ত জঙ্গি সংগঠন ইসলামিক স্টেট (আইএস)-এর তথাকথিত খলিফা আবু বকর আল বাগদাদি মার্কিন অভিযানের সময় নিহত হন। ২০১৪ সালে নিজেকে 'খলিফা' হিসেবে ঘোষণা করেছিলেন আইএস প্রধান বাগদাদি। সেই সময় থেকেই 'মোস্ট ওয়ান্টেড' তালিকায় ছিলেন তিনি। পাঁচ বছর ধরে তার পিছু পিছু ঘুরেছেন মার্কিন বাহিনী ও গোয়েন্দা বাহিনীর সদস্যরা। মার্কিন গোয়েন্দা সংস্থা সিআইএ'র দেওয়া তথ্য অনুযায়ী, ২৬ অক্টোবর সিরিয়ার উত্তর পশ্চিমাঞ্চলে বাগদাদির গোপন আস্তানায় অভিযান চালায় মার্কিন সেনাবাহিনী। অভিযান চালানোর সময় আইএস নেতার শরীরে বিস্ফোরকভর্তি বেল্ট বাঁধা ছিল। ধারণা করা হচ্ছে, মার্কিন সেনারা তাকে ঘিরে ফেললে সেটি বিস্ফোরণের মাধ্যমে আত্মহত্যা করেন বাগদাদি। এর আগে বেশ কয়েকবার বাগদাদিকে হত্যার খবর দিয়েছিল মার্কিন যুক্তরাষ্ট্র ও রাশিয়া। তবে তা ধোপে টেকেনি। কিন্তু এবার আইএস জঙ্গিগোষ্ঠী তাদের নিজস্ব সংবাদমাধ্যমে বাগদাদির মৃত্যুর খবর স্বীকার করে নেয়।

## আইসিজেতে রোহিঙ্গা ইস্যু

এ বছরের শেষের দিকে রোহিঙ্গা গণহত্যার দায়ে আন্তর্জাতিক অপরাধ আদালতে মামলা করার সিদ্ধান্ত নেয় আফ্রিকার দেশ গাম্বিয়া। এ বছরের ২০

অক্টোবর এ ঘোষণা দেয় তারা। রোহিঙ্গা জনগোষ্ঠীর ওপর নির্মম নির্যাতন চালায় মিয়ানমারের সেনাবাহিনী। ২০১৭ সালের ২৫ আগস্টের পর মিয়ানমার সেনাবাহিনীর ভয়াবহ নির্যাতনের জেরে বাংলাদেশে পালিয়ে আসে ১০ লাখের বেশি রোহিঙ্গা। দুই বছর পার হলেও একজন রোহিঙ্গাকেও ফিরিয়ে নেয়নি দেশটি। এ নিয়ে নেপিদোকে বিভিন্ন মহল থেকে চাপ দেওয়া হলেও ভ্রুক্ষেপ নেই তাদের। তবে এবার কিছুটা চাপে পড়ে যায় তারা। ঘোষণা দেওয়ার পাশাপাশি ১১ নভেম্বর নেদারল্যান্ডসের দ্য হেগের দি ইন্টারন্যাশনাল কোর্ট অব জাস্টিসে (আইসিজে) মিয়ানমারের বিরুদ্ধে মামলা করে গাম্বিয়া। ৪৬ পৃষ্ঠার অভিযোগে মিয়ানমারের বিরুদ্ধে রাখাইন রাজ্যে বসবাসরত রোহিঙ্গা মুসলমানদের নির্বিচারে হত্যা, ধর্ষণ এবং তাদের আবাস ধ্বংসের কথা বলেছে গাম্বিয়া। ১০ ডিসেম্বর এই মামলার শুনানি শুরু হয়। শুনানিতে রোহিঙ্গা গণহত্যাকে বৈশ্বিক ইস্যু হিসেবে উল্লেখ করা হয়। বিশ্ব কেন এ ধরনের বর্বরতা ঘটে যাওয়ার অনুমোদন দিচ্ছে, সেটা নিয়েও প্রশ্ন তোলে বাদীপক্ষ। এদিকে মিয়ানমারের পক্ষে সওয়াল করেন অং সান সু চি। রোহিঙ্গাদের নাম উল্লেখ না করে সু চি বলেন, কোনো গণহত্যা হয়নি। রাখাইনে আইনশৃঙ্খলা বাহিনীর ওপর হামলার পরই বিচ্ছিন্নতাবাদ দমাতে অভিযান চালানো হয়, এর জেরে কিছু মানুষ সীমান্ত পাড়ি দিয়েছে। এদিকে রোহিঙ্গা নির্যাতনের অভিযোগে মিয়ানমারের বিরুদ্ধে জাতিসংঘের সাধারণ পরিষদে নিন্দা প্রস্তাব পাস হয়েছে। এই প্রস্তাবের পক্ষে শুক্রবার ১৯৩ সদস্যের মধ্যে ১৩৪ জন ভোট দিয়েছে। এবং মিয়ানমারের সরকারকে রাখাইন, কাচিন ও শান রাজ্যে রোহিঙ্গা ও অন্যান্য সংখ্যালঘুদের বিরুদ্ধে ঘৃণা উসকানি দেওয়ার বিরুদ্ধে জরুরি ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়েছে জাতিসংঘ। এদিকে আন্তর্জাতিক অপরাধ আদালতে মামলা শুরুর পর এই প্রথম প্রবল বৈশ্বিক চাপের মুখে পরে মিয়ানমার। এরই মধ্যে বিশ্বজুড়ে মিয়ানমারকে বয়কট করার জন্য প্রচারণা শুরু করেছে অন্তত ৩০টি মানবাধিকার সংগঠন।

### ওপেক না ছাড়ার ঘোষণা কাতারের

বিশ্বের শীর্ষ তেল রপ্তানিকারক দেশগুলোর সংগঠন ওপেক থেকে কাতারের বেরিয়ে যাওয়ার পেছনে সংযুক্ত আরব আমিরাত রাজনৈতিক উদ্দেশ্য রয়েছে



বলে দাবি করলেও দোহা বলছে ভিন্ন কথা। কাতারের জ্বালানিবিষয়ক প্রতিমন্ত্রী সাদ আল-কাবি বলেছেন, রাজনৈতিক কারণে তার দেশ ওপেক থেকে বেরিয়ে যাচ্ছে না। কাতার ওপেকে নিজের উপস্থিতির উপকারী ও ক্ষতিকর দিকগুলো বিবেচনা করে এই সিদ্ধান্ত নিয়েছে। একটি গ্যাসসমৃদ্ধ দেশ এবং গ্যাস রপ্তানিতে মনোযোগ কেন্দ্রীভূত করাই দোহার জন্য বেশি লাভজনক।

### কলম্বিয়ার সঙ্গে ভেনিজুয়েলার কূটনৈতিক সম্পর্ক ছিন্নের ঘোষণা

ভেনিজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো কলম্বিয়ার সঙ্গে তার রাষ্ট্রের কূটনৈতিক সম্পর্ক ছিন্নের ঘোষণা দেন। কলম্বিয়ার সীমান্ত দিয়ে তার দেশের অভ্যন্তরে পশ্চিমা রাষ্ট্রগুলোর ত্রাণ ঢুকানোর চেষ্টা করায় তিনি এই সিদ্ধান্ত নেন।

### ‘বিকল্প নোবেল’ পুরস্কার জিতলেন গ্রেটা থানবার্গ

সুইডেনের কিশোরী জলবায়ু আন্দোলনকারী গ্রেটা থানবার্গসহ চারজন ‘বিকল্প নোবেল’খ্যাত জীবিকার অধিকার (রাইট লাইভলিহুড) ২০১৯ সালের অ্যাওয়ার্ডের জন্য মনোনীত হয়েছেন। পুরস্কার প্রদানকারী কর্তৃপক্ষ জানায়, জলবায়ুর প্রভাব মোকাবিলায় জরুরি ভিত্তিতে বৈজ্ঞানিক তত্ত্বের প্রতিফলনে উৎসাহ ও বিস্তারের দাবি জানানোর স্বীকৃতিস্বরূপ থানবার্গকে এ স্বীকৃতি দেওয়া হয়। নিউইয়র্কে দিনব্যাপী জাতিসংঘের জলবায়ু সম্মেলনে প্রায় ৬০ জন বিশ্বনেতার উপস্থিতিতে আবেগঘন ও উত্তেজিত কণ্ঠে বক্তব্য দেন ১৬ বছর বয়সি থানবার্গ। জলবায়ু পরিবর্তন মোকাবিলায় ব্যর্থতার জন্য বিশ্বনেতাদের তীব্র ভাষায় নিন্দা করেন তিনি। বিশ্বজুড়ে সাড়া ফেলা এ কিশোরী পরিবেশবাদীর ডাকে বিভিন্ন দেশের নানা বয়স ও শ্রেণি-পেশার প্রায় অর্ধকোটি মানুষ পরিবেশ রক্ষার আন্দোলনে জড়ো হয়েছিল। থানবার্গ এখন বিশ্বের পরিচিত মুখ। সমকাল (অনলঅইন), ২৫ সেপ্টেম্বর

# ২০১৯ সালে যাদের হারিয়েছি

২০১৯ সালে অনেক গুণিজনই আমাদের ছেড়ে চলে গেছেন না ফেরার দেশে। মৃত্যুজনিত শূন্যতা কখনো পূরণ হওয়ার নয়। তবে কিছু মানুষের প্রস্থান বাংলাদেশের জন্য অপূরণীয় ক্ষতি। আমরা ২০১৯-এ এমন অনেক বিশিষ্টজনকেই হারিয়েছি। এমন কিছু বিশিষ্টজনের নাম তুলে ধরা হলো।

## রাজনৈতিক ব্যক্তিত্ব

**সৈয়দ আশরাফুল ইসলাম:** আওয়ামী লীগের বর্ষীয়ান নেতা সৈয়দ আশরাফুল ইসলাম (৬৭) ফুসফুস ক্যানসারে আক্রান্ত হয়ে ৩ জানুয়ারি ইন্তেকাল করেন। বঙ্গবন্ধুর ঘনিষ্ঠ সহচর ও জাতীয় চার নেতার অন্যতম সৈয়দ নজরুল ইসলামের ছেলে আশরাফ দুই মেয়াদে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছেন। সবশেষ তিনি দলটির সভাপতিমণ্ডলীর সদস্য ছিলেন। ২০০৭ সালে দেশে জরুরি অবস্থা জারির পর শেখ হাসিনা কারাবন্দি হলে আওয়ামী লীগের যে কয়জন নেতা দলের হাল ধরেছিলেন, তাঁদের মধ্যে অন্যতম সৈয়দ আশরাফ।

**হুসেইন মুহম্মদ এরশাদ:** সাবেক রাষ্ট্রপতি ও জাতীয় পার্টির (জাপা) প্রতিষ্ঠাতা চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ (৯০) বার্ধক্যজনিত বিভিন্ন রোগে ভোগার পর ১৪ জুলাই ইন্তেকাল করেন। প্রধান সামরিক আইন প্রশাসক ও রাষ্ট্রপতি পদে ১৯৮২ থেকে ১৯৯০ সাল পর্যন্ত প্রায় নয় বছর সরকার চালানো এরশাদ ছিলেন আমৃত্যু বাংলাদেশের রাজনীতিতে আলোচিত ব্যক্তিত্ব।

**মোজাফফর আহমদ:** ন্যাশনাল আওয়ামী পার্টির (ন্যাপ) একাংশের সভাপতি অধ্যাপক মোজাফফর আহমদ (৯৭) বার্ধক্যজনিত রোগে আক্রান্ত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ২৩ আগস্ট ইন্তেকাল করেন। মুক্তিযুদ্ধকালীন মুজিবনগর সরকারের উপদেষ্টা ছিলেন অধ্যাপক মোজাফফর



আহমদ। এছাড়া ব্রিটিশবিরোধী আন্দোলন, ভাষা আন্দোলন, স্বাধীনতাযুদ্ধে তাঁর ভূমিকা অবিস্মরণীয়। তিনি রাজনৈতিক জীবনের শুরুতে এটির জন্য বিশ্ববিদ্যালয়ের চাকরি ছেড়ে দিয়েছিলেন। ১৯৬৮ সালে ন্যাপ দুভাগে বিভক্ত হয়ে যায়। একভাগ মাওলানা ভাসানীর সঙ্গে থাকলেও অন্য অংশ অধ্যাপক মোজাফফর আহমদের নেতৃত্বে আলাদা হয়ে যায়। রাজনীতিতে সততাকে ব্রত করেছিলেন অধ্যাপক মোজাফফর আহমদ।

**সাদেক হোসেন খোকা:** বিএনপির সাবেক ভাইস চেয়ারম্যান, অবিভক্ত ঢাকার সাবেক মেয়র মুক্তিযোদ্ধা সাদেক হোসেন খোকা (৬৮) নিউইয়র্কের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ৪ নভেম্বর ইন্তেকাল করেন। ১৯৯১ সালের জাতীয় সংসদ নির্বাচনে তিনি সংসদ সদস্য নির্বাচিত হন এবং তাঁর দল সরকার গঠন করলে তিনি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্ব পান। পরে ১৯৯৬ ও ২০০১ সালেও তিনি সংসদ সদস্য নির্বাচিত হন। তাঁর দল সরকার গঠন করলে তিনি মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্ব পান। এরপর তিনি সরাসরি নির্বাচনে জয়লাভের মাধ্যমে ২০০২ সালের ২৫ এপ্রিল অবিভক্ত ঢাকার মেয়র হিসেবে দায়িত্ব নেন। তিনি ২০১১ সালের ২৯ নভেম্বর পর্যন্ত মেয়র পদে দায়িত্ব পালন করেন।

**মঈন উদ্দীন খান বাদল:** চট্টগ্রাম-৮ আসনের তিনবারের সংসদ সদস্য ও জাসদ নেতা মঈন উদ্দীন খান বাদল (৬৭) ভারতের বেঙ্গালুরের নারায়ণ হৃদরোগ রিসার্চ ইনস্টিটিউট অ্যান্ড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ৭ নভেম্বর ইন্তেকাল করেন। বাংলাদেশ জাসদের কার্যকরী পরিষদের সভাপতি ছিলেন বাদল। তিনি ২০০৮ সালের ২৯ ডিসেম্বর নবম জাতীয় সংসদ নির্বাচনে জাসদের প্রার্থী হিসেবে নির্বাচিত হন। এছাড়া দশম জাতীয় সংসদের সদস্য হিসেবেও নির্বাচিত হন। সবশেষ একাদশ জাতীয় সংসদেও তিনি সংসদ সদস্য হিসেবে নির্বাচিত হন। একাদশ জাতীয় সংসদের ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা এবং মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির সদস্য ছিলেন।

ষাটের দশকে ছাত্রলীগের ‘নিউক্লিয়াসে’ যুক্ত বাদল একাত্তরে ভারতে প্রশিক্ষণ নেন এবং পরে যোগ দেন মুক্তিযুদ্ধে। তিনি চট্টগ্রাম বন্দরে

অস্ত্রবোঝাই জাহাজ সোয়াত থেকে অস্ত্র খালাস প্রতিরোধের অন্যতম নেতৃত্বদাতা ছিলেন। মুক্তিযুদ্ধের পর সমাজতান্ত্রিক রাজনীতিতে সম্পৃক্ত হন বাদল। জাসদ হয়ে বাসদ এবং পরে আবারও জাসদে ফেরেন। এরশাদের সামরিক শাসনের সময় তাঁকে কারাগারে যেতে হয়।

**মীজানূর রহমান শেলী:** সাবেক মন্ত্রী ড. মীজানূর রহমান শেলী (৭৬) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাধীন অবস্থায় ২৬ আগস্ট ইন্তেকাল করেন। তিনি একাধারে আমলা, সমাজবিজ্ঞানী, রাজনীতি বিশ্লেষক ও শিক্ষাবিদ ছিলেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ছিলেন। শিক্ষকতা ছেড়ে ১৯৬৭ সালে সরকারি চাকরিতে যোগদান করেন। ১৯৮০ সালে সমাজকল্যাণ অধিদপ্তরের পরিচালক থাকা অবস্থায় চাকরি থেকে অব্যাহতি নেন। তিনি তথ্যমন্ত্রী ও পানিসম্পদমন্ত্রী ছিলেন।

**আশরাফুন্নেছা মোশাররফ:** আওয়ামী লীগের রাজনৈতিক ব্যক্তিত্ব এবং নারী সংরক্ষিত আসনে মনোনীত সাবেক সংসদ সদস্য আশরাফুন্নেছা মোশাররফ ১৮ জানুয়ারি ঢাকার স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। আশরাফুন্নেছা মোশাররফ ১৯৭১ সালের মহান স্বাধীনতাসংগ্রামে অংশগ্রহণ করেছিলেন। ২০০৯ সালে মহিলা সংরক্ষিত আসন থেকে তিনি নির্বাচিত হন।

**খন্দকার আবদুল বাতেন:** মুক্তিযোদ্ধা এবং রাজনীতিবিদ খন্দকার আবদুল বাতেন (৭২) হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে ২১ জানুয়ারি ইন্তেকাল করেন। আবদুল বাতেন ১৯৪৬ সালের ১৭ মে টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলার কোনড়া গ্রামে জন্মগ্রহণ করেন। ১৯৭১ সালে স্বাধীনতা যুদ্ধে আবদুল বাতেন টাঙ্গাইল তার নিজের নামে 'বাতেন বাহিনী' নামে একটি গেরিলা বাহিনী গঠন করেন। তাঁর 'বাতেন বাহিনী' স্বাধীনতাযুদ্ধের সময় টাঙ্গাইল, মানিকগঞ্জ, পাবনা ও ঢাকার কিছু এলাকায় যুদ্ধে অংশ নেয়।
আবদুল বাতেন ছাত্রলীগে যোগদানের মাধ্যমে রাজনীতির সঙ্গে জড়িত হন। ১৯৬৭-৬৮ মেয়াদে তিনি সরকারি সাদত বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্র সংসদের সহ-সভাপতি (ভিপি) এবং ১৯৭০ সালে বাংলাদেশ ছাত্রলীগের টাঙ্গাইল



জেলা শাখার সভাপতির দায়িত্ব পালন করেন। স্বাধীনতাযুদ্ধের পর তিনি জাতীয় সমাজতান্ত্রিক দলে (জাসদ) যোগ দেন। ১৯৮৬ সালে নাগরপুর উপজেলা পরিষদের নির্বাচন করে তিনি চেয়ারম্যান নির্বাচিত হন। নব্বইয়ের দশকে পুনরায় আওয়ামী লীগে যোগদান করেন। ২০০৮ সালে নবম জাতীয় সংসদ নির্বাচনে টাঙ্গাইল-৬ আসন থেকে স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচন করে প্রথমবারের মতো সংসদ সদস্য নির্বাচিত হন।

**নুরুল আলম চৌধুরী:** মুক্তিযোদ্ধা, রাজনীতিবিদ ও কূটনীতিক নুরুল আলম চৌধুরী (৭৩) চট্টগ্রামের পার্কভিউ হাসপাতালে ২৭ জানুয়ারি ইন্তেকাল করেন। তিনি ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রথম ব্যাচের ছাত্র। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে অংশ নিয়েছিলেন। ১৯৭৩ সালে বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হলেও সরকারি চাকরিতে যোগদানের পরিবর্তে বঙ্গবন্ধুর পরামর্শে রাজনীতিতে যোগদান করেন। ১৯৭৩ সালে ২৭ বছর বয়সে তিনি চট্টগ্রাম-৪ এর সংসদ সদস্য নির্বাচিত হন। তিনি ছিলেন প্রথম জাতীয় সংসদের সর্বকনিষ্ঠ সংসদ সদস্য। ১৯৯৭ সালে তিনি রূপালী ব্যাংকের পরিচালক নিযুক্ত হন। ২০১০ সালে তিনি ওমানে বাংলাদেশি রাষ্ট্রদূত হিসেবে নিযুক্ত হন।

**তাজুল ইসলাম মোহাম্মদ ফারুক:** রাজনীতিবিদ তাজুল ইসলাম মোহাম্মদ ফারুক হৃদ্‌রোগে আক্রান্ত ৩১ জানুয়ারি রামেক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। ১৯৬৬ সালের ছয় দফা আন্দোলনের মাধ্যমে তাঁর রাজনৈতিক জীবনের শুরু হয়। ১৯৬৬ সালে তিনি ঈশ্বরদী থানা ছাত্রলীগের সভাপতি নির্বাচিত হন। ১৯৬৭ সাল পর্যন্ত এই দায়িত্ব পালন করেন। এরপর তিনি ১৯৬৮ সালে রাজশাহী কলেজে ছাত্রলীগের নেতৃত্বে আসেন। ১৯৬৯ সালে তিনি অভ্যুত্থানে সক্রিয় অংশগ্রহণ করেন। ১৯৭৪ সালে তিনি আওয়ামী লীগের স্থানীয় নেতৃত্বে আসেন। ১৯৭৪ থেকে ১৯৭৯ সাল পর্যন্ত দুর্গাপুর থানা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ছিলেন। ১৯৭৯ থেকে ১৯৮৭ সাল পর্যন্ত তিনি জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদকের দায়িত্ব পালন করেন।

রাজনৈতিক কারণে ১৯৮৭ সালের অক্টোবর থেকে ১৯৮৮ সালের জুন পর্যন্ত আত্মগোপনে থাকেন। ১৯৯০ সালে তিনি আওয়ামী লীগের সমর্থনের

দুর্গাপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান নির্বাচিত হন। ১৯৯১ সালে প্রথম রাজশাহী-৫ আসনের সংসদ সদস্য নির্বাচিত হন। এরই মধ্যে তাজুল ফারুক রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেন।

**এএসএম শাহজাহান:** এএসএম শাহজাহান ৬ ফেব্রুয়ারি পারকিনসন রোগে আক্রান্ত হয়ে ঢাকার একটি হাসপাতালে ইন্তেকাল করেন। একজন বাংলাদেশি পুলিশ কর্মকর্তা ও বাংলাদেশের তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ছিলেন তিনি। বাংলাদেশ পুলিশের ১৫তম মহাপরিদর্শক হিসেবে দায়িত্ব পালন করেন। ২০০১ সালের ১৫ জুলাই গঠিত বাংলাদেশ তত্ত্বাবধায়ক সরকারে শিক্ষা, বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তিবিষয়ক উপদেষ্টা ছিলেন।

## **সাংস্কৃতিক ব্যক্তিত্ব** (সংগীত, চলচ্চিত্র, চিত্রশিল্পী, অভিনেতা, চিত্রগ্রাহক)

**আহমেদ ইমতিয়াজ বুলবুল:** মুক্তিযুদ্ধের বীরসেনানী, প্রখ্যাত গীতিকার, সুরকার ও সংগীত পরিচালক আহমেদ ইমতিয়াজ বুলবুল (৬২) হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে ২২ জানুয়ারি ইন্তেকাল করেন। 'সব কটা জানালা খুলে দাও না', 'সেই রেল লাইনের ধারে', 'ও মাঝি নাও ছাইড়া দে ও মাঝি পাল উড়াইয়া দে'র মতো দেশাত্মবোধক গানগুলোতে তার দেওয়া সুর বাংলাদেশের মানুষের হৃদয়ে স্পন্দন তুলবে চিরদিন। দীর্ঘ ক্যারিয়ারে ৩৫০টির মতো চলচ্চিত্রের সংগীত পরিচালনা করেছেন তিনি। এর মধ্যে 'নয়নের আলো', 'দেশ প্রেমিক' 'প্রেমের তাজমহল', 'আম্মাজান', 'ইতিহাস' উল্লেখযোগ্য। সাংস্কৃতিক ক্ষেত্রে অনন্য অবদানের জন্য রাষ্ট্রীয় সর্বোচ্চ সম্মান একুশে পদক, জাতীয় চলচ্চিত্র পুরস্কার, রাষ্ট্রপতির পুরস্কারসহ অসংখ্য সম্মাননায় ভূষিত হন আহমেদ ইমতিয়াজ বুলবুল।

**মুহম্মদ খসরু:** বাংলাদেশের সুস্থ চলচ্চিত্র আন্দোলনের অন্যতম পুরোধা মুহম্মদ খসরু (৭৩) বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ১৯ ফেব্রুয়ারি ইন্তেকাল করেন। মুহম্মদ খসরু বাংলা চলচ্চিত্রের অন্যতম পত্রিকা 'ধ্রুপদী' ও 'চলচ্চিত্র' পত্রিকার সম্পাদক ছিলেন। এছাড়া প্রখ্যাত চলচ্চিত্র পরিচালক ও অভিনেতা রাজেন তরফদারের বিখ্যাত চলচ্চিত্র 'পালঙ্ক'-এর সহকারী পরিচালক হিসেবে কাজ করেন।



**নিখিল সেন:** নাটকে একুশে পদকপ্রাপ্ত শিল্পী নিখিল সেন (৮৭) ২৫ ফেব্রুয়ারি পরলোক গমন করেন। তিনি বাংলাদেশের একজন প্রথিতযশা নাট্যকার ও সংস্কৃতিকর্মী। তিনি একাধারে একজন অভিনয়শিল্পী, নাট্যকার, সাংবাদিক, আবৃত্তিশিল্পী, ভাষাসৈনিক, মুক্তিযোদ্ধা এবং রাজনীতিবিদ। আবৃত্তিতে অবদান রাখার জন্য ২০১৫ সালে শিল্পকলা পদক পেয়েছেন। সর্বশেষ নাটকে বিশেষ অবদান রাখার জন্য একুশে পদক পান। এছাড়া ১৯৯৬ সালে শিল্পকলা একাডেমি সম্মাননা, ১৯৯৯ সালে বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশন সম্মাননা এবং ২০০৫ সালে শহিদ মুনীর চৌধুরী পুরস্কার পান নিখিল সেন। নিজেই দিকনির্দেশনা দিয়েছেন ২৮টি নাটকে। নিখিল সেন কমিউনিস্ট আন্দোলনে ভূমিকা রেখেছেন এবং ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে অংশ নেন।

**শাহনাজ রহমতউল্লাহ:** বরেণ্য সংগীতশিল্পী শাহনাজ রহমতউল্লাহ (৬৫) হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে ২৩ মার্চ ইন্তেকাল করেন। দেশাত্মবোধক গান গেয়ে তিনি জনপ্রিয়তা অর্জন করেন। তার উল্লেখযোগ্য গান: 'এক নদী রক্ত পেরিয়ে', 'একবার যেতে দে না আমার ছোট্ট সোনার গাঁয়ে', 'একতারা তুই দেশের কথা বলরে এবার বল', 'প্রথম বাংলাদেশ আমার শেষ বাংলাদেশ', 'আমায় যদি প্রশ্ন করে' ও 'যে ছিল দৃষ্টির সীমানায়'। তার ৪টি গান বিবিসির একটি জরিপে সর্বকালের সেরা ২০টি বাংলা গানের তালিকায় স্থান পায়। ১৯৯২ সালে তিনি একুশে পদকে ভূষিত হন। এছাড়া ১৯৯০ সালে ছুটির ফাঁদে চলচ্চিত্রের জন্য শ্রেষ্ঠ নারী কণ্ঠশিল্পী হিসেবে জাতীয় চলচ্চিত্র পুরস্কারে ভূষিত হন শাহনাজ রহমতউল্লাহ।

**সুবীর নন্দী:** একুশে পদকপ্রাপ্ত বরেণ্য সংগীতশিল্পী সুবীর নন্দী (৬৫) কিডনি ও হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে ৭ মে পরলোক গমন করেন। আধুনিক সংগীতের পাশাপাশি তিনি শ্রোতাদের মুগ্ধ করেন শাস্ত্রীয় সংগীত, ভজন, কীর্তন এবং পল্লিগীতিতেও। নিজের ভালোলাগার নজরুলসংগীতেও আবেশ ছড়ান সুবীর নন্দী। সংগীতের সব অঙ্গনে মায়া ছড়ানো এই শিল্পী পাঁচ দশকের ক্যারিয়ারে গান গেয়েছেন আড়াই হাজারেরও বেশি। চলচ্চিত্রে প্লেব্যাক করে সুবীর নন্দী চারবার জাতীয় চলচ্চিত্র পুরস্কার লাভ করেন। বাংলা সংগীতাঙ্গনে অনন্য

অবদানের স্বীকৃতি হিসেবে ভূষিত হন একুশে পদকেও। সুবীর নন্দীর গাওয়া 'আমার উড়াল পঙ্খি রে', 'একটা ছিল সোনার কন্যা', 'পাখিরে তুই দূরে থাকলে', 'কত যে তোমাকে বেসেছি ভালো', 'আমার এ দুটি চোখ পাথর তো নয়', 'দিন যায় কথা থাকে'র মতো গান তাঁকে বাঁচিয়ে রাখবে বাংলা সংগীতাঙ্গনে।

**টেলি সামাদ:** ঢাকাই চলচ্চিত্রের জনপ্রিয় কৌতুক অভিনেতা টেলি সামাদ (৭৪) বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ৬ এপ্রিল ইন্তেকাল করেন। ১৯৭৩ সালে নজরুল ইসলাম পরিচালিত 'কার বৌ' সিনেমার মাধ্যমে চলচ্চিত্রে যাত্রা করেন সামাদ। এটি তার প্রথম সিনেমা হলেও 'পায়ে চলার পথ' সিনেমার মাধ্যমে জনপ্রিয়তা অর্জন করেন। চার দশকের অভিনয় ক্যারিয়ারে ছয় শতাধিক সিনেমায় অভিনয় করেছেন জনপ্রিয় এ অভিনেতা। অভিনয়ের পাশাপাশি গানেও তার দক্ষতার প্রমাণ রেখেছেন। গান গেয়েছেন ৫০টিরও বেশি সিনেমায়। এছাড়া 'মনা পাগলা' নামক একটি সিনেমায় সংগীত পরিচালনাও করেছেন।

**মায়া ঘোষ:** মঞ্চ, টিভি ও চলচ্চিত্রাভিনেত্রী এবং মুক্তিযোদ্ধা মায়া ঘোষ (৭০) দীর্ঘদিন ক্যানসারের সঙ্গে লড়াই করে ১৯ মে পরলোক গমন করেন। ১৯৮১ সালে 'পাতাল বিজয়' চলচ্চিত্রের মাধ্যমে বড়ো পর্দায় মায়া ঘোষের যাত্রা শুরু হয়। দুই শতাধিক সিনেমায় অভিনয় করেছেন তিনি। অসংখ্য মঞ্চনাটক ও টিভি নাটকের অভিনেত্রী। সর্বশেষ ২০১৬ সালে ধারাবাহিক নাটক 'ডিবি'তে তাঁকে অভিনয় করতে দেখা যায়। ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের সময় কলকাতায় বাংলাদেশি শরণার্থীশিবিরে মুক্তিযোদ্ধাদের রান্না করে খাওয়ানোর কাজ করেছেন মায়া ঘোষ। বহু আহত মুক্তিযোদ্ধার সেবাও করেন।

**খালিদ হোসেন:** একুশে পদকপ্রাপ্ত বিশিষ্ট নজরুলসংগীতশিল্পী, গবেষক ও স্বরলিপিকার খালিদ হোসেন (৮৪) হৃদ্‌রোগসহ বার্ধক্যজনিত নানা রোগে আক্রান্ত হয়ে ২২ মে ইন্তেকাল করেন। খালিদ হোসেনের গাওয়া ছয়টি নজরুলসংগীতের অ্যালবাম প্রকাশিত হয়েছে। আধুনিক গানের একটি ও ইসলামি গানের ১২টি অ্যালবাম প্রকাশ পেয়েছে গুণী এই শিল্পীর কণ্ঠে।



সংগীতে অসামান্য অবদানের জন্য ২০০০ সালে খালিদ হোসেন একুশে পদক পান। এছাড়া পেয়েছেন নজরুল একাডেমি পদক, শিল্পকলা একাডেমি পদক, কলকাতা থেকে চুরুলিয়া পদকসহ আরও অসংখ্য পুরস্কার ও সম্মাননা।

**মমতাজউদদীন আহমদ:** একুশে পদকপ্রাপ্ত প্রখ্যাত নাট্যকার, নির্দেশক ও অভিনেতা অধ্যাপক মমতাজউদদীন আহমদ (৮৫) ২ জুন ইন্তেকাল করেন। অধ্যাপক মমতাজউদদীন আহমদ বাংলাদেশের একজন প্রখ্যাত নাট্যকার, নির্দেশক, অভিনেতা ও ভাষাসৈনিক। ১৯৯৭ সালে নাট্যকার হিসেবে একুশে পদকে ভূষিত হন।

**কালীদাস কর্মকার:** বরেণ্য চিত্রশিল্পী কালীদাস কর্মকার (৭৪) ১৮ অক্টোবর পরলোক গমন করেন। স্কুলজীবন শেষে ঢাকা ইনস্টিটিউট অব আর্টস থেকে তিনি ১৯৬৩-৬৪ খ্রিষ্টাব্দে চিত্রকলায় আনুষ্ঠানিক শিক্ষালাভ করেন। পরবর্তীকালে কলকাতার গভর্নমেন্ট কলেজ অব ফাইন আর্টস অ্যান্ড ক্রাফট থেকে ১৯৬৯ খ্রিষ্টাব্দে প্রথম বিভাগে প্রথম স্থান নিয়ে চারুকলায় স্নাতক ডিগ্রি অর্জন করেন। ইউরোপীয় আধুনিক ঘরানার শিল্পী কালীদাস কর্মকার তার নিরীক্ষাধর্মী চিত্রকর্মের জন্য শিল্পীমহলে বিশেষ স্থান দখল করে নিয়েছেন। দেশে-বিদেশে এ শিল্পীর ৭১টি চিত্রপ্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। ১৯৭৬ সাল থেকে ফ্রিল্যান্স শিল্পী হিসেবে দেশে-বিদেশে কাজ করে আসছিলেন।

**মোবারক হোসেন খান:** বিশিষ্ট সংগীত গবেষক ও বাংলাদেশ শিল্পকলা একাডেমির সাবেক মহাপরিচালক মোবারক হোসেন খান (৮৪) বার্ধক্যজনিত নানা রোগে ২৩ নভেম্বর মারা যান। মোবারক হোসেন খান দীর্ঘদিন বাংলাদেশ বেতার ও বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালকের দায়িত্ব পালন করেন। সংগীতে অসামান্য অবদানের জন্য ১৯৮৬ সালে একুশে পদক, ১৯৯৪ সালে স্বাধীনতা দিবস পুরস্কার এবং ২০০২ সালে বাংলা একাডেমি পুরস্কারে ভূষিত হন গুণী এই সংগীত ব্যক্তিত্ব।

**মাহফুজুর রহমান খান:** বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ৫ ডিসেম্বর রাতে না-ফেরার দেশে পাড়ি জমান নয়বার জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত চিত্রগ্রাহক মাহফুজুর রহমান খান। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭০ বছর। মাহফুজুর

রহমান খান অসংখ্য চলচ্চিত্রের চিত্রগ্রাহক হিসেবে কাজ করেন। স্বীকৃতিস্বরূপ নয়বার জাতীয় চলচ্চিত্র পুরস্কার, আটবার বাচসাস (বাংলাদেশ চলচ্চিত্র পরিচালক সমিতি) এবং একবার বিশেষ বিভাগে মেরিল-প্রথম আলো পুরস্কার পান। চিত্রগ্রাহক হিসেবে কাজ করার আগে তিনি চলচ্চিত্রে অভিনয়ও করেন। 'দাবি' ও 'চল ঘর বাঁধি'-সহ বেশকিছু চলচ্চিত্রে নায়ক হিসেবে তাঁকে পাওয়া গেছে।

## কবি-সাহিত্যিক-শিক্ষাবিদ

**আল মাহমুদ:** বাংলা সাহিত্যের অন্যতম কবি আল মাহমুদ (৮২) নিউমোনিয়াসহ বার্ধক্যজনিত নানা রোগে আক্রান্ত হয়ে ১৫ ফেব্রুয়ারি ইন্তেকাল করেন। বিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে সক্রিয় থেকে আধুনিক বাংলা কবিতাকে নতুন আঙ্গিকে, চেতনায় ও বাগ্‌ভঙ্গিতে বিশেষভাবে সমৃদ্ধ করেছেন কবি আল মাহমুদ। আধুনিক বাংলা সাহিত্যের অন্যতম প্রধান কবিও তিনি। এছাড়া তিনি ছিলেন একাধারে ঔপন্যাসিক, প্রাবন্ধিক, ছোটোগল্প লেখক, শিশুসাহিত্যিক এবং সাংবাদিক। সাহিত্যে অবদানের জন্য রাষ্ট্রীয় সম্মান একুশে পদক, বাংলা একাডেমি পুরস্কার, ফিলিপস সাহিত্য পুরস্কার, শিশু একাডেমি (অগ্রণী ব্যাংক) পুরস্কার, ফররুখ স্মৃতি পুরস্কার, জীবনানন্দ দাশ স্মৃতি পুরস্কারসহ বিভিন্ন সম্মাননায় ভূষিত হয়েছেন এই কবি।

**হেলেনা খান:** একুশে পদকপ্রাপ্ত লেখিক হেলেনা খান (৯২) যুক্তরাষ্ট্রের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ১৫ মার্চ ইন্তেকাল করেন। তাঁর লেখা গ্রন্থের সংখ্যা ৭০টি। ১৯৭০ সালে তিনি আওয়ামী লীগের সংসদ সদস্য (এমএনএ) নির্বাচিত হন। সাহিত্যকর্মের স্বীকৃতি হিসেবে তিনি সাহিত্যে একুশে পদকসহ ১৭টি পুরস্কার অর্জন করেন।

**হায়াৎ সাইফ:** একুশে পদকপ্রাপ্ত কবি হায়াৎ সাইফ (৭৬) কিডনি জটিলতাসহ বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ১২ মে ইন্তেকাল করেন। কবিতায় অসামান্য অবদানের স্বীকৃতি হিসেবে কবি হায়াৎ সাইফ ২০১৮ সালে একুশে পদকে ভূষিত হন। কর্মজীবনে তিনি জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সদস্য এবং পরে ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন।



**রিজিয়া রহমান:** বাংলা ভাষার অন্যতম কথাশিল্পী রিজিয়া রহমান (৮০) কিডনি জটিলতাসহ বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ১৬ আগস্ট মারা যান। রিজিয়া রহমান বাংলাদেশের কথাসাহিত্যে উজ্জ্বল এক নাম। পঞ্চাশ বছর ধরে এ দেশের কথাসাহিত্য সমৃদ্ধ হয়েছে তাঁর লেখনীতে। শুরু করেছিলেন কবিতা দিয়ে। পরে তিনি গল্প-উপন্যাসেও সক্রিয় এবং খ্যাত হন। উপন্যাস ও গল্প—মূলত কথাশিল্পের এ দুটি ধারাতেই তাঁর স্বতঃস্ফূর্ত বিচরণ। তবে প্রবন্ধও লিখেছেন বেশকিছু। লিখেছেন স্মৃতিকথাও।

**রবিউল হুসাইন:** কবি ও স্থপতি রবিউল হুসাইন (৭৬) ২৫ নভেম্বর মারা যান। স্থপতি হওয়ার পাশাপাশি ষাটের দশক থেকেই তিনি লেখালেখির সঙ্গে সম্পৃক্ত হন। বিভিন্ন পত্রপত্রিকায় লেখা ছাড়াও ষাটের দশকের পরীক্ষা-নিরীক্ষাপ্রবণ ছোটো কাগজে লেখালেখি করতেন। কবিতা, প্রবন্ধ, উপন্যাস ও শিশুতোষ গোটা পঁচিশেক বইয়ের লেখক। ভাষা ও সাহিত্যে অবদান রাখায় ২০১৮ সালে একুশে পদক পান কৃতী কবি, মুক্তিযুদ্ধের স্মৃতিচিহ্ন সংরক্ষক ও স্থপতি রবিউল হুসাইন। এছাড়াও তিনি বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার, জাতীয় কবিতা পরিষদ পুরস্কার, কবিতালাপ সাহিত্য পুরস্কার, আইএবি পুরস্কারসহ বহু পুরস্কারে ভূষিত হন।

**অজয় রায়:** একুশে পদকপ্রাপ্ত পদার্থবিজ্ঞানের বরেণ্য অধ্যাপক অজয় রায় (৮৫) বার্ধক্যজনিত নানা রোগে আক্রান্ত হয়ে ৯ ডিসেম্বর ইন্তেকাল করেন। শিক্ষা আন্দোলন মঞ্চের প্রতিষ্ঠাতা অধ্যাপক অজয় রায় একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির প্রতিষ্ঠাতাদেরও একজন। সবশেষ তিনি কমিটির উপদেষ্টা ছিলেন। পদার্থবিদ অজয় রায়ের দুটি গবেষণা নোবেল কমিটিতে আলোচিত হয়। মুক্তিযোদ্ধা অজয় রায়ের সক্রিয় অংশগ্রহণ ছিল ভাষা আন্দোলন ও উনসত্তরের গণ-অভ্যুত্থানেও।

## ভাষাসৈনিক

**রওশন আরা বাচ্চু:** বায়ান্নর ভাষাসৈনিক রওশর আরা বাচ্চু (৮৬) ৩ ডিসেম্বর ইন্তেকাল করেন। ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় রওশন আরা বাচ্চু ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ছাত্রী। ২১ ফেব্রুয়ারি যেসব ছাত্রনেতারা ১৪৪ ধারা ভঙ্গের পক্ষে ছিলেন, তিনি তাদের মধ্যে অন্যতম।

## সমাজকর্মী

**পলান সরকার:** ‘জ্ঞানের ফেরিওয়ালা’ খ্যাত পলান সরকার (৯৮) বার্ধক্যজনিত নানা রোগে আক্রান্ত হয়ে ১ মার্চ ইন্তেকাল করেন। রাজশাহীর প্রত্যন্ত অঞ্চলে বইপড়া আন্দোলন গড়ে তুলে আলোড়ন সৃষ্টি করেছিলেন পলান সরকার। নিজের টাকায় বই কিনে পলান সরকার পড়তে দিতেন পিছিয়ে পড়া গ্রামের মানুষকে। প্রতিদিন ভোরে ঘুম থেকে উঠে কাঁধে ঝোলাভর্তি বই নিয়ে বেরিয়ে পড়তেন। মাইলের পর মাইল হেঁটে একেক দিন একেক গ্রামে যেতেন। বাড়ি বাড়ি কড়া নেড়ে আগের সপ্তাহের বই ফেরত নিয়ে নতুন বই পড়তে দিতেন। একটানা ৩০ বছরের বেশি সময় এই কাজ করে যাওয়া পলান সরকার তাই এলাকাবাসীর কাছে পরিচিতি পেয়েছিলেন ‘বইওয়ালা দুলাভাই’ হিসেবে। সমাজ গঠনে অনন্য অবদান রাখার স্বীকৃতি হিসেবে পলান সরকার ২০১১ সালে রাষ্ট্রীয় সর্বোচ্চ সম্মাননা ‘একুশে পদক’ লাভ করেন।

**সত্যপ্রিয় মহাথের:** সংঘরাজ ভিক্ষু মহাসভার সাবেক সভাপতি ও একুশে পদকপ্রাপ্ত বৌদ্ধধর্মীয় গুরুপণ্ডিত সত্যপ্রিয় মহাথের (৮৯) বার্ধক্যজনিত রোগে আক্রান্ত হয়ে গত ৪ অক্টোবর পরলোক গমন করেন। সমাজসেবায় অবদানের জন্য ২০১৫ সালে একুশে পদক লাভ করেন কক্সবাজারের রামু কেন্দ্রীয় সীমা বিহারের এই অধ্যক্ষ।

**স্যার ফজলে হাসান আবেদ:** ব্র্যাকের প্রতিষ্ঠাতা স্যার ফজলে হাসান আবেদ (৮৩) বার্ধক্যজনিত রোগে আক্রান্ত হয়ে ২০ ডিসেম্বর ইন্তেকাল করেন। মাত্র ৩৬ বছর বয়সে ১৯৭২ সালে সিলেট জেলায় একটি ক্ষুদ্র ত্রাণ ও পুনর্বাসন প্রকল্প হিসেবে ব্র্যাক প্রতিষ্ঠা করেন স্যার আবেদ। ৪৭ বছরে বহুবিস্তৃত কার্যক্রমের মধ্য দিয়ে ব্র্যাক বিশ্বের অন্যতম কার্যকরী বেসরকারি উন্নয়ন সংস্থায় পরিণত হয়েছে। সংস্থাটি এশিয়া ও আফ্রিকার ১১টি দেশের ১০ কোটিরও বেশি মানুষের জীবনমান উন্নয়নে ভূমিকা রেখে চলেছে। বিভিন্ন ক্ষেত্রে অনন্য অবদান রাখায় দেশে-বিদেশে অসংখ্য পুরস্কার ও স্বীকৃতিতে ভূষিত হয়েছেন স্যার ফজলে হাসান আবেদ।



## সাংবাদিক

**শাহ আলমগীর:** সিনিয়র সাংবাদিক ও প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর সাবেক মহাপরিচালক সাংবাদিক মো. শাহ আলমগীর (৬২) বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ২৮ ফেব্রুয়ারি ইন্তেকাল করেন। শাহ আলমগীর ২০১৩ সালের ৭ জুলাই পিআইবির মহাপরিচালক হিসেবে যোগ দেন। উপমহাদেশের প্রথম শিশু-কিশোর পত্রিকা সাপ্তাহিক কিশোর বাংলায় যোগ দেওয়ার মাধ্যমে সাংবাদিকতা শুরু করেন শাহ আলমগীর। এখানে তিনি ১৯৮০ থেকে ১৯৮৪ সাল পর্যন্ত সহ-সম্পাদক হিসেবে কাজ করেন। এরপর তিনি কাজ করেন দৈনিক জনতা, বাংলার বাণী, আজাদ ও সংবাদ-এ। প্রথম আলো প্রকাশের শুরু থেকেই তিনি পত্রিকাটির সঙ্গে জড়িত ছিলেন এবং ১৯৯৮ সালের নভেম্বর থেকে ২০০১ সালের সেপ্টেম্বর পর্যন্ত যুগ্ম বার্তা সম্পাদকের দায়িত্ব পালন করেন। পরে তিনি চ্যানেল আইয়ের প্রধান বার্তা সম্পাদক, একুশে টেলিভিশনে হেড অব নিউজ, যমুনা টেলিভিশনে পরিচালক (বার্তা) এবং মাছরাঙা টেলিভিশনে বার্তাপ্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। শাহ আলমগীর ঢাকা সাংবাদিক ইউনিয়নের সভাপতি ও সাধারণ সম্পাদকের দায়িত্বও পালন করেন। সাংবাদিকতায় বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে তিনি ‘কবি আবু জাফর ওবায়দুল্লাহ সাহিত্য পুরস্কার ২০০৬’, ‘চন্দ্রাবতী স্বর্ণপদক ২০০৫’, ‘রোটারি ঢাকা সাউথ ভোকেশনাল এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০০৪’ এবং ‘কুমিল্লা যুব সমিতি অ্যাওয়ার্ড ২০০৪’ লাভ করেন।

**মাহফুজ উল্লাহ:** সিনিয়র সাংবাদিক মাহফুজ উল্লাহ (৬৯) থাইল্যান্ডের ব্যাংককের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ২৭ এপ্রিল ইন্তেকাল করেন। বাংলাদেশের জনপ্রিয় সাপ্তাহিক বিচিত্রাসহ দেশের বিভিন্ন নেতৃস্থানীয় বাংলা ও ইংরেজি দৈনিকে কাজ করেন। মাঝে চীন গণপ্রজাতন্ত্রে বিশেষজ্ঞ, কলকাতার বাংলাদেশ উপ-দূতাবাসে কূটনীতিক হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগে খণ্ডকালীন শিক্ষক হিসেবেও কাজ করেন।

## নোট



## নোট

## নোট



## নোট